### স্বামী বিবেকানন্দ।

সপ্তাহকাল মধ্যে ভাহাজ কলছো বন্ধরে পৌছিল এবং সারাদিন সেথানে রহিল। এই স্থোগে স্বামিজী জাহাজ হইতে নামিয়া সহর দেখিতে গেলেন এবং বেড়াইতে বেড়াইতে অবশেষে একটী বৌদ্ধ মন্দিরে গিরা উপস্থিত হইলেন। সেথানে বৃদ্ধদেবের বিস্তর প্রতিক্রতির মধ্যে তাঁহার নির্বাণলাভকালীন একটি বিরাট অন্ধশায়িত মূর্ত্তি তাঁহার অত্যস্ত ভাল লাগিল। তিনি মন্দিরের পুরোহিতগণের সহিত আলাপ করিতে চেষ্টা করিলেন, কিন্তু তাঁহারা সিংহলী ভাষা ভিন্ন অন্ত কোন ভাষা না জানায় সে চেষ্টা ত্যাগ করিতে হইল। সিংহলী বৌদ্ধর্মের কেন্দ্র কান্দী সহর কলম্বো হইতে ৮০ মাইল দ্র। স্বামিজীর সেথানেও যাইবার ইচ্ছা ছিল, কিন্তু সমন্ত্র সংক্ষেপ বিলিয়া হইয়া উঠিল না। তিনি দেখিলেন পুরোহিত সম্প্রদার ব্যত্তীত সিংহলের স্ত্রী-পুরুষ সকল বৌদ্ধ গৃহস্থই মৎস্ত মাংসভোজী এবং তাহাদের পরিচ্ছদ ও আক্রতি মান্তাজীদের মত। তিনি তাহাদের ভাষা কিছুই বুঝিতে পারিলেন না, তবে উচ্চারণ শুনিয়া বোধ হইল উচা তামিলের অন্তর্মণ।

ইহার পর জাহাজ মালরের রাজধানী পেনাংএ গিয়া থামিল। পেনাং থ্ব কুদ্র সহর বটে, কিন্তু বেশ পরিষ্কার প্রিচ্ছর। মালর-বাসীগণ সবই মুসলমান। প্রাচীনকালে তাহাতা বিখ্যাত জলদ্যা ছিল ও বণিককুলের ভীতি উৎপাদন করিত, কিন্তু বর্তমান কালের স্থাতরীস্থিত বৃহৎ বৃহৎ কামানের ভয়ে তাহারা দ্যাবৃত্তি ত্যাগ করিয়া অপ্রেকাক্তত শান্তিপূর্ণ জীবন যাপন করিতেছে।

পেনাং হইতে সিঙ্গাপুর। পথে যাইতে যাইতে কাপ্তেন সাহেব সুমাত্রাধীপের উচ্চ পর্বত্ঞালি অসুলি নির্দেশ করিয়া দেখাইলেন ও বলিলেন পূর্বে ঐ সকল স্থানে বোস্বেটীয়াদিগের আজ্ঞা ছিল। সিলাপুরে পৌছিয়া বামিলী বটানিকাল গার্ডেন দেখিতে গোলেন। তথার বিবিধ তালজাতীয় বৃক্ষ (Pālm) ও পাস্থপাদপ (Travellers' Palm) অপর্যাপ্ত । আর এক প্রকার বৃক্ষ সর্বত্ত দেখিতে পাইলেন—তাহার কল হইতে ক্ষতীর স্থার থান্ত প্রস্তুত হয়। ইংরাজীতে উহাকে (Bread-fruit tree) ক্ষতীকলের গাছ বলে। ভারতবর্ষে আমের স্থায় এখানে 'ম্যালোন্তিন' ফল প্রচ্র পরিমাণে ক্ষমার। কিন্তু বামিজা বলিয়াছেন আমের তুলনা নাই। মাক্রাক্ষের স্থায় এই স্থানও বিষ্বুবরেখার নিক্টবর্তী, কিন্তু এবানকার লোকেরা মাজাজীলিগের অপেকা অনেক ক্রসা। সিলাপুরে একটি স্থানর চিত্তিশালা বা মিউজিয়ম আছে। এবানকার ইউরোপীর ওপনিজ্ঞিকক্রের চরিত্রের প্রধান অঙ্গ পানলোম ও লাম্প্রেট্র

তারপর জাহাজ হংকং বন্দরে পৌ স্থামিজী যেরূপ দিয়াছেন তাহার মন্ত্রাস্থাদ নিমে প্রদত্ত হইল।

"হংকংএ আদিলে ব্রা বার এইবার সভাই চাঁনে আইদিরাছি—
ব্রুনের ভাব এখন হইতেই এত অধিক। দেখা বার সকল কার্ব্য,
'ব্যবসা বাণিজা চাঁনাদেরই হাতে। যেই জাহাজ কিনারার নলর
করে অমনি শত শত চাঁনা নৌকা আদিরা ভালার লইরা ঘাইবার
জন্ম ভালার বিরিয়া ফেলিকে। এই নৌকাঞ্জলির একটু বিশেষভ্ব
আছে—প্রত্যেক্টিতে ছইটি করিয়া হাল। মাঝিরা সপরিবারে
নৌকার বাস করে। হালে প্রায় মাঝির স্ত্রীই বসিয়া থাকে এবং
একটি হাল হাত দিরা ও অপরটি পা দিরা চালায়। আর অননেক
নিম্ন দেখা বার তাহার পিঠে একটি কচি ছেলে বাঁণা, অখচ বে

### স্বামী বিবেকানন্দ।

তাহার হাত পা বেশ নাড়িতেছে। দেখ্তে বড় মজা। চীনে থাকা মারের পিঠে দিবিা নড়িতেছে চড়িতেছে, মা ওদিকে প্রাণপণ শক্তিতে নৌকা চালাইতেছে, ভারী ভারী বোঝা সরাইতেছে কিংবা খুব ক্ষিপ্রতার সহিত এক নৌকা হইতে আর এক নৌকার লাফাইরা যাইতেছে। নৌকা ও স্থীমারের এত ভিড় যে প্রতিমূহুর্ত্তেই টিকিসমেত চীনে খোকার মাথাটি একেবারে গুঁড়া হইরা যাইবার সম্ভাবনা। খোকার কিন্তু সেদিকে দিক্ষাক্র জ্রাকেপ নাই। সে এই মহাবান্ত কর্মজীবনের কোনও ধার ধারে না। কর্মোন্মত্তা মাতা তাহাকে মাঝে মাঝে হু'এক টুকরা পিঠা দিতেছে, সে তাহারই রসাস্বাদনে রত!

চৈনিক শিশুকে দার্শনিক বলিলেই হয়। কারণ আমানির দেশের শিশু যথন ভাল করিয়া হাঁটিভে শিথেনা সেই বয়সে বিলা কার কার করে তাহা বিবা কার করের চেষ্টায় খুরে ফিরে। অভাব যে কি বস্তু তাহা বিবাসেই তাহার বোধগম্য হইয়াছে। চীন ও ভারতবাসী যে সভ্যতার সোপানে এক পদও অগ্রসর হইতে পারিতেছে না, দারিদ্রাই তাহার এক প্রধান কারণ। নিত্য অভাব ও দারিদ্রোলিয়েশে সেখণে সে আর কিছু ভাবিবার অবসর পায় না।

হংকং বড় স্থলর সহর—কতকটা পর্বতের পার্মভাগে ও কতক উপরিভাগে অবস্থিত—উপরের অংশটী বেশ শীতল। ট্রাম পাহাড়ের গা বাহিয়া খাড়া উপরে উঠিয়া থাকে এবং বাষ্প ও ভারের দড়ির সাহায্যে চলে।

আমরা হংকংএ তিন দিন রহিলাম। তথা হইতে ক্যাণ্টন দেখিতে গিয়াছিলাম। হংকং হইতে একটি নদীর উৎপত্তি স্থানের দিকে ৮০ মাইল যাইলে ক্যাণ্টনে যাওয়া যায়। নদীটি এত চওড়া যে খুব বড় বড় জাহাজ প্র্যান্ত যাইতে পারে। অনেকগুলি চীনা জাহাজ হংকং ও ক্যাণ্টনের মধ্যে মাতায়াত করে। আমরা বৈকালে একটি জাহাজে চড়িয়া প্রদিন প্রাতে ক্যাণ্টনে পৌছিলাম। কি হৈ চৈ! কি জাবনের চিত্র! নৌকার ভিড়ই বা কি! জল যেন ছেয়ে ফেলে দিয়েছে! এ শুধু মাল ও যাত্রী নিমে যাবার নৌকা নয়—হাজার হাজার নৌকা রয়েছে—গৃহের মত বাসোপ্রাণী। তাহাদের মধ্যে অনেকগুলি অতি ফুল্মর ও বৃহৎ, বান্তবিক সেগুলি দোতালা তিনতালা বাড়ীর মত, আবার চারিদিকে বারাগ্রা দেওয়া। বাড়ীগুলি সব জলে ভাসিতেছে অথচ তাহাদের মধ্য দিয়া যাত্রায়াতের রাস্তা চলিয়া গিয়াছে।

আমরা ঘেথানে নাবিলাম, সেই জায়গাটুকু চীন গবর্গমেণ্ট বৈদেশিক দিগকে বাস করিবার জন্ত দিয়াছেন। আমাদের চতুর্দিকে, নদার উভন্ন পার্শে অনেক মাইল ব্যাপিয়া এই বৃহৎ সহর অবস্থিত — এখানে অপণ্য মহুষ্য বাস করিতেছে, জীবন-সংপ্রামে একজন আর একজনকে ঠেলিয়া ফেলিয়া চলিয়াছে—প্রাণপণে জীবন সংগ্রামে জন্মী হইবার চেষ্টা করিতেছে। মহাকলরব—মগাবাস্ততা! কিন্তু এখানকার অধিবাসীসংখ্যা যতই হউক, এখানকার কর্ম্ম-প্রবণতা যতই হউক, আমি ইহার মত নোংরা সহর দেখি নাই—তবে ভারতবর্ষে কোন সহরকে নোংরা বলিলে যাহা বুঝার সে হিসাবে নয়, কারণ চীলেরা ত এতটুকু ময়লা পর্যান্ত বুথা নষ্ট হইতে দেয় না! আমি বলিতেছি চীনেদের গা থেকে যে বিষম ছুর্ম্ম বেরেরের তাহারই কথা। তারা যেন প্রতিজ্ঞা করেছে কথন স্পান

### স্বামী বিবেকানন্দ।

কর্বে না। বাড়ীগুলি সব এক একটি দোকান—লোকেরা উপর-তলায় বাস করে। রাস্তাগুলি এত সরু যে চলিতে গেলেই ছধারের দোকানে গা ঠেকিয়া যায়। দশ পা চল্তে না চল্তে মাংসের দোকান চোথে পড়ে। এমন দোকানও আছে যেখানে কুকুর বিড়ালের মাংস বিক্রয় হয়—অবশ্র খুব গরিবেরাই কুকুর বিড়াল খায়,।

আর্থাবর্ত্ত হিন্দু মহিলাদের ধেমন পর্দা আছে, কেউ ক্থন তাদের দেখ্তে পায় না, চীন মহিলাদেরও তদ্ধপ। অবশ্রু মঞ্জীবী স্ত্রীলোকেরা লোকের সাম্নে বাহির হয়। ইহাদের মধ্যেও দেখা যায় এক একটি স্ত্রীলোকের পা আমাদের দেশের ছোট ছেলের পারের চেয়ে ছোট। তারা হেঁটে বেড়াচ্ছে ঠিক বলা যায় না—
শুঁড়িয়ে থপ থপ ক'রে চলেছে।"

ক্যাণ্টনে স্বামিজী কতকগুলি চীন মন্দির দেখিলেন, তাহাঁর মধ্যে যেটি সর্ব্বাপেক্ষা বৃহৎ সেটা প্রথম বৌদ্ধ-সম্রাটের উদ্দেশ্তে উৎস্থাইক । মন্দিরমধ্যে প্রবেশ করিয়া দেখিলেন মধ্যস্থলে বৃদ্ধদেবের একটি চমৎকার ধ্যানান্তমিত সৌম্যমূর্ত্তি, তরিমে সম্রাটের ও তাহার চহুম্পার্থে পাঁচশত প্রথম বৌদ্ধদ্মগ্রহণকারীর মৃত্তি কাষ্ঠে কোদিত। স্বামিজী এই সকল কাঠের কাক্ষকার্য্য দেখিয়া বিশ্বিত্ব হুইলেন এবং মন্দিরের নির্দ্ধাণ-প্রশালীর সহিত ভারতের বৌদ্ধয়ণে নির্দ্ধিত স্থাপত্যশিলের অনেক সৌদাদৃশ্র অবলোকন করিলেন। ক্যাণ্টনে চীনবাসীদের কার্যাদক্ষতা ও অন্তনিহিত শক্তির পরিচয় পাইয়া তিনি প্রায় বলিতেন "China is the coming nation" (এই বার চীনের উঠিবার পালা)।

ক্যাণ্টনে স্বামিকী একটা চীনে মঠ দেখিবার জন্ম বিশেষ

উৎস্থক इहेरलन। किन्नु के जरून मर्ज क्षमन ज्ञारन व्यवश्रिक राथारन বিদেশীরের প্রবেশাধিকার নাই। তিনি গাইড অর্থাৎ পথ প্রদর্শককে জিজ্ঞাসা করিলেন কিরূপে ঐ উদ্দেশ্য সিদ্ধ হইতে পারে। সে ব্যক্তি বলিল 'অসম্ভব'। কিন্তু ইহাতে তাঁহার ইচ্ছা যেন আরও বাডিয়া গেল। তিনি বলিলেন 'আচ্ছা, যদি কোন বিদেশী মঠের মধ্যে গিয়া পড়ে তাহ'লে কি হয় ?' 'মঠবাদীরা ভাহার উপর বিষম অত্যাচার করে।' স্বামিজীর মনে হইল বোধ হয় হিন্দু সাধু বলিয়া পরিচয় দিলে কেছ তাঁছার অনিষ্ট-চেষ্টা করিবেন।। এই মনে করিয়া তিনি দ্বিভাষী ও জন্মন সহচর-দিগকে এরপ একটি মঠে ঘাইবার জন্ম বারংবার অমুরোগ করিতে লাগিলেন ও হাসিয়া বলিলেন 'আছে। চলইনা কেন গিয়ে দেখি. তাহারা আমাদের খুন করিয়া ফেলে কি, কি করে।' এই বলিয়া বিভাষা একটি মঠাভিম্থে অগ্রসর হইতে লাগিলেন। কিন্তু কিয়দ্র যাইতে না যাইতে দ্বিভাষী চীৎকার করিয়া বলিল 'পালান, পালান, ঐ দেখুন কতকগুলা লোক তেড়ে আসছে।' বাস্তবিক দেখা গেল তিন চাগ্নিজন লোক প্রকাণ্ড মোটা মোটা লাঠি হাতে লইয়া ক্রতগতিতে তাঁহাদের অভিমুখে গাবিত হইতেছে। জর্মান সঙ্গীরা ত' দেখিয়াই ছট। বিভাষীও পলাইবার উপক্রম করিতেছিল, কিন্তু স্বামিজী তাহার হাত টানিয়া ধরিলেন ও ঈবং হাসিয়া বলিলেন 'বাপু, পালাও তাতে ক্ষতি নেই, কিন্তু ব'লে বেতে হ'বে চীনা ভাষায় ভারতব্যীয় 'বোগী'কে কি বলে প' लाकि। कथाछि विलया मित्रारे मोछारेल, अमिटक अगारे माधारेखन দলও প্রায় আসিয়া পড়িয়াছে। স্বামিক্সী দুর হইতে চীৎকার

### স্বামী বিবেকানন।

স্থরে নিজেকে একজন 'যোগী' বলিয়া পরিচয় দিতে লাগিলেন। 'যোগী' শব্দ কর্বে প্রবেশ করিবামাত্র মন্তবৎ কার্য্য চইল। লোক-গুলা ক্রোধচিত্র পরিত্যাগ করিয়া অতিশর শ্রদ্ধার সহিত তাঁহার পদপ্রান্তে পতিত হইল ও যুক্তকরে বারংবার প্রণাম করিয়া কি সব বলিতে লাগিল। ভাছার মধ্যে একটি কথা স্বামিজী বঝিতে পারিলেন-'কবচ'। তাঁহার বোধ হটল ওটা আমাদেরই দেশী কথা 'কবচ'। কিন্তু আরও নিশ্চয় হইবার জন্ম দুরে দণ্ডায়মান দ্বিভাষীকে উচৈচঃম্বরে জিজ্ঞাসা করিলেন 'কবচ শন্দের অর্থ কি ?' উত্তরে দে যাহা বলিল ভাহাতে তিনি ব্রিলেন কবচ শব্দে আমাদের मिट्न याहा व्याप्त ७ मिट्न छाडे—**अर्था**९ बक्ताकवह. এवः के লোকগুলা তাঁহার নিকট ভূতপ্রেড হুইতে আত্মরক্ষার্থ কোনরূপ মন্ত্রপুত কবচ চাহিতেছে। স্বামিজী এক মুহুর্ত চিন্তা করিয়া লইলেন, তার পর পকেট হইতে একখণ্ড কাগজ বাহির করিয়। ছোট ছোট টুকরা করিলেন ও ভাহার প্রত্যেকটীতে সংস্কৃত অক্ষরে 'ওঁ' এট কথাটি লিখিয়া তাহাদের হস্তে প্রদান করিলেন। তাহারা ক্ষতজ্ঞতাভরে কাগজগুলি মাথায় ঠেকাইল ও তাঁহাকে প্রণাম কবিল। তার পর তাঁহাকে মঠ দেখাইবার জন্ম ভিতরে লইমা (9) 1

মঠবাড়ীটির অপেক্ষাকৃত নিভ্ত অংশে একটি গৃহমধ্যে স্থামিজী অনেকগুলি হাতে-লেথা সংস্কৃত পুঁথি দেখিতে পাইলেন। আশ্চর্য্যের বিষয় এইগুলি সব প্রাচীন বাঙ্গালা অক্ষরে লিখিত। ইহা দেখিয়া তাঁহার মনে হইল যে প্রথম বৌদ্ধ সম্রাটের স্মৃতিমন্দিরের অভ্যন্তরে যে পাঁচশত বৌদ্ধের দারুময় মূর্ত্তি দেখিয়াছিলেন তাহাদের মূথের আরুতি টিক বালালীর মুখের মত। এই সকল প্রমাণ দেখিয়া
ও চীনদেশের প্রাচীন বৌদ্ধর্গের ইতিহাস দ্বরণ করিয়া তাঁহার
দৃচ্ প্রত্যের হইল যে এক সমরে চীন ও বলদেশের মধ্যে বেশ
জানাশুনা ছিল ও বালালী ভিক্নরা চীনে আসিয়া বৌদ্ধর্ম প্রচার
করিয়াছিলেন। ইহাতে ভারতীয় সভ্যভার অনেকটা ছাপ চৈনিক
সভ্যভার উপর পড়িয়াছিল। মোটের উপর ক্যাণ্টন সহর দেখিয়া
আমিজীর বেশ ভাল লাগিয়াছিল ও তিনি অনেক নৃতন নৃতন
তথ্য সংগ্রহ করিতে পারিয়াছিলেন।

ক্যাণ্টন হইতে তিনি আবার হংকক্ষে ফিরিলেন ও তথা হইতে জাপানে পৌছিলেন। সর্বপ্রথমে জাহাজ কিছুক্ষণের জন্ত নাগাসাকি বন্দরে লাগিল। স্বামিজী সহর ভ্রমণে বহির্গত হইলেন ও পরিষ্কার পারিছের জাপানী জাতিকে দেখিয়া অত্যন্ত আনন্দামূভব করিলেন। ইহাদের সম্বন্ধে তিনি যাহা লিখিয়াছেন তাহার মর্ম্ম এইরূপ:—

'পৃথিবীর মধ্যে যত পরিষ্কার জাত আছে, জাপানীরা তাহার অক্সতম। ইহাদের সবই কেমন পরিষ্কার! রাস্তাগুলি চওড়া, দিধা, ও বরাবর সমানভাবে বাঁধানো। বাড়ীগুলি দিবি৷ ছোট ছোট খাঁচার মত। প্রায় প্রতি সহর ও পল্লীর পশ্চাতে অবস্থিত দেবদারু-বৃক্ষে-ঢাকা চির-হরিৎ ছোট ছোট পাহাড়গুলি—থর্ককার, স্থা অন্তুতবেশী জাপগণ—তাহাদের প্রত্যেক চালচলন, তাবজ্জী—সবই স্কলর। সমগ্র দেশটী যেন একথানি ছবি। প্রত্যেক বাটীর পশ্চান্তাগে বাগান—জাপানী ধরণে স্কলরভাবে প্রস্তুত। তাহার মধ্যে ছোট ছোট ক্রত্রিম জলাশয় ও ছোট ছোট পাধরের সাঁকো।'

# श्रामी विदवकानक।

নাগাসাকি হইতে জাহাজ কোবি (Kobe)তে পৌছিল।
এথানে স্থামিজী জাহাজ ছাড়িয়া স্থলপথে জাপানের মধ্য দিয়া
ইয়োকোহামা পর্যান্ত গেলেন। পথে ওসাকা, পূর্বরাজধানী
কিয়োটো ও বর্ত্তমান রাজধানী টোকিও দেখিলেন। টোকিওর
আরতন ও লোকসংখ্যা কলিকাতার দিগুণ। বৈদেশিক ছাড়পত্র
ব্যতিরেকে জাপানের ভিতরে ভ্রমণ করিতে দেয় না। স্থামিজী
এখানে অনেকগুলি মন্দির দেখিলেন—তাহার প্রত্যেকটিরই গাত্তে
প্রাচীন বাঙ্গালা অক্তরে সংস্কৃতমন্ত্র ক্ষোদিত। বর্ত্তমানে পুরোহিতদিগের মধ্যে কদাচিৎ কাহাকেও সংস্কৃতক্ত দেখিতে পাওয়া
যায়—তবে তাঁহারা বেশ ব্রিমান এবং তাঁহাদের মধ্যেও আধুনিক
উন্তির ভাব যথেষ্ট পরিমাণে প্রবেশ করিয়াছে।

১৮৯৩ সালের ১০ই জুলাই ইয়োকোহামা হইতে তিনি মাল্রাজী বন্ধুদিগকে যে পত্র লেথেন তাহাতে জাপানীদের সম্বন্ধে যাহা লিখিয়াছেন তাহার মর্ম এইরূপ—

"বর্তমান যুগের জীবনসংগ্রামে আত্মরক্ষার জন্ত কি কি প্রয়োজন ভাহা জাপানীর। বিলক্ষণ বুঝিয়াছে। তাহাদের সৈন্তসমূহ স্থানিয়ন্তিত ও স্থানিক্ষত এবং তাহারা তাহাদের নৌবলও ক্রমাগত বুদ্ধি ক্রিতেছে। তাহাদের কামানগুলি দেশীয় কারিগরের প্রস্তুত। জাপানে স্থানক ইঞ্জিনিয়ারের যে অভাব নাই তাহার প্রমাণ তাহারা পাহাড় ভেদ করিয়া স্থান্ন নিশ্বাণ করিয়াছে—তাহার কোন কোনটা প্রায় অর্দ্ধ কোশ দীর্ঘ। ইহাদিগের শিল্পের মথেই উর্লিভ ছইয়াছে, এবং যে কোন দ্রব্যের অভাব বোধ করিতেছে তাহা নিজেদের শিল্পী ঘারা প্রস্তুত ক্রাইতেছে। জাপানী দেশলাইয়ের কারথানা একটি দেখিবার বস্তু। ইহাদের নিজেদের একটি খ্রীমার লাইন আছে, উহার জাহাজ চীন ও জাপানের মধ্যে বাতায়াত করে। ইহা ছাড়া তাহারা শীঘ্রই বোধাই ও ইয়োকোহামার মধ্যে আর একটি লাইন থুলিবার মতলব করিয়াছে।"

উপরোক্ত পত্তে ভারতবাসীদের জড়তা ও আত্মোরতিচেষ্টার একাস্ত অভাব স্মরণ করিয়া তিনি মান্দ্রাজী ব্বকদের যে উদ্দীপনা-পূর্ণ কথাগুলি লিথিয়াছিলেন তাহা আমাদের প্রত্যেকেরই পাঠ কর। উচিত। উহার অন্থবাদ নিম্নে প্রদন্ত হইল। কিন্তু মূল পত্রথানি অতিস্থলার।

শীলাপানীদের সম্বন্ধে আমার মনে কত কথা উদয় হচ্ছে তা একটা সংক্ষিপ্ত চিঠির মধ্যে প্রকাশ ক'রে বল্তে পারি না। তবে এই টুকু বল্তে পারি যে, আমাদের দেশের যুবকেরা দলে দলে প্রতিবৎসর চীন ও জাপানে যাক্। জাপানে যাওয়া আবার বিশেষ দরকার; জাপানীদের কাছে ভারত এখন সর্বপ্রকার উচ্চ ও মহৎ পদার্থের স্বপ্নরাক্তা শ্বরূপ। কিন্তু তোমরা কি কচ্ছো? না, সারাজীবন কেবল বাজে বোক্চো। এসো, এদের দেখে যাও, তারপর লজ্জার মুথ ল্কোও গে। ভারতের যেন জরাজীর্ণ অবস্থা হ'য়ে ভীমরতি ধ'রেছে। তোমরা দেশ ছেড়ে বাহিরে গেলে তোমাদের জাত যায়— এমন আহাম্মোক জাত!! এই হাজার বছরের ক্রমবর্দ্ধমান জমাট কুসংস্কারের বোঝা ঘাড়ে নিমে ব'সে আছ, হাজার বছর ধ'রে আভাখাতের গুনাগুদ্ধি বিচার ক'রে শক্তি ক্ষয় ক'চ্ছে! শত শত যুগের অবিচ্ছেদ সামাজিক জ্ঞাচাটারে ভোমাদের সব মন্থ্যান্থটা একেবারে নই হ'য়ে গেছে—

## श्रामी विद्वकानम्।

তোমরা কি বন দেখি! আর কছেই বা কি ? \* \* \* বই
হাতে ক'রে সমুদ্রের ধারে পাইচারী কছে।—ইউরোপীর মন্তিক
প্রস্তুত কোন তত্ত্বের এক কণা মাত্র—ভাও খাঁটি জিনির নয়—সেই
চিন্তার বদ্হজম খানিকটা ক্রমাগত আওড়াচ্চো, আর তোমাদের
প্রাণমন সেই ত্রিশ টাকার কেরাণীগিরির দিক্তে প'ড়ে রয়েছে;
না হয় খুব জোর একটা গুষ্টু উকীল হবার মতলব কচ্ছো—
ইহাই ভারতীয় যুবকের সর্বোচ্চ আকাজ্রা! আবার প্রত্যেক
ছাত্রের পায়ে পায়ে একপাল ছেলে মেয়ে 'বাবা, খাবার দাও, বাবা,
খাবার দাও' ব'লে হাঁসের মত পাঁাক্ পাঁাক্ কছেে!! বলি, সমুদ্রে
ত যথেষ্ট জল আছে—তোমরা কেতাব, গাউন, বিশ্ববিভালয়ের
ডিপ্রোমা প্রভৃতি সবশুদ্ধ তাতে ডুবে মর্জে পার'না ? \* \* \*

এস, মামুষ হও। নিজেদের সঙ্কীর্ণ গর্ভ থেকে বাইরে বেরিয়ে এসে দেখ—সব জাতি কেমন উন্নতির পথে চলেছে! তোমরা কি মামুষকে ভাল বাসো ? দেশকে ভাল বাসো ? তা হ'লে এস, ভাল হবার জন্ম উন্নতির জন্ম প্রাণপণ চেষ্টা করি। পেছোনে চেয়ো না—
স্মৃতি নিকট আত্মীয় ও প্রিয়ন্তন কাঁদে কাঁচক, তব্ও পেছোনে চেয়োনা—কেবল সাম্নে এগিয়ে যাও।

ভারতমাতা অন্ততঃ সহস্র বুবক বলি চান। মনে রেখো—
মানুষ চাই, পশু নর। প্রভু তোমাদের এই প্রাণাপ্পন্দহীন সভ্যতাকে ভালবার জন্মই ইংরাজ রাজশক্তিকে এটোশে প্রেরণ করেছেন, আর মান্ত্রাজের লোকই সর্ব্য প্রথমে ইংরাজদিগকে এদেশে
আশ্রয় প্রদান করিয়াছিল। এখন জিজ্ঞাসা করি সমাজের এই নৃতন
ভুবস্থা আনবার জন্ম স্ব্রিলঃকরণে প্রাণপণ যত্ন ক'রবে, মান্ত্রাজ

এমন কতগুলি নিংমার্থ যুবক দিতে প্রস্তুত ?—যারা দরিজের প্রতি সহায়ুভূতিসম্পর হবে, তাহাদের ক্ষার্গ্ত বদনে অরদান করবে, সর্বসাধারণের নধ্যে শিক্ষা বিস্তার কর্বে, আর তোমাদের পূর্ব্বপুক্ষদিগের অত্যাচারে যারা পঞ্জ প্রাপ্ত হঙ্গেছে তাদের মানুষ কর্বার জন্ত আমরণ চেষ্টা করবে ? \*

ইয়োকোহামা হইতে স্বামিনী পুনরার জাহাজে উঠির। প্রশাস্ত মহাসাগর অতিক্রম করিতে লাগিলেন। তিনি ধীরে ধারে প্রাচ্চ জগৎ ছাড়িয়া প্রতীচ্যের দিকে অগ্রসর হইতে লাগিলেন। দীর্ঘ দিনগুলি সাগর দর্শনে ও ধ্যান ধারণা অধ্যয়নে কাটিয়া গেল।

### আমেরিকায় প্রথম কয় দিন।

প্রশান্ত মহাসাগরের নীলাস্ব্রাশি অতিক্রম করিয়। জাহাজ বন্ধুবর পৌছিল। বন্ধুবর কানাডার দক্ষিণ পশ্চিমে প্রশান্ত-মহাসাগরে অবস্থিত একটি ধীপ। এখানকার প্রধান নগরের নামও বন্ধুবর। তথা হইতে কানাডা-প্যাসিফিক রেল লাইন আরম্ভ হইয়াছে। পথে প্রশান্ত মহাসাগরের উত্তরাংশ দিয়া আসিবার সময়ে স্বামীজি শীতে বড় কট্ট পাইয়াছিলেন কারণ যদিও জগমোহনজী প্রভৃতি আসিবার সময় তাঁহার সঙ্গে কাপড় চোপড় যথেষ্ট দিয়াছিলেন তথাপি তাঁহারা কেহই অনুমান করিতে পারেন নাই যে গ্রীয়ের সময় সমুদ্রবক্ষে শীত ভোগ করিতে হইবে, সেইজন্ম তাঁহার সহিত একখানিঞ্জ শীতবন্ত্র ছিল না।

যাহা হউক কোনরূপে বছুবরে পৌছিয়া তথা হইতে ট্রেপে কানাডার মণ্য দিয়া তিনি চিকাগোয় পৌছিলেন। ট্রেণ স্থবিখ্যাত রুকিপাহাড় ভেদ করিয়া চলিল, স্বামীজি চতুস্পার্থের মনোমুগ্ধকর দৃশ্য দেখিয়া প্রীতি লাভ করিলেন।

চিকাগোর পৌছিরা স্বামীজির অবস্থা কিরূপ হইল পাঠক কি
ক্রুমান করিতে পারিতেছেন ? তথন চিকাগোর World's Fair
ক্রিমেলা ) নামক এক বিরাট মেলা বসিয়াছে। জগতের নানাস্থান হইতে অসংখ্য নরনারী তাহা দেখিবার জন্তু আসিয়াছেন।
চতুর্দ্ধিকে হুড়াহুড়ি ঠেলাঠেলি ও লোকের গাদি। তাহার মধ্যে
শ্রীমীজির পরিচিত একটি লোকেও নাই। তিনি কোথার ঘাইবেন,

# আমেরিকায় প্রথম কয় দিন।

কি করিবেন, তাহাও কিছু ঠিক হর নাই। এদিকে তাঁহার অন্তত রকমের বেশ দেখিয়া সকলেই ঘন ঘন তাঁহাকে লক্ষ্য করিতে লাগিল—কেহ কেহ বিজ্ঞাপও করিল, কেহ হাততালি मिन, ह्याँ एात मन ठाँशांत शाह नहेन ও नाना श्रकारत ठाँशांक বিরক্ত করিতে লাগিল। তিনি একে শীতে, অনাহারে জর্জারিত, তাহার উপর এই সকল উৎপাত আরম্ভ হইল। জিনিষ পত্র লইয়া পথচনা তাঁহার কোনকালে অভ্যাস ছিল না। স্থতরাং **म्बर्गाक नहेबाक वाजिबाक इटेट** इटेन। श्रेश प्रहेबा (व रयज्ञन भातिन ठेकाहेरा नानिन, यथारन हाति ज्यानांत दननी খনচ হইবার কথা নহে সেখানে তাঁহার নিকট হইতে চারিটাকা শ্রাদার করিল। এইরূপ বিপদে পড়িয়া তিনি অবশেষে একটি হোটেলে আশ্রয় গ্রহণ করিলেন। হোটেলের লোকেরা বুঝাইয়া দিল যে এ অবস্থায় হোটেলে থাকাই তাঁহার পক্ষে সর্বাপেক্ষা শ্রেষ: তিনিও দেখিলেন কথাটা ঠিক। স্বতরাং আপাততঃ সেইখানেই উঠিলেন।

চিকাগোয় তিনি ১২ দিন রহিলেন ও প্রত্যাহ খুরিয়া খুরিয়া মেলা দেখিলেন। সে এক বিরাট বাপোর, বিপুল আয়োজন— পাশ্চাত্য জগতের যা'কিছু শ্রেষ্ঠ, যা'কিছু ভাল, যা'কিছু দর্শনীয় সব সেখানে একত্রিত হইরাছে—দেশে থাকিতে এ সম্বন্ধে তাঁহার ধারণা অতি অক্টুট ছিল, এক্ষণে তিনি দেখিলেন পাশ্চাত্যের ধন দৌলত ও সভ্যতা-গৌরব কল্পনার অতীত।

কিন্তু এত লোকের মধ্যেও তিনি যেন নিঃসঙ্গ বোধ করিতে লাগিলেন কারণ সেখানে একজনও পরিচিত্ লোক দেখিতে

### श्वामी विदिकानमा।

পাইলেন না। তারপর আর এক বিপদ। আমেরিকা ধনীর দেশ — দেখানে খরচ পত্র ভয়ানক রকম। হোটেলের খরচ স্বামীজির পক্ষে অত্যন্ত বেশী হইয়া উঠিল। তিনি দেখিলেন এখানে আর কিছু দিন থাকিলেই তাঁহার সম্বল ফুরাইবে। কি করিবেন কিছু স্থির করিতে না পারিয়া বিষম চিস্তিত হইলেন। মন দমিয়া গেল। ভাবিতে লাগিলেন এদেশে আসিয়া ভাল করি নাই। এরপ ভাবিবার আরও কারণ ছিল। একদিন মেলার অন্তর্গত Information Bureau (সংবাদপ্রাপ্তির স্থান) এ ধর্ম মহাসভা সম্বন্ধে কতকগুলি প্রয়োজনীয় বিষয়ের সংবাদ লইতে গিয়া ভনিলেন সেপ্টেম্বরের পূর্বে সভার অধিবেশন হইবে না, এবং ভালরপ পরিচয়াদিনা থাকিলে কেই সভার প্রতিনিধি রূপে নির্মাচিত হইতে পারে না—আর তা'ছাড়া প্রতিনিধি নির্মাচনের শেষ ক্লারিথ গত ইটির ছে। তথন জুলাই মাদ—স্বামীজি দেখিলেন **নেপ্টের** পর্যান্ত অপেক। করিতে হইলে তাঁহার অর্থের অভাব 'ঘটিবে। বিশেষত: ঐ সময়ে আমেরিকার বিদ্বান ও শিক্ষিত লোকের অনেকেই গ্রীম্ম নিবন্ধন সহর ছাড়িয়া অন্তত্র গিয়াছিলেন। স্থতরাং তাঁহাকে এখন কভদিন অপেক্ষা করিতে হইবে তাহার স্থিরতা নাই। আর অপেকা করিয়াই বা কি লাভ ? যে আশায় তিনি এতদুর আসিয়াছেন তাহাও পূর্ণ হুইবার সম্ভাবনা নাই। অত্এব এখন ফিরিয়া যাওয়াই শ্রেয়:। তিনি বিষম সমস্তায় পড়িলেন। কিন্তু তিনি সহজে ছাড়িবার পাত্র নহেন। স্থির ক্রিলেন যেরপেট হউক শেষ পর্যান্ত দেখিয়া যাইবেন।

লোকপরস্পরায় ভনিলেন যে চিকাগো অপেকা বোষ্টনে

# व्याप्यतिकाम् अध्य क्य मिन ।

থরচ পূজ ঢের কম পড়ে, আর বোষ্ট্রন শিক্ষিত লোকদিগের একটি প্রধান কেন্দ্র। স্বামীজি স্থির করিলেন আপাততঃ কিছু দিন বোষ্টনে গিয়া থাকা যাউক, তার পর যাহা হয় হইবে।

এই স্থির করিয়া ভিনি বোষ্টন যাত্রা করিলেন। কিন্তু এই
সময়ে ভগবান তাঁহার উপর প্রসন্ন হইলেন। রেলে যাইতে
যাইতে বোষ্টনের সন্নিকটস্থ Breezy Meadows (বিজি
মেডোস) নামক গ্রাম বাসিনী এক বুদ্ধার সহিত তাঁহার আলাপ
হইল। বৃদ্ধা তাঁহাকে আপন আলয়ে কিছুদিন থাকিবার জন্ত
অন্ধরাধ করিলেন। স্বামীজি তাঁহার নিমন্ত্রণ সাদরে গ্রহণ করিয়া
তাঁহার ভবনে উপস্থিত হইলেন। বৃদ্ধার অবস্থা বেশ সচ্ছল
ছিল। তিনি লোকও মন্দ ছিলেন না। তবে স্বামীজিকে নিজ
গৃহে লইয়া যাওয়ার জন্ত তাঁহার ছইটা উদ্দেশ্য ছিল। প্রথমতঃ
বন্ধুবান্ধবদিগকে দেখান—প্রাচ্য দেশবাসী জীব কিন্তুপ অন্ততঃ
বিতীয়তঃ স্বামীজি একজন হিন্দু সয়াসী ও ধর্ম প্রচারের জন্ত
ভাদেশে গিয়াছেন—সে ধর্মই বা কিন্তুপ তাহাও দেখা।

যাহাইউক বৃদ্ধার গৃহে থাকাতে স্বামিক্সীর আর কিছু না ইউক
এক বিষয়ে খুব স্থবিদা ইইল। চিকাগোয় তাঁহার যে প্রত্যন্থ
এক পাউগু করিয়া থরচ ইইভেছিল সেটা বাঁচিয়া গেল। কিছু
তথাপি আর একটা মোটা থরচ ছিল। সেটা ইইভেছে পোষাক
প্রস্তুতের থরচ। পূর্বেই বলিয়াছি স্বামীজির অন্তুত রকমের পোষাক
দেখিয়া রাস্তায় শত শতু লোক জমিয়া যাইত। স্কুতরাং তিনি
দেখিলেন এ পোষ্ট্রুক এদেশে চলিবে না। তারপর সম্মুথে শীত
আসিতেছে সেজ্যুট্ট গ্রম পোষাক প্রস্তুত করান দরকার। ওথানকার •

## স্বামী বিবেকানন।

মহিলা, বন্ধুরাও পরামর্শ দিলেন বে তাঁহার পান্তীদের মত কাল রং এর লম্বাজামা পরা উচিত, কেবল বক্তৃতার সময় গেরুল্ব। আলখালা ও পাগড়ী পরিলেই হইবে। জিনি তদমুদারে দর্জীর দোকানে গিল্লা শীতবস্তের অর্ডার দিয়া আদিলেন কিন্তু দেখিলেন যে চলনসই গোছের একটা পোষাক করিতেও ৩০০ টাকার উপর থরচ পড়িবে। কিন্তু কি করা যায় উপায় নাই। সেই সমরে সালেম বলিয়া নিকটবর্ত্তী একটা স্থানে এক বৃহৎ মহিলা সভা তাঁহাকে বক্তৃতা দিবার জন্তু আহ্বান করিয়াছিলেন। তাঁহারা ভারতের রমাবাইকে থুব সাহায্য করিতেছিলেন। আমীজি দেখিলেন ওদেশে মহিলাদের যেরূপ প্রভাব তাহাতে এই সভাও এক্রপ অন্তান্ত সভার সহিত পরিচিত হইতে পারিলে তাঁহার আর্যারের খুব স্থবিধ। হইতে পারে এবং চাই কি তাঁহার আমেরিকা আগ্রমনের উদ্দেশ্রও সম্পূর্ণ স্কল হইতে পারে।

আসিবার সময় তিনি ১৭৯ পাউও (প্রায় ২৭০০ টাকা)
লইয়া আসিয়া ছিলেন কিন্তু ব্রিজি মেডোজ হইতে ২০ আগষ্ট
(১৮৯৩) মাল্রাজের শিশ্রদিগকে তিনি যে পত্র লিধিয়াছিলেন তাহাতে
দেখা যায় তাঁহার হাতে তথন ১৩০ পাউও ছিল তবে ঐ পত্র
ভারতে পৌছিবার পূর্কেই তাঁহার সম্বল ৩০।৭০ পাউওে দাঁড়াইল। বিদেশে হত্তে অর্থ না থাকিলে বা সঙ্গের সম্বল ফুরাইবার
মত হইলে কাহার প্রাণে না ভয় হয় ? প্রথম প্রথম স্বামিজীরও
ক্রৈরপ ভয় হইয়ছিল। এই চিঠিতে দেখি ভিনি লিখিতেছেন
শ্বদি তোমরা টাকা পাঠাইয়া আমার ছয় নাস এখানে রাখিতে
পার আশা করি সব স্থবিধা হইয়া যাইবে। ইতিমধ্যে আমিও

# আমেরিকায় প্রথম কয় দিন।

যে কাষ্ঠ খণ্ড সমুখে পাইব তাহাই ধরিয়া ভাসিতে চেষ্ঠা করিব। ধদি আমি আমার ভরণ পোষণের কোন উপায় করিতে পারি— ভৎক্ষণাৎ তার করিব। \* \* • यদি তোমরা আমাকে এখানে রাথিবার জন্ত টাকা পাঠাইতে না পার, এদেশ হইতে চলিয়া যাইবার জন্ত কিছু টাকা পাঠাইও। ইতিমধ্যে যদি কিছু শুভ খবর হয় আমি লিখিব বা ভার করিব। কেব্লে ভার করিতে প্রতি শব্ধু টাকা পড়ে।" ♦ কিন্তু এই বিপদ ও নৈরাশ্রে ক্ষণিক বিচলিত হইলেও তিনি হানমের বল হারান নাই। অভা লোক হইলে এরপ অবস্থায় কি করিত জানি না। কিন্তু তিনি মুহুর্ত্তের জন্ম কিঞ্চিৎ আজু-বিশ্বত হইলেও শীঘ্রই অসাধারণ প্রতিভা ও ধৈর্য্যবলে আপনার পথ व्याश्रीन श्रीतकात कांत्रश लहेटलन। शीटत शीटत तकल विवस्त्रत স্থবিধা হইয়া আসিতে লাগিল ও ডিনি ক্রমশঃ আমেরিকার বিশিষ্ট ও খ্যাত্যাপন্ন ব্যক্তিবর্গের সহিত পরিচিত হইলেন। ইহার মধ্যে হার্ভার্ড বিশ্ববিষ্ঠালয়ের গ্রীক ভাষার অধ্যাপক মুপ্রসিদ্ধ J. H. Wright (জে, এচ্, রাইট) মহোদয় তার সহিত একদিন চারি ঘণ্টা কাল আলাপ করিয়া তাঁহার অত্যন্ত বিছা, জ্ঞান ও প্রতিভা দর্শনে এতদুর মুগ্ধ হইলেন যে তাঁহাকে ধর্ম মহাসভায় হিন্দু ধর্মের প্রতিনিধিরূপে উপস্থিত হইবার জন্ম বারংবার অনুরোধ করিলেনও

<sup>\*</sup> এই চিঠি শানিতেই কিন্তু তাঁহার দৃঢ়প্রতিজ্ঞতারও পরিচয় পাওয়া বায়।
তিনি লিখিতেছেন 'আমি সহজে ছাড়িব না, কারণ আমি শীভগবানের নিক্ট
হইতে আদেশ পাইয়াছি।' ইহালারা বুঝা বার বে এই সময়ে তিনি মহাসভার
প্রবেশ লাভ করিবার আশা এক প্রকার তাাগ করিয়াছিলেন, তবে অক্ত
কোনরূপে পাশ্চাত্য দেশে হিন্দু ধর্মপ্রচার করিবার চেষ্টা করিবেন এক্সপ সংক্র
করিতেছিলেন। যদি আমেরিকার না হর অক্ততঃ ইংলতে বাইবেন।

### স্বামী বিবেকানন্দ।

বলিলেন যে আমেরিকান জাতির সহিত পরিচর লাভ করিবার हेहाहे अक्षां जेशाय। यांगोकि अहे जेला निवित शक्त रा रा অন্তরায় ঘটিয়াছে তাহা রাইট সাহেবকে খুলিয়া বলিলেন। প্রধান অন্তরার এই যে তাঁহাকে কেহ চেনে না শুনে না এবং তিনি যে হিন্দু ধর্ম্মের প্রতিনিধি এরপ কোন নিদর্শন তাঁহার নিকট নাই। ब्राइंडे मार्ट्य शामिशा वैनित्नन "To ask you, Swami, for your credentials is like asking the sun to state its right to shine!" ( স্বামীজি আপনার নিকট নিদর্শন চাওয়া আর স্থাকে তাহার কিরণ দিবার অধিকার কি জিজ্ঞাসা করা একই কথা )। তারপর তিনি নিজে স্বামিজীকে ধর্ম মহাসভায় হিন্দুধর্মের প্রতিনিধিরূপে উপস্থিত করিবার জন্ম যে যে বন্দোবস্ত করা আবশুক তাহার ভার গ্রহণ করিলেন; তাঁহার সহিত উক্ত সভায় অনেক বিখ্যাত ও ক্ষমতাপন্ন ব্যক্তির জানান্তনা ছিল। তা ছাড়া প্রতিনিধি নির্বাচন সভার সভাপতি তাঁহার একজন বিশেষ বন্ধু ছিলেন। তাঁহাকে তিনি বিখিলেন "Here is a man who is more learned than all our learned professors put together." অর্থাৎ আমদের সকলের বিস্থা একসল্লে কল্লে যা হয় ইছার বিজ্ঞা তার চেয়েও বেশী। তারপর স্বামীজির নিকট অধিক অর্থ নাই ব্যারতে পারিয়া তিনি শিকাপোর একথানি টিকিট কিনিয়া তাঁহাকে দিলেন ও প্রাচ্য দেশের প্রতিনিধিগণের থাকিবার ও আহারাদির ব্যবস্থা করার ভার যে কমিটির উপর ছিল তাগাদের উপর পত্র দিলেন। স্বামীজি তাঁহার উপর ঈশবের অপার করুণ। দর্শন করিয়া ক্লভজ্ঞতায় পূর্ণ হইলেন।

### আমেরিকায় প্রথম কয় দিন।

কিন্তু যেমন আলোক প্রকাশের পূর্কে সময়ে সময়ে দিবাওল নিবিভ অন্ধকারে আচ্চন্ন হয় সেইরূপ জগতের সমকে স্বামীঞ্জর বিশ্বব্যাপিনী প্রতিভা প্রকাশিত ইইবার অব্যবহিত আরও কতকগুলি অম্ববিধা, তুর্ঘটনা ও লাস্থনা তাঁহাকে ভোগ করিতে হইরাছিল। স্বামীজি শিকাগোর ঘাইবার জন্ম ট্রেণে উঠিলে ট্রেণে একজন ধনী বণিকের সহিত তাঁহার আলাপ হইল। বণিক তাঁহাকে শিকাগোর কোন স্থানে ষাইতে হইবে তাহা বলিয়া দিবেন বলিয়াছিলেন কিন্তু টেণ হইতে নামিবার সময় ব্যস্ততাবশতঃ সে কথা বিশ্বত হইয়। স্বামীজিকে সে সম্বন্ধে কিছু না বলিয়াই চলিয়া যাইলেন। এই বিপদের উপর আর এক বিপদ উপস্থিত হুইল। রাইট সাহের মহাসভার কার্যান্তলের যে ঠিকানা লিখিয়। দিয়াছিলেন স্বামীজি দেখিলেন তাহা কোথায় পড়িয়া গিয়াছে। স্থতরাং শিকাগোর নামিরা তিনি আবার দিশেহারা হইয়া পড়িলেন, কোথায় ঘাইবেন ঠিক করিতে পারিলেন না। ছচার জন পথিককে জিজ্ঞাসা করিলেন কিন্তু কেহ বলিতে পারিল না। শিকাগো প্রকাও সহর কে কাহার থবর রাথে। তার উপর এ জারগাটা সহরের উত্তর-পূর্ব্ব দিক-কেবল জর্মাণদিগের বাস। তাহারা ত স্বামীজির কথাই বুঝিতে পারিল না অধিকম্ভ তাঁহাকে কাফ্রী বিবেচনা করিয়া অগ্রাহ্ম করিতে লাগিল। এদিকে সন্ধ্যাও আগত-তিনি মহা ফাঁপরে পড়িলেন, কোন লোক তাঁহাকে একটা হোটেল পর্যান্ত দেখাইয়া দিল না। অগত্যা তিনি নিরাশভাবে রেলের মালগাড়ী রাখিবার প্রাঞ্চনে একটা প্রকাশ্ত থালি বাক্সর মধ্যে ভুট্যা পড়িলেন ও সমস্ত রাজি জগদীখরের উপর নির্ভন করিয়া

# श्रामौ विद्यकानम् ।

সেই ভাবে কাটাইয়া দিলেন। হায় বিধাতার লীলা বুঝা ভার! ছই দিন পরে সমস্ত আমেরিকার লোকে বাঁহাকে দেখিবার জন্ম ছুটাছুটি করিবে আজ তাঁহার এ কি দশা। যাহা হউক রাত্রি প্রভাত হইলে তিনি হ্রনোপকুলবন্তী রাস্তা দিয়া চলিতে লাগিলেন। সে রাস্তায় ক্রোড়পতিদিগের প্রাসাদ। তিনি অত্যন্ত ক্রধার্ত্ত হইয়া-ছিলেন। অনজ্যোপায় হইয়া বাড়ী বাড়ী ভিক্ষা করিতে লাগিলেন। সন্ন্যাসী ত চিরদিন ভিক্ক। ইহাতে আর লজ্জা কি ? কিন্তু এ তো আর ভারতবর্ধ নহে যে সাধু ফব্কির দেখিলেই লোকে তাহার পায়ের তলায় শুটাইয়া পড়িবে! ক্রোড়পতির ভূত্যেরা জাঁহার মলিন বস্ত্র ও প্রাস্ত ক্লান্ত ধুলিধুসরিত মুর্ত্তি দেখিয়া অবজ্ঞাভরে তাডাইয়া দিল। কেহ কেই অপমানও করিল, কেহ বা তাঁহাকে मिथिया मनारक बात वस करिल। अर्गा किका ना मां भागीरमध्ये অব বিলিজনের অফিদের ঠিকানাটা ত বলিয়া দাও। কিন্ত কেই তাঁহার কথায় কর্ণপাত করিল না। তিনি অবসরজনয়ে পথের ধারে বসিয়া পডিলেন। এমন সময়ে সম্মধের স্করমা হর্মা হইতে একটা ব্ৰমণী নিৰ্গত হইয়া আদিলেন ও খানীজিকে তদবস্থায় দেখিয়া স্থমিষ্টস্বরে জিজ্ঞাসা করিলেন "মহাশয়, আপনি কি ধর্মমহাসভার একজন প্রতিনিধি ?" স্বামীজি বলিলেন হাঁ, তাহাই বটে, কিন্তু তিনি ঠিকানা হারাইয়া কেলিয়া এইরূপ তর্দশায় পতিত হইয়াছেন। রমনী তৎক্ষণাৎ তাঁহাকে তাঁহার পশ্চাদমুদরণ করিতে বলিলেন ও ভবনমধ্যে প্রবিষ্ট হইয়া ভতাদিগকে স্বামীজির যথোচিত সেবা-শুশ্রুষা করিতে আদেশ দিলেন, এবং আহারাদির পর শরীর স্থন্থ হইলে সামীজকে লইয়া শ্বরং ধর্ম্মসভার কার্যান্থলে লইয়া যাইতে

### আমেরিকায় প্রথম কয় দিন।

প্রতিশ্রুত হইলেন। স্বামীজি বিধাতার কার্য্য দেখিয়া বিশ্বরে শুরু হইরা রহিলেন। পরে তিনি এই মাতৃরপিনী রমণীর পরিচয় পাইরা-ছিলেন ও তাঁহার স্বামী ও সপ্তানাদির সহিত বিশেষ বন্ধুত্বত্তে আবদ্ধ হইয়াছিলেন। রমণী মিঃ জর্জ, ডব্লিউ, হেল্ নামক শিকাগোর একজন সন্ধান্ত ব্যক্তির পত্নী।

এই ঘটনায় স্বামীজির দৃঢ় প্রতীতি হইল প্রভু অনুক্ষণ তাঁহার সঙ্গে থাকিয়া তাঁহাকে রক্ষা করিতেছেন।

তারপর যথাকালে মিসেন্ হেল তাঁহাকে লইয়। মহাসভার আফিসে গমন করিলেন ও তিনি তাঁহার পরিচয়-পত্র দেখাইয়া প্রতিনিধিরপে নির্বাচিত হইলেন ও মহাসভার অক্সান্ত প্রাচ্য প্রতি-নিধিগণের সহিত একত্র থাকিতে পাইলেন।

## শিকাগোর ধর্ম-মহাসভা।

১৮৯৩ খুষ্টাব্দের ১১ই সেপ্টেম্বর সোমবার বেলা দশ ঘটিকার সময়ে শিকাগো ধর্ম-মহাসভার প্রথম অধিবেশন হইল। এই সভা নানাকারণে জগতের ইতিহাসে প্রসিদ্ধি লাভ করিয়াছে। স্বামিজী স্বয়ং একস্থানে লিথিয়াছেন:—

"শিকাগো মহাসভা এক বিরাট ব্যাপার ছিল। সে সভার
নানাদেশের ধর্ম-প্রচারকমণ্ডলীর প্রতিনিধি উপস্থিত ছিলেন।
শিকাগো মহামণ্ডলীতে ক্যাথলিক সম্প্রদার বিশেষ উৎসাহে যোগদান
করিয়াছিলেন; ভরদা, প্রোটেষ্টাণ্ট সম্প্রদারের উপর অধিকার
ক্রিয়ার; তবৎ সমগ্র খৃষ্টান জগৎ—হিন্দু, বৌদ্ধ, মুসলমান প্রভৃতি
সম্প্রদারের প্রতিনিধিবর্গকে উপস্থিত ক্রাইয়া শ্ব-মহিয়া কীর্ত্তনের বিশেষ স্বযোগ নিশ্চিত করিয়াছিলেন…" (ভাব্বার কথা
পৃঃ ২৯—৩০)

প্রকৃতই চিকাগে। মহাসভায় সভাজগতের বিদ্বংসমাজাদৃত অধিকাংশ পণ্ডিতমগুলী সমাগত হইয়াছিলেন—এবং প্রথমে এই সভা আহ্বানের উদ্দেশ্য যাহাই থাকুক পরিণামে ইহা অতি অত্ত অচিন্তাপূর্ব ও মহাফলপ্রস্থ হইয়াছিল। ইহাতে পাশ্চাত্য ধর্ম ও সভাতার সহিত জগতের অভ্যান্ত ধর্ম ও সভাতার তুলনা করিবার বিশেষ প্রযোগ উপস্থিত হইয়াছিল এবং পাশ্চাত্য জাতিসমূহের মধ্যে এক নৃতন চিন্তাভরক প্রবাহিত হইয়াছিল। একথা এখন ফুকলকেই একবাক্যে স্বীকার করিতে হইবে বে এই মহাসভার

পর হইতে সমগ্র মানবজাতির ধর্মদৃষ্টি কুন্ত সাম্প্রদায়িক মতবাদের বছ উদ্ধে অবস্থিত হইয়াছে। উক্ত সভার বৈজ্ঞানিক শাধার সভাপতি মাননীয় মিঃ মারউইন মেরী কেল লিথিয়াছেন—

"মহাসভা হইতে খৃষ্টীয়জগং, বিশেষতঃ যুক্তরাজ্যের অধিবাসীরা এই একটি মুধ্যকল ও মহৎশিক্ষা লাভ করিয়াছেন যে খৃষ্টধর্ম বাতীত জগতে আরও এমন বহু বরণীয় ধর্ম আছে বাহারা দার্শনিক গভীরতা, তত্ত্বামুপ্রবেশ, স্বাধীন ও সতেজ চিন্তাশীলতা এবং সর্বজীবের প্রতি মন্মুব্যোচিত উদারতা ও অকপট মমতায় খৃষ্টধর্ম অপেক্ষা অনুনক শ্রেষ্ঠ, অথচ বাহাদের নীতির সৌন্দর্য্য ও কার্যাকারিতা খৃষ্টধর্ম অপেক্ষা এক তিল ন্যন নছে। সভায় এইরূপ আটটি খৃষ্টেতর ধর্মের প্রতিনিধি উপস্থিত হইয়াছিলেন; যথা,—হিন্দুধর্ম, জৈনধর্ম, বৌদ্ধধর্ম, য়াহুদীধর্ম, কংকুছোর ধর্ম, শিণ্টোধর্ম, মহম্মদীর ধর্ম ও পারসিক ধর্ম।"

বাহা হউক উক্ত চিরশ্বরণীয় সোমবার দিবসে চিকাগোর শিল্প-প্রাসাদ (Art Institute) নামক ভবনের স্বরুহৎ হলে (Hall of Columbus) এই সভার অধিবেশন হইল। প্রথমে ডাঃ ব্যারোজ (Dr. Barrows) মুহোদয় হই চারিটী কথা বলিয়া সভার উদ্দেশ্য ব্যক্ত করিলে যথারীতি ভগবৎ-প্রার্থনা পূর্বক্ সভার কার্য্য আরম্ভ হইল। সে এক গন্তীর দৃশ্য! মহুষ্যজাতির অন্তর্গত একশত বিশকোটী নরনারীর প্রতিনিধিরূপে প্রায় ছর সাত সহস্র মহামহাপত্তিত সে স্থানে সমবেত হইয়াছেন। তাঁহাদের মধাস্থলে উচ্চ সিংহাদনে বসিয়া পাশ্চাত্যজগতে রোমান ক্যাথলিক সম্প্রানারক কার্ডিনাল গিবন্ধ (Cardina)

# सामी विदिकानसः।

Gibbons )—তাঁহার বামে ও দক্ষিণে উপবিষ্ট বিচিত্রবেশী প্রাচ্যদেশীয় প্রতিনিধিগণ। বিবেকানন্ত ইহাদের মধ্যে একজন—
তাঁহার অঙ্গের উজ্জল লোহিত বর্ণের আংরাধা, মন্তকের প্রকাণ্ড
গৈরিক উন্থাম এবং মুখমগুলের অপূর্ব্ব দীপ্তি সকলেরই দৃষ্টিআকর্বণ করিয়াছিল। তাঁহার পার্শ্বে ব্রাহ্ম-সমাজের প্রতাপ মন্তুমদার
ও নাগরকার এবং সিংহল হইতে আগত বৌদ্ধ ধর্মপাল। ইহাছাড়া
রোমান ক্যাথলিকদলের শত শত আর্কবিশপ, বিশপ, ধর্মতন্ত্রবিৎ ও
ধর্ম্মবাজক এবং জগতের প্রধান প্রধান দার্শনিক, বৈজ্ঞানিক ও
পণ্ডিতমগুলী। এই অভ্তপূর্ব্ব ব্যাপারের আয়োজন করিতে কয়েক
বৎসর লাগিয়াছিল এবং এই সভার সহস্রাধিক প্রবন্ধ পঠিত হইয়াছিল, ইহা হইতেই পাঠক এই ব্যাপারের গুরুত্ব কিঞ্চিৎ উপলব্ধি
করিতে পারিবেন। ক্রমিক সংখ্যা অনুসারে বিবেকানন্দের স্থান
ব্রিশজনের পর নিন্দিষ্ট হইয়াছিল।

এইরপ বিপুলায়তন জনসভার সমক্ষে দণ্ডায়মান হইয়া বক্তৃতা করিতে অতি বড় বক্তারও স্থংকশ্প হওয়া বিচিত্র নহে। সেক্ষেত্রে ত্রিংশংবর্ষবয়য় নগণ্য বিদেশী ব্রকের পক্ষে উপরোক্ত সভার সম্মুখীন হওয়া কতদ্র ছংসাহসের কার্যা পাঠক একবার অফুমান করুন। স্থামিজী ব্যাপারটাকে প্রথমে যত সহজ্র মনে করিয়াছিলেন কার্যাক্ষেত্রে উপস্থিত হইয়া দেখিলেন উহা তত সহজ্র নহে। তাঁহার পূর্ববন্তা বক্তৃতা সমাপ্ত হইলো সভাপতি মহাশয় তাঁহাকে বক্তৃতা করিবার জন্ত আহ্বান করিলেন। কিছু তিনি সংজাচ বশতঃ বলিলেন 'না, এখন নহে।' এইরপ উপর্যুপরি কয়েকবার তাঁহাকে আহ্বান করা হইল, কিছু তিনি প্রত্যেকবারই 'এখন নহে'

# শিকাগোর ধর্ম-মহাসভা।

বলিয়া কাটাইয়া দিলেন। তাঁহার ভাবগতিক দেখিয়া সভাপতি মহাশয়ের বিশ্বাস হটল না যে তিনি আর বক্ততা করিবেন। অবশেষে অপরাত্মের শেষমুহুর্ত্তে সভাপতি মহাশর তাঁহাকে বলিলেন এইবার উঠিতেই হইবে নতবা তাঁহাকে আর সময় দেওয়া হটবে না। তথন স্বামিজী আর নিশ্চেষ্ট থাকা অবিধেয় বিবেচনার আসম ত্যাগ করিয়া দাঁড়াইলেন। তাঁহার মুখমওল তথন রক্তিমাভা ধারণ করিয়াছে। তিনি একবার সেই বিশাল জনসজ্জের একপ্রাস্ত হইতে অপর প্রান্ত পর্যান্ত নেত্রপাত করিলেন, তারপর দেবী সরস্বতীর উদ্দেশ্তে প্রণাম-পূর্বক সভাত্ত নরনারীকে সম্বোধন করিয়া বলিলেন Sisters and Brothers of America' ( আমেরিকাবাসী ভ্রাতা ও ভগিনীগণ।)। যেমন এই কয়টা কথা উচ্চারণ করা অমনি **हर्जिक इटेरज महानर्स क्वर्जानिमान आवुछ इटेन। रम नर्स**, কর্ণ বৃধির হইবার উপক্রম ! সকলেই প্রচলিত প্রান্থসারে Ladies and Gentlemen ( ভक्र महिनायुक्त ) विनया नमरविष সভাগণকে সংখাধন করিয়াছিলেন স্বভরাং এই নুভন সংখাধনে যেন-সকলের হানরের সহিত বক্তার হান্যনিহিত অপুর্ব প্রেমভাবের সংযোগ সাধন হইল। তাঁহারা মুহুর্তমধ্যে সমগ্র মানবজাতির একছ অমুভব করিলেন। সে উৎসাহস্রোত থামিতে চাহে না। শত শত লোক দাড়াইয়া উঠিল ও প্রচণ্ড করতালিনিনাদে গৃহভিত্তি কম্পিত করিয়া তুলিল। স্বামিজী ত কাওকারখানা কিছুই বুঝিতে পারিলেন না। একি হইল। লোকগুলা কি কেপিয়া গেল নাকি? ভিনি এक यूट्रुख इज्वृद्धिश्रात्र निकार रहेशा मधात्रमान त्रहिलन, किन्ह পরক্ষণেই জান হইল সবই আদ্যাশক্তির লীলা, ব্রিলেন মহাশক্তি

## यामी विद्यकानमा।

স্বয়ং তাঁহার পশ্চাতে পাকিয়া সাহায্য করিতেছেন। অমনি তাঁহার শ্বভাৰসিদ্ধ সাহস ফিরিয়া আসিল, অন্তর শতগুণ বলে ভরিয়া উঠিল, হৃদয়ের ক্ষরার খুলিয়া বক্তভার উৎস ছটিল। কিন্তু প্রথম গ্রই মিনিট তিনি বারংবার চেষ্টা করিয়াও শ্রোতবর্গের উৎসাহ থামাইতে পারিলেন না। তারপর যখন সকলে স্থির ইইল তথন তিনি ধীর গম্ভীর স্বরে প্রাণম্পশী ভাষায় আপনার বক্তবা শেষ করিলেন। প্রথম দিন তিনি একটি সংক্ষিপ্ত বক্ততা দিয়াছিলেন। কিন্তু সংক্ষিপ্ত হইলেও তাহার স্থায় উদার, বিশ্বজনীন ভাব কোন বক্তবায় লক্ষিত इंद्र नाहे। मकरनहें निक निक मध्यमारवद भक्षावनधनभूकि इहे ठादि কথা বলিয়া ছিলেন, কিন্তু স্বামিজীর বক্ততায় সাম্প্রদায়িকতার লেশমাত্র ছিল না। তিনি স্পষ্ট বাক্যে বলিলেন সৈকল ধর্মের--গন্তব্য স্থান এক**া**। তিনি ধর্মের যে বিশ্বজনীন মূলতত্ত্ব পরমহংস-দেবের চরণোপাত্তে বসিয়া শিক্ষা করিয়াছিলেন তাহাই সেদিন স্থপরিক্টভাবে অগতের সমকে ঘোষণা করিলেন। তাঁহার বক্তভা <sup>জ</sup>শেষ হইবামাত্র সভার অধিকাংশ লোক তাঁহার অনুরাগী ও তদীয় মতের পক্ষপাতী হইয়া পড়িল। পাঁচ মিনিটের মধ্যে অর্দ্ধেক পুথিবী তাঁহার পদানত হইল । জগতের ইতিহাসে বিনারক্তপাতে এরপ অন্তত বিজয়লাভের কাহিনী আর কেহ কথনও শুনিরাছেন কিনা সন্দেই। কিন্তু একজন কপদিকশৃত্য, নিঃসহায় তরুণ সন্ন্যাসী উনবিংশতি শতাক্ষীর সভ্যতালোকিত পৃথিবীতে সে অসাধ্য ও সাধন কবিলেন।

প্রথমদিন বক্তার পর "Why We Disagree" (আমাদিলের মধ্যে মতভেদ কেন?) শীর্ষক একটি কুল্ল বক্তা ব্যতীত

# শিকাগোর ধর্ম-মহাসভা।

বামিজী ১৯শে সেপ্টেষরের পূর্বে আর কোন বক্তা দেন নাই।
১৯শে তারিখে তিনি তাঁহার "Paper on Hinduism" নামক
হিন্দ্ধর্মসম্বন্ধীয় স্প্রসিদ্ধ প্রবন্ধটি পাঠ করেন। ইহাতে ধর্ম, দর্শন
ও মনস্তত্বের সারভাগ অভি পরিক্ষার ভাবে আলোচিত হইয়াছিল,
বামিজী ব্যতীত সভায় অন্ত ভারতবাসী বা বালালী কেহ যে ছিলেন
না তাহা নহে, কিন্তু একমাত্র ভিনিই প্রকৃত সর্ববাদিসম্বত, বেদান্ত
প্রতিপাদ্য হিন্দ্ধর্মের মুখপাত্র স্বরূপ দণ্ডায়মান হইয়াছিলেন। তিনি
বহুত্বের মধ্যে একত্বদর্শনের উপায় নির্দ্দেশ করিলেন ও ধর্ম সম্বন্ধে
পাশ্চাত্য জাতিদিগের বহু ত্রান্ত সংস্কারের অপনোদন করিলেন।
তন্মধ্যে এই ফলি প্রধান:—

- (১) মন্থ্যমাত্রেই আত্মা, স্কুতরাং স্বরূপতঃ মন্থ্য ও প্রমাত্মার কোন প্রভেদ নাই। (ইছা দারা খুষ্টধর্ম্মের Doctrine of original sin অর্থাৎ জীবমাত্রেই স্বভাবতঃ পাপী এই মত নিরম্ভ হইরা মন্থ্যের দেওছ প্রতিপাদিত হইল)।
- (২) স্টি অনাদি ও অনস্ত এবং বিশ্বপ্রস্বিনী শক্তি তিত্রলাটে energy মোটের উপর স্থাস বৃদ্ধিহীন। স্মৃতরাং শ্রষ্টা ও স্টি ছইটী সমান্তরাল রেধার স্থায় পাশাপাশি চলিয়াছে। (ইহা- আরা কোন নির্দিষ্ট সময়ে স্টি আরক্ত হইয়াছিল এই মত থণ্ডিত হইল)।
- (৩) বংশপরশ্রাগত ভাব (Heredity) নিজ নিজ অতীত মানসিক সংস্থারের ফল। শরীরের সহিত উহার কোন সংস্রব নাই। বরং চেষ্টা করিলে অতলম্পর্শ মনঃসমুক্ত আলোড়ন হাছা পূর্ব পূর্ব জন্মের ঘটনাবলী স্থৃতিপথে পুনক্ষিত করা যাইডে গারে।

# श्रामी विदिकानमा

স্থুতরাং জাতিম্মরতা অসম্ভব নহে। (ইহাদারা পুনর্জন্মবাদের আভাস প্রাদৃত্ত হইল)।

(৪) ধর্ম কেবল মতবাদের উপর প্রতিষ্ঠিত নহে কিন্তু অনুভূতি সাপেক।

কিন্তু যুক্তি তর্ক সাহায্যে এই সকল নৃতন ধর্মতন্ত্ব অবিসংবাদিত সত্য বলিয়া মুক্তকণ্ঠে প্রচার করিলেও স্বামিজীর বক্তার কোন বিষদিগ্ধ সমালোচনা বা কোন ধর্মের প্রতি অষথা-তীব্র আক্রমণ ছিল না। সকল ধর্মের প্রতি উদার ভাবপোষণ, সকলের সহিত একঘোপে মানবান্ধার কল্যাণ সাধন, পরস্পরের মধ্যে যাহা কিছু সং, শুভ ও পবিত্র তাহার আদান, প্রদান দ্বারা সকলকেই সেই এক লক্ষ্যে উপনীত হইতে সহায়তাকরণ ইহাই তাঁহায় বক্তৃতার প্রধান বিশেষত্ব ছিল। তিনি তীক্ষমুখ শল্যের দ্বারা অপরকে আহত করিবার চেষ্টা করেন নাই বরং স্নেছ-মধুর্ম কণ্ঠে সকল বিবাদ বিসংবাদের নিপান্তি করিয়া সমগ্র মানব জাতিকে এক দৃঢ় ভাতৃত্ব বন্ধনে বাঁধিবার চেষ্টা করিয়াছিলেন। শেষ দিবসে অর্থাৎ ২৭শে তারিখে স্বামিজী যে বক্তৃতা দিয়াছিলেন ভাহাতে তিনি বলিয়াছিলেনঃ—

"খৃষ্টধর্মে দীক্ষিতব্যক্তিগুণকে হিন্দু বা বৌদ্ধর্ম অবলম্বন করিতে হইবে না বা হিন্দু ও বৌদ্ধর্মাবলম্বীকে খৃষ্টধর্ম গ্রহণ করিতে হইবে না। কিন্তু প্রত্যেককে নিক্তের বিশেষ্ছ ত্যাগ না করিয়া অপরের ভাব হৃদয়লম করিতে হইবে ও ক্রমশঃ উনত হইতে হইবে। উন্নতি বা বিকাশের নিয়মই এই।

প্রমহাসভা যদি জগংকে কিছু দেখাইয়া থাকে তবে তাহা

এই :—পবিত্রতা, উদারতা, চিডগুদ্ধি প্রভৃতি সদ্গুণসমূহ কোন ধর্মেরই নিজস্ব নহে এবং প্রত্যেক ধর্মেই উন্নতচন্ত্রি নরনারীর আবির্জাব হইয়াছে। এই প্রমাণ বর্ত্তমানে বদি কেই স্বপ্নেও ভাবেন যে সকল ধর্মা উচ্ছিন্ন হইবে শুধু তাঁহারটিই থাকিবে, তবে আমি সর্বান্তঃকরণে তাঁহাকে কর্মণার পাত্র বিবেচনা করি ও এই কথা বলি যে শীঘ্রই দেখিবেন আপনার বিরুদ্ধাচরণসন্ত্রেও সকল ধর্মের পতাকাশীর্ষে লিখিত হইবে 'সমন্ত্র নছে—সহায়তা!' 'বিনাশ নহে—বরণ'!! 'হন্দ্ব নহে—মিলন ও শান্তি'!!!"

•তিনি কাহারও প্রাণে আঘাত করিয়া একটি কথা বলেন নাই বরং সকলের জ্ঞানদষ্টি প্রসারিত করিবার চেষ্টা করিয়াছিলেন। - তারপর, তিনি কোন দার্শনিক জটিলতার অবতারণা করেন নাই। সহজ, সরল দৃষ্টান্ত দারা শিশুবোধ্য ভাষায় আপন বক্তব্যগুলি সকলের নিকট পরিক্ষট ও হুগম করিয়াছিলেন । আর একটি কথা। তিনি কোন মতবাদ প্রচারের চেষ্টা করেন নাই। অপরকে জোর করিয়া নিজমত গ্রহণ করান চিরদিনই তাঁহার প্রকৃতি বিক্ষ ছিল। এখানেও তিনি তাহার অক্তথা করেন নাই। সাধারণতঃ সকল ধর্মসম্প্রদায়ই লোকের অন্ধ বিশ্বাসের উপর আপনা-দিগের মত প্রতিষ্ঠা করিতে বারা হন ৷ তাঁহারা বলেন তাহা না হইলে ধর্মজীবনে অপ্রসর হওয়া যায় না'। কিছু স্বামিজী ঠিক তাহার বিপরীত করিলেন। তাঁহার বক্ততা আগাগোড়া আধ্যাত্মিক মনস্তত্বে (Spiritual Psychology) পূর্ণ ছিল। তিনি বুঝাইলেন যে ধর্মজীবন গঠন করিতে হইলে কোন একটা মতের স্থপক্ষে মত मिलाहे वा की 'अरु विश्वाम कवि,' क्रिहेकू विनालहे यरशहे क्य ना, "

# স্বামী বিবেকানৰ।

প্রকৃতপক্ষে ঐ মতাত্র্যায়ী জীবনষাপন করিয়া ঐ মত ষথার্থ কি না তাহা নিজ অনুভূতি বারা জানিতে হয়। প্রথমে বিখাস, পরে বোধ, অনুভূতি ও সাক্ষাৎ দর্শন। বে তত্ত্ব সাক্ষাৎকার করিয়াছে সেই প্রকৃত সাধু। এইরপে তিনি স্বীয় অলোকিক তত্ত্বশন সাহায্যে ধর্মরাজ্যের স্কৃষ্ম ও নিগৃত্ব বিষয়গুলি সকলের গোচর করিলেন।

এই বক্তৃতার ফল কতদ্ব পর্যান্ত বিশ্বৃত হইয়াছে তাহা নিরূপণ করিবার সময় আজিও উপস্থিত হয় নাই। তবে এটা ঠিক যে ইহার পর হইতে পাশ্চাত্যজাতিসমূহের মধ্যে ধর্ম জিনিষ্টী সম্পূর্ণ নৃতনাকার ধারণ করিয়াছে। তাহা না হইলে কি আজি আমরা লগুনের সেণ্টপলচার্চ্চ নামক স্থবিখ্যাত ধর্মমন্দিরের ছায়াওলে ও আমেরিকার প্রধান প্রধান জন্ধনালয়ে পুনর্জনাবাদ ও মহুয়ের দেবছ বিষয়ক কথা শুনিতে পাইতাম ? কথনই নহে। এ হিসাবে বলিতে পারা যায় তিনি নব্য ইউরোপী ধর্ম্মণাস্ত্রের জন্মদাতা এবং মুখ্যত: তাঁহারই প্রভাবে ধর্মমন্ধন্ধে পাশ্চাত্য জগতে যুগান্তর উপস্থিত হইয়াছে। সত্য বটে খুইধর্ম জগৎ হইতে এককালে বিলুপ্ত হয় নাই, কিন্তু তাঁহার উপদেশে খুইয় ধর্মনায়কগণ তাঁহাদের ধর্মকে নৃতন চক্ষে দেখিতে শিখিয়াছেন ও বছলপরিমাণে তাঁহার আদর্শ-সমূহকে ঐ ধর্মের অঙ্গীভূত করিয়া লইয়াছেন।

কিন্তু আমাদের নিকট ইহাই স্থামিজীর বক্তৃতার সর্বশ্রেষ্ঠ কল নহে। আমরা দেখি তিনি এই বক্তৃতা দারা আর্থাধর্ম আর্থাক্সতি ও আর্থাভূমিকে জগতের চক্ষে উরত, সম্মানার্ছ, ও পুজাম্পদ করিয়া ভূলিয়াছেন। যে ছিন্দু ভোগদৃপ্ত পাশ্চাতা জাতি- সমূহের নিকট নগণা ক্ষুদ্র, হের ও লাঞ্চনার পাত্র ছিল তাহাকে তিনি অবমাননার পক্ষরাশির মধ্য হইতে উদ্ধার করিয়া মহোচচ আসন প্রদান করিরাছেন। জগৎ বৃঝিরাছে হিন্দু পদদলিত হইলেও আবজ্ঞের নহে, দীন-দরিক্র হাত-সর্বাহ্ম হইলেও পারমার্থিক সম্পদে হীন নহে, বরং অতুলা রম্বরাশির অধীবর; অনস্ত গৌরবের অধিকারী, বিশ্বের গুরু পদে সমাসীন হইবার যোগ্য: তিনি হিন্দুধর্মের বিভিন্ন শাখা প্রশাধাকে সমগ্র হিন্দুধর্ম বলিয়া প্রচার করিলেন না, কিন্তু দেখাইলেন হে ধর্মের আরক্ষ বৈদিক ক্রিয়াকাণ্ডেও চুরম পরিণতি বেদান্তে ও ঘাহা বিভিন্ন আদর্শের মধ্য দিয়া বছদিকে বহুভাবে বিভ্তু হইরাছে তাহাই প্রকৃত এক অথও স্নীতন হিন্দু ধর্ম —শুধু হিন্দু ধর্ম নহে তাহাই বিশ্ববাশী মানব ধর্ম—কারণ তাহা সমূদ্র মানবের আকাজ্ঞা পূর্ণ করিতে, সক্ষরের প্রাণে আশার আলোক জালিতে, সকল হাদ্রের বাধা তৃষ্ণা নিবারণ, বন্ধন ছেদন ও দৈক্ত কাতরতা দুর করিতে সর্বতোভাবে সমর্শ্ব।

তাঁহার ইংরেজা চরিতাঝায়কগণ লিখিয়াছেন—

"চিকাগোর বিরাট ধর্মসভার স্বামিজী যে মহাসত্য প্রচার করিয়াছিলেন, যে অন্ত আশার বাণী তনাইয়াছিলেন, পৃষ্টের পর আর কোন প্রচার জাবরালি করিছিন পাশ্চাত্যের ধর্মোলতি ও ধর্মবিস্তারের সহায়করণে গণ্য হইবে এবং জগতের ভবিষ্যুৎ অধ্যামজ্ঞানের প্রধান অবলম্বনস্থল গৃহীত হইবে।"

.কথাগুলি বাত্তবিক প্রতিবর্ণে সতা। কারণ স্বামিকীর পুর্বে বলিচ কেশবচন্দ্র সেন ও প্রতাপচন্দ্র মন্ত্রমনারের ভার খ্যাতনামা

## স্বামী বিবেকানন্দ।

ৰক্ষাণ্ণ পাশ্চাত্যনেশে ধর্মপ্রচারার্থ গমন করিয়াছিলেন তথাপি ভাঁহাদের ৰজ্জভায় তাদৃশ ফল হয় নাই অর্থাৎ তাহাতে হিন্দুধর্মের গৌরব প্রচারের বিন্দুমাত্র সাহায্য হয় নাই। ইহার ছইটা কারণ আমুমিত হয়। প্রথমতঃ, তাঁহারা কেহই স্বামিজীর মত নিভাক ভাবে হিলুধশ্মের মহিমা ঘোষণা করেন নাই—জাহাদের বক্তার অধিকাংশ ভাগ খৃষ্টের গুণগানে পূর্ণ থাকিত আর হিন্দুধর্ম সহজে ছু'চার কথা যাহা বলিতেন তাহাও নিতান্ত সঙ্কৃচিত ভাবে অর্থাৎ মৃত্তি-পূজাকে বাদ দিয়া এবং ওদেশের ধর্মবিশাসের সহিত মিল রাখিয়া। এক কথায়, তাঁহারা হিন্দুধর্মকে ইউরোপী পোষাক পরাইয়া ও কাট ছাঁট করিয়া ওদেশের লোকের সমুখে উপস্থিত করিয়া ছিলেন। বিতীয়তঃ, তাঁহার। সংস্কৃত ভাষায় অনভিজ্ঞ ছিলেন, স্তরাং ওদেশের পণ্ডিতগণ তাঁহাদের হিন্দুধর্মজ্ঞানের গভীরতার উপর তাদৃশ আন্থা স্থাপন করিতে পারেন নাই। পণ্ডিতবর মোক্ষমূলর একবার কথাপ্রসঙ্গে প্রভাপবাবুর নিকট একটা স্থদীর্ঘ শাস্ত্রবাক্য আবৃত্তি করিয়া উহার মনোহারিত্বের প্রশংসা করিতে পাকেন। তৎপূর্বে তিনি আরও হ'একটা কৃষ্ণ কৃষ্ণ বচন উদ্ধৃত ক্রিয়াছিলেন তথন প্রতাপ বাবু 'হাঁ' 'না' ক্রিয়া সায় দিয়া যাইতেছিলেন। কিন্তু সহসা এক্লপ স্থদীর্থ বাক্য সম্বন্ধে মতামত প্রকাশ করিতে আহুত হইয়া তিনি মদে মনে প্রমাদ গণিলেন। অগতা৷ তাঁহাকে বাধ্য হইরা স্বীকার করিতে হইল যে তিনি সংস্কৃত ভাষা ভালরপ জানেন না ৷ ধর্মাজক শাস্ত্রের অর্থ জানেন না ওনিরা মোকসুলর অভিশয় আক্রা, হইলেন। আর একবার আমেরিকার এবার্সনের প্রান্ধবাসর স্বৃতি (Death Anniversary)

# শিকাগোর ধর্ম-মহাসভা।

উপলক্ষে একটি স্ভায় প্রতাপবাবুকে গীতার একধানি ইংবাজী यस्वारमञ्ज क्रमवित्मय रमथाहेबा छहात मुन स्माक्ती आवृत्ति कतिरछ অমুরোধ করা হইরাছিল। সেবারও প্রতাপ বাবু বিপদে পড়িয়া-ছিলেন। এই সকল কারণে ওদেশের লোক হিন্দুধর্ম সহজে देशात्त्र निकर विरमय किছू मिथिवात आहर देश धात्रमा कतिएक পারে নাই। প্রকৃত পক্ষে স্থামিজীই প্রথম ত্যাগবৈরাগ্যের কথা ওদেশে শোনান এবং অসকোচে মূর্তিপুঞ্জার সমর্থন করেন। তিনি পরচ্চনাত্রবর্ত্তন করিতে জানিতেন না বা নিন্দা প্রশংসা প্রায় করিতেন না, তাই অকপট ভাবে ও অকুন্তিত চিত্তে হিন্দুখর্মের মধ্যে যাহা খাঁটিনতা বলিয়া ব্রিতেন তাহাই প্রচার করিয়া ছিলেন। ব্ৰহ্মচারী গুরুদাস নামক তাঁহার একজন খেতাঞ্চ শিষ্য বলিতেন "ভাঁহার জীবন-ত্রত ছিল জগতের লোককে জ্ঞানদান করা (His mission was to enlighten mankind.)" আর একজন খেতাক ভদ্ৰলোক বলিতেন 'মামুষকে মামুষ গড়িয়া তোলা' ('It was man-making')—বাস্তবিক উভন্নের কথাই সভা।

১৯শে সেপ্টেম্বর 'হিন্দ্ধর্ম' নামক প্রবন্ধ (Paper on Hinduism) পাঠের পর ২০শে তারিকে স্বামিকী 'Religion not the crying need of India' (ভারতবর্ধ ধর্মের অভাব-পীড়িত নছে) বলিয়া একটি কুল বক্তা দেন। ইহাতে তিনি চুই এক কথায় বুঝাইরা নেন যে ভারতে ধর্মের অভাব আছে। নাই, প্রকৃত অভাব অর্থের। উপসংহারে বলিয়াছিলেন পাশ্চাত্য ভাতি সমূহের নিকট নির্ধন ভারতের অভা সাহায়্য প্রার্থনার উদ্দেশ্রেই ভাহার ভাবেশে পদার্পন। মহাসভার সভাগন বেশিক তিনি

# সামী বিবেকানন।

ভধু ধর্মরহন্তরেতা ও দার্শনিক নহেন, সঙ্গে সঙ্গে মহা সংদশ-প্রেমিক।

২২শে তারিথে মহাসভার বৈজ্ঞানিকশাধার সমক্ষে তিনি ছুইটা বক্তৃতা দিয়াছিলেন—পূর্বাছে নৈটিক ছিন্দুধর্ম ও বেলান্ত দর্শন (Orthodox Hinduism and the Vedanta Philosophy) ও অপরাছে ভারতের আধুনিক ধর্মসমূহ (Modern Religions of India)। ঐ সকল বিষয় পুনরালোচনার জন্ত ২৩শে তারিখেও আর একটি বৈঠক (conference) বসিয়াছিল। ২৫শে অপরাছে তিনি ছিন্দু ধর্মের সারতম্ব (The Essence of the Hindu Religion) সম্বন্ধে একটি বক্তৃতা দেন। এইগুলি ব্যতীত বৈক্লানিকশাধার অধিবেশনসমূহে আরও চারিটা বক্তৃতা দিয়াছিলেন।

২৬শে তারিখে তিনি মহাসভায় 'বৌদ্ধর্ম্ম হিন্দু ধর্মের ক্রম-পরিণতি' (Buddhism, the fulfilment of Hinduism) এই সম্বন্ধে একটি ক্ষুদ্র বক্তৃতা দেন।

পূর্বে বলিয়াছি মহাসভায় এক সহলেরও অধিক প্রবন্ধ পঠিত হইরাছিল। সতর দিন ধরিয়া ওধু প্রবন্ধপাঠই চলিয়াছিল। সাধারণতঃ প্রত্যেক প্রবন্ধের জন্ম আধ্যন্টা করিয়া সময় নির্দিষ্ট ছিল, কিন্তু আমিজীকে তদপেক্ষা অনেক অধিক সময় দেওয়া হইয়াছিল। প্রতিদিন বেলা দশটা হইতে রাত্রি দশটা পর্যান্ত ক্রমাগত প্রবন্ধের পর প্রবন্ধ পঠিত হইত। মধ্যে কেবল থাইবার জন্ম আধ্যন্তী। বিশ্রাম। সেই মুদীর্ঘ প্রবন্ধসমূহের অধিকাংশই নীরস ও অসার, স্থতরাং অনেক সময় শ্রোত্বর্গ ভানতে শুনিতে ক্রান্ত ও বিরক্ত

## শিকাগোর ধর্ম-মহাসভা।

ক্টরা উঠিত। কিন্তু সেই সমধে সভাপতি মহাশর সকলকে জানাইরা দিতেন, 'সবশেষে স্বামী বিৰেকানন্দ ৫।১০ মিনিট বক্তা করিবেন। অমনি সেই বিরাট জনসভ্য অসীম সহিষ্ণুতা অবলখন-পূর্বাক শেব পর্যান্ত অপেকা করিত—স্বামিন্ধী তাহাদের এতই প্রির ক্টরা উঠিয়াছিলেন।

এ গৰক্ষে Boston Evening Transcript নামক সংবাদ পত্ৰ লিথিয়াছিলেন :—

শ্বর্ষসভার অধ্যক্ষের। লোককে আরুই করিবার অন্থ শেষ
পর্যান্ত বিবেকাননকে রাখিরা দিতেন। যদি কোন গরমের দিন
কোন নীরসবকা বেশীক্ষণ ধরিয়া বকিলে শত শত লোক চলিক্সা
্বাইতে আরম্ভ করিত, সভাপতি আমান উঠিয়া বলিতেন অভিবাক্য উচ্চারণের অব্যবহিত পূর্বে স্বামী বিবেকানন একটি ক্
ত্র বক্তা দিবেন। আর কথা নাই, অমনি সেই শত শত ব্যক্তি
দীড়াইরা পড়িতেন। এইরপে কলম্ম হলের চারি সহস্র শ্রোতা
শেবকালে বিবেকানকের পনর মিনিট বক্তুতা শুনিবার জন্ত সহাস্থ
বদনে হই ঘণ্টা হাঁ করিয়া বসিয়া থাকিত ও অবিরাম পাখা নাড়িত।
সভাপতি বত শেষ তত বেশ' এই প্রাচীন নীতিটি বেশ ব্রিতেন।"

এইরপে স্বামিনী চিকাগো মহাসভার একজন অপরিচিত সন্ন্যাসী হইতে সহসা বিশ্বব্রেণা মহাস্তার একজন অপরিচিত সন্ন্যাসী হইতে সহসা বিশ্বব্রেণা মহাপুরুষরপে বিশ্বাত হইতেন। তাঁহার নাম লোকের মুখে মুখে বিরাজ করিতে লাগিল। তাঁহার পূর্ণায়তন প্রতিক্রতি সমূহ চিকাগো সহরের নানা স্থানে প্রকর্শিত হইতে লাগিল—উহাদের নিমে লেখা ছিল "সন্ন্যাসী বিবেকানন্ন"। শত শত পথিক প্রমণকালে ঐ সকল চিত্রের নিকট গিরা জন্ধ হইয়া দাঁড়াইত ও মন্তক অবনত করিয়া করবোড়ে চিত্রলিধিত মুর্তির উল্লেক্ত প্রদান করিতে। সংবাদপ্রসমূহ শতমুখে তাঁহার প্রশংসা ও বশোগান করিছে লাগিল। রাজধানীর স্বাম্পেনা গৌড়া কাগজ ওয়ালাও তাঁহাকে একজন দিব্যস্তিসম্পন্ন ভবিষ্যক্তা (Prophet & seer) বলিয়া উল্লেখ করিতে লাগিল। ওদেশে প্রতিষ্ঠাপর সংবাদপ্র সমূহের মধ্যে নিউইয়ক হেরাক্তের ভূল্য গোঁড়া কাগজ আর নাই। তাহাতেও লিধিল—

"He is undoubtedly the greatest figure in the Parliament of Religions. After hearing him we feel how foolish it is to send missionaries to this learned nation."

(ধর্ম মহাসভার ইনিই নিঃসন্দৈহ সর্বপ্রধান ব্যক্তি। ইহার বক্তা প্রবদ করিরা স্থলিক্ষিত ভারতবাসীর নিকট পৃষ্টধর্ম প্রচারক প্রেরণ কর্মদুর নিব্ছিতা তাহা বেশ ব্রিতেছি )।

এক বিবেকাননকে বেধিয়া তথন তাহারা সমস্ত ভারতবাসীঝে

learned nation (পণ্ডিতের জাতি) বলিতে আরম্ভ করিয়াছে! আর কি গভীর নৈরাশ্রব্যঞ্জকহরে!—'পাত্রী ফার্ট্রী পাঠান আর চল্বেনা!'

The Boston Evening Transcript (দি বোষ্টন ইভিনিং ট্রান্সক্রিপট্ট) লিখিলেন :—

"He is a great favourite at the Parliament from the grandeur of his sentiments and his appearance as well. If he merely crosses the platform he is applauded and this marked approval of thousands he accepts in a child-like spirit of gratification without a trace of conceit."

ভাবার্থ—অপূর্বভাব ও আরুতির জগু ইনি ধর্মদভার একজন বিশেষ প্রিয়ণাত্র। যদি গুধু মঞ্চের উপর দিরা চলির। যান তাহা হুইলেই করতালিধ্বনি হুইতে থাকে। অথচ সহস্র সহস্র ব্যক্তির নিকট হুইতে এই বিশেষ সমাদর ইনি ঠিক বালকের ভার সর্গ-ভাবে গ্রহণ করেন, ভাহাতে আবাভিমানের লেশমাত্র থাকে না। '

বাস্তবিক তাঁহার বালস্থণত অকপটতার সকলেই সৃদ্ধ হইরা ছিলেন। এত বড় পণ্ডিত, এত নাম বশ, অপ্ত কিছুমাত্র অভি-মানের চিছু নাই। এরপ দৃশ্র বড় বিরপ। তাই স্থামিজী একবার বোষ্টনে বেড়াইতে গেলে উক্ত পত্ত আবার লিখিয়াছিলেন:—

"Vivekananda is really a great man, noble, simple, sincere, and learned beyond comparison with most of our scholars."

## यांगी विद्वकानम्।

অর্থাৎ, "বিবেকানন্দ প্রেক্কতই একজন মহৎ ব্যক্তি—সরল, অকপট এবং অগাধ পণ্ডিত—এত পাণ্ডিতা বে আমাদের দেশের খুব কম পণ্ডিতই তাঁহার সহিত তুলনার দ্বাড়াইবার যোগা।"

The Press of America (দি প্রেদ অব্ আমেরিকা) লিখিলেন:—

Professor Vivekananda who is of pleasing appearance and young, and being well-fitted with the ancient lore of India, made an address which captured the Congress, so to speak. There were bishops and ministers of nearly every Christian Church present and they were all taken by storm. The eloquence of the man with intellect beaming from his face, his splendid English in describing the beauties of his time-honoured faith, all conspired to make a deep impression on the audience."

অর্থাৎ "ভারতের অতীত বিশ্বায় বৃৎশন্ধ প্রিয়দর্শন ও তরুণ বয়স্থ আচার্য্য বিবেকানন্দ মহাসভার যে বক্তৃতা প্রদান করিয়াছেন ভাহাতে সমগ্র সভামগুলী শুন্তিত ও মৃগ্ধ হইয়াছেন। তথার বহু বিশপ ও প্রায় প্রত্যেক খ্রীষ্টিয় সম্প্রদারের ধর্মোপদেষ্টারণ উপস্থিত ছিলেন, তাঁহারা সকলেই তৎপ্রভাবে বিশ্বরে অভিভূত হইয়াছেন। এই মহাপুরুষের বাগ্মিতা, তাঁহার মুখনিংস্ত অপূর্ব বৃদ্ধিল্যাতিঃ, এবং তাঁহার চিরসম্মানিত ধর্মের সৌন্দর্যা বর্ণনকরে তিনি বে স্থন্মর ইংরাজী বলেন—সমস্ত একজিত হইয়া শ্রোভ্রন্দের মনে এক গভীর ভাব সঞ্চার করিয়াছে।"

The Interior Chicago (দি ইণ্টারিয়র চিকাপে)

"And yet this was the man who of all speakers on the platform of the Parliament of Religions awoke the most uproarious applause and was called back again and again."

"ইনিই সেই ব্যক্তি বাঁহার প্রশংসা-ধ্বনিতে মহাসভার সর্বাপেক। অধিক কোলাহল উত্থিত হইয়াছিল এবং শ্রোভৃত্যুন্দের আগ্রহাতিশরে বাঁহাকে পুনঃ পুনঃ পুনঃ সভামধ্যে ফিরিয়া আসিতে হইয়াছিল।"

The New York Critique (দি নিউ ইয়ৰ্ক্ ক্ৰিটিক্)
লিখিলেন :—

"He is an orator by Divine Right and his strong intelligent face in its picturesque setting of yellow and orange was hardly less interesting than those earnest words and the rich rhythmical utterance he gave them."

ভাবার্থ:—বজ্জাশক্তি তাঁহার ঈর্বরণত ক্ষমতা। তাঁহার গৈরিক বদনাবৃত প্রতিভাদীপ্ত মুথমণ্ডল বেমন চিত্রবৎ মনোরম, তাঁহার কণ্ঠস্বরও তেমনি বাঁণাধ্বনিবৎ স্মধুর। কথাগুলি ভানিলেই বুঝা বার অস্তম্পল ভেন করিয়া উঠিতেছে।

অভাভ বছ পত্তিকার ভার এই পত্তিকাও স্বামিনীর সম্পূর্ণ বস্তুতাট উদ্ধুত করিরাছিলেন।

Reviews of Reviews (বিভিট্ন অব্ রিভিটন) তাঁহার বন্ধুভাকে বলিরাছিল 'noble and sublime" (অভি মহৎ ও উচ্চ

# यामी विदिकानमः।

ভারপূর্ণ )। এরপ আরও শত রহস্র সামরিক পত্র তাঁহার সমকে।
বিস্তর প্রশংসাস্টক কথা লিথিরাছিল। তৎসমূদর এছলে উদ্ধৃত
করিরা গ্রন্থের কলেবর বৃদ্ধি করা নিস্প্রোক্তন। তবে বে সকল
আমেরিকাবাসী মনস্বী পুরুষ তাঁহার সম্বন্ধে নিজ্প নিজ্প মতামত
ব্যক্ত করিরাছেন তর্মধ্যে হুই জনের অভিমত এছলে লিপিবদ্ধ
করিলেই যথেষ্ট হুইবে।

Hon'ble Mr. Merwin—Marie Snell (মাননীর মিঃ মারউইন মেরি নেল) লিখিয়াছিলেন:—

ভাবার্থ:—আর কোন ধর্মই ধর্ম মহাসভার হিন্দুধর্মের ফ্রার প্রতিপত্তি বিস্তার করিতে পারে নাই এবং এই ধর্মের সর্কাশ্রেষ্ঠ প্রতিনিধি স্বামী বিবেকানন্দ। মহাসভার ইহার প্রভাব ও আদর যে সর্কাপেক্ষা অধিক হইরাছে সে বিষর আর বিন্দুমাত্র সন্দেহ নাই। ইনি প্রারই বক্তৃতা দিতেন—খাস মহাসভার ত বটেই এবং উহার বৈজ্ঞানিক শাখার অধিবেশন সমূহেও (বাহাতে স্ক্রাপতি হইবার সন্মান আমার ভাগ্যে ঘটিয়াছিল); এবং প্রত্যেকবারই খুষ্টান, অখুষ্টান সকল বক্তা অপেক্ষা লোকে তাঁহাকেই বিশেষ সন্মুন সহকারে অভ্যর্থনা করিয়াছিল। তিনি বেদিকে বাইতেন সেই দিকেই লোকের ভিড় হইত এবং তাঁহার মুখের প্রত্যেক কথাটি শুনিবার জন্তু লোকে উন্ত্রীব হইরা থাকিত। খুষ্টানদের মধ্যে বাঁরা সবচেরে গোঁড়া তাঁরাও বলেন বান্থবিক ইনি নর-ক্লের অলঙ্কার শ্বরূপ।

মহাসভার জেন্রেল কমিটর সভাপতি রেভারেও বাারোজ (Rev. J. H. Barrows) মহোদয়ও বলিয়াছেন :—

"Swami Vivekananda exercised a wonderful influence on his audience" (স্বামী বিবেকানন্দ তাঁহার শ্রোত্বর্গের উপর আন্চর্যা প্রভাব বিস্তার করিয়াছিলেন)।

উপরোক্ত অভিমত সমূহ হইতে সহজেই বুঝিতে পার। যার আমে-রিকার অধিবাসীগণের মনের উপর আমিজী কিব্নপ আধিপত্য স্থাপন করিতে সমর্থ হইয়াছিলেন এবং তাহারাও তাঁহাকে কিব্নপ শ্রদ্ধা গু সম্মানের চক্ষে দেখিতে আরম্ভ করিয়াছিলেন। বাভবিক এখন হইতে তাঁহার আর কোন অভাব বা কষ্ট রহিল না। আমেরিকার

# স্বামী বিবেকানন্দ।

শিক্ষিত ও সম্ভ্রাস্থ পরিবারের মধ্যে অনেকেই তাঁহাকে নিজ নিজ গৃহে লইয়া যাইবার জন্ত পরস্পরের মধ্যে প্রতিযোগিতা করিতে লাগিলেন, এবং অভুল সম্পদশালী ধনকুবেরদিগের গৃহন্বার তাঁহার জন্ত উন্তুক্ত হইল। সকলেই তাহার সন্ধ বাস্থনীয় মনে করিয়া একান্ত চিত্তে উহা প্রার্থনা করিতে লাগিল ও তাঁহার দর্শনলাভে বা মুখের একটা কথা প্রবণ করিয়া জীবন ধন্ত জ্ঞান করিতে লাগিল। স্থামিজী স্বয়ং এ সম্বন্ধে হরা নভেম্বর চিকাগো হইতে লিখিয়াছিলেন: —

"আমেরিকানদের দগার কথা কি বলিব। আমার এক্সণে কোন অভাব নাই। আমি পুব স্থাপ আছি আর ইউরোপে বাইতে আমার যে থরচ লাগিবে তাহা আমি এথান হইতেই পাইব। অতএব তোমাদের আর আমাকে কট করিয়া টাকা পাঠাইবার আবশুক নাই। তামার পোষাক প্রভৃতির জন্ম যে শুক্তর বার হইয়াছে তাহা সব দিয়া আমার হাতে এখন ২০০ পাউও আছে। আর আমার বাটাভাড়া বা থাই থরচের জন্ম এক পরসাও লাগে না। কারণ ইচ্ছা করিলেই এই সহরের অনেক স্থলর স্থলর বাটাতে আমি থাকিতে পারি। আর—আমি বরাবরই কাহারও না কাহারও অতিথি হইয়া রহিয়াছি। এই জাতির এত অন্ধ্রন্থিবা। তুমি আর কোথাও এক্সণ দেখিবেনা।" (ইংরাজীর অন্ধ্রাক্স—প্রাবলী ১ম থও ৩৯ পঃ)

পঠিক ! এই সেই বিবেকানন বিনি কিছুদিন পূর্বে পরিব্রাজক ভিথারীর বেশে ভারতের পথে পথে স্বিয়াছিলেন, বিনি ধেরিনও প্রথম আমেরিকাতে আসিরা অর্থাভাবে নাকণ অনিশ্চিত অবস্থায় প্রভিত হইরা ভারতে সাহাযা প্রার্থনার জন্ত ভার করিতে বাধা

रहेरन क्लान नेवाभितायन लाक विनयाहिन Let the devil die of cold ( পাষ্ড মক্লক শীতে। ) হায়। সেদিন কে জানিত বে আৰু যিনি অৰ্থাভাবে এত কাতর ও চিন্তিত হইয়াছেন শীঘ্ৰই এমন দিন আসিতেছে বেদিন তিনি আর অর্থের জন্ম আকুল रहेर्द्रम मा, विष्यंत वर्ष मण्याम ठाँहात श्रम्करण मुहाहेबात सम् लालांशिक इरेशा कांशांत्र अन्धाकांतिक इरेटर । शार्ठक शामित्वन ना. সতাই এইরূপ হইয়াছিল। অধিক আর কি বলিব, স্বামিনীর অদাধারণ গুণগ্রাম দর্শনে মোহিত হইরা আমেরিকার বন্ত সম্ভান্ত বংশীয় কুলনারী তাঁহার অনুরাগিণী এবং কেহ কেহ এমন কি তাঁহার পাণিপ্রার্থিনী পর্যান্ত হইয়াছিলেন। তিনি ইচ্ছা করিলেই অনম্ভ ভোগমুখ করায়ত্ত করিতে পারিতেন। কিন্তু সে প্রবৃত্তি তাঁহার ছিল না। বাঁহার নম্বনছিতে মদন ভস্ম হইয়াছিল সেই শঙ্করতুলা তেজস্বী পুরুষ কামনার দাস ছিলেন না। একথা বোধ হয় এখন কাহারও অবিদিত নাই যে এক অতল ঐথর্যোর অধিকারিণী এই সময়ে বিনীত ভাবে তাঁহার পদে আপনার. রূপযৌবন ও বিস্তার্ণ ঐশ্বর্যা সমর্পণ করিবার অনুমতি ভিক্ষা করিয়াছিলেন, কিন্তু স্থামিজী উত্তরে তাঁহাকে তথু একটি কথা विनित्राहितन, 'छत्ति, आमि त नन्नानी, निश्द्रनाहु, नमछ तमीह যে আমার মা'। এ কি সাধারণ চরিত্র-বল।

কিন্তু এত আদর, সন্মান, যশোগীতি ও প্রশংসাকীর্ত্তন স্থামিজীর নিক্ষণক চিত্তে বিন্দুমাত্র অহকারের ছায়াপাত করিতে পারে নাই। বরং মনে হয় তিনি ইহাতে যেন যন্ত্রণা বোধ করিয়াছিলেন। কারণ বেদিন প্রথম তিনি সংবাদ পত্রের স্তম্ভে আপনার অজ্ঞ

# यामी विदिकाननः।

প্রশংসা ও খ্যাতির বিবরণ পাঠ করিলেন, সেদিন তিনি "আজ হইতে আমি নির্জ্জনচারী সন্ন্যাসীর স্বাধীনতা হারাইলাম" ভাবিরা বালকের ভায় রোদন করিয়াছিলেন।

ু আর—স্বদেশ ? এ ঐশ্বর্যোর পূম্পিত নননে আসিয়া তিনি এক দিনের জন্তও তাঁহার দরিক্র খনেশের কথা বিশ্বত হন নাই। তাঁহার নিজের এখন আর কোন অভাব ছিল না সত্য-ইচ্ছা করিলে তিনি এখন অনায়াসে ক্রোডপতির প্রাসাদে স্বচ্ছন্দে মহাআরামে অসংখাপ্রকার বিলাস বৈভবের মধ্যে বিহার করিতে পারিতেন, কিন্তু দে হানয় ভোগে মাতিবার নয়। পাঠক একটি ঘটনার কথা শুমুন। যেদিন তাঁহার নাম বিশ্ববিখ্যাত ছইয়া পডিল ঠিক সেই দিন শিকাগো সহরের একজন অতিশয় সম্ভান্ত ও প্রসিদ্ধ ধনী তাঁহাকে মহাসমাদরে নিজালয়ে অভার্থনা করিয়া লইয়া গেলেন এবং অনুগত ভক্তজনের স্থায় বিশেষ যতু সহকারে তাঁহার সেবা ও সৎকার করিলেন। রাত্তিতে তাঁহার শগনের জন্ম • একটি বিচিত্র বিবাদ্যোপকরণসজ্জিত স্থরমা প্রকোষ্ঠ নিন্দিষ্ট হইয়া-ছিল। কিন্তু সে রাত্রে স্বামিজীর নিজা হইল না। সেই ইক্সপুরী मनुभ चोहानिका, द्रजादनीकृषिक मीभानक्क शृह्दाद, इद्धरकर्नान्छभगा, ক্রনাতীত অসংখ্য ভোগোপকরণ তাঁহার চিত্তকে ব্যথিত করিয়া তুলিল। তাঁহার চক্ষের সলিলে উপাধান ভিজিয়া গেল, শ্যা কণ্টকমর বোধ হইতে লাগিল। তিনি বন্ত্রণায় অধীর হইয়া শ্যা ত্যাগ করিয়া উঠিলেন্ড বাতায়নতলে দ্খায়মান হইয়া বাহিরের খোর অন্ধকারের দিকে দৃষ্টিনিবন্ধ করিয়া গভীর চিস্তায় নিমগ্র হইলেন। সে চিন্তা ভারতের। ভারতের লোক ছ-বেলা ছ-মুঠা

ধাইতে পান্ধ না, আর এদেশের লোকের এত ঐশ্বর্যা যে ভুক্ত ভোগবিলাসের জন্ত কোটী কোটী মুদ্রা জ্বলের মত থরচ করে— এ চিন্তা ত্বানলের ক্যায় তাঁহার অন্তর দগ্ধ করিতে লাগিল। চিন্তা করিতে করিতে যন্ত্রনার আবেসে তাঁহার শ্বাস রোধ হইবার উপক্রম হইল। তিনি গৃহতলে পড়িয়া ছটফট করিতে লাগিলেন এবং তাঁহার মন্মন্থল ভেদ করিয়া ক্রমাগত এই চিন্তা উঠিতে লাগিল হা আমার ছংখিনী মাতৃভূমি! তোমার অত হুর্দ্দলা, আর আমার অদৃষ্টে এই স্থভোগ। আমি এ স্থা সোভাগ্য ও নাময়লঃ লইয়া কি করিব ?'

কিন্ত এই মহদাশর ব্যক্তিরও শক্রর অভাব ছিল না। চিকাগো

মহাসভার তাঁহার প্রতিপত্তি দর্শনে ও পরে তাঁহার জগদাপী

মশংকীর্ত্তন শ্র্বণে কতিপর নীচ, স্বার্থাম্বেনী কুটিল ব্যক্তি ঈর্য্যার

দক্ষ হইতে লাগিল। বলিতে লজ্জা করে, ইহার মধ্যে একজন

তাঁহার স্বদেশীর ও ভারতের সংস্কারকসম্প্রদায়ের নেতৃকল্প ব্যক্তি

ছিলেন। তিনি যথন দেখিলেন এই নবীন সন্ন্যাসী কোথা হইতে

অতর্কিতে আসিয়া তাঁহার স্প্রতিষ্ঠিত ঘশোরাশিকে মলিন ও

নিপ্রত করিবার উপক্রম করিয়াছেন তথন তিনি কৌশলক্রমে

তাঁহার প্রতিশ্বন্ধীর গৌরবহানি করিতে কৃতসংকল্প হইলেন। ধর্ম্মনহাসভার কর্তুপক্ষগণ তাঁহার নিকট স্বামিজীর পূর্ববৃত্তান্ত জিজ্ঞাসা

করিলে তিনি বিলয়াছিলেন "ভারতবর্ষে ওকে কেউ চেনেও না।

ও একটা ভবলুরে (Vagabond) গোছের লোক, আর জুয়াচোর,

এথানে আসিয়া মন্ত সন্ধানী সাজিয়া বেড়াইতেছে" ইত্যাদি।

সৌজাগ্যের বিষর, ধর্মমছাসভার পরিচালকগণ তাঁহার কথার বিশাস

## স্বামী বিবেকানন্দ।

স্থাপন করেন নাই। তীহারা স্বয়ং স্বামিজীর আকার প্রকার, কথাবার্তা ও চালচলন দেখিয়া তাঁহাকে কিছুতেই প্রবঞ্চক বা দীন-চরিত্রের লোক বলিরা বিবেচনা করিতে পারিলেন না। স্থতরাং উক্ত মহান্মার উদ্দেশ্য সিদ্ধ হইল না। শুধু ইহারা নহেন, খিওস্ফিই সম্প্রদারের নেতারাও স্বামিজীর প্রতি শুধু যে সহামুভ্তির অভাব দেখাইয়াছিলেন তাহা নহে, তাঁহাকে অপদন্ত করিবার জন্ম যথাসাধ্য চেষ্টা করিয়াছিলেন।

কিন্তু সর্বাপেক্ষা গাত্রদাহ হইয়াছিল গোঁড়া সম্প্রদায়ের খুষ্টান পাদরীদিগের। তাঁহারা তাঁহার নিভীক সমালোচনা ও স্পষ্টবাদিতায়÷ তাঁহার উপর জাতক্রোধ হইয়া উঠিল এবং কি করিয়া তাঁহার

\* যামিজী দেখিলেন ভারত-প্রত্যাগত মিশনরীগণের অনেকেই দেশে ফিরিয়া গিয়া ভারতবর্ষকে অকাকারাছের বর্করের দেশ বলিয়া প্রকাশ করিয়া থাকেন ও নানাবিধ কাজনিক গজের ছারা নিজ নিজ উক্তির সনর্থন করিবার চেষ্টা করেন,—ইহা তাঁহার নিকট অসহ বোধ হইল। শুভরাং তিনি স্বোগ পাইলেই আমেরিকাবাসীর মন হইতে ঐ ধারণাটি অপস্ত করিবার চেষ্টা করিতেন ও তজ্জ্ঞ কথন কথন তীক্ষ প্রেবাক্য প্ররোগ করিতেও ক্ষান্ত ছইতেন না। একবার মিনিয়াপোলিস নামক হানে বক্তৃতা কালে একজন তাঁহাকে জিজ্ঞানা করেন হিন্দুরম্ণীরা সন্তানদিগকে নদীগর্ভে কুন্তারের মুখে নিক্ষেপ করেন কিনা, সামিজী তাহাতে উত্তর দিয়াছিলেন 'Yes madam, they threw me in, but like your fabled Jonah I got out again,' (মহাশয়া, তাই বটে, আমাকেও তাহারা ঐরপে ফেলিয়া দিয়ছিল, তারপর আপনাদের পুরাণোক্ত জোনার ভায় আমি বাঁচিয়া উঠিয়াছি)। আর একবার তিনি বলিয়াছিলেন "আমি লাই কথা বলি বটে, তবে সে তোমাদেরই ভালর জন্তা। আমি এগানে তোমাদেরই মনতা আমি নাই, সত্য

কলম্ব রটনা করিতে পারিবে তাহার জন্ম নানা উপায় উদ্রাবন করিতে লাগিল। কিন্তু সহজে তাঁহার ছিদ্র না পাইয়া তাহারা অবৈধ ভাবে তাঁহাকে গালি দিতে ও তাঁহার সম্বন্ধে মিথ্যা কুৎসা রটনা করিতে লাগিল। কিছু তিনি তাহাদের কথায় ক্রক্ষেপও করিলেন না। তাহারা কোনরূপে স্থবিধা করিতে না পারিয়া এক গহিত উপায় অবলম্বন করিল। কতকগুলি ফুন্দরী ববতীকে তাঁহার ধর্ম্মনষ্ট করিবার অভিপ্রায়ে তাঁহার নিকট প্রেরণ করিল এবং ক্রডকার্য্য হইতে কথা বলিতে আসিয়াছি। মনযোগান ব। থোসামূদে কথা বল। আমার ব্যবসা নহে, তা' যদি হইত তবে আমি এতদিনে নিউইয়ৰ্ক সহরের Fifth Avenue ( একটি রাস্তার নাম ) নামক স্থানে একটা নবরক্ষের পীর্জ্জা : পুলিয়া বসিতাম। তোমরা আমার সন্তানবং । আমি তোমাদের ভুললান্তি দেখাইয়া ভগবানের দিকে তোমাদিগকে লইয়া ঘাইতে চাই. সুতরাং সব সময় তোমাদের প্রচলিত প্রীষ্টধর্ম ও সভাতার গুণগান করিতে পারিব না।" ডেট্রেটে স্বামিজী একদিন স্পাইই বলিয়াছিলেন ' Where is your Christianity? Where is there a place for Jesus the Christ in this selfish struggle, in this constant tendency to destroy? True if He were here to-day, He would not find a stone where to lay His head." ( তোমাদের মধ্যে খ্রীষ্টধর্ম কৈ ? এই মারামারি কাটাকাটি ও প্রবল স্বার্থসংঘর্ষের মধো ষীশুর স্থান কোথায় ? ) খ্রীষ্টের আদর্শের এমন স্থন্দর ধারণা তিনি কেমন করিয়া করিলেন ভাবিয়া একজন স্থবিধ্যাত ধর্মবাজক বিশায় প্রকাশ করিলে স্থামিজী বলিরাছিলেন-" Why, Jesus was an Oriental! It is therefore natural that we orientals should understand him truly and readily." (কেন. আই বে প্রাচ্য দেশের লোক ছিলেন! আমরাও সেই দেশের লোক। স্বতরাং তাঁর ভাব যে ঠিক ঠিক ধর্ভে পারব এতে আব ন্ত্যাশ্চর্যোর বিষয় কি ? )

# यांत्री विरवकानमः।

পারিলে তাহাদিগকে বিশেষ প্রস্থার দিবে এইরপ অঙ্গীকার করিল। স্ত্রীলোকগুলি প্রথমে তাঁহার নিকট গিয়া নানাবিধ প্রলোভন-জাল বিস্তারের চেষ্টা করিল, কিন্তু তাহাতে সিদ্ধমনোরথ না হইরা ও তাঁহার অঞ্চলিম সাধুতা, শিশুহলভ সরলতা ও পবিত্রতা সন্দর্শনে মুগ্ধ হইরা তাঁহার নিকট সকল বুড়ান্ত প্রকাশ করিয়া ফেলিল। বাস্তবিক তাহারা জীবনে কখনও এ প্রকার মোহপাশ, প্রলোভন ও পরীক্ষার মধ্যে কোন প্রকাশক এ ভাবে অটল, সংবত ও দৃঢ়ত্রত থাকিতে দেখে নাই, প্রক্রত ধান্দ্রিক যে কতদ্র ইন্দ্রির দমন করিতে সমর্থ তাহাও তাহারা অবগত ছিল না। স্ত্রতরাং স্থামিজীর চরিত্র-মহিমার বিমুগ্ধ হইয়া তাহারা অবিলম্বে আত্মমানিতে পূর্ণ হইল। ধর্মসম্প্রদারভুক্ত কোন ব্যক্তি যে ঈর্ব্যাচালিত হইয়া প্রত্যুদ্ধ হয় না। কিন্তু পাঠক মনে রাখিবেন ইহা সহসা বিশ্বাস করিতেই প্রবৃত্তি হয় না। কিন্তু পাঠক মনে রাখিবেন ঈর্ব্যায় লোক অন্ধ হয়।

১৮৯৪ সালের জান্মরারী মাসে ভারতবর্ষের মিশনরীরাও অনেকে স্থামিজীকে তাঁহার স্বন্ধেশবাসীর নিকট হীন প্রতিপন্ন করিবার মানসে তাঁহার সম্বন্ধে নানাবিধ করিত কুৎসা রটনায় প্রবৃত্ত হয় প্র আমেরিকার কেহ তাঁহাকে গ্রাহ্ম করিতেছেনা ইত্যাদি বলিরা তাঁহার উপর অযথা আক্রমণ করিতে থাকে। ভারতবর্ষ হইতে স্থামিজী যে সব চিঠিপত্র পাইতে্ন তাহার মধ্যে একথানি পত্রে সংবাদ দেওয়া ছিল ও আমেরিকার কোন্ একথানা সংবাদপত্র ভাহার ঘে নিন্দাবাদ প্রচার করিষাছিল তাহার উল্লেখ ছিল। স্থামিজী তছত্তরে লিখিয়াছিলেন :—

"তোমাদের পত্র পাইয়াছি। আমি আশ্বা হইলাম বে আমার

সম্বন্ধে অনেক কথা ভারতে পৌছিয়াছে। 'ইন্টিরিয়ার' পাত্রকার সমালোচনা সমূদর আমেরিকাবাসীর ভাব বলিয়া বৃঝিও না। এই পজिकारक এथानে क्रिक फान ना विनाम इंग्र, जात हेशांक এখানকার লোকে 'নীলনাসিক প্রেস্বিটিরিয়ন'দের কাগজ বলিয়া ঠাট্টা করে। এরা খব গোঁডা সম্প্রদায়। অথচ নীলনাসিকগণ সকলেই যে অভন্র তা নয়। সাধারণে যাহাকে আকাশে তুলিয়া দিতেছে. তাহাকে আক্রমণ করিয়া একটু নামজাহির করিবার উদ্দেশ্রেই এই পত্রিকা ঐরপ লিখিয়াছিল। আমেরিকার জনসাধারণ (বিশেষতঃ পুরোহিতগণ) আমাকে খুব বন্ধ করিতেছেন। এইরূপ কোন বড লোককে গালাগালি দিয়া অনেক পত্ৰিকা যে খ্যাতনামা হইতে চায় এই কৌশল এথানকার কাহারও অবিদিত নাই স্নতরাং ইহারা ওসর বড় গ্রাহ্র মধ্যে আনে না। অবশ্র ইহাতে ভারতীয় মিশনরীদের যে খুব স্থবিধা হইবে তাহাতে সন্দেহ নাই, কিন্তু जाशामिशतक विण्य- "एर याल्मी, ठारिया एमथ, अमारतत निक्छे তোমাদের বিচারের দিন সমাগত।" বাস্তবিক তাহাদের প্রাচীন গুহের ভিত্তিসমূহ এক্ষণে যায় যায় হইয়াছে; উহারা পাগলের মত যতই চীৎকার কর্মক না কেন. উহা আর কিছুতেই টি কিতেছে না। অবশ্র মিশনরীদের জন্ত আমার ছঃথ হয়। প্রাচ্যদেশের লোকেরা मल मल এখানে আসাতে তাহাদের ভারতে গিয়া বড়মারুষী করিবার উপায় অনেক কমিয়া আদিয়াছে। কিন্তু ইহাদিগের প্রধান প্রধান ধর্মোপদেশকের মধ্যে একজনও আমার বিরোধী নত্ন। যাহা হউক বথন পুন্ধরিণীতে নামিয়াছি তথন শেষ পর্যান্ত खाल कतिशाहे (मिथ्व।"

#### श्रामौ विद्यकानमः।

বাস্তবিক সাধারণ শ্রেণীর হীনচেতা খ্রীষ্টধর্ম প্রচারকেরা স্বামিজীর বিরুদ্ধে নানা কথা রটনা করিতেছিল বলিয়া কেছ যেন মনে করিবেন না যে সমস্ত খ্রীষ্টার যাজক সম্প্রদার তাঁহার বিরুদ্ধে দণ্ডায়মান হইয়াছিলেন, বরং খুষ্টীয় সমাজের মধ্যে যে সকল চিম্তাশীল, মহামনা উচ্চাম্তঃকরণ ব্যক্তি ছিলেন তাঁহারা প্রায় সকলেই এবং পুরোহিতশ্রেণীর মধ্যেও অধিকাংশ প্রধান বা সত্য-নিষ্ঠ ব্যক্তি স্বামিজী এবং তাঁহার মতের অমুরাগী হইয়া উঠিয়া ছিলেন। তাঁহার। অনেক সময়ে পূর্ব্বোক্ত ইতর লোকদিগের ব্যবহার দর্শনে বিরক্ত হইয়া তাহাদের বিরুদ্ধে প্রকাশ্র ভাবে সংবাদ পত্তে লেখনী-চালনা করিবার জন্ত স্থামিজীকে অমুরোধ করিতেন। কিন্তু স্বামিজী বলিতেন 'আমি কেন ঐক্লপ করিতে যাইব ? निट्यत यार्थ दकार्थ कान कथा वना मन्नामीद कार्या नटि। जा ছাড়া সত্যকে কেহ গোপন করিতে পারিবে না। ঠিক জেনো সত্য নিজেই নিজেকে প্রকাশ করিবে।' ভক্ত ও গুণগ্রাহী বন্ধ-দিগকে এই সকল ব্যাপার লইয়া ক্রোধ প্রকাশ করিতে দেখিলে কথন কথন বলিতেন 'ক্রোধ করিতেছেন কেন ? নিন্দক ও নিন্দিত, প্রশংসক ও প্রশংসিতের মধ্যে কি কোন ভেদ আছে ?'

এই সময়ে স্বামিজীর পরিশ্রমণ্ড থ্ব শুরুতর হইতেছিল।
ওথানকার একটা Lecture Bureau (বক্তৃতা কোম্পানী) তাঁহাকে
সমস্ত আমেরিকাময় ব্রিয়া ব্রিয়া বক্তৃতা দিবার জক্ত আহ্বান
করিয়াছিল। সাধারণতঃ বাঁহারা উৎকৃষ্ট বক্তা ও বক্তৃতা দারা
জনসাধারণকে আকৃষ্ট করিতে সমর্থ বিলিয়া বিবেচিত হন তাঁহাদিগকেই এই কর্মে নিযুক্ত করা হয়। স্বামিজীকেও তাহারা এই

জন্ত আপনাদিগের কার্য্যে নির্ক্ত করিতে চাহিল। তিনি দেখিলেন ইহা নিতান্ত মন্দ নহে। কিছু অর্থ পাইলে তাঁহার নিজেরও স্পবিধা হইবে. চাই কি. উহা হইতে তিনি ভারতে ধর্ম ও জনসাধারণের হিতকর অনুষ্ঠানেও অর্থ-সাহায্য করিতে পারিবেন, সঙ্গে সঙ্গে আমেরিকাবাদী নরনারীর সহিত পরিচিত হইয়া তাহাদিগের মন হইতে ভারতবর্ষ সংক্রান্ত ভ্রান্ত ধারণাগুলির উচ্ছেদপর্বক যথার্থ সভ্য ধারণ। প্রতিষ্ঠার সক্ষম হইবেন। স্নতরাং তিনি উক্ত কোম্পানীর প্রস্তাবে সম্মত হইয়া আমেরিকার চতুর্দ্ধিকে নানাবিষয়ে বক্ততা দিতে আরম্ভ করিলেন, যথা 'India and its Women' (ভারতের নারীজাতি), 'The manners and customs of the Hindus' (হিন্দুদিগের আচার পদ্ধতি), 'Is India a benighted country ? (ভারত কি অজ্ঞানাচ্ছরদেশ ?) ইত্যাদি। এই সকল বক্ততা দিবার জন্ম তাঁহাকে আমেরিকার পূর্বা ও মধ্যপশ্চিম প্রদেশের প্রত্যেক বৃহৎ ও প্রধান প্রধান নগরে যাইতে হইয়াছিল। এইরপে তিনি চিকাগো, আইওয়া সিট, ভিদময়েনিস, দেওলুই. ইভিয়ানা পোলিস, মিনিয়াপোলিস, ডেট্টয়েট, হার্টফোর্ড, বাফেলো, বোষ্টন, কেম্বিজ, বাল্টিমোর, ওয়াশিংটন, ব্রুকলিন, এবং নিউইয়র্ক ভ্রমণ করিলেন। ছঃথের বিষয় এই সকল বক্তৃতা ও ভ্রমণের সবিশেষ ব্ৰহান্ত একণে চন্দ্ৰাপা। মাঝে মাঝে Detroit Free Press ব ঐরপ ছই চারি খানা প্রসিদ্ধ সংবাদপত্তে তাঁহার ছই চারিটী উপদেশ বা বক্ততার সারাংশ ও ব্যক্তিগত ভাবে তাঁহার সম্বন্ধে স্থলর স্থলর বর্ণনা দেখিতে পাওয়া যায়। কিন্তু তাহার অধিক আর কিছু পাওয়া যায় না। তবে এই সকল বক্ততা দ্বারা তিনি যে আমেরিকা-

#### স্বামী বিবেকানন।

বাসিদের মন হইতে ভারতবর্ষ বর্কষ্টের দেশ, উহার ধর্ম অভি অকিঞ্চিৎকর এবং উহার অধিবাসীরা দারুণ অসভ্য এই সকল মিখ্যা সংস্কার দূর করিয়া তৎপরিবর্টে প্রাচাদেশ, ভারতবর্ষ ও হিন্দৃধর্ম সহক্ষে সম্পূর্ণ নৃতন ও যথার্থ ধারণা স্থাপন করিতে বহুল পরিমাণে সমর্থ ইইয়াছিলেন সে বিষয়ে আর কোন সন্দেহ নাই।

ঠিক কোন্ সময়ে তিনি যে এই সকল বক্তৃতা দিবার জন্ত পর্যাটন আরম্ভ করিয়াছিলেন তাহা এক্ষণে নির্ণন্ন করা স্থকঠিন, তবে বোধ হয় ১৮৯৪ সালের প্রারম্ভে। কারণ এই সময়েই তিনি একবার লিখিয়াছিলেন 'আমি ক্রমাগত চকীর মত ঘুরিয়া বেড়াইতেছি'। তাঁহার পর্যাটনাবসরের অধিকাংশকাল চিকাগোর কর্ত্ত, ভব্লিউ, হেল সাহেবের বাটিতে যাপিত হইত, কারণ এই পরিবারের সকলেই তাঁহার প্রতি বিশেষ শ্রদ্ধা ও অফুরাগ প্রদর্শন করিতেন।

কিন্তু এই প্রচার কার্য্য সকল সময় ভাল লাগিত না। এক ত ওদেশে কোন্ সময়ে কিন্তুপ কাপড় উপযোগী তাহা না জানার দক্ষণ শীতের সময় গ্রীয়ের পোষাক পরিরা শীতে কই পাইতেন, তাহার উপর শ্রোতাদিগের ভারতবর্ধ সংক্রোপ্ত জ্ঞানের একাপ্ত অভাব ও মৃঢ্বং প্রশ্নের উপর প্রশ্নের উত্তর দিতে দিতে মাঝে মাঝে বিরক্তি ধরিয়া যাইত। সত্য বটে; অনেক সময়ে ধর্ম্মাচার্য্যগণ তাঁহাকে নিজ নিজ উপাসনাগারে লইয়া গিয়া বক্তৃতা দিবার জক্ত অনুরোধ করিতেন এবং তিনি বেধানেই যাইতেন সেইখানে লোকের উৎসাজের সীমা থাকিত না, তথাপি অসংখা লোকের অক্তাতা দ্ব করা বড় কম পরিশ্রম ও সহিষ্ণুতার কর্মা নহে। তিনি দেখিলেন

লোকগুলা ভারত সম্বন্ধে খোর অজ্ঞ, আর যৎকিঞ্ছিৎ বাহা জানে তাহাও ভ্রমপূর্ণ। তিনি কথনও পূর্বে হইতে প্রস্তুত করিয়া বজ্জা দিতেন না, সভায় উপস্থিত হইয়া যাহা বলিবার ইচ্ছা হইও বিলতেন। অনেক সময় এরূপ হইত—হয়ত বজ্জা বেশ জমিয়াছে, তিনিও প্রাণের আবেগে অনর্গল বলিয়া যাইতেছেন, এমন সময় হঠাৎ একজন এমন একটা তৃচ্ছ প্রশ্ন উত্থাপন করিল যে সব মাটী হইবার যোগাড়। হয় তথন বজ্জাম্রোত থামাইতে হয়, না হয় ভাহার প্রশ্নের উত্তর দেওয়া বন্ধ করিতে হয়। কেছ ক্রেহ আবার তাঁহার কথা শুনিতে চাহিত না, প্রতিবাদ করিত, তথন তাঁহাকে বায়া হইয়া তর্কমৃদ্ধে প্রবৃত্ত হইতে হইত। আর একবার তর্কমৃদ্ধে অবতীর্ণ হইলে তাঁহার বেগধারণ করা কাহারও পক্ষে সহজ হইত না। তাঁহার প্রবল মানসিক শক্তি ও ক্ষুব্ধার বিদ্ধপের নিকট সকলকে নিক্তর হইতে হইত। এ সম্বন্ধে Iwoa State Register লিখিয়াছেন ঃ—

"But woe to the man who undertook to combat the monk on his own ground and that was where they all tried it who tried it at all. His replies came like flashes of lightning and the venturesome questioner was sure to be impaled on the Indian's shining intellectual lance. The workings of his mind, so subtle and so brilliant, so well-stored and so well-trained sometimes dazzled his hearers, but it was always a most interesting study. Vivekananda and his cause found a place in the hearts of all true Christians."

## श्रामो विदवकानमः।

ভাবার্থ :— যদি কোন ব্যক্তি স্বামিজীর যুক্তিতর্কের প্রতিবাদ করিতে অগ্রসর হইত তাহা হইলে তাহার সর্বনাশ। তাঁহার উত্তরগুলি যেন বিদ্যুক্তমকের স্থায় ঝলদাইয়া উঠিত আর সেই দুঃসাহদিক তার্কিক তাঁহার শাণিত বুদ্ধিফলকে বিদ্ধ হইয়া ক্ষত বিক্ষত হইত। তাঁহার জ্ঞান-সম্ভার-পূর্ণ, স্থাশিক্ষিত মনের ক্রিয়া সকল এত স্ক্ষা ও প্রথর যে সহজেই শ্রোতৃরন্দের বিশ্বয় উৎপাদন করে, কিন্তু এরূপ মনের গতি অমুধাবন করা বড়ই প্রীতিপ্রাদ। বাস্তবিক বিবেকানন্দ ও তাঁহার প্রতিপান্ত মত সকল খৃষ্টনিষ্টের দ্বাম্ব অধিকার করিয়াছে।

যাহ। হউক অসন্থ বিরক্তি সত্তেও স্বামিজী, ইহা বারা তাঁহার প্রকৃত উদ্দেশ্য সিদ্ধির পথ প্রস্তুত হইতেছে দেখিয়া, অতিশম সহিষ্ণুতার সহিত কার্য্য করিতে লাগিলেন, এবং সব সময়ে তিনি যে সাধারণ ও লৌকিক বিষয়েই বক্তৃতা দিতেন তাহা নহে, মাঝে মাঝে ধর্ম্ম দর্শনাদি বিষয়ক উপদেশ দিতেও ছাড়িতেন না, কিছু ক্রেমশং আর একটি কারণে তিনি ঐ কার্য্যের উপর সম্পূর্ণ বীতশ্রদ্ধ হইলেন। তিনি দেখিলেন বক্তৃতা-কোম্পানীর অধ্যক্ষেরা তাঁহার সাহায্যে নিজেদের কার্য্য উদ্ধার করিয়া লইতেছেন, অথচ তাঁহার উপযুক্ত পারিশ্রমিক প্রদান করিতে পরাদ্মুথ। প্রথম প্রথম তাঁহারা তাঁহাকে হস্তগত করিবার অভিপ্রায়ে তাঁহার এক একটি বক্তৃতার জন্ম ৯০০ ডলার অর্থাৎ প্রায় ২৭০০, টাকা দিয়াছিলেন, কিছু তার পর ক্রমশং ঐ টাকার পরিমাণ হ্রাস হইতে লাগিল। শেষে এমন হইল যে একদিন একটি বক্তৃতায় এক ঘণ্টার মধ্যে তাঁহারা ২৫০০ ডলার অর্থাৎ ৭৫০০, টাকা উপার্জ্জন করিয়া স্বামিক্ষীকে

মাত্র ২০০ ডলার বা ৬০০ দিলেন, ইহাতে স্থামিজী অত্যস্ত বিরক্ত হইরা গেলেন। তিনি তাহাদের জন্ত মুথ দিয়া রক্ত তুলিয়া পরিশ্রম করিবেন, অথচ তাহারা তাঁহাকে যৎসামান্ত কিছু দিয়া যেন ক্বতার্থ করিতে চার, ইহা তাঁহার ভাল লাগিল না। আর বাস্তবিক এরূপ করিবার কোন সঙ্গত হেতুও ছিল না, কারণ শ্রোতৃবর্গের সংখা উত্তরোত্তর বৃদ্ধি প্রাপ্ত হইতেছিল এবং সঙ্গে তাহাদের উপর তাঁহার প্রভাবও দিন দিন বাড়িতেছিল। যাহা হউক এই সকল কারণে ও পরসা লইরা বক্তৃতা দেওয়া অমুচিত বিবেচনার কিছুকাল পরে স্থামিজী উক্ত কোম্পানীর সহিত সকল সম্বন্ধ বিচ্ছিয় করিলেন। ইহাতে অবশ্র তাঁহার যথেষ্ট আর্থিক ক্ষতি হইল, কিন্তু তিনি তাহা গ্রাহ্ম করিলেন না।

উপরোক্ত প্রকারে ভ্রমণ করিয়া বক্তৃতা দিবার সময়ে তিনি আমেরিকানদিগের চরিত্রের একটি প্রধান গুণ লক্ষ্য করিবার স্থযোগ পাইয়াছিলেন—সেটি ইইতেছে তাঁহাদের সভ্যামূরাগ। অবশু সেই সঙ্গে ইহাও দেখিয়াছিলেন যে পাশ্চাতা সভ্যতার মূলমন্ত্র অর্থ উপার্জ্জন, পাশ্চাতাজাতি মাত্রেই অতিশয় অর্থগৃয়,। কিন্তু এতৎসত্থেও উহারা সভ্যামূরাকী, এবং এই অমুরাগের স্থযোগ গ্রহণ করিয়া এক শ্রেণীর ভগুজ্ঞানী শিক্ষাদানছলে জন-সাধারণকে প্রবঞ্চনা করিয়া বিলক্ষণ অর্থোপার্জ্জন করিয়া থাকে। স্থামজী পর্যাটন করিতে করিতে এইরূপ একদল লোকের সংস্পর্ণে আসিয়াছিলেন। তাহারা তাঁহাকে আপনাদিগের দলভুক্ত করিবার জক্ত বিবিধপ্রকার চেষ্টা করিয়াছিল, কিন্তু তিনি স্থণার সহিত তাহাদিগের সকল প্রস্তাব প্রত্যাধ্যান করিয়াছিলেন। এই ঘটনার

#### यांत्री विद्वकानम् ।

পার হইতে তাঁহার সঙ্কর হইল যে তিনি ওদেশে প্রাকৃত অধ্যাত্ম-তত্ত্ব প্রচারের জন্ম প্রাণপাত করিবেন, কিন্তু তাহার জন্ম এক ক্রাকৃত্ব কাহারও নিকট গ্রহণ করিবেন না।

শ্বিষ্ঠ সকল কার্য্যের অবকাশে তিনি আমেরিকার অনুনক বিশ্বশিক্ষালয়, মিউজিরম, চিত্রশালা, কারথানা ও অক্সান্ত দ্বর্ধীয় স্থানসন্ধৃহ দর্শন করিতেন ও তাহাদের শিল্প বাণিজ্যাদি বিস্তারের উপায়
ও প্রণালী সমূহ বিশেষ মনোযোগ সহকারে আলোচনা করিতেন।
বল্পতঃ তিনি পরিশ্রমনিরত ছাত্রের ন্তায় আমেরিকার সামাজিক
জীবন পূঞ্জাহুপুঞ্জরপে পর্যাবেক্ষণ করিয়াছিলেন এবং প্রত্যহ প্রত্যেক
শিক্ষয় হইতে কিছু না কিছু শিক্ষা করিতেন। বাহারা তাঁহার
সহিত সন্ধাসর্কল্প মিশিতেন, তাঁহারা বলেন "To be with him
was in itself an education (তাঁহার কাছে থাকিলে বন্ধ্
বিষয় শিক্ষা করা যাইত)।

ত্রীলোকেরা আমেরিকার সর্ব্বমন্ত্রী। স্থামিজী ওথানে বহু

ত্রীলোকের সহিত পরিচিত হইয়াছিলেন, তাহা হইতে তাঁহার

ধারণা ইইয়াছিল যে নারীজাতিকে শিক্ষিত না করিলে কোন

ক্রেনেক উর্জি হইতে পারে না। তিনি এক স্থানে লিথিয়াছেন—

"ইহালের রম্ণীগণ সকল স্থানের রম্ণীগণ অপেকা উর্জ্ঞ । আবার,

সাধারণতঃ, আমেরিকান নারী, সামেরিকান পুরুষ অপেকা অধিক

শিক্ষিত ও উর্জ্ঞ । পুরুষগুলা অর্থের জল্ঞ সমুদ্র জীবনটাকে

দাসত্ব পৃথালে ক্লাব্রু রাখে, আর স্ত্রীলোকেরা সাবকাশ পাইয়া

ক্রেনিকারীনা নারীকুলের তুলনা করিয়া তিনি বড়েই বেদনা অর্থ্ডব

করিতেন। ১৮৯৩ সালের ভিসেশ্বর মাসে হরিপদ মিত্র মহাশয়কে তিনি যে পত্র লেথেন তাহাতে লিথিয়াছিলেন:—

"এদেশে দারিজ্য নাই বলিলেই হয় ও এদেশের দ্রীদের মত দ্রী কোথাও দেখি নাই। সংপুরুষ আমাদের দেশেও অনেক, কিন্তু এদেশের মেয়েদের মত মেয়ে, বড়ই কম। 'যা শ্রীঃ শ্বরং স্কৃতিনাং ভবনেষ্' (যে দেবী শ্বরং স্কৃতি-পুরুষের গৃহে বিরাজ করেন), একথা বড়ই সত্য। এদেশের ভুষার ষেমন ধবল, তেমনি হাজার হাজার মেয়ে দেখছি। আর এরা কেমন স্বাধীন! সকল কার্য্য এরাই করে। স্কুল কলেজ মেয়েতে ভরা। আমাদের পোড়াদেশে মেয়েছেলের পথ চল্বার যো নাই। আর এদের কত দয়া! যতদিন এখানে এসেছি, এদের মেয়েরা বাড়ীতে স্থান দিছেে, খেতে দিছেে—লেকচার দেবার সব বন্দোবন্ত করে, সঙ্গে করে বাজারে নিয়ে যায়, কি না করে বলিতে পারি না। শত শত জন্ম এদের সেবা করিলেও এদের ঝালমুক্ত হব না।

'বাবাজি, শাক্ত শব্দের অর্থ জান ? শাক্ত মানে মদ ভাঙ্গ নয়,'
যিনি ঈশ্বনেকে সমস্ত জগতে বিরাক্তিত মহাশক্তি বলে জানেন এবং
সমগ্র স্ত্রীজাতিতে সেই মহাশক্তির বিকাশ দেখেন তিনিই প্রকৃত
শাক্ত। এরা তাই দেখে। এবং মন্থ মহারাজ্ঞ যে বলেছেন 'যত্ত্র
নার্যান্ত নন্দান্তে নন্দান্ত তত্ত্র দেখতাঃ, অর্থাৎ বেখানে ক্রীলোকেরা স্থানী
সেই পরিবারের উপর ঈশ্বরের মহারুপা—এখানে ঠিক তাই, আর
ভাই এরা এত স্থান, বিদ্বান্, স্বাধীন ও উত্যোগী। আর আমরা
স্ত্রীলোককে নীচ, অধম, মহাহের, অপবিত্র বলি—ভার ফল, আমরা
পশু, দাস, উত্তরহীন, শ্রিক্ত। । । । অর ভার এক স্থানে লিখিতেছেন—

#### श्रामी विदिकानमा।

'আর এদের মেয়েরা কি পবিত্র । ২৫ বংসর ৩০ বংসরের কমে কারুর বিবাহ হয়না, আর আকাশের পক্ষীর ন্যায় স্বাধীন। বাজার, হাঁট, রোজকার, দোকান, কলেজ, অধ্যাপনা সব কাজ করে, অথচ মনে একটুও দাগ নেই। যাদের পয়সা আছে তারা আবার দিনরাত গরীবদের উপকারে ব্যস্ত। আর আমরা কি করি !—না, আমার মেয়ের ১১ বংসরে বে না হলে থারাপ হয়েয়াবে ! আমরা কি মায়্র বাবাজী ! ময়্ব বলেছেন 'কল্যাপেবাং পালনীয়া শিক্ষনীয়াতিয়মুতঃ', ছেলেদের য়েমন ৩০ বংসর পর্যাস্ত বেক্ষচির্যা রক্ষা করে বিদ্যালাভ কর্প্তে হবে, তেমনি মেয়েদেরও করতে হবে, কিন্তু আমরা কি কর্ছে !—তোমাদের মেয়েদেরও করতে হবে, কিন্তু আমরা কি কর্ছি !—তোমাদের মেয়েদের উয়ত করিতে পার ! তবে আশা আছে । নতুবা পশু জন্ম ঘুচিবে না।'

দেখিয়া শুনিয়া তাঁহার ধারণা হইরাছিল যে ধর্ম বিষয়ে আমেরিকানরা আমাদিগের অপেক্ষা অনেক হীন কিন্তু সমাজ-সম্বন্ধে উহারা অনেক অপ্রগামী। স্কৃতরাং তিনি স্থির করিলেন, 'ইহাদের সামাজিক ভাব আমরা প্রহণ করিব আর ইহাদিগকে আমাদের অন্তত ধর্ম শিক্ষা দিব।'

আমেরিকায় থাকিতে ওদেশের শিষ্টাচারের নিয়মাবলী পালন করিতে তিনি সর্বাদা চেষ্টিত হইতেন। এ বিষয়েও প্রাচ্য ও পাশ্চাত্যের আদর্শে বহু প্রভেদ। কিন্তু তিনি ওদেশীয় নিয়মকায়ন রক্ষা করিয়া চলা আবশুক মনে করিতেন। আবার সময়ে সময়ে সনকায় হইলে বালকের ভায় সরলভাবে গৃহস্বামী বা গৃহস্বামিনীকে জিজ্ঞাসা করিতেন 'কোন্টা ঠিক ?' যেমন সিঁড়িতে উঠিবার বা নামিবার সময় কাহার আগে বাওয়া উচিত ? স্ত্রীলোকের না

পুরুবের ! কিন্তু তিনি যেখানেই যাইতেন কেহ তাঁহার ক্রটি বা দোষ ধরিত না, তাঁহার সম্বন্ধে নিম্নম ছিল তিনি কোন সামাজিক রীতিনীতির বাধ্য নহেন। সর্ব্বেই গৃহস্বামী তাঁহাকে অবাধ স্বাধীনতা প্রদান করিতেন।

কিন্তু এত ছুটাছুটি, দৌড়াদৌড়ি ও কাজকর্ম্মের মধ্যেও স্থামিজী আপনার প্রকৃতিগত ধ্যানধারণার ভাব হারান নাই। সময়ে সময়ে তিনি আত্মভাবে তন্ময় হইয়া সম্পূর্ণ বাফ্জানশৃত্য হইতেন। জনেক দিন এমন ঘটিত যে ট্রামে উঠিয়াছেন, ট্রামথানা ছুই তিনবার গস্তবাস্থানে. যাতায়াত করিল, কিন্তু তথাপি তাঁহার থেয়াল নাই। অবশেষে কণ্ডাকটার আসিয়া যথন ভাড়ার তাগাদা করিত তথন তিনি লজ্জিত হইয়া পড়িতেন ও ভবিদ্যাতে যাহাতে ঐরপ ঘটনা পুনরায় না ঘটে তজ্জ্ঞা সতর্ক থাকিতে চেষ্টা করিতেন।

# পর্যাটন ও প্রচার।

বক্ততা-কোম্পানীর কার্য্য উপলক্ষে পর্যাটনকালে স্বামিজীর সহিত যে বহু গণামাল্ল ব্যক্তির আলাপ পরিচয় হইয়াছিল তাহা वनारे वार्का। र्रेशामद्र मधा विथा ज जाकारवानी ७ वका + মি: রবার্ট ইঙ্গারদোলের (Ingersoll) নাম উল্লেখযোগ্য। ইহার স্ত্তিত স্বামিজীর ধর্মদর্শনাদি বিষয়ে অনেক আলোচনা ও বাদাকুবাদ হইত। ইংগারসোল তাঁহাকে সাবধান করিয়া দিয়াছিলেন যেন তিনি অত স্পষ্ট ভাষায় মনের কথা প্রকাশ না করেন--বিশেষত: নৃতন কিছু প্রচার করিবার সময়, বা ওদেশের লোকের রীভিনীতি ও জীবনযাত্রা-প্রণালীর কোনরূপ সমালোচনা করিবার সময়। স্বামিজী ইহার কারণ জিজ্ঞাসা করিলে তিনি বলিয়াছিলেন 'আপনি যদি চল্লিশ বৎসর পূর্ব্বে এদেশে এইরূপ প্রচার করিতে আসিতেন, তবে ইহারা আপনাকে ফাঁসীতে লট্কাইত বা পুড়াইয়া মারিত। এমন কি, কিছুদিন পূর্বে আসিলেও, আপনাকে ইট মেরে মাথা ভেলে প্রাম থেকে বার কোরে দিত।' স্থামিকী শুনিয়া আশ্র্যা ছট্টলেন। বাস্তবিক আমেরিকার লোকেরা যে কোন সময়ে অত मझौर्-इत्र वा धन्मान हिल हैहा ठाँहात किছू एउँ विश्वाम हहेल ना। ইংগারসোলকেও তিনি সে কথা খুলিয়া বলিলেন। তবে ইংগার-সোল ও তাঁহার মধ্যে বিশুর প্রভেদ ছিল। ইংগারসোল কোন

<sup>\*</sup> সামিজী এক পত্তে লিখিয়াছিলেন 'মি: ইংগারসোল এই দেশের স্কাপেকা প্রসিদ্ধ বড়া। ইনি প্রতি বজুডার ং ইইতে ৬০০ ডলার পর্যান্ত পাইয়া থাকেন।'

धर्षारे गानिएजन नां, এकक्रम नास्त्रिक ছिलान विलला है हैवा স্বামিজী ধর্ম ও ঈশ্বর মানিতেন, এবং যদিও তাঁহার প্রচারিত ধর্মমত আমেরিকাবাসীদের নিকট নৃতন বলিয়া বোধ হইত, তথাপি তিনি কোন ধর্মের বিরোধী ছিলেন না, বরং খুষ্ট ও খুষ্টমাতা মেরীর বিশেষ অমুরাগী ছিলেন। স্থতরাং ইংগারসোলের ষতটা ভরের কারণ ছিল, স্বামিজীর ততটা ছিল না। এই ছইজন প্রসিদ্ধ ব্যক্তির নধ্যে মতের কিরূপ পার্থক্য ছিল স্বামিন্ধী-ক্ষিত একটা কৃত্র কাহিনী হইতে তাহা টের পাওয়া যায়। স্বামিজী বলিভেন "ইংগারসোল একসময়ে আমায় বলিয়াছিলেন 'আমি এই জগংটা <sup>পর্টে</sup>র্যথাসম্ভব ভোগ করিবার পক্ষে; লেবুটা নিংড়ে, যতপার রস বার কোরে নাও, কারণ এই জগৎটার অন্তিছই আমাদিগের নিকট নিশ্চিত, এছাড়া আর সব অনিশ্চিত'। তাহাতে আমি উত্তর দিয়াছিলাম 'আপনি বে উপায়ে নেবু নিংড়াবার কথা বলচেন, আমি তার চেয়ে ঢের ভাল উপায় জানি, আর তাতে কোরে বেশী রসও পাই। আমি জানি আমার মৃত্যু নেই, ভাই রস নিংছে নেবার জন্ম তাডাছডো করি না। আমি জানি ভয়ের কোন কারণ নেই. স্থতরাং বেশ ধীরে স্থত্থে মজা ক'রে নিংড়াচিছ। কাহারও প্রতি আমার কোন কর্ত্তব্য নেই. স্ত্রী-পুত্র, বিষয়-সম্পত্তিরও ধার ধারি না, স্থতরাং আমি জগতের সব নরনারীকে ভালবাসতে পারি। আমার নিকট সকলেই খ্রীভগবানের স্বরূপ। মারুষক জীভগবান বোধে ভালবাসতে পাল্লে কতটা স্থৰ হয় ভাবুন, আন্ধ এই ভাবে নেবুটা নিংড়ান দেখি, তাতে হাজারগুণ বেশী শ্লগ পাবেন-এক কোঁটাও বাদ যাবে না।"

#### স্বামী বিবেকানন্দ।

ইংগারসোলের মত ব্যক্তির সহিত উপরোক্ত ভাবে কথাবার্ত্ত।
কহাতে বেশ বুঝা যায় আমেরিকার শিক্ষিত সমাজে স্থামিজীর
কিরপ স্থাধীনতা ও প্রসার প্রতিপত্তি হইয়াছিল। শুধু যে ছজুকওয়ালা সৌধীন ধনীরা তাঁহাকে লইয়া হৈ চৈ করিতেছিলেন বা
আকাশে তুলিতেছিলেন তাহা নহে, ওলেশের প্রসিদ্ধ প্রসিদ্ধ বিদ্বান
ও মনস্বী ব্যক্তিবর্গও তাঁহার গুণগ্রামে মুগ্ধ হইয়াছিলেন এবং তাঁহার
মুখনিংস্ত বাক্য শুনিবার জন্ম লালায়িত হইতেন। অনেকে
প্রকাশ্য সভায় বা লোকের বাটীতে তাঁহার বক্তৃতা বা কথোপকথন প্রবণ করিয়া সন্তম্ভ হইত না, তাঁহার বাসস্থানে পর্যান্ত আসিয়া
উপস্থিত হইত।

একবার পশ্চিমদিক্কার একটি সহরে বক্তৃতা দিতে গিয়া স্থামিজী মহা শঙ্কটে পড়িয়াছিলেন। তাহার সন্নিকটে কতকগুলি বিশ্ববিদ্যালয়ের শিক্ষিত যুবক কৃষি ও গবাদি-পশু-পালন কার্য্য অবলম্বন পূর্বেক বাস করিতেন। তাঁহারা উক্ত সহরে স্থামিজীর সূথে ভারতীয় দর্শনের উপদেশ গ্রহণ করিয়া, যাঁহার তত্ত্বলাভ হইয়াছে তিনি কোন পার্থিব অবস্থায় বিচলিত হন না, এইরূপ বাক্য শুনিয়া তাঁহাকে পন্নীক্ষা করিবার মানসে নিজেদের গ্রামে বক্তৃতা করিবার জন্ম একদিন আহ্বান করিল এবং তিনি আগমন করিলে একটি পিপা উন্টাইয়া তাহার উপর দাঁড়াইয়া বক্তৃতা দিবার জন্ম তাঁহাকে বলিল। স্থামিজী বক্তৃতা দিতে আরম্ভ করিয়া শীক্ষই আপন ভাবে তন্ময় হইয়া গেলেন। সহসা তাঁহার কানের কাছ দিয়া শোঁ শোঁ করিয়া কতগুলি বন্দুকের গুলি ছুটিল। কিন্তু তিনি সেদিকে দুক্পাত না করিয়া অবিচলিত

ভাবে আপনার বক্তব্য বিষয় বলিয়া যাইতে লাগিলেন। বক্তৃতা শেষ হইলে পোপালকেরা তাঁহার সমীপবন্তী হইয়া মহাকলরব করিতে লাগিল ও তাঁহাকে "a right good fellow" (বহুৎ আছো লোক) বলিয়া হর্ষ প্রকাশ করিতে লাগিল। স্বামিজী যদি সেদিন বিন্দুমাত্র ভীতিচিক্ত প্রদর্শন করিতেন তাহা হইলে তাহারা তাঁহাকে Tenderfoot (কাপুরুষ) বলিয়া ভিরন্ধার করিত।

স্বামিজীর অদুষ্টে এইরূপ নানাবিধ বিড়ম্বনাভোগ হইয়াছিল একটি ঘটনা তিনি প্রায়ই কৌতুকচ্চলে বর্ণনা কুরিতেন। তাহা এখানে উল্লেখ করিব। সে সময়টা তিনি ভারী পরিশ্রম করিতেছিলেন ু-একটি গ্লাড্ষোন ব্যাগমাত সম্বল লইয়া ব্যক্তসমকভাবে, আজ এথানে, কাল সেথানে, বক্ততা দিবার জন্ম ছুটাছুটি করিতেছিলেন। সমরে সমরে দিন ছই তিনটা বক্ততাও দিতে হইত। এই ভাবে একদিন মধ্য-পশ্চিম রাজ্যের অন্তর্গত একটি ক্ষুদ্র সহরে বক্ততা দিতে উপস্থিত হইয়াছেন। কিন্তু তথন অতিরিক্ত পরিশ্রমে তাঁহার সর্বশরীর অবসর হইয়া পডিয়াছে। অভার্থনা-সমিতির সেকেটারী বিপ্রামের জন্ম তাঁহাকে একটি কুত্র অন্ধকারমর কক্ষ দেখাইয়া দিলেন। তিনি যেমন তাহার মধ্যে প্রবেশ করিয়া আরাম কেদা-রায় বসিতে গিয়াছেন অমনি সেটা মাঝখান হইতে খসিরা গিয়া এমনি বেখাপ্লা গোছের হইয়া দাডাইল যে তাঁহার দর্বদরীর ভিতরে ঢুকিয়া গেল, তিনি বহু চেষ্টা করিয়াও আপনাকে সে অবস্থা হইতে মুক্ত করিতে পারিশেন না। বরং যত বেশী চেষ্টা করিতে লাগিলেন, ভত্তই চেয়ারভালা, পোষাক ছে ডা ও অল প্রভাল কর-বিক্ষত হইবার আলহা গুরুত্র হইরা দাঁড়াইতে লাগিল। অগত্যা

#### স্বামী বিবেকানন।

তিনি সেই অস্বস্থিকর অবস্থায় বছক্ষণ পড়িয়া রহিলেন—নড়িতেও পারেন না, চড়িতেও পারেন না। অবশেষে সেক্রেটারী মহোদয় যথন তাঁহাকে সঙ্গে করিয়া বক্তৃতামঞ্চে লইয়া যাইবার জন্ত উপস্থিত হইয়া বলিলেন 'স্বামিজী আস্থান, শ্রোভূগণ আপনার জন্ত অপেক্ষা করিতেছেন', তথন তিনি ঈষৎ উচ্চকণ্ঠে বলিলেন 'আমার বোধ হয় আপনি যদি আমায় আমার বর্ত্তমান শোচনীয় অবস্থা থেকে উদ্ধার না করেন তাহ'লে শ্রোত্য়গণকে বরাবরই ঐরপ অপেক্ষা করিতে হইবে'। এই কথা শুনিয়া সেক্রেটারী দৌড়াইয়া আসিয়া তাঁহাকে টানিয়া বাহির করিলেন। তারপর খুব একচোট হাসি হুইল। স্বামিজী এমন ভাবে ঘটনাটি বর্ণনা করিতেন যে তাঁহার শিশ্য ওব্রুরা হাসিয়া অস্থির হইতেন।

কিন্তু এই কৌতুককর ঘটনার সহিত আরও এমন কতকগুলি ঘটনার উল্লেখ করা যাইতেছে যাহা হইতে পাঠক এই মহাপুক্ষের অন্তত হৃদয়বন্তা, মহন্ত প্রচারিত্রের পরিচয় পাইবেন। ওদেশে যাহারা স্বামিজীকে জানিত না তাহারা অনেক সময় তাঁহাকে রুফকায় দেখিয়া নিপ্রো মনে করিত। অনেকবার এজন্ত তাঁহাকে অপমান ও লাশ্বনা ভোগ করিতে হইয়াছে, অথচ সেই সব ক্ষেত্রে যদি তিনি একটিবার নিজের পরিচয় প্রদান করিতেন তাহা হইলে তাহারা তাঁহার ন্তায় ব্যক্তিকে অপমান করার জন্ত লাজ্জত ও অনুতপ্ত হইত। একবার তিনি ট্রেণ হইতে নামিলে একজন নি গ্রোজাতীয় কুলি, বছবাজ্জি তাঁহাকে সন্মান প্রদর্শন করিতেছে দেখিয়া তাঁহার নিকট অগ্রসর হইয়া বলিল 'আমি শুনিয়াছি আপনি নাকি আমাদের জাতির মধ্যে খুব একজন মন্তবড় লোক

হইয়াছেন, তাই আমি আপনার সহিত করমর্দনের সৌভাগ্য লাভ করিতে আসিয়াছি'। স্বামিজী ব্রিলেন লোকটি তাঁহাকে ভল ক্রমে নিপ্রো মনে করিতেছে; কিন্তু তিনি কিছুমাত্র বিরক্ত বা কৃষ্ট না হইয়া সাদরে তাহার হস্তধারণ করিলেন ও বলিলেন 'ভ্রাত: তোমায় ধন্তবাদ, ধন্তবাদ'। এইরূপ আর্ও অনেক নিগ্রো তাঁহাকে স্বজাতীয় মনে করিয়া তাঁহার নিকট আসিত কিন্তু তিনি কথনও তাহাদের ভূলের জন্ম অপরাধ গ্রহণ করিতেন না। মার্কিন রাজ্যের দক্ষিণভাগে ভ্রমণ কালে বহুবার এমন ঘটিরাছে যে প্রচারার্থ পর্যাটন করিতে করিতে তিনি এক বৃহৎ সহরে গিয়া সেথানকার ুঞ্টিলে প্রবেশ করিতে উন্নত হইয়াছেন, এমন সময়ে হোটেল-স্বামী তাঁহার ক্বফবর্ণ মৃত্তি দেখিয়া ক্লকভাবে তাঁহাকে বাহির করিয়া দিয়াছে। এই সকল স্থলেও তিনি যদি নিজেকে ভারতব্যীয় বলিয়া পরিচয় দিতেন তবে অক্লেশে প্রবেশাধিকার পাইতেন। তাহার প্রদিন যথন হোটেলের লোকেরা খবরের কাগজে তাঁহার অজস্র প্রশংসা ও বক্তভাদি পাঠ করিত তথন অমুতপ্ত ভাবে তাঁহার নিকট ক্ষমা ভিক্ষা করিতে দৌড়াইত। এই সব অস্কুবিধা দেথিয়া প্রচার-কার্য্যের কর্ত্তপক্ষগণ অনেক সময় তাঁহার জন্ম অন্তরপ বাবস্থা করিতে বাধা হইতেন। এমন কি উত্তর দিকের সহরেও দাভি কামাইবার জন্ম ক্ষোরকারের দোকানে প্রবেশ করিলে অনেক সময়ে তাহার। রচ্ভাষার তাঁহাকে দরজা দেখাইয়া দিত। অনেকদিন পরে তাঁহার এক পাশ্চাতা শিষা তাঁহাকে জিজ্ঞাসা করিয়াছিলেন যে তিনি ঐ সব কেতে আত্মপরিচয় প্রদান করিলেই বখন সব লেঠা চুকিয়া যাইত তথন তিনি কি জঞ্

## श्रामी विदिकानमा।

নিজের পরিচয় দিতেন না ? তিনি তাহার উত্তরে স্থগতোজির তাবে বলিয়াছিলেন 'What! Rise at the expense of another! I did not come to earth for that!' (কি! অপরকে ছোট করিয়া নিজে বড় হইব ? ও জন্ত ত আর জগতে আসিনি)। বাস্তবিক তিনি সাদা কালোর প্রভেদ প্রাহের মধ্যেই আনিতেন না। তিনি নিজে রুষ্ণকায় জাতির অস্তর্ভুক্ত বলিয়া কথনও লজ্জাবোধ করিতেন না, বরং ভারতীয় বলিয়া পরিচয় দিতে গর্কবোধ করিতেন এবং কোন শ্বেতাঙ্গ প্রক্রব তাঁহার সমক্ষে নিজ চর্ম্মের গৌরব দেখাইলে কঠোর বাক্য ভনাইতেও পশ্চাৎপদ হইতেন না।

স্বামিজী প্রচারোদেশ্রে পর্যাচন করিতে করিতে যেখানে যাইতেন সেই থানেই দেখিতেন সংবাদপত্তের স্তম্ভে বড় বড় অক্ষরে তাঁহার নাম। সংবাদ পত্তের সম্পাদক ও সংবাদদাতাগণ সদাসর্বাদা তাঁহার নিকট যাতারাত করিতেন ও তাঁহার পূর্বজীবন, রীতি প্রকৃতি, অভ্যাস, আহার ও ধর্ম দর্শনাদি বিষয়ক মত, সকল বিষয়ের খোঁজ লইতেন ও পাশ্চাত্য সভ্যতা সম্বন্ধে তাঁহার অভিমত, তাঁহার ভবিষ্যৎ কার্য্য-প্রণালী, তাঁহার দেশের রাজনৈতিক অবস্থা ও আচার পদ্ধতি এই সকল বিষয় জানিবার জন্ম আগ্রহ প্রকাশ করিতেন। তারপর তাঁহার-মতামত সহ ঐ সকল কথোপ-কথন নিজ নিজ পত্তে প্রকাশ করিতেন। আমেরিকার যে সকল লোক তাঁহার সহিত সাক্ষাৎ সম্বন্ধে আলাপের স্থযোগ পাইতেন না তাঁহারাও ঐ সকল সংবাদপত্তের সাহায্যে তাঁহার সম্বন্ধে সক্ষা প্রয়োজনীয় তথাই অবগত হইতে পারিতেন। ১৮৯৪ সালে

ক্ষেক্ষারী মাসে তিনি যথন ডেট্রয়েটে উপস্থিত হইলেন তথন থবরের কাগজের রিপোর্টারেরা দিনরাত তাঁহাকে জালাতন করিত। এ সময়ে তাঁহার সম্বন্ধে সকল সংবাদ পত্রে যাহা প্রকাশিত হইয়াছিল তাহা বাছলাভয়ে এ স্থলে উদ্ধৃত করা হইল না। কেবল মাত্র "ডেট্ররেট ফ্রীপ্রেস" নামক আমেরিকার অক্ততম মুখ্য পত্র যাহা লিথিয়াছিলেন তাহার কিয়দংশের অক্বাদ পাঠকগলের অবগতির জক্ত নিমে সল্লিবিষ্ট হইল—

"হিন্দু প্রতিনিধিগণের মধ্যে যাঁহারা সর্বাপেক্ষা লোকপ্রিয়, স্বামী বিবেকানন্দ তাঁহাদের অন্যতম। কংগ্রেসের মধ্যে তিনি একজন শ্রেষ্ঠ ্ৰাগ্মী বলিয়া খ্যাতিলাভ করিয়াছেন—যে ইংরাজী বলেন তাহা দোষ-শৃত্ত অথচ কোন,নোট বা স্মারক-পত্র ব্যবহার করেন না। উচ্চারণও এত মধুর যে শ্রোতাদের অনেকেই বলেন, যদি কেই উহার এক বর্ণও না বুঝিতে পারে তথাপি বলিবে উহা সঙ্গীতের ক্রায় স্থখ্যাব্য। মহাসভার অধিবেশন শেষ হইলে তিনি অনেক সহরে বৃহৎ বৃহৎ শ্রোতুমগুলীর সমক্ষে বক্ততা দিয়াছেন। সকলেই একবাকো তাঁহার ভূয়সী প্রশংসা করিয়াছেন এবং তাঁহার চুম্বকের ক্যায় স্মাকর্ষণী শক্তি ও প্রত্যেক বিষয়েই নৃতন আলোকদান ও প্রাণ-দঞ্চারের ক্ষমতার কথা বলিতে আত্মহার। হইয়া থাকেন। আমেরিকাবাদীদের নিকট পৃথিবীর প্রপার হইতে আগত এই ব্যক্তি স্বয়ং যেমন চমৎকার ও অপরূপ, বিবিধ উচ্চ বিষয় সম্বন্ধে তাঁহার সিদ্ধান্তগুলিও সেইরূপ। ষ্থন এই প্রামলকায়, প্রামলকেশ উচ্ছল-গৈরিকধারী মহাপুরুষ ভাহাদের ভাষা স্পষ্ট, বিশুদ্ধ ও অনর্গণ ভাবে বলিতে থাকেন তথন প্রত্যেক আমেরিকাবাসী বিশার ও আনন্দে পরিপুত হন।"

## यात्री विदवकानमः।

১৮৯৪ সালের ১৮ই ফেব্রুয়ারী ঐ পত্র আবার লিথিয়াছিলেন-"হিন্দু দার্শনিক ও ধর্মবিৎ স্বামী বিবেকানন গতরাত্তে ইউনি-টারিয়ান গীর্জাঘরে তাঁহার ধারাবাহিক বক্ততাবলী শেষ করিয়াছেন। বক্তভার শেষ বিষয় ছিল 'মহুষ্মের দেবত্ব'। তুর্য্যোগ সত্ত্বেও গীৰ্জাবরে অতিশয় লোকসমাগম হইয়াছিল এবং আমাদের শপ্রাচ্য-দেশীয় প্রাতার আগমনের অদ্ধিষ্টা প্রবেট দারদেশ পর্যান্ত লোকপুর্ণ हरेशा উঠिशाहिल। উৎকর্ণ শ্রোজমগুলীর মধ্যে ব্যবহারাজীব. বিচারক, ধর্মযাজক, বণিক ও শাস্ত্রজ্ঞ পণ্ডিত—সকল শ্রেণীর লোকই ছিলেন। মহিলাবুন্দের উল্লেখ তো বাহুলামাত্র—কামা তাঁহারা সকল সভায় পুন: পুন: ইহার বক্ততা প্রবণ করিবার জন্ম এরপ আগ্রহ ও ঔৎস্থক্য প্রদর্শন করিয়াছেন যে ইহার প্রতি তাঁহাদের শ্রদ্ধা ও অমুরাগ সম্বন্ধে কোন সন্দেহই নাই। বাস্তব্রিক ইনি সাধারণ স্থানে বক্ততা দিতেও ষেমন পটু, ভদ্রগৃহে ছোট ছোট বৈঠক বা মঞ্জিদেও তেমনি আধিপতা বিস্তার করিতে সমর্থ। केलापि—"

মিসেস্ মেরী, সি, ফান্কে (Mary C. Funke) নায়ী ডিট্রুরেট মহিলা-সমাজের একজন প্রধানা রমণী বছদিন পরে এই সময়কার কথা এইরূপ লিখিয়াছিলেন :—

"১৮৯৪ খুষ্টাব্দের ১৪ই ফেব্রুয়ারী আমার শ্বতিপথে একটী পৃথক্ পবিত্র দিবস হইয়া রহিয়াছে; কারণ, ঐ দিনেই আমি সর্ব্বপ্রথম সেই মহাপুরুষ, সেই ধর্মজগতের মহাবীর স্বামী বিবেকা-নন্দের মুর্জি দর্শন ও ভাঁহার কণ্ঠস্বর প্রবণ করি, যিনি ছুই বংসর পরে আমায় শিষ্যপদে বরণ করিয়া লইয়া আমাকে অপার আনন্দ ও বিশ্বয়ে অভিভূত করিয়াছিলেন।

তিনি এই দেশের ( আমেরিকার ) বড় বড় নগরগুলিতে বক্ততা দিয়া বেড়াইভেছিলেন, এবং ডিট্রেরটের ইউনিটেরিয়ান চার্চে যে ধারাবাহিক বক্ততা দেন তাহার প্রথমটি উক্ত দিবসে প্রাদত্ত হয়। জনতা এত অধিক হইয়াছিল যে, স্ববৃহৎ প্রাসাদ্দীতে সতাসতাই তিলাদ্ধ স্থান ছিল না. এবং স্বামিজী তথায় রাজসন্মানে সম্মানিত হন। যথন তিনি বক্ততামঞ্চে প্রথম পদার্পণ করিলেন. তাঁহা তখনকার দেই রাজনীমণ্ডিত মহিমমন্ন মৃতি বেন এখনও আমার ১৯ ১৯র হইতেছে। উহা যেন অসীম শক্তির আধার এবং মুহু হৈ ক্রিলার উপর স্বীয় আধিপতা স্থাপন করিয়া লইতেছে ! আর তাঁহার বৈই অপুর্ব কণ্ঠনিঃস্ত প্রথম শব্দ উচ্চারিত হইবা-মাত্র—শব্দ নম্ব, যেন সঙ্গীত—এই বীণার স্থায় করুণ রাগিণীতে বাজিতেছে, এই আবার গম্ভীর শক্ষময়, আবেগময় হইয়া ঝন্ধার দিতেছে—সমস্ত সভা নিশুক ভাব ধারণ করিল—সে নিস্তক্তা যেন স্পষ্ট অমুক্ত হইতেছিল—এবং সেই বিপুল জনসভ্য প্রবণা-কাজ্জায় শ্বাসক্রত্ব করিয়া অপেকা করিতে লাগিল।

স্থামিজী তথার সর্বাসমক্ষে পাঁচটী বক্তৃতা দেন। তিনি শ্রোড়-বর্গকে মন্ত্রমুগ্ধ করিয়া রাখিতেন, কারণ, তাঁহার বক্তব্য বিষয়ের উপর অসাধারণ অধিকার ছিল, এবং তিনি এমন ভাবে কথা কহিতেন, যে বোধ হইত যেন তিনি চাপরাশ পাইয়াছেন। তাঁহার তর্কগুলি বন্ধল যুক্তিতে পূর্ণ থাকিত এবং লোকের সংশব্ধ অপনোদন করিয়া দিত, আর বক্তৃতার অতি উৎকৃষ্ট অংশেও তিনি কদাপি

# স্বামী বিবেকানন্দ।

ভাবাবেশে চালিত হইয়া, যে সভাটি তিনি লোকের মনে দৃঢ়াঙ্কিত ্রী করিতে প্রশ্নাস করিতেছিলেন, সেই মূল বক্তব্য বিষয়টী ছারাইয়া কেলিতেন না।"

এই সময় বহু সভাসমিতি, গীৰ্জা ও ভদ্ৰলোকের বাটীতে বক্তৃতা দিবার জন্ম স্বামিজী অনবরত আহুত হইতেন। ইহার ফলে তাঁহাকৈ আমেরিকার পূর্ব্ব ও মধ্য-পশ্চিম প্রদেশ সমূহের প্রায় সর্বাত্ত ভ্রমণ করিতে হইয়াছিল এবং চিকাগো হইতে নিউইয়র্ক ও বেষ্টিন হইতে বাণ্টিমোর পর্যাম্ভ যে কতবার যাতায়াত করিতে হইয়াছিল তাহার সংখ্যা নির্ণয় হয় না। তিনি সর্বত্তই বক্তবাচ্চলে অনেক হিতকর উপদেশ দিতেন এবং প্রায় প্রত্যেক স্থানেই গিয়া দেখিতেন তাঁহার আগমনের পূর্ব্ব হইতে 'Orange monk' বা 'গেক্ষ্মাধারী সন্নাদা'র কীর্ত্তি লোকমুথে রটিত হইতেছে। তিনি नर्काख (तप. दापान्त, दिपान श्रीय ও हिन्दुशास्त्र माधुपिरशत মহিমা কার্ত্তন করিয়া বেডাইতেন। তিনি আমেরিকার বক্ত রাজ্য-' সমূহের উত্তর, দক্ষিণ, পূর্ব্ব, পশ্চিম সর্বতা ভ্রমণ করিয়া তত্ততা অধিবাদীগণকে স্বীয় তত্ত্তান, চরিত্র-মাধুষ্য ও আশার আশাস-বাণীতে মুগ্ধ করিয়াছিলেন এবং শত শত শিক্ষিত ও স্থসভ্য ব্যক্তি ভাঁহার একান্ত ভক্ত ও অফুগত হইরা পডিয়াছিল। গোঁডা ও অজ্ঞ মিশনরীরা সর্বত্ত ভারতের যে সকল কলম্ভ ও অপবাদ রটনা করিয়াছিল তিনি তাহা অপনোদন করিবার চেষ্টা করিয়াছিলেন এবং 'জীবব্রন্ধে ঐক্য', 'অপরোক্ষামুক্ততি' প্রভৃতি অবৈত-তত্ত্ব-সমূহের বিজ্ঞ আলোচনা বারা বেদ ও উপনিষদের মহিমা প্রচার ক্রিয়াছিলেন। সকলকে বুঝাইয়াছিলেন নিও গ ব্রহ্মবন্ত লাভই

# পর্য্যটন ও প্রচার।

শানৰ জীবনের চরম লক্ষ্য এবং চতুর্বিধ যোগ সেই লক্ষ্য সাধনার উপায়।

সময়ে সময়ে স্বামিজীকে এক সপ্তাহের মধ্যে বারো, চৌদ্ধ বা ততোধিক বক্ততা প্রদান করিতে হইত। এইরপ অতাধিক পরিশ্রমের ফলে সময়ে সময়ে তাঁহার শরীর-মন এতদুর নিস্তেজ হইয়া পড়িত যে তিনি আর নৃতন কিছু বক্তব্য খুঁজিয়া পাইতেন না, মনে হইত যেন তাঁহার জ্ঞানভাঞার নিঃশেষ হইয়াছে, শত চেষ্টা করিলেও তাহা হইতে আর কোন নৃতন চিন্তা বাহির হইবে না। তথন তিনি বিহবল হইয়া ভাবিতেন 'তাইত ! কি হইবে ? কালি-কার বক্তভায় কি বলিব ?' এই অবস্থায় সময়ে সময়ে তাঁহার কতকগুলি অমুভ অমুভূতি হইত। গভীর রাত্রে তন্ত্রাবেশে ভনিতে পাইতেন প্রদিন তাঁহাকে যে স্ব কথা বলিতে হইবে কে যেন তাহা উচ্চৈঃম্বরে তাঁহার নিকটে বলিতেছে। কখনও কথনও ঐ শব্দ দর হইতে আসিত, যেন বৃক্ষশ্রেণী-শোভিত রাজপথের অপর পার্শ হইতে আসিতে আসিতে ক্রমশঃ নিকটবন্তী হইত, অথবা মনে ইইত কে যেন তাঁহার পার্বে দাঁড়াইয়া বক্ততা দিতেছে, আর তিনি শুইয়া শুইয়া তাহা শুনিতেছেন। কথনও বা শুনিতেন যেন তুইটি কণ্ঠস্বর তাঁহার সম্মুখে বসিয়া পরদিনকার বক্তব্য-বিষয় সম্বন্ধে আলোচনা ও তর্কবিতর্ক করিতেছে। সময়ে সময়ে এই অমুত উপায়ে অনেক নৃতন নৃতন কথা, নৃতন নৃতন ভাব তাঁহার কর্ণগোচর হইত—সে সব তিনি ইহজন্মে কথনও গুনেন নাই বা ভাবেন নাই। নিদ্রাভক্তে এই সকল বিষয় শ্বরণ করিয়া তিনি পর দিবসের বক্তভায় বলিতেন।

### स्राभी विदवकाननः।

স্বামিজী এই সকল আশ্চর্যা ঘটনাকে নিজ মনেরই সুল্ব প্রতি-ক্রিয়া বলিয়া বর্ণনা করিতেন। বলিতেন, আবশুকালুসারে মন স্বতঃ-প্রেব্র হইয়া ঐরপ কার্য্যসম্পাদনে ব্যাপৃত ইয়। কিন্তু সময়ে সময়ে এই অলোকিক বক্তাগুলি এত জোরে হইত যে অস্তু ঘরের লোকের কালে পর্যান্ত তাহা পৌছিত। তাহারা সেই জন্ত পরদিন আসিয়া তাহাকে জিজ্ঞাসা করিত 'সামীজি, কাল অত রাত্রে আপনি কার সঙ্গে অত টেচিয়ে টেচিয়ে কথা কচ্ছিলেন ?' স্বামিজী কথাটা কোনরূপে কাটাইয়া দিতেন।

এই সময়ে ও ইহার পরে পাশ্চাতা দেশে অবস্থান কালে স্বামিজীর নানা প্রকার যোগজ শক্তি লাভ হইয়াছিল। তিনি ইচ্ছা করিবেই স্পর্শমাত্র লোকের জীবনের গতি কিরাইয়া দিতে পারিতেন, বছদুরের ঘটনাবলী স্থান্সষ্ট প্রত্যক্ষ করিতেন এবং লোকের মনোভাব অবগত হইয়া তাহাদিগের সন্দেহ নিরসন বা ্জিজ্ঞান্ত বিষয়ের উত্তর প্রদান করিতেন। এমন কি. লোকের সুধ্রের দিকে চাহিয়া তাহার জীবনের অতীত ইতিহাস পর্যান্ত বলিয়া দিতে পারিতেন। কচিৎ কদাচ তিনি তুই একজন সত্যার্থী লোককে ঐরপ বলিয়া দিতেন, তাহারা তাঁহার কথার সত্যতা অনুভব করিয়া তাঁহার শিষ্য হইয়া যাইত, আর যাহাদের ভিতরে গলদ থাকিত ভাহারা ভরে তাঁহার ত্রিসীমানা সংড়াইত না। উদাহরণস্বরূপ চিকাগো সহরের একজন ধনীব্যক্তির কাহিনী এস্থানে বলিতেছি। **बहे वास्कि धानमुष्टि वा धानम्बनिकनान व मद सा**ढि विश्वाम করিত না-বলিত ওদব গাঁজাখুরি করনা নাত। স্বানিজীকে সে স্পষ্টই একদিন বলিল 'আছে। মহাশয়, আপনার কথাই বনি সভিয

হয় তবে আপনি আমার মনের ভাব বা অতীত জীবনের ঘটনা नव वरण पिन ना रकन ?' शामिकी अक मृद्र्ड इंडलंडः क्रिलंन। তাহার পর তাহার চক্ষুর দিকে নিজ দৃষ্টি স্থাপিত করিয়া এরূপ গভীর মনোযোগের সহিত দেখিতে লাগিলেন যে সে ব্যক্তির বোধ হইতে লাগিল যেন তাহার মনের তলদেশ পর্যান্ত আলোডিত হইতেছে। সে দৃষ্টিতে কোন কঠোরতা ছিল না, কিন্তু তথাপি বোধ হইতে লাগিল যেন তাহার শক্তি অপ্রতিহত, অপরাজেয় ও তাহা অস্তরের অন্তর্তম তল পর্যান্ত ভেদ করিতে সমর্থ। লোকটি সহসা চঞ্চল ও ভীত হইয়া রহস্ত ত্যাগ করত: কাতর স্বরে বলিল 'স্বামীজি. আপনি আমার একি কছেন ? মনে হচ্ছে যেন আমার ভিতরটা মথিত ক'রে জীবনের সমস্ত গুপ্তরহস্ত টানিয়া বাছির করিতেছেন ।' এই বলিয়া দে তৎক্ষণাৎ স্বামিজীর সালিখ্য ত্যাগ করিল ও সেই দিন হইতে যোগশক্তি সম্বন্ধে তাহার আর অবিশ্বাস রহিল না। স্বামিজী কথনও এই সকল শক্তিকে আধ্যাত্মিক উন্নতির চিহ্ন বলিয়া প্রকাশ করিতেন না, বরং এগুলি অতি উচ্ছ জ্ঞান করিতেন। যাহার অন্তর নিরম্ভর অবৈতের অমল জ্যোতিতে উদ্ভাসিত ছিল, তাঁহার নিকট এ সকল শক্তির আর কি মূল্য ! তবে সাধারণ লোকে আবার এগুলি না দেখিলে উন্নত শ্রেণীর সাধু বলিয়া বিশ্বাসও করে না এমনি বিভন্ন। ।

<sup>\*</sup> এই প্রসঙ্গে খামী শুদ্ধানন্দ একটি ঘটনার উল্লেখ করেন। খামিনীর শিষ্য শুদ্ধ উইন সাহেব (পাঠক পরে ইঁহার পরিচর পাইবেন) একবার জড়-বান্দের পক্ষসমর্থন করিরা খামিনীর সহিত তর্ক করিতেছিলেন। অনেকক্ষণ ধরিয়া বিশ্ব তর্ক চলিল, কিন্তু শুদ্ধইন সাহেব খামিনীর সম্ভব্যসমূহ কিছুতেই

### स्रामी विदवकानमः।

আমেরিকার যে সকল লোক বছবর্ষ ধরিয়া নানাবিধ মত শ্রবণ করিতে করিতে ক্লান্ত ও বিরক্ত হইয়া উঠিয়াছিল, তাহারা স্বামিজীর বক্ততা ও উপদেশ শ্রবণে যেন আশ্বন্ত হইল। তাঁহার অনিন্দিত দেবকান্তি, নিম্বল্ক চরিত্র, দিব্য জ্ঞান, প্রত্যক্ষ আধ্যাত্মিক অমুভূতি বেন তাহাদের শুক্ষপ্রাণে নববারি সিঞ্চন করিল। এমন কথা তাহারা জীবনে কথন ভনে নাই, এমন লোকও তাহারা কথনও দেখে নাই। এমন করিয়া আপনার জনের মত প্রাণপাতী পরিশ্রম করিয়া কেছ তাহাদিগকে আশার মোহন বংশী শুনায় নাই, মনুষ্য জীবনের উদ্দেশ্র বুঝাইয়া বলে নাই, ভবিষাতের উজ্জ্বাচিত্র আঁকে নাই। যাহারা সভাের মন্দিরে প্রবেশ লাভ কবিবার জন্ম বাববার বিষ্ণলপ্রয়ত্ব হইয়াছে এতদিনে তাহাদের সকল উত্তম, সকল চেষ্টা সার্থক হইল। তাহারা দেখিল তিনি যাহা বলেন তাহার একটিও ধার-করা কথা নহে, সবই স্থীয় অন্তর্গন্ধ বোধ প্রস্তুত। এমন লোকটি ভাহারা আর দ্বিতীয় দেখে নাই। যাহারা অভিথিরপে কিছুদিন স্বামিজীকে লাভ করিয়াছিলেন তাঁহারা বলেন 'Swamiii was a Kaleidoscopic genius' তাঁহার প্রতিভা "বিচিত্র ও বছবর্ণ-শোভিত"। বাস্তবিক এরপ সর্বতোমুখী প্রতিভা জগতে খুম কমই দেখা গিয়াছে। একাধারে শিল্পী ও গায়ক, সাহিত্য ও

খীকার করিতে ছিলেন না। সেই সময়ে সহসা সাহেবের জীবনের অভীত ঘটনা সমূহ ঠিক বালোকোপের চিত্রের ভাষ খামিজীর চক্ষের সমূখ দিয়া চলিয়া ঘাইতে সাগিল। খামিজী তন্ধর্শনে বলিয়া উঠিলেন 'তুমিত এইরপ লোক, এই করিয়াছ, এই করিয়াছ, তেমোর বৃদ্ধিতে আর কত ধরিবে।' শুডু উইন খামিজীর শক্তির পরিচর পাইরা তৎক্ষণাৎ তর্ক ছাড়িয়া নীরব হইলেন।

# প ্রটন ও প্রচার।

ইতিহাসবেক্তা, সন্ন্যাসী ও লোকশিক্ষক, স্থরসিক ও গভীর চিস্তাশীল মনস্বী—এমন লোকের সংস্পর্শে বাহারা আসিয়াছিল, তাহারা বে তাঁহাকে অনির্বাচনীয় স্থানর ও মহানু পুরুষ এবং সাধুর পরাকাষ্ঠা বলিয়া বিবেচনা করিবে, ইহাতে আর আশ্চর্যা কি ?

#### ভারতে জয়োল্লাস।

ইতোমধ্যে স্বামিজীর অপূর্ক বিজয়বার্তা ভারতে আদিয়া প্রেটিয়াছিল। সংবাদপত্র পরিচালকগণ আমেরিকার কাগজপত্র হুইতে স্বামিজী কর্তৃক মহাসভায় ও অক্যাক্সন্থানে প্রদন্ত বক্তৃতাবলী সংগ্রহ করিয়া ভাহাদের সারাংশ নিজ নিজ পত্রে উদ্ধৃত করিতেছিলেন ও ঐ সকল বক্তৃতা আমেরিকায় কি স্কুল প্রস্কাব করিয়াছিল তাহার বিষ্ণুত বিবরণ জলস্ত ভাষায় বর্ণনা করিতেছিলেন। সম্পাদকীয় স্তন্তেও প্রত্যাহ ঐ সম্বদ্ধে স্কার্য মন্তব্য ও আলোচনা প্রকাশিত হইতেছিল। এইরূপে মাজ্রাজ হইতে আলমোড়া ও কলিকাতা হইতে বোম্বাই পর্যান্ত সর্ব্বে স্বামিজীর যশোবার্তা প্রতিধ্বনিত হইতেছিল। দেশের সকলেই তাঁহার কীর্ত্তিতে প্রাণে প্রাণে গর্ব্ব অমৃত্ব করিতেছিলেন।

মঠের প্রাভারাও এসংবাদে আনন্দে আত্মহার। হইরা অশ্রু বিসর্জন করিতে লাগিলেন। দেখিলেন, খ্রীপ্রীপরমহংসদেব যাহা বলিতেন এতদিনে ভাহা ঠিক ফলিয়াছে অর্থাৎ 'নরেন জগৎ মাতাইবে'।—আর মাতাইবার বাকি কি ? অর্দ্ধেক পৃথিবী এখন ভাহার জন্ত পাগল বলিলেই হয়। সকলে ঠাকুরের দিবাদৃষ্টি দেখিয়া বিশ্বিত হইলেন।

এইবার ভারতও মাতিল। বোম্বাই, মান্দ্রাজ, বাঙ্গালা, উত্তর-পশ্চিম, পাঞ্জাব, রাজপুতানা সর্ব্বত কোটীকঠে তাঁহার জয়ধ্বনি উঠিল, কোট কঠে হাঁকিল 'জয় জ্ঞীপরমহংস রামক্ষকের জয়!' 'জয় প্রীয়ামী বিবেকানন্দের জয়!', কোটি মুথে বাছিরিল 'জয় ছিন্দুধর্মের জয়!' 'জয় ছিন্দুছানের জয়!'—বহুশতান্দীর মধ্যে এরপ ভারতবাাপী আন্দোলন, উৎসাহ, জয়োলাস ও হর্মের কলরোল উথিত হয় নাই। মুমুর্ছ ভারতবাসী যেন মুহুর্ত মধ্যে সঞ্জীবনী মন্ত্রে জাগিয়া উঠিল। যেন নবমদে মাতিয়া, নব শক্তিতে বলীয়ান্ হইয়া, নব আশায় উৎফুল্ল ও নব প্রেমে মাতোয়ায়া হইয়া জগতের সমক্ষে সগর্মে মন্তক উত্তোলন করিল। এমন দিন ত আর কথনও হয় নাই! পরপদ সেবা করিয়া, পরের ছয়ারে হাত পাতিয়া, পরের লাঞ্ছনা অঙ্গের ভূষণ করিয়া যে জাতির দিন কাটিতেছিল, তাহাদেরই মধ্যে এমন একজন জিমায়াছেন, য়াহার সিংহনির্ঘোষে আজ জগৎ কাঁপিতেছে, য়াহার উপদেশ আজ সভাতাভিমানী পাশ্চাত্য জাতি মাপায় তুলিয়া লইতেছে, য়াহার চরণধূলি মুছাইবার জন্ত বিশ্বের লোক ছুটিতেছে। একি অত্তে ভাগাবিপ্র্যয়!

সমগ্র ভারত আনন্দে উন্মন্ত হইল। সমগ্র ভারতের ঘরে ঘরে ঘরে তাঁহার নাম তড়িৎপ্রবাহের ন্থার রটিয়া গেল। চতুর্দিকে বৃহৎ বৃহৎ জনসভা বসিল, বিরাট মিছিল বাহির হইল, বিপুল পুলকে সকলে তাঁহার গুণকীর্ত্তন করিতে লাগিল। রামনাদ হইতে মহারাজ ভাঙ্কর সেতৃপতি, তাঁহাকে তারযোগে হৃদয়ের আনন্দ জানাইলেন, থেতড়ির রাজা অজিৎ সিং বাহাত্র এই উপলক্ষে বৃহৎ দরবার করিয়া হিল্ফুলাতির পক্ষ হইতে তাঁহাকে ধন্তবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করিলেন, মাল্রাজ হইতে রাজা ভার রামস্বামী মুদালিয়ার, দেওরান বাহাত্র ভার স্থ্রক্ষণ্য আয়ার সি, আই, ই ও অভান্ত অনেক

## शामी वित्वकानमः।

খ্যাতনাম। ব্যক্তি একটি বৃহৎ সভা করিয়া স্থামীজীর ক্তকার্য্যভার জন্ম বক্তৃতাদি দিয়া তাঁহাকে আপনাদের সহায়ভূতি জানাইলেন। আর কুন্তকোনাম, বালালোর, প্রভৃতি কুন্ত কুন্ত সহরেও কত যে আনন্দ উৎসব হইল, কত সভা যে স্থামিজীকে কত অভিনন্দন পাঠাইল তাহার আর সংখ্যা হয় না।

क्दि नर्सात्भका उरमार मृष्टे रहेन क्लिकाजाय। সালের ৫ই সেপ্টেম্বর ব্ধবার কলিকাভাবাসিগণ টাউনহলে রাজা পিয়ারীমোহন মুখোপাধ্যায় সি, এস, আই মহোদয়ের সভাপতিতে একটি বিরাট সভা আহ্বান করিল। এই সভায় পণ্ডিত রাজকুমার शांत्रज्ञ, तातू नेगांनहस मूर्याभाशांत्र, महाताजकुमात्र विनवकृष् দেব বাহাত্র, বাবু গুরুপ্রসন্ন ঘোষ, রায় নন্দলাল বস্থ বাহাতুর প্রভৃতি হিন্দুসমাজের শীর্ষভানীয় ব্যক্তিগণ, মধুসদন স্মৃতিরত্ন, কামাখ্যানাথ তর্কবাগীল, উমাচরণ তর্করত্ব, চঞ্চীচরণ স্থৃতিতীর্থ, রামনাথ তর্কসিদ্ধান্ত, কেদারনাথ বিভারত্ব, মহেশ্চন্দ্র চূড়ামণি, নন্দ-ু কুমার জাররত্ব, কৈলাসনাথ বিভারত্ব, তারাপদ বিভাসাগর, বেণী-মাধ্ব তর্কালকার, বহুনাথ সার্বভৌম, অম্বিকাচরণ ভাররত্ব, বৈকুঠ-নাথ বিষ্ণারত্ব, শিবনারায়ণ শিরোমণি প্রভৃতি দেশ প্রসিদ্ধ পণ্ডিতগণ, রাজা শিরারীমোহন মুখোপাধাায়, কুমার দিনেজনাথ রায়, কুমার ताविका अनाम ताब, ताब ताथानठक ट्रोधूको ( वित्रमान ), ताब यञ्चेक-নাৰ চৌধুরী (টাকী) প্রভৃতি স্থাশিকত, উৎসাহশীল ভূমাধিকারি-भग, अवर माननीय कष्टिम् ( माति ) अक्रमाम वत्नाभाषाय, माननीय স্বরেজনাথ বন্যোপাধ্যার, ইভিয়ান নেশন সম্পাদক মি: এন, খোর, মিরর সম্পাদক বাবু নরেজনাথ সেন, ডেলিনিউর সম্পাদক ডাঙ্কার

জে, বি, ভালি, স্থাশনাল গার্জেন সম্পাদক বাবু শশিস্থাণ মুথোপাধ্যায়, হোপ সম্পাদক বাবু অমৃতলাল রায়, বাবু ভূপেদ্রনাথ বস্থ, রায় শিউবয় বগলা বাহাছর, মি: জে, পাদ্শা, সিংহলের রাইট রেজারেও এন্, সাধনানক প্রভৃতি দেশনায়কগণ উপস্থিত হইয়া-ছিলেন। এতল্পতীত আরও কত যে উকীল, ডাক্তার, জমীদার ও শিক্ষিত ব্যক্তি সমবেত হইয়াছিলেন তাহা বর্ণনা করা যায় না। স্থার রমেশচক্র মিত্র, রাজা স্থার রাধাকান্ত দেবের পুত্র রাজা রাজেদ্রনারায়ণ দেব বাহাছর ও আরও কয়েকজন বিশিষ্ট ব্যক্তি অমুস্থতা নিবন্ধন সভায় উপস্থিত হইতে না পারায় ছঃখ প্রকাশ করিয়া সহামুভৃতিস্টক প্রাদি লিখিয়াছিলেন। সভায় সর্বস্থাতিক্রমে নিম্নলিখিত প্রস্তাবগুলি গৃহীত হইল:—

- (১) এই সভা, হিন্দুধর্মের জন্ম স্থামী বিবেকানন্দ চিকাগোর বিরাট ধর্ম্মসভায় যে মহৎকার্যা সম্পাদন করিয়াছেন ও পরে আমেরিকার অন্তান্ত স্থানে স্থে সকল কার্যা করিয়াছেন তজ্জন্ত ভাঁহার প্রতি বিশেষ কৃতজ্ঞতা প্রদর্শন করিতেছেন।
- (২) এই দভা, চিকাগো মহাসভার সভাপতি, ডাঃ জে, এইচ্, ব্যারোজ, বিজ্ঞানশাথার সভাপতি মিঃ মারউইন মেরী স্নেল ও সাধারণভাবে সকল আমেরিকাবাসীকে স্বামী বিবেকানন্দের প্রতি সহলের ও সহামুভূতিপূর্ণ ব্যবহারের জন্ম আন্তরিক ধন্মবাদ প্রদান করিতেছেন।
- (৩) এই সভা, উপরোক্ত হুইটা প্রস্তাব যথাক্রমে উপরোক্ত ব্যক্তিত্রয়কে ও নিম্নলিথিত পত্রথানি স্বামী বিবেকানন্দকে পাঠাইবার জন্ম সভাপতি মহাশয়কে অন্ধুরোধ করিতেছেন।

#### श्रामी विद्वकानमः।

শ্লীমং বিবেকানন্দ স্বামীর প্রতি।— আর্যা।

আপনি ১৮৯০ সালের সেপ্টেম্বর মাসে চিকাগো মহানগরীর ধর্মদভার অসাধারণ ক্রতিত্বের সহিত হিন্দুধর্মের মাহাত্ম্য ঘোষণা করাতে ১৮৯৪ সালের ৫ই সেপ্টেম্বর তারিথে কলিকাতানগরী ও তির্বিকটবত্ত্তী স্থানসমূহের অধিবাদীর্দ্দ কলিকাতা টাউনহলে একটি মহতা জনসভা আহ্বান করেন। তাহার সভাপতিরূপে আমি আপনাকে অতিশয় আনন্দ সহকারে স্থানীয় হিন্দুসমাজের আস্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করিতেছি।

যাহাদের প্রতিনিধিরপে আপনি হিন্দুধর্মের গৌরবধবজা উড্ডান করিবার জক্ত আমেরিক। গমন করিয়াছিলেন, তাঁহারা আপনার কঠোর আত্মত্যাগ ও তঃসহ কট্ট সম্যক্ হাদয়ক্ষম করিয়াছেন, এবং তাঁহাদের হাদয়ের প্রিয়বস্ত পবিত্র আর্য্যধর্মকে আপনি যে ভাবে বক্তৃতা ও উপদেশাদি ছারা ব্যাখ্যা করিয়াছেন তজ্জ্ঞ আপনি বিশেষভাবে তাঁহাদিগের ধন্তবাদের পাত্র।

আপনি ১৮৯৩ সালের ১৯শে সেপ্টেম্বর মক্ষলবার আপনার অভিনন্দন পত্রে হিন্দু ধর্মের মূলভন্ধগুলি যেরূপ স্থানর ও পরিছার ভাবে ব্রাইরাছেন, মনে হয় একটি বক্তৃতার মধ্যে ঐরূপ স্থান বাখা আর হইতে পারে না। পরে আপনি ঐ বিষয়ে অক্তান্ত ছানে বাহা বলিয়াছেন তাহাও ঠিক ঐরূপ সরল ও বিশুদ্ধ। হিন্দু জাভির তুর্ভাগ্যক্রমে তাহাদের ধর্ম বহুদিন হইতে জগতে অনাদৃত ও মিধ্যারূপে কল্পিত হইয়া আসিতেছে। স্থতরাং বিনি সেই অনাদর দূর ও মিধ্যা করনা নই করিয়া তাহার স্থলে সত্য

### ভারতে জয়োল্লাস।

প্রতিষ্ঠার জন্ম সাহস ও শক্তি সঞ্চর পূর্বক বিদেশে বিভিন্ন-ধর্মী, বিপরীতাচারী লোকের মধ্যে গমন করিয়াছেন তাঁহার প্রতি কৃতক্ষ না হইয়া থাকা যায় না।

যে মহোদয়গণ মহাসভার আয়োজন করিয়াছলেন ও আপনাকে
উৎসাহ ও বলিবার স্থান্যাগ দান করিয়াছিলেন ও যে সকল মহোদয়
শ্রোতা ধার সহিষ্ণু ভাবে ও প্রসন্ধচিত্তে আপনার বচনাবলী প্রবণ
করিয়াছিলেন তাঁহারাও আমাদের কম ধ্যাবাদের পাত্র নহেন।
হিন্দু ধর্মের ইতিহাস পর্য্যালোচনা করিলে দেখা যায় যে এই প্রথম
একজন এই ধর্মের প্রচারক রূপে বিদেশে ও বিধর্মাদিগের মধ্যে
দণ্ডায়মান হইয়াছেন এবং সোভাগ্যক্রমে সেই প্রচারক আপনার স্থায়
একজন কৃতী ও সর্বপ্রণাহিত মহামুভব পুরুষ।

আপনার স্বদেশীরগণ, স্বনাগরিকগণ ও স্বধর্মাগণ মনে করেন যে প্রাচীন ধর্মের প্রকৃত তথা প্রচার জন্ম যদি তাঁহারা আপনাকে হানরের একান্ত সহারুভূতি ও কৃতজ্ঞতা না জানান তাহা হইলে তাঁহারা কর্ত্তবাহানিজনিত গুরুতর অধর্মে লিপ্ত হইবেন। আপনি যে কার্য্য আরম্ভ করিয়াছেন ভগবান্ তাহাতে আপনার সহায় হউন ও তাহা সম্পন্ন করিবার জন্ম আপনার মধ্যে উপযুক্ত বল ও শক্তি সঞ্চার করুন। ইতি

নিবেদক-

শ্রীপিয়ারী মোহন মুখোপাধ্যায়, মভাপতি।"

এই উপলক্ষে বাঁহারা বক্তৃতা দিয়াছিলেন তাঁহাদের মধ্যে বন্ধ-ভাষার বাবু মনোরঞ্জন গুহু ঠাকুরতা ও হেমেক্সনাথ মিত্র মহাশ্রের

#### স্বামী বিবেকানন ।

ও ইংরাজীতে বাবু নরেক্রনাথ সেন, ও মি: এন, ঘোষের বজ্জা অতিশয় হৃদয়গ্রাহী হইয়াছিল।

নরেজ্ঞনাথ সেন মহাশয়ের বক্তৃতার কিয়দংশ এইরূপ ঃ---

"কলিকাতা সহরে এই প্রকার সভা পূর্ব্বে আর কখনও হয় নাই। কারণ অদ্য আমরা কোন উচ্চপদস্ত রাজপুরুষকে সন্মান প্রদর্শন করিবার জন্ম এ স্থানে সমবেত হই নাই। যে হিন্দ সম্মাদী সমুদ্র পারে গমন করিয়া তাঁহার বিদ্যা ও বক্ততা প্রভাবে হিন্দুধর্ম বিস্তারের জন্ম প্রাণুপণ পরিশ্রম করিয়াছেন তাঁহারই সম্মানার্থ আমরা আজ মিলিত হইয়াছি। আর গৌরবের বিষয় এই যে যাঁহার কার্য্যাবলী আলোচনা করিতে আমরা এখানে উপস্থিত ইইয়াছি তিনি একজন ত্রিশবংসর বয়স্ক যুবক মাত্র। তিনি ষে এত অল্প বয়সে তাঁহার অসামান্ত গুণগ্রাম প্রদর্শনে বর্তমান ষুগের সর্বাগ্রণী জাতিকে বিশ্বয়াভিভূত ও মন্ত্রমুগ্ধ করিতে সমর্থ ছইয়াছেন ইহাতে বুঝা যায় এই যুবক কিন্ধপ অসাধারণ শক্তিসম্পন্ন। কথায় বলে সতা ঘটনা কল্পনাচত অপেকা অধিক বিশায়কর। আমার মনে হয় যে সম্প্রতি যাহা ঘটিতেছে তাহা ঔপক্তাসিকের করনাপ্রস্থত আথ্যায়িক। চইতে সমধিক বিচিত্র। আমার মনে স্বিশ্বয়ে এই প্রশ্নের উদয় হইতেছে—'আমরা কি স্বপ্নরাজ্যে বিচরণ করিতেছি প' নতবা চিকাগো নগরের মহাধর্মদভায় স্বামী বিবেকানন্দের অতাম্ভত কৃতকার্য্যতা ও তৎপরে সমগ্র মার্কিন দেশে তাঁহার কার্যাবলী কি প্রকারে সম্ভব হইতে পারে ? তাঁহার সফলতায় হিন্দুজাতি পুনকজীবিত হটখাছে। বাস্তবিক উহাকে তাহাদের বর্তমান অন্ধকারময় ইতিহাসে একটি উজ্জ্বল রেখা বলিয়া নির্দেশ করিতে

### ভারতে জয়োল্লাস।

পারা যায়। কারণ উহার ফলে তাহাদের হৃদয়ে অপূর্ব আশার সঞ্চার হইরাছে। যথন আমাদিগের সকল আশা উন্মূলিতপ্রায় তথন এই প্রতিভাবান্ যুবকের চেপ্তায় আমেরিকায় হিন্দুধর্মের বিজয়লাভে আমরা অনস্ত আশার আলোক দেখিতে পাইতেছি। স্বামী বিবেকানন্দের মত পুরুষ জগতে অতি ত্র্লভ। জাতীয় ইতিহাস রক্ষমঞ্চে শ্রেষ্ঠ নাট্যাংশ অভিনয় করিবার জন্ম তাঁহার জন্ম। \* \* \* আমরা তাঁহার পদান্ধ অনুসরণ করিলে যে অদৃষ্ঠপূর্বর উন্নতির পথে অপ্রসর হইব তাহাতে আর বিন্দুমাত্র সন্দেহ নাই। যিনি দেশের প্রকৃত মঙ্গলকামনা করেন তাঁহার মূলমন্ত্র হউক "কর্মা, কর্মা, কর্মা",—স্বদেশ-ভক্ত স্বামিজী যেরূপ নিজাম ও একনিষ্ঠভাবে কর্মা করিরাছেন তাহা আমাদের সকলেরই অনুকরণযোগ্য এবং তাহার ফ্ল অবশ্বস্তাবী।"

মিঃ এন্ ঘোষের ইংরাজী বক্তৃতার মাধুর্য্য অমুবাদে রক্ষা করা এক প্রকার অসম্ভব। তথাপি পাঠকগণকে উহার মন্ম গ্রহণ করাইবার জ্ঞান্ত উহার কিয়দংশ এম্বলে উদ্ধৃত করিলাম:—

শপুরাকালের গ্রীক্ পণ্ডিত সক্রেটিসের সময় হইতে আজ পর্যান্ত অনেকানেক মনীষি আচার্য্য আপনাদিগের মত প্রচার করিতে প্রয়াস পাইয়াছেন। কিন্তু দেখা যায় সাধারণ লোকে তাঁহাদিগের উপদেশ ও শিক্ষা গ্রহণ করা দ্রে থাকুক্, অবজ্ঞাভরে সে সকল প্রত্যাখ্যান করিয়াছে, এমন কি, অনেকস্থলে উক্ত আচার্য্যগণকে লাঞ্ছিত ও উৎপীড়িত করিতেও কৃষ্টিত হয় নাই। বিবেকানন্দ ব্যতীত আর কেহ কখনও এত অল্পকাল মধ্যে এতাদৃশ সকলতা লাভ করিতে পারেন নাই। বস্তুতঃ বাগ্মিতার ইতিহাদে এরপ অশ্রুতপূর্ব্ব

### স্বামী বিবেকাননা।

বচনবিস্থাসে শ্রোতৃর্দ্ধকে অনায়াসে মুগ্ধ ও চমৎকৃত করিয়াছেন।
কিন্তু একপক্ষে আমেরিকাবাসীদিগের স্ক্রা অন্তর্দৃষ্টি ও গুণগ্রাহিতা
এবং অপরপক্ষে বিবেকানদের অতুলনীয় বক্তৃতা—এতহভরের
মধ্যে কোন্টি যে অধিকতর প্রশংসনীয় তাহা ঠিক করিয়া বলা
কঠিন। এরূপ অপূর্ব বিজয়লাভের বার্ত্তা ইতিহাসে আর লিখিত
নাই। বৃদ্ধ, বীশু, মহম্মদ, কংফুছো প্রভৃতি মহামতি জগদ্গুরুগণের মধ্যেও কেহই প্রথম উন্তর্মে শত শত ব্যক্তিকে স্বীয় ধর্ম্মত
গ্রহণ করাইতে পারেন নাই। কিন্তু এই হিন্দু ধর্ম-প্রচারক, পীতবসনধারী সন্ন্যাসী, চেষ্টামাত্রেই শত শত লোকের মন হইতে
বন্ত্র্গসঞ্চিত ভ্রান্ত সক্ষম হইরাছেন—যে ধর্ম্মের কথা তাহারা পূর্বে
কথনও শুনে নাই, বা শুনিলেও স্থানের চক্ষে দেখিত, বিশেষতঃ
এই মৃগে, যথন মানবহাদয়ে ধর্ম্ম ভাব ক্রমশঃ লুপ্তপ্রায়। \* \*

কিন্তু এই মহাপ্রাণ পুরুষের খ্যাতি কেবল একটি বক্তৃতার উপরই প্রতিষ্ঠিত নহে। মহাধর্মসভার বক্তৃতাফলে তিনি সাধার-ণের নিকট পরিচিত হইয়াছিলেন বটে, কিন্তু তাঁহার কার্য্য সেই খানেই শেষ হয় নাই। ইত্যাদি—"

তৎকালে দেশের লোক স্বামিজীর এপ্রতি কিরপ ভাব পোষণ করিতেছিলেন তাহা উপরোক্ত বক্তাসমূহ হইতে কতকটা অমুমান করিতে পারা যায়। তথন ভারতের এক প্রান্ত হইতে অপর প্রান্ত পর্যান্ত শুর্ তাঁহারই নাম উচ্চরবে বোষিত হইতেছে। তিনি তথন আর্য্যাবর্ত্তের প্রধান গৌরবস্তম্ভ, আর্য্যজাতির আশাস্থল ও আর্য্যধর্মের বরণীয় আচার্য্যরূপে সকল হাদরে প্রতিষ্ঠিত হইয়াছেন।

## প্রকৃত কাষ্যারম্ভ।

বক্তৃতা-কোম্পানীর কার্যাভার গ্রহণ করিয়া স্বামিক্সীকে অনেক স্থানে বুরিতে হইয়াছিল ইহা আমরা পূর্বের দেখিয়াছি। তারপর তাহার সম্বন্ধ ত্যাগ করিয়া তিনি স্বাধীন ভাবেও বছ স্থানে ভ্রমণ করিয়া প্রকাশভাবে বক্তৃতা বা লোকের বাটীতে বৈঠক অথবা ক্লাস করিয়া উপদেশাদি দিতেন। এইরূপে এক বৎসর ষাইতে না যাইতে তিনি আটুলান্টিকের উপকৃল হইতে মিসি-সিপি नमीत जीत পर्शास সমুদয় প্রদেশের প্রত্যেক প্রধান সহরে ঘুরিয়াছিলেন এবং অসংখ্য সাধারণ সভা ও বিশেষ বিশেষ ব্যক্তির জন্ম আহুত কুন্ত্র বৈঠকে বক্তৃতা ও লোক-শিকা দিয়া-ছিলেন। হর্জাগ্যের বিষয়, এই সময়কার কার্য্যবিলীর বিশেষ বিবরণ এক্ষণে হপ্রাপ্য। তিনি যেথানেই যাইতেন কা**হা**রও না কাহারও গৃহে আতিথা গ্রহণ করিতেন। ডেট্রয়েটে তিনি প্রায় একমাস মিচিগানের ভতপুর্ব গ্বর্ণর জন, এইচ, ব্যাগ্লি মহোদয়ের স্থশিক্ষিতা ও ধর্মশীলা বিধবা-পত্নীর গৃহে অতিথি ছিলেন। এই অশেষ খণবতী রুমণী প্রায় বলিতেন 'এই কালে স্বামিজীর মুথে যে সব কথা শুনিতে পাওয়া যাইত তাহাতে জগতের সর্বশ্রেষ্ঠ জ্ঞান নিহিত ছিল।—তাঁহার পবিত্র, সৌমা মূর্ত্তি ও সারগর্ভ उभामभावनी (यम क्रामीश्वात्व विस्मय आमीर्खाम विनया मान इहेछ।' মিদেদ ব্যাগলীর গৃহ ত্যাগ করিয়া স্বামিজী ছই সপ্তাহ মাননীয় अब्रिक, शामात्र महामृद्यत वातिएक याश्रम कतिशावितम । होन

### স্বামী বিবেকানন্দ।

বিশ্ব-শিল্প-মেলাপরিষদের সভাপতি ও পূর্বেমার্কিন দেশের একজন **দেনেটর (মহাসভার সভা) ও ম্পেন দেশে মার্কিণের রাজদুত** ছিলেন। অন্ত কোপাও ঘাইবার কথা না থাকিলে বা কোন স্থান হইতে নিমন্ত্রণ না আসিলে স্বামিজী প্রায় চিকাগোর জর্জ হেল সাহেবের বাটীতে অবস্থান করিতেন। ১৮৯৪ সালের ফেব্রুয়ারী মাসে ডেট্রয়েটের ইউনিটেরিয়ান চার্চেক তকগুলি ক্রমিক বক্তত। দেওয়ার পর তিনি মার্চ্চ মাদ চিকাগোয়, এপ্রিল মাদ নিউইয়র্কে, ও মে মাস বোষ্টনে অতিবাহিত করিলেন। জ্বন মাসটাও চিকাগোর কাটাইলেন, আর গ্রীথ্মের মধ্যভাগে নিউইংলণ্ডের অন্তর্গত গ্রীন একার (Greenacre) নামক স্থানে কতকগুলি বক্ততা দিলেন। সেখানে তথন 'গ্রীন একার কনফারেল্য' নামক সমিতির কতকগুলি অধিবেশন হইতেছিল, ও তিনি সেই অধিবেশন সমূহে বক্ততা দিবার জন্ম আহুত হটয়াছিলেন। এখানে জন কতক আগ্রহশীল ছাত্র জুটিয়াছিল। ভাগারা একটি প্রাচীন দেবদারু বুক্ষের ভলে আসনপিঁতি হইয়া বদিয়া স্বামিজীর মুখে বেদান্ত ব্যাখ্যা শ্রবণ করিত। তদবধি সকলে ঐ বৃক্ষটিকে 'বামিজীর দেবদারু' বৃক্ষ ( 'Swamijis Pine' ) বলিয়া অভিহিত করিয়া পাকে।

এই অধিবেশনগুলির কার্য্য-বিবরণ বিবিধ-ধর্ম্মালোচনা-বিষয়ক বিস্তালয়ের (School of Comparative Religions) সাহায্যে বহুদুর পর্যান্ত বিস্তৃত হইয়াছিল। ক্রকলিন নৈতিক সভার (Ethical Association) বহুগুণান্থিত উদারমতি সভাপতি মৃত ডাক্তার লুইস্ জি, জেন্স্ (Lewis G. Janes) মহোদয় ঐ বিদ্যালয়ের প্রধান পরিচালক ছিলেন। গ্রীণ একারের কার্য্য শেষ হইলে স্থামিজী

## প্রকৃত কার্য্যারম্ভ।

সেথানে তাঁহার অবিনশ্বর স্থৃতি অভিত রাখিয়া বোষ্টন, চিকাগো ও নিউইয়র্ক সহরের মধ্যে ও আশেপাশে বক্তৃতা দিবার জ্ঞস্ত তত্তত্য শিক্ষা ও সমাজনেতৃগণ কর্ত্তক আহুত হইলেন। এইরূপে অক্টোবরের শেষভাগ বাল্টিমোর ও ওয়াশিংটনে কাটিল। নভেম্বরে ভিনি বোষ্টন হইতে পুনরায় নিউইয়র্কে আসিলেন। ইতিপুর্বের যে ক্ষরবার তিনি নিউইয়র্কে আসিয়াছিলেন সেই ক্য়বার্ই কাহারও না কাহারও গ্রহে আতিথা গ্রহণ করিয়াছিলেন। বক্ততাও গু'চারিটা দিয়াছিলেন কিন্তু তাহাতে বেশ বীতিমত কাৰ্যা হয় নাই। ঐকপ একটি বক্তভাষ্ঠানে স্বামিজীর সহিত পুর্বোলিধিত ডাক্তার লুইস জেনস সাহেবের আলাপ হয়। তিনি স্বামিজীর কথোপকথন শ্রবণে ও গুণ্গ্রাম দর্শনে এতদুর মুগ্ধ হইলেন যে ক্রকলিন নৈতিক স্ভার সমক্ষে হিন্দু ধর্ম সম্বন্ধে কভকগুলি ধারাবাহিক বক্তৃতা দিবার জন্ত তৎক্ষণাৎ তাঁহাকে নিমন্ত্রণ করিলেন, স্বামিজীও সাদরে তাঁহার স্থামন্ত্রণ করিলেন। সেই হইতে ক্লেন্স্ সাহেবের সহিত তাঁহার আমরণ সৌহার্দ্ধ স্থাপিত হয়। ৩১শে ডিদেশ্বর স্বামিকী ব্রুকলিনে তাঁহার প্রথম বক্তৃতা দিলেন। এই এক বক্তৃতাতেই আসর জমিয়া গেল, কারণ দভাটি বৃহৎ ও তাহাতে উৎসাহশীল শ্রোতার অভাব ছিল না। তাঁহারা স্বামিজীর বজ্তায় এতদ্র আরুষ্ট হইলেন যে সভার কার্যা শেষ হইবা মাত্র চতুর্দিক হইতে রীতিমত শিক্ষাদানের ব্যবস্থা করিবার জন্ম পুনঃ পুনঃ তাঁহাকে অমুরোধ করিতে লাগিলেন। স্বামিজী সানন্দে তাঁহাদের প্রস্তাবে স্থাত হইলে, পর পর অনেকগুলি কুদ্র কুদ্র আলোচনা-সভা বসিল এবং 'পাউচ ম্যানসন' নামক ভবনে অনেকগুলি সাধারণ

#### স্বামী বিবৈকানন।

বক্তৃতাও হইয়া গেল। এ সম্বন্ধে 'ব্ৰুকলিন ষ্ট্যাণ্ডার্ড' নামক সংবাদ পত্ৰ লিখিয়াছিলেন:—

"বিবেকানন্দের আগমনের পূর্ব্ব হইতেই তাঁহার কীর্ত্তিকথা লোকের মূথে মূথে ফিরিতেছিল। সকলেই তাঁহার অপূর্ব্ব বিদ্যা, বাগ্মিতা, রসিকতা, সারল্য ও চরিত্রের পবিত্রতার কথা শুনিয়া তাঁহাকে দেখিবার জন্ম উৎস্কুক হইয়াছিল, ও তাঁহার নিকট হইতে অনেক মহন্বস্থ লাভের আশা করিয়াছিল। তাহাদের এ আশা নিক্ষল হয় নাই। আচাগ্য বিবেকানন্দ প্রকৃতই একজন অতি উচ্চ শ্রেণীর লোক। এমন কি, লোকের মূথে যাহা শুনিতে পাওয়া বায় তিনি তাহা অপেক্ষাও মহন্তর। তাঁহার বক্তৃতাশুলি অতিশয় হদম্গ্রাহী" ইত্যাদি—

১৮৯৫ সালের কেব্রুয়ারী মাস হইতে নিউইয়র্কে ধারাবাহিক বক্তৃতার স্ব্রেপাত হইল। এইথান হইতেই প্রকৃত কার্য্যের আরম্ভ । স্থামিক্ষী এখন হইতে এদিক ওদিক যাওয়া বন্ধ ও নিমন্ত্রণ রক্ষা স্থাসিত রাখিয়া নিজে স্থামীভাবে নিউইয়র্কে একটি বাসা লইয়া বাস করিতে লাগিলেন। এখন আর নাম যশঃ তাঁহার ভাল লাগিতেছিল না। তিনি ব্বিতে পারিয়াছিলেন যে কতকগুলি স্ত্যানিষ্ঠ, উৎসাহশীল ছাত্র না পাইলে ও তাহাদিগকে উপযুক্ত শিক্ষা দিয়া গঠিত করিতে না পারিলে তাঁহার প্রকৃত উদ্দেশ্ত সিদ্ধ হইবে না। অভা লোক হইলে মনে করিত 'আর কি ? এই খ্র হইয়াছে—এত নাম যশঃ পশার প্রতিপত্তি—আর কি চাই ?' কিছু স্থামিজী ওরূপ অস্থানারশৃত্ত রুণা গর্কিত হইবার লোকছিলেন না। তিনি বেশ ব্রিতে পারিলেন, নাম যশটা নিতাক্ত

বাহিরের জিনিষ—উপরে দেখিতে খব ভাল বটে. বাহা চাকচিক্যও যথেষ্ট, কিন্তু প্রকৃত কর্ম্ম-দাফলা লাভ করিতে হইলে ওরূপ ভাসা ভাসা ভাবে কাজ করিলে চলিবে না. ভিতরে প্রবেশ করিতে হইবে ও ভবিষ্যতে তাঁহার আরব্ধ কার্য্য চালাইবার জন্ম একদল কর্মাক্ষম লোক প্রস্তুত করিতে হইবে। সেই জন্ম তিনি এক্ষণে রীতিমত ক্লাদ খুলিয়া বিনামূল্যে শিক্ষা দিতে আরম্ভ করিলেন ও তাহার সমুদয় বায়ভার নিজে বহন করিতে লাগিলেন। বক্ততা-কোম্পা-ণীর কার্যো লব্ধ অই এইরূপে ব্যয়িত হইতে লাগিল, এবং এই ধর্ম-সভার ব্যয় নির্বাহার্থ তিনি ধন্ম বাতীত অন্তান্ত বিষয়েও বক্তৃতা দিতে লাগিলেন। এই সময়ে ভিনি পূর্বাপেকা আরও গুরুতর পরিশ্রম করিতে লাগিলেন। প্রায় সমস্ত কণ্ট লোক-শিকাদানে নিযুক্ত থাকিতেন এবং কয়েকজন বাৰ্ছা বাছা শিখ্যকে নিয়ম করিয়া ধ্যান ধারণা শিক্ষা দিতেন। ধ্যান শিক্ষা দিতে গিয়া কিন্তু সময়ে সময়ে নিজে এমন ধ্যানমগ্ন হইয়া পড়িতেন যে সহজে বাছা-চৈতন্য ফিরিত না। তাঁহার শিষোরা তথন গারে গারে উঠিয়া ঘর হইতে वाहित इहेन्ना याहेरहन। धान छन्न इहेरल जामिकी निकानान অপেক্ষা ধাানের ভাব অধিক প্রবল হওয়ার জন্ম নিজের উপর বিরক্ত হইতেন এবং ভবিষ্যতে যাহাতে এরপ না ঘটে তাহার জ্ঞা বিশেষ সতর্ক পাকিতে চেষ্টা করিতেন। তুই একজন শিষ্য নিকটে থাকিলে তিনি একটি নাম শিথাইয়া বলিয়া রাথিতেন যদি হঠাৎ তাঁহার গভীর ধ্যান বা সমাধি অবস্থ। আসিয়া পড়ে তবে ঐ নাম কর্ণে শুনাইলে তৎক্ষণাৎ ধ্যান ভঙ্গ হইবে। কথন কখন তিনি অফুচ্চস্বরে বেদ বা উপনিষদের শ্লোক আবৃত্তি বা কোন

## स्राभौ विद्यकानमः।

সংস্কৃত শ্লোক উচ্চারণ করিতেন। তাঁহার শরীর হইতে যেন সত্য সত্য আধ্যাত্মিক তেজ ফুটিয়া বাহির হইত। বাস্তবিক দক্ষিণে-খরে শ্রীশ্রীঠাকুরের চতুম্পার্শ্বে যে গভীর শান্তি ও আধ্যাত্মিক আনন্দ বিরাজ করিত এক্ষণে স্থাপুর আমেরিকায় শ্বামিজীর পার্শ্বেও যেন ঠিক সেইরূপ শাস্তি ও আনন্দের ভাব উপলিয়া উঠিতেছিল।

ওদেশের একজন বিখ্যাত লেখক এই সময়ে স্বামিজীকে দেখিয়া লিখিয়াছিলেন :—

"বাহার। তাঁহাকে দর্শন ও তাঁহার বক্তৃতা প্রবণ করিরাছেন তাঁহার। চিরদিন তাঁহার মনোহর ব্যবহার, প্রতিভার স্থর্গীয় জ্যোতি-মণ্ডিত শিশুর স্থায় সরল সহাস্থ্য বদন, বাঁণাবিনিন্দিত গন্তীর কণ্ঠধ্বনি ও সর্ব্বোপরি তাঁহার অসাধারণ বাগ্মিতার বিষয় স্মরণ রাখিবেন। তাঁহার বক্তৃতাশক্তি এতদুর বিস্ময়কর যে তদ্দর্শনে প্রোত্বর্গের অন্তন্তল ভেদ করিয়া স্বতঃই এই কথা নিঃস্ত হয় 'দেবতার বরে এরূপ অপুর্ব্ব বাগ্মিতার অধিকার জন্মিয়াছে'।"

এবার নিউইয়র্কে আসিয়া স্বামিজী সাধারণের দৃষ্টির অন্তরালে থাকিবার জন্ম ঘথাসাধ্য চেষ্টা করিলেও সংবাদপত্ত সমৃহে তাঁহার মহম্মে সর্বদাই কিছু না কিছু প্রকাশিত হইত। অন্তান্ত পত্রের কথা ছাড়িয়া স্থবিখ্যাত 'নিউইয়র্ক ক্রিটিক' হইতে নিম্নলিধিত সংশটি এখানে উদ্ধৃত হইলঃ—

"He has preached in clubs and churches until his faith has become familiar to us. His culture, his eloquence, and his fascinating personality have given us a new idea of Hindu civilisation. \* \* \* His fine,

intelligent face and his deep musical voice preposseses one at once in his favour. \* \* \* He speaks without notes, presenting his facts and his conclusions with the greatest art and the most convincing sincerity and rising often to rich inspiring eloquence."

"সভাসমিতি ও ধর্মমন্দিরে বহুবার তাঁহার বক্তৃতা শুনিয়া তাঁহার ধর্মমতের সহিত আমাদের ঘনিষ্ঠ পরিচয় হইয়াছে এবং তাঁহার বিল্ঞা, বাগ্মিতা ও মধুর ব্যবহার দর্শনে হিন্দু-সভ্যতা সম্বন্ধে নৃত্ন ধারণা জন্মিয়াছে। তাঁহার প্রতিভাদীপ্ত মুথমণ্ডল ও গীতধ্বনিবৎ স্থমিষ্ট কঠুম্বর তাঁহার প্রতিশীঘ্রই অনুরাগের সঞ্চার করে। তিনি বক্তৃতা দিবার সময় কোন কাগজ পত্র দেখিয়া বলেন না, অথচ বর্ণনীয় বিষয় ও সিদ্ধান্ত সমূহ এরপ কৌশলের সহিত ও প্রাণাস্পর্শী ভাবায় বলেন যে তাহাতে শ্রোত্বর্গের বিশ্বাস উৎপাদন অনিবার্য।"

'নিউইয়র্ক ফ্রেনলজিক্যাল জর্ন্যাল' অর্থাৎ করোট-বিজ্ঞান বিষয়ক পত্ত্রেও স্থামিজী সম্বন্ধে কতকগুলি কৌতুককর মস্তব্য ' প্রকাশিত হইয়াছিল। আমরা এথানে সেগুলি পাঠককে উপহার না দিয়া থাকিতে পারিলাম না:—

"স্বামী বিবেকানন্দ অনেক বিষয়ে তাঁহার স্বজ্ঞাতীয়গণের একটা উৎকৃষ্ট নমুনা। তিনি দৈর্ঘ্যে পাঁচ ফিট সাড়ে আট ইঞ্চি এবং তাঁহার ওজন ১৭০ পাউও অর্থাৎ তুই মণের উপর। তাঁহার মন্তকের উপরি ভাগের পরিধি এক কাণ হইতে অপর কাণ পর্যান্ত পৌনে বাইশ ইঞ্চি। স্কৃতরাং দেখা যাইতেছে যে তাঁহার মন্তিজ্বের পরিমাণ দৈহিক আয়তনের অনুপাতে ঠিক আছে। তিনি যেস্থানে

### স্বামী বিবেকানন্দ।

তাঁহার বৃদ্ধিরুত্তির উপযোগী ও অফুকুল কর্ম পাইবেন সেই খানেই স্বচ্চল চিত্তে থাকিতে পারিবেন এবং তাঁহার বন্ধত্বের অর্থ তৎ-প্রচারিত কার্যোর প্রতি যাঁহারা উৎসাহ প্রকাশ করেন তাঁহাদের প্রতি ক্বভজ্ঞতা। তাঁহার মনোবুদ্ধিসমূহ এতদুর কোমল যে তাহাতে দাম্পত্য ভাবের পোষণ অসম্ভব। আর তিনি নিজেও স্বীকার করেন যে আজ পর্যান্ত তিনি কোন স্ত্রীলোককে প্রণয়ীর চক্ষে দেখেন নাই। তিনি হল্বের অবিরোধী, এবং বিশুদ্ধ অহিংসা ধর্ম শিক্ষা দেন, স্থতরাং আশা করিয়াছিলাম কর্ণমূলের নিকট মস্তকের যে অংশ দ্বন্দ্র ও হিংসাব্ভির পরিচায়ক তাঁহার মন্তকের সেই অংশ সঙ্কীর্ণ হইবে এবং দেখিলামও ভাহাই। কিঞ্চিদুদ্ধে অর্থোপার্জ্জন ও সঞ্চয় এই তুই স্থানের পরিধিতেও এরপ সঙ্কীর্ণত। লক্ষ্য করিলাম। তিনি নিজেও সংক্ষেপে বলিয়াছেন যে তিনি বিষয় সম্পত্তির কোন ধার ধারেন না এবং তাঁহার কোন সঞ্চিত ধন নাই। আমেরিকান मिरा कर्ल এই कथा विमनुम खनात्र मरम्बर नारे, किन्द এ कथा স্বীকার করিতেই হইবে যে জাঁহার মুখমগুলে যেরূপ শান্তি ও সম্ভোষের চিহ্ন বিশ্বমান তাহা রদেল সেজ (Russel Sage), হেটী গ্রীণ (Hetty Green) এবং আমাদের অনেক ক্রোড়-পতিদিগের মুখেও দেখিতে পাওয়া যায় না। দুঢ় প্রতিজ্ঞতা ও ধর্মজ্ঞান পূর্ণমাত্রায় প্রকটিত এবং পরোপ্রকার-প্রবৃত্তি স্থপরিক্ষৃট। লশাট-প্রান্তবয়ের বিস্তৃতি হইতে সঙ্গীতের প্রতি আসক্তি স্পষ্ট বুঝিতে পারা যায়। বিশাল চকুর্দরে অসাধারণ স্থাতিশক্তির পরিচন্ন স্থব্যক্ত এবং অভুত বাগ্মিতার নিদর্শন স্থচিত। ললাটের উর্দ্ধ-ভাগে কারণামুসদ্ধান-প্রবৃত্তি, মহুবা-চরিত্রের জ্ঞান ও অমায়িকভার

### প্রকৃত কার্য্যারম্ভ।

ভাব পূর্ণ মাত্রায় বিরাজিত। তাঁহার মন্তিদ্ধযন্ত্রের লক্ষণসমূহ মোটের উপর এই ভাবে নির্দেশ করা যাইতে পারে যে দলা, সহামুভূতি, দার্শনিক বৃদ্ধিমত্তা ও উচ্চশিক্ষা-সম্বন্ধীয় কৃতকার্য্যতা লাভের আকাজ্জা তাঁহার চরিত্রের প্রধান অঙ্গ। তিনি কলিকাতা বিশ্ববিস্থালয়ের উপাধিধারী এবং এরূপ বিশুদ্ধ ইংরাজী বলেন যে মনে হয় যেন ইংলণ্ডেই তাঁহার জন্ম। ১তিনি বিশ্বশিল্প মেলায় যে উদার ভাব প্রদর্শন করিয়াছিলেন যদি আর কিছু না করিয়া কেবল তাহারই বৃদ্ধি সাধনে যত্ববান হন তাহা হইলে তাঁহার এদেশে আগ্রমনের উদ্দেশ্য যে সম্পূর্ণ সার্থক ও স্কুসিদ্ধ হইবে সে বিষয়ে আর কোন সন্দেহ নাই।"

একদিকে স্থামিজী এত প্রশংসা ও সম্মান লাভ করিতেছিলেন, আর এক দিকে আবার তিনি একদল লোকের নিরতিশয় ঈর্ষার পাত্র হুইয়া উঠিয়াছিলেন। তিনি নিজে মহর্ষি ঈশার একজন পরম ভক্ত ছিলেন, কিন্তু তাঁহার ঝ্যাতি প্রতিপ্রতি দর্শনে গোড়া ক্রিশ্চানরা নিজেদের স্থার্থহানি সম্ভাবনা দেখিয়া নানা প্রকারে ক্রিক্স্লাচরণ করিতে লাগিল। এ সম্বন্ধে স্থামিজী স্থামি-শিষ্য সংবাদ প্রণেতা শ্রন্ধে শর্ম বার্কে, স্বয়ং এইরূপ বলিয়াছিলেন—

শরৎ বাবু জিজ্ঞাসা করিলেন "আছে৷ মশায়, গোঁড়া ক্রিশ্চানের৷ সেথানে আপনার বিপক্ষ হয় নাই ?

স্বামিজী। হ'রে ছিল বৈকি । আবার বধন গোকে আমার থাতির কর্ম্বে লাগ্ল তথন পান্তীরা আমার পেছনে খুব লাগ্ল। আমার নামে কত কুৎসা কাগজে লিখে রটনা করেছিল। কত লোক আমার তার প্রতিবাদ কর্ম্বে বলত। আমি কিন্ধ কিছু গ্রাহ্ম কন্তুম

### श्रामी विदेवकानमा।

না। আমার দৃঢ় বিশ্বাস চালাকী দারা জগতে কোনও মহৎকার্য্য হয় না : তাই ঐ সকল অল্লীল কুৎসায় কর্ণপাত না ক'রে ধীরে ধীরে আপনার কাজ করে যেতুম। দেখতেও পেতুম, অনেক সময়ে ধারা আমায় অয়ণা গালমন্দ করত তারা অমুতপ্ত হয়ে আমার শরণ নিত এবং নিজেরাই কাগজে Contradict (প্রতিবাদ) করে ক্ষমা চাহিত। কখনও কখনও এমনও হয়েছে—আমায় কোনও বাডীতে নিমন্ত্রণ করেছে দেখে কেহ আমার নামে ঐ সকল মিথ্যা কুৎসা বাডী ওয়ালাকে শুনিয়ে দিয়েছে। তাই শুনে সে দোর বন্ধ করে কোপায় চলে গ্রেছে। আমি নিমন্ত্রণ রক্ষা করতে গিয়ে দেখি--- সব ভোঁ ভাঁ—কেউ নাই। আবার কিছুদিন পরে তারাই সত্য কথা জানতে পেরে অতুতপ্ত হয়ে আমার চেলা হতে এসেছে। কি कार्तिम् वावा, मःमाद्र मवरे छनियानात्री। ठिक मरमारमी छ জ্ঞানী কি এ সব জুনিয়াদারীতে ভোলেরে বাপ 🗽 জগৎ যা ইচ্ছে বলুক, আমার কর্ত্তব্য কার্য্য করে চলে যাব—এই জানবি বীরের কাজ। নতুবা এ কি বল্ছে, ও কি বল্ছে. এসব নিয়ে দিনুৱাত থাকলে জগতে কোন মহৎ কাজ করা যায় না।"

( স্বামিশিয়্য সংবাদ পুর্বভাগ ১৪৯—১৫০ পৃ: )

শুধু নিম্নশ্রেণীর খ্রীষ্টান পাজীরাই যে তাঁহার কার্য্যে বাধা দিয়াছিল তাহা নহে। ঐ সময়ে কিছুদিন পরে মাজ্রাজের 'ব্রহ্ম-বাদিন' কাগজে প্রকাশিত স্বামী রূপানন্দ নামক একজন আমে-রিকান শিষোর পত্রে আমর। দেখিতে পাই স্বামিজীকে নানা বিম্ন বিপত্তির মধ্য দিয়া কার্যা করিতে হইয়াছিল। মূল পত্র থানি এত স্থান্দর যে তাহা আমরা সম্পূর্ণভাবে পরিশিষ্টে সন্মিবেশ করিতে

### প্রকৃত কার্য্যারম্ভ।

বাধ্য হইয়াছি। ঐ পত্র পাঠে জানা যায় সে সময় স্থসভ্য মার্কিণ দেশে লোকের অজতার অভাব ছিল না। ধর্মের নামে লোকে যতরকম আজগুরি কথাই বলুক না কেন, আর যত রকম জুয়াচুরীই করুক না কেন, আমেরিকায় চলিয়া যাইত। একটা অলৌকিক কিছু দেখিবার বা শুনিবার জন্ত লোক হাঁ করিয়া থাকিত এবং তাহাদিগের অস্বাভাবিক কৌতৃহলবৃত্তি চরিতার্থ করিবার জন্ত অর্থবায় করিতেও কাতর হইত না। প্রবঞ্কের দলও সুযোগ পাইয়া শত শত সম্প্রদায় সৃষ্টি করিয়াছিল এবং ভূত, প্রেত, মহাত্মা, ভবিষ্যৎবক্তা প্রভৃতি দেখাইবার ছুতা করিয়া অগ্রিম ২৫ হইতে ১০০ ডলার পর্য্যস্ত শুধ প্রবেশের দক্ষিণা বলিয়া গ্রহণ করিত। কুপানন্দ বলেন ঠিক যেন মধ্যবুগ ফিরিয়া আসিয়াছিল। এই শঠতা, প্রবঞ্চনা, থেয়াল, কলনা ও कुनःश्वादात खेर्बादकाटक श्वामिको त्वामत महिममत धर्म, त्वनारसत গভীর দার্শনিক তত্ত্ব ও প্রাচীন ঋষিদিগের অমুপম জ্ঞানবার্ত্তা বিতরণ করিতে অবতীর্ণ হইলেন। পুতিগন্ধময় বিরাট আবর্জনান্ত প পরিষ্কার করিয়া তাহার স্থানে স্বর্ত্তি পুস্পোদ্যান-সমন্বিত শিক-মন্দির প্রতিষ্ঠা করিতে হইবে। বুঝুন কি কঠিন কার্যা। প্রথম প্রথম রাশি রাশি বোক তাঁহার ব্রক্তুতা শুনিবার জন্ম দৌড়াইয়া আসিল। কিন্তু তাহাদের মধ্যে সকলেই যে ধর্মপিপাস তাহা নহে। কৌতৃহলপরায়ণ ভূজুকপ্রিয় লোক ছিল, স্থাবার কতক পূর্ব-ক্থিত জুয়াচোরের দলও ছিল। এই শেষোক্ত লোকেরা স্বামিজীকে काहारमञ्ज मत्म होनिया नहेबात (हर्षे कतिम ७ छाहात कार्यात স্ত্রবিধা করিয়া দিবে বলিয়া নানাক্রপ সাহায্যের প্রত্যাশা ও ্তালোভন দেখাইল। শেষে আবার তাহাদের সহিত না মিশিলে

#### श्वामौ विद्वकानन।

তাঁহার অনিষ্ট ও কার্য্যের ক্ষতি করিবে এই বলিয়া ভর প্রদর্শনপ্ত করিল। কিন্তু তাহাদের কাহারও উদ্দেশ্য সিদ্ধ হইল না। তিনি সকল প্রস্তাবের একই উত্তর দিলেন,—"আমি সত্যের সার্থী। সত্য কথনও মিগার সহিত স্থা-পাশে আবদ্ধ হইতে পারে না। যদি সমগ্র বিশ্ব আমার বিরুদ্ধে দপ্তায়মান হয় তথাপি পরিণামে সত্যেরই জয় হইবে।" তিনি শঠতা, প্রবঞ্চনা ও কুসংস্কারকে স্থার সহিত দ্রে পরিহার করিলেন তাহারাও তাঁহার তেজ সহ্থ করিতে না পারিয়া ক্রমশং সরিয়া প্রভিল।

খুষ্টান পাঞ্জীদের কথা ত পুর্বেই উল্লিখিত হইয়ছে। কুপানন্দ স্বামীও ইহাদের বিক্লছাচরণের কথা লিখিয়াছেন। কিন্তু উহাদের অপেক্ষাও একদল যোগ্যতর প্রতিহন্দী স্বামিজীর বিক্লছে লাগিয়াছিল। তাহারা সাধারণতঃ Preethinkers বা স্বাধীন-চিন্তানীল সম্প্রদায় নামে অভিহিত। নিরীশ্বরবাদী, ক্ষড়বাদী, অজ্ঞেয়বাদী, মুক্তিবাদী (Rationalists) প্রভৃতি ধর্ম্মের বিরোধী সকল শ্রেণীর লোকই এই সম্প্রদায়ের অন্তর্গত। ইহারা মনে করিয়াছিল স্বামিজীকে তুড়ি মারিয়া উড়াইয়া দিবে। এইরূপ ধারণার বনবর্ত্তী হইয়া ইহারা স্বামিজীকে নিউইয়র্কে তাহাদের সমাজ-গৃহে বক্তৃতা দিবার জন্ম আহ্বান করিল। মনে দৃঢ় বিশ্বাস ছিল যে তাহারা তর্ক যুক্তি ও বিজ্ঞানের বুক্নি দিয়া অতি সহজ্ঞেই ধর্ম্মের অসারত্ব প্রতিগন্ধ করিতে পারিবে এবং সেই মতলবে নিজেদের বন্ধ শিল্পামস্তকেও নিমন্ত্রণ করিয়াছিল। স্বামিজী তাহাদের আহ্বানে একাকী নিঃশঙ্কচিত্তে তাহাদের সভাগৃহে উপস্থিত হইলে তাহারা সদলবলে তাঁহার সহিত ভর্কে প্রবৃত্ত হইল। বাের তর্ক চলিল—তাহারা মহা দত্তে পদার্থ

## প্রকৃত কার্য্যারম্ভ।

(Matter), শক্তি (Force), বংশামুগতিকতা (Heredity), প্রাক্তনিক নিয়ম, স্থায়শাস্ত্র, সাধারণ বুদ্ধি প্রভৃতি জড়বাদিদের ঝুলিতে যা কিছু চোথাচোথা ব্রহ্মাস্ত্র আছে তাহা একে একে ছাড়িতে লাগিল, কিছু কি বিপদ! দেখিল, যে সকল বড় বড় কথা শুনিয়া মূর্য জনসাধারণ সহজেই বাবড়াইয়া যায় স্বামিজীয় নিকট দেগুলি সম্পূর্ণ বার্য হইল। তিনি শুধু অবৈতেরই প্রচারক নহেন, জড়বাদীদের সব যুক্তি তর্ক যেন তাঁহার নথদর্পণে। তিনি স্ক্র বিচার দারা তাহাদের সকল যুক্তি তর্ক থশুন করিলেন ও সম্পূর্ণভাবে তাঁহার প্রতিষ্ক্রীগণকে নিরুত্র করিলেন।

তাঁহার এদিনকার বক্তৃতার ফল সঙ্গে সংসে ফলিল। প্রদিন দলে দলে জড়বাদীদের শিষাগণ তাঁহার নিকট আসিয়া ঈশার ও ধর্ম সম্বন্ধীয় অমৃতময় উপদেশ প্রার্থনা করিল।

এইরপে ক্রমশঃ অরে অরে ধীরে ধীরে স্বামীজি আপনার কার্য্য বিস্তার করিতে লাগিলেন ও দিন দিন তাঁহার উপর লোকের শ্রন্ধা ও অনুরাগ উত্তরোত্তর বর্দ্ধিত হইতে লাগিল। কালক্রমে তিনি আমেরিকার অনেক বিখ্যাত ও শীর্ষস্থানীয় ব্যক্তির সংস্পর্শে আসিয়াছিলেন, কিন্তু তাঁহার খ্যাতি যতই বাড়িতে লাগিল ততই তাঁহার বাবহারে অধিকতর বিনয় ও নম্রতা প্রকাশ পাইতে লাগিল। ইতিমধ্যে কলিকাতা টাউনহল-সভার পত্র ও ভারতের অভ্যাভ স্থানের অনুমোদন ও অভিনন্দন লিপি তাঁহার হস্তগত হইল। তিনি স্বদেশীয়-গণের উৎসাহ দর্শনে আরও উৎসাহিত হইয়া উঠিলেন এবং একান্ত-টিত্তে জগদীশ্বরের চরণে প্রার্থনা করিতে লাগিলেন যেন তিনি সনাতন ধর্ম্মকে আরও উপযুক্তভাবে প্রচার করিতে পারেন। এই উৎসাহের

#### श्रामी विदवकानमः।

প্রেরণায় তিনি পূর্বাপেক। অধিকতর আগ্রহের সহিত সাধা-রণের নিন্দা প্রশংসা গ্রাহ্ম না করিয়া কতকগুলি শিষ্যকে প্রাণপণে নিজ আদর্শে গঠিত করিতে লাগিলেন।

কিন্তু এখন হইতে আমেরিকার কার্যা পরিচালনার সঙ্গে সঙ্গে ভারতের প্রতিও তিনি লক্ষ্য রাখিলেন। তিনি দেখিলেন বিদেশে তাঁছার সফলতাদর্শনে দেশের লোকের মন এখন তাঁছার मिटक **आक**ष्टे इटेग्नाट्ड. এथन यमि ठाडामिश्रटक यथायथ পर्ध পরিচালনা করা যায় তবে কালে দেশ আবার পর্ব্ববৎ উন্নত হইবে। বুঝিলেন এই উপযুক্ত অবসর। স্নতরাং তিনি ভারতবর্ষ হইতে প্রাপ্ত অভিনন্দন্দসূহের উত্তরে স্বদেশীয়গণকে প্রচুর উৎসাহ দিলেন এবং তাঁহার শিশুদিগকে রীতিমত পত্রাদি প্রেরণ দারা কি ভাবে ভারতে কার্যা আরম্ভ করিতে হইবে ভদ্বিষয়ে উপদেশ দিতে লাগিলেন। সে সকল পত্রের প্রতি ছত্র হইতে যে কি অদম্য তেজ, বিশ্বাস, উৎসাহ, শৌর্যা ও ইচ্ছাশক্তি ক্ষরিত হইতেছে তালা পাঠক স্বয়ং না দেখিলে ধারণা করিতে পারিবেন না। ঠিক বেন রণক্ষেত্রে দভায়মান দেনাপতির আদেশধানি ৷ সে ত্র্যা-নিনাদে যেন একই কথা উচ্চারিত হইতেছিল—'March on'! ( অগ্রসর | অগ্রসর | অগ্রসর | ) যাহারা আত্মশক্তিতে নির্ভর করিতে না পারিয়া তাঁহাকে দেশে ফিরিয়া আফিবার জন্ম বারংবার প্রার্থনা করিতেছিল তাহাদিগকে তিনি পুন: পুন: অভয় দিয়া লিখিলেন—

"Stand on your own feet. If you are really my children, fear nothing, stop at nothing. You will be like lions. We must rouse India and the whole world".

## প্রকৃত কার্য্যারম্ভ।

(ভাবার্থ:—আত্মশক্তির উপর নির্ভর কর। যদি তোমরা বাস্তবিক আমার সন্তান হও, তবে কিছুতে ভয় পাইও না, কোনও কিছুর অপেক্ষা রাখিও না, সিংহের মত কাজ করিয়া যাও। ভারতকে জাগাইতে হইবে. সমস্ত জগৎকে জাগাইতে হইবে।)

তাঁহার এ সময়কার প্রত্যেক পত্র যেন অগ্নিবরী। এ সকল
পত্র মিশন হইতে প্রকাশিত "পত্রাবলী" নামক গ্রন্থসমূহে দৃষ্ট
হটবে। আমরা নিম্নে যদৃ'চ্ছাক্রেমে কতক কতক স্থল উদ্ধৃত
করিলাম:—

"বংস! সাহস অবলম্বন কর। ভগবানের ইচ্ছার ভারতে আমাদের দ্বারা মহৎ মহৎ কার্য্য সম্পন্ন হইবে। বিশ্বাস কর, আমরাই মহৎ কর্ম্ম করিব। এই গরীব আমরা—যাহাদের লোকে দ্বাণা করে, কিন্তু যাহারা লোকের হঃখ যথার্থ প্রাণে প্রাণে বৃঝিয়াছে।"

"সমাজের এই অবস্থাকে দূর করিতে হইবে, ধর্মকে বিনষ্ট করিয়া নহে, হিন্দ্ধর্মের মহান্ উপদেশ সমূহের অন্ধ্যরণ করিয়া এবং তাহার সহিত হিন্দ্ধর্মের স্বাভাবিক পরিণতিস্করপ বৌদ্ধর্মের অন্তত হৃদ্ধবস্তা লইয়া। লক্ষ নরনারী পবিত্রতার অগ্নিমন্ত্রে দীক্ষিত হইয়া, ভগবানে দৃঢ়াবশ্বাসরপ বর্মে সজ্জিত হইয়া, দরিজ্ব পতিত ও পদদলিতদ্বের প্রতি সহামুভ্তি-জনিত সিংহবিক্রমে বুক বাধিয়া সমগ্র ভারতে ভ্রমণ করুক। মুক্তি, সেবা, সামাজিক উল্লয়ন ও সাম্যের মঙ্গলম্যী বার্তা ভারে ভারে প্রচার করুক।

"বৎস ! এই জগৎ তঃধের আগার বটে, কিন্তু ইহা মহাপুরুষ-গণের শিক্ষালয় স্বরূপ । এই তঃথ হইতেই সহামুভূতি, সহিষ্ণুতা,

#### श्रामौ विद्यकानन ।

ও সর্কোপরি অদম্য দৃঢ় ইচ্ছাশক্তির বিকাশ হয়, যে শক্তিবলে মাত্রুষ সমগ্র জগৎ চুর্ণবিচুণ হইয়া গেলেও বিন্দুমাত্র কম্পিত হয় না।

"গণ্যমান্ত, উচ্চপদস্থ অথবা ধনীর উপর কোন ভরসা রাখিও
না। ভরসা তোমাদের উপর; পদমর্ঘাদাহীন, দরিদ্র, কিছ
বিশ্বাসী তোমাদের উপর। ভগবানে বিশ্বাস রাথ। কোন
কৌশলের প্রয়োজন নাই। কৌশলে কিছুই হয় না। ছঃখীদের
জন্ত প্রাণে ক্রন্দন কর। সাহায্য আসিবেই আসিবে।"

"ভগবান অনন্তশক্তিমান; আমি জানি, তিনি আমাকে সাহায্য করিবেন। আমি এই দেশে অনাহারে বা শীতে মরিতে পারি; কিন্তু হে মাল্রাজবাদী যুবকগণ, আমি তোমাদের নিকট এই গরীব. অজ্ঞ, অত্যাচার-পীড়িতদের জ্ঞা এই সহামুত্তি, এই প্রাণপণ চেষ্টা, দায়স্বরূপ অর্পণ করিতেছি। যাও, এই মুহুতে সেই পার্থ-সার্থির মন্দিরে, যিনি গোকুলের দীনদরিক্র গোপগণের স্থা ছিলেন, যিনি গুহুক চণ্ডালকে অলিঙ্গন করিতে সন্ধৃচিত হন নাই. যিনি তাঁহার বন্ধ-অবতারে রাজপুরুষ দিগের আমন্ত্রণ অগ্রাহ্ কবিষা এক বারনারীর নিমন্ত্রণ প্রহণ করিয়া তাহাকে উদ্ধার করিয়াছিলেন, যাও, তাঁহার নিকট গিয়া সাষ্টাঙ্গে পড়, এবং তাঁহার निक्र धक महाविन श्राम कर, विन-जीवन-विन, जाहाराम जन्म. যাহাদের জন্ম তিনি যুগে যুগে অবতীর্ণ-হইয়া থাকেন, যাহাদের তিনি স্কাপেকা ভাল বাদেন,—দেই দীন, দরিজ, পতিত, উৎ-পীড়িতদের জন্ম। তোমরা দারা জীবন এই ত্রিশকোট ভারত-বাসীর উদ্ধারের জন্ম ব্রত গ্রহণ কর, যাহার। দিন দিন ডুবিতেছে।"

"এ একদিনের কাজ নয়। পথ ভয়ত্বর কণ্টকপূর্ণ। কিন্ত

### প্রকৃত কার্য্যারম্ভ।

পার্থ-সারথি আমাদেরও সারথি হইতে প্রস্তুত, আমরা তাহা জানি। তাঁহার নামে, তাঁহার প্রতি অনস্ত বিশ্বাস রাথিয়া শতশত্যুগ-সঞ্চিত পর্বত-প্রমাণ অনস্ত হঃথরাশিতে অগ্নি সংযোগ করিয়া দাও, উহা ভস্মগৎ হইবেই হইবে।"

"তবে এদ, প্রাতৃগণ। স্পষ্ট করিয়া চক্ষু খুলিরা দেখ, কি ভয়ানক ছ:ধরাশি ভারত ব্যাপিয়া। এ ব্রত গুরুতর, আমরাও ক্রশক্তি। তা হউক, আমরা জ্যোতির তনম, ভগবানের তনম। ভগবানের মহিমা ঘোষিত হউক। আমরা সিদ্ধি লাভ করিবই করিব। শত শত লোক এই চেষ্টায় প্রাণত্যাগ করিবে, আবার শত শত লোক উঠিবে। প্রভুর জয়। আমি এখনে অক্কুতকার্য্য হইয়া মরিতে পারি, আর একজন এই ভার গ্রহণ করিবে। তোমরা রোগ কি বুঝিলৈ, ঔষধও কি তাহা জানিলে, কেবল বিশ্বাসী হও। আমরা ধনী বাবড় লোককে গ্রাহ্ম করি না। হৃদয়-শূন্ত, মস্তিষ্কদার বাক্তিগণকে বা তাহাদের নিস্তেজ সংবাদপত্র-প্রবন্ধ-সমূহকেও গ্রাহ্ম করি না। বিশ্বাস, বিশ্বাস, সহাত্তন্তি, অপ্লিময় বিশ্বাস, অগ্নিম সহামুভূতি। জয় প্রভু, জয় প্রভু। তৃচ্ছ জীবন, তৃচ্ছ মরণ, কুচ্ছ কুধা, কুচ্ছ শীত। জয় প্রভু। অগ্রসর হও, প্রভু আমাদের নেতা। পশ্চাতে চাহিও না। কে পড়িল, দেখিতে যাইও না। এগিয়ে যাও, সমুথে, সমুথে। এইরূপেই আমরা অগ্রগামী হইব,— একজন পড়িবে.—আর একজন তাহার স্থান অধিকার করিবে।

"আমাদের কার্যা—কার্জ করিয়া মরা—'কেন' প্রশ্ন করিবার অধিকার আমাদের নাই। সাহস অবলম্বন কর, আমা হারা ও ডোমাদের হারা মহৎ মহৎ কর্ম্ম হইবে, এই বিশ্বাস রাধ।"

#### সামী বিবৈকানন ।

"ভয় ত্যাগ কর, প্রভু তোমার সঙ্গেই রহিয়াছেন। তিনি নিশ্চয়ই ভারতের শক্ষ শক্ষ অনশনক্লিষ্ট ও অজ্ঞানাদ্ধ জনগণকে উন্নত করিবেন।"

"মনে করিও না, আমরা দরিদ্র; অর্থ জগতে শক্তি নহে, সাধুতাই, পবিত্রতাই শক্তি। আসিয়া দেখ, সমগ্র জগতে ইহাই প্রাকৃত শক্তি কিনা।"

"দৃঢ় ভাবে কার্যা করিয়া যাও, অবিচলিত অধ্যবসায়শীল হও ও প্রভৃতে বিশ্বাস রাথ। কাষে লাগো। আমি আসিতেছি। আমাদের কার্য্যের এই মূল কণাটা সর্বাদা মনে রাথিবে— জন সাধারণের উন্নতিবিধান—ধর্মে একবিন্দু আঘাত না করিয়া।"

"আপনাতে বিশ্বাস রাথ। প্রবেশ বিশ্বাসই বড় বড় কার্গোর জনক। এগিয়ে যাও, এগিয়ে যাও। মৃত্যু পর্যান্ত গরীব, পদ-দলিতদের উপর সহামুভূতি করিতে হইবে। ইহাই আমাদের মূলমন্ত্র। এগিয়ে যাও বারহদেয় যুবকর্ক।"

"বড় বড় কাজ কেবল থুব সার্থতানি দ্বারাই হইতে পারে। স্থার্থের আবশ্রক নাই, নামেরও নর, যশেরও নর, তা তোমারও নর, আমারও নর, বা আমার গুরুর পর্যান্ত নর। উদ্দেশ্য, লক্ষ্য যাহাতে কার্যো পরিণত হয়, তাহার চেষ্টা কর; হে বীরহাদয় মহদাশয় বালকগণ, উঠে পড়ে লাগো। নাম, য়শ বা অন্য কিছু তুছে জিনিবের জন্ম পশ্চাতে চাহিও না। স্থার্থকে একেবারে বিসর্জন দাও ও কার্যা কর। মনে রাখিও "আনেকগুলি তৃণগুছে একরে করিয়া রজ্জু প্রস্তুত ইইলে তাহাতে মত্ত হতাকেও বাধা যায়।" তোমাদের সকলের উপর ভগবানের আশীর্কাদ বর্ষিত

### প্রকৃত কার্য্যারম্ভ।

হউক। তাঁহার শক্তি তোমাদের সকলের ভিতর আমুক—আমি বিশ্বাস করি, তাঁর শক্তি তোমাদের মধ্যে বর্ত্তমানই রহিয়াছে। বেদ বলিতেছেন—"উঠ, জাগো, যতদিন না লক্ষ্যস্থলে প্রভৃতিতেছ থামিওনা।" জাগো, জাগো, দীর্ঘ রজনী প্রভাতপ্রায়। দিবসের আলোক দেখা যাইতেছে। মহাতরঙ্গ উঠিয়াছে। কিছুতেই উহার বেগ রোধ করিতে পারিবেনা। আমি পত্রের উত্তর দিতে দেরি করিলে বিষয় বা নিরাশ হইও না। লেখায় কি ফল ? উৎসাহ বৎস, উৎসাহ—প্রেম, বৎস, প্রেম। বিশ্বাস, শ্রদ্ধা। আর ভশ্ম করিও না, সর্ব্বাপেক্ষা গুরুতর পাপ—ত্য়।"

١

"অহক্ষত হইও না। মতের বিভিন্নতার দিকে বিশেষ ঝোঁক দিও না, কোন কিছুর বিরুদ্ধেও বলিও না। আমাদের কাষ কেবল ভিন্ন ভিন্ন রাসায়নিক জবা একত্রে রাখিয়া দেওরা। প্রভু জানেন, কিরূপে ও কথন তূাহারা ভিন্ন ভিন্ন রূপ ধারণ করিবে। সর্ব্বোপরি আমার বা তোমাদের ক্লতকার্যাতায় অহক্ষত হইও না, বড় বড় কাষ এখনও করিতে বাকি। যাহা ভবিষ্যুতে হইবে, তাহার সহিত তুলনায় এই সামান্ত দিন্ধি অতি তুক্ত। বিশ্বাস কর, বিশ্বাস কর, প্রভুর আজ্ঞা—ভারতের উন্নতি হইবেই হইবে। সাধারণে এবং দরিদ্র বাক্তিরা স্থী হইবে, আর আনন্দিত হও যে, তোমরাই তাঁহার কার্যা করিবার নির্বাচিত ষদ্ধ। ধর্মের বন্তা আসিয়াছে। আমি দেখিতেছি, উচা পৃথিবীকে ভাসাইয়া লইয়া যাইতেছে, কিছুতে উহাকে বাধা দিতে পারিতেছে না,—অনস্ক, অনস্ক, সর্ব্ব্রোসী; সকলেই সাম্নে যাও, সকলের ভভেছা উহার সহিত যোগ দাও। সকল হস্ত উহার পথের বাধা সরাইয়া দিক। জয় প্রভুর জয়।"

### স্বামী বিবেকানন।

"কার্য্যের আরম্ভ থুব দামান্ত হইল বলিয়া ভয় পাইও না।
এই ছোট হইতেই বড় হইয়া থাকে। সাহস অবলম্বন কর। নেতা
হইতে যাইও না, দেবা কর। নেতৃত্বের এই পাশব প্রবৃত্তি জীবন
সমুদ্রে আনেক বড় বড় জাহাজ ডুবাইয়াছে। এই বিষয়ে বিশেষ
সতর্ক হও অর্থাৎ মৃত্যুকে প্রয়ন্ত ডুচ্ছ করিয়া নিঃস্বার্থ হও ও কায
কর। \* \* লাগো, লাগো, বংসগণ। প্রভুর জয়।"

"হে মহামনা রাজন! \* এই জীবন ক্ষণভঙ্গুর—জগতের ধন মান ঐশ্বর্যা এ সকলই ক্ষণস্থায়ী। তাহারাই যথার্থ জীবিত, যাহারা অপরের জন্ম জীবন ধারণ করে। অবশিষ্ট ব্যক্তিগণ বাঁচিয়া নাই, মরিয়া আছে।"

"'না' বলিলে চলিবে না! আর কিছুতেই আবশ্যক নাই, আবশ্যক কেবল প্রেম, অকপটতা, ও সহিষ্ণুতা। জাবনের অর্থ উন্নতি, উন্নতি অর্থে হৃদয়ের বিস্তার, আর হৃদয়ের বিস্তার ও প্রেম একই কথা। স্তরাং প্রেমই জীবন—উহাই একমাত্র জীবন-গতি নিরামক। আর স্বার্থপরতাই মৃত্য়।"

"পরোপকারই জীবন, পরহিত চেষ্টার অভাবই মৃত্যু। জগতের অধিকাংশ নরপশুই মৃত, প্রেতত্লা; কারণ, হে যুবকবৃন্দ, যাহার হৃদয়ে প্রেম নাই, সে মৃত প্রেত বই আর কি! হে যুবকবৃন্দ, দরিজ, অজ্ঞ ও অত্যাচার-নিপীড়িত জনগণের জন্ত তোমাদের প্রাণ কাঁত্রিক, প্রাণ কাঁদিতে কাঁদিতে হৃদয় রুদ্ধ হউক, মস্তিক ঘূণায়মান হউক, তোমারা পাগল হইবার মত হও! তথন গিয়া ভগবানের পাদপালে তোমাদের অস্তরের বেদনা জানাও। তবে তাঁহার নিকট

মহীশ্র-রাজ।

হইতে শক্তি ও দাহাষ্য আদিবে—অদম্য উৎসাহ—অনস্ত শক্তি আদিবে।"

1

শৃত্যকে ধরিয়া থাক, আমরা নিশ্চয়ই ক্বতকার্য্য হইব।
হইতে পারে বিলম্বে, কিন্তু নিশ্চিত যে ঝ্রুতকার্য্য হইব, এ সম্বন্ধে
কোন সন্দেহ নাই। কাজ করিয়া যাও, মনে কর, আমি জীবিত
নাই। এই মনে করিয়া কাষে লাগ, যেন তোমাদের প্রত্যেকের
উপর সমৃদয় কাষের ভার। ভাবী পঞ্চাশৎ শতাকী তোমাদের
দিকে সভৃষ্ণনয়নে চাহিয়া আছে। ভারতের ভবিষ্যৎ তোমাদের
উপর নির্ভির করিতেছে। কাষ করিয়া যাও।

"গুপ্ত বদ্মায়েনি, লুকানো জ্য়াচুরি যেন কিছু আমাদের মধ্যে না পাকে; কিছুই লুকাইয়া করা হইবে না। কেহ যেন আপনাকে গুরুর বিশেষ প্রিয়পাত্র মনে করিয়া অভিমানে ক্ষাত না হন। এমন কি, আমাদের মধ্যে গুরুও কেহ থাকিবে না, গুরুরিরিও চলিবে না। হে বারহালয় বালকগণ, কার্য্যে অগ্রসর হও। টাকা থাক্ বা নাই থাক্, মানুষের সহায়তা পাও বা নাই পাও, ভোমার প্রেম ত আছে ? জ্যবান্ ত ভোমার সহায় আছেন ? অগ্রসর হও, ভোমার গতি কেহ রোধ করিতে পারিবে না।"

"যথার্থ উন্নতি ধীরে ধীরে হয় কিন্তু উচ। অবার্থ।"

(ইংরাজীর অমুবাদ)

তাঁহার পত্রাবলী হইতে এইরূপ অসংখ্য স্থান উক্ত করিয়া দেখান ঘাইতে পারে সেগুলি কিরূপ সন্তাবপূর্ণ ও অদেশপ্রেম-ব্যঞ্জক। কোথাও তিনি বেদান্তের গুড় মর্ম্ম পরিক্ষুট করিয়া দেখাইতেছেন ঋষিদিগের প্রকৃত মনোভাব কি ছিল, কোথাও

#### স্বামী বিবেকাননা।

দেখাইতেছেন ভারতবর্ষ ও নব্যজগতের মধ্যে প্রভেদ কোন্ থানে, কোন বিষয়ে আমরা পাশ্চাত্য জাতি হইতে হানতর, আবার কোন বিষয়ে তাহাদের অপেক্ষা অধিক শ্রেষ্ঠ। কোণাও হয়ত ভারতের বর্তমান অভাব কি, কি করিয়া দে অভাব পূরণ হইতে পারে, এই সম্বন্ধে নানাবিধ কার্য্যকরী উপায় নির্দ্দেশ করিতেছেন। এই পত্রগুলি পাঠ করিলে বুঝা যায় তিনি ভারতে আঅত্যাগ ও বৈরাগ্যবান্ লোক সাহায্যে স্কপ্রণালীবদ্ধ কার্য্য আরম্ভ করিবার জন্ম কতদ্র উৎস্কক হইয়াছিলেন। তাঁহার ইচ্ছা ছিল বিশেষভাবে একদল সন্ধ্যাসীকে স্থাশিক্ষত করিয়া জনসাধারণের মধ্যে ঐহিক ও পারমার্থিক বিদ্যা প্রচারের জন্ম গ্রামে, পল্লীতে পল্লীতে প্রেরণ করিবেন।

একটী পত্রে তিনি লিখিতেছেন :--

"ভারতের জনসাধারণকে উন্নত করা এখন তোমাদের একমাত্র কার্য্য। ইহার জন্ত মন প্রাণ দিয়া থাটিতে পারে এমন সব যুবক লইয়া কার্য্য আরম্ভ কর। • • • • আর একটি সদ্গুণ অভ্যাস করা আবশ্রক—সেটি হইতেছে আদেশ পালন। বাঁহাদিগের হস্তে অধ্যক্ষতার ভার ক্রস্ত, তাঁহাদিগের কথামত কাজ না করিলে কোন সজ্বকেন্দ্র গঠিত হইতে পারে না। আর বিচ্ছিন্ন ব্যক্তিগত শক্তিসমূহ একস্থানে সংহত ও কেন্দ্রীভূত না হইলে কোন মহৎ কার্য্য সম্পাদন করা অসম্ভব। ঈর্ষ্যা অভিমান দূর কর। পরার্থে মিলিত হইয়া কার্য্য করিতে শিক্ষা কর। ইহাই বর্ত্তমানে এদেশের সর্ব্বাপেক্ষা প্রয়োজনীয় বস্তু।" (ইংরেজীর অমুবাদ)।

এই সকল পত্তের অধিকাংশ তাঁহার উত্তরভারত ও মাল্রাজ-

বাসী শিষ্যদিগকে এবং মঠের গুরুত্রাভূগণকে লিখিত হইয়াছিল, এবং এতদ্বারা তাঁহার সাক্ষাৎ উপস্থিতিতে যে ফল হইত প্রায় তত্ত্বা ফল প্রস্ত হইয়াছিল। যিনি তাঁহার পত্র পাঠ করিতেন তিনিই উৎসাহে পূর্ণ হইতেন এবং তাঁহার উপদেশমত কার্য্য করিবার জন্ম ব্যপ্ত হইতেন। এবার নিউইয়র্কে রীতিমত কার্য্য আরম্ভ করিবার পর স্বামিজী মাল্রাজী শিষ্যগণকে একখানি বেদাস্তবিষয়ক পত্রিকা প্রকাশ করিবার জন্ম পূন: লিখিতেছিলেন। এমন কি, এজন্ম বক্তা কোম্পানীর নিকট হইতে লব্ধ স্বোপার্জ্জিত অর্থ হইতেও তাঁহাদিগকে যথেষ্ট অর্থ পাঠাইয়াছিলেন। ইহার পরই ঐ পত্র 'ব্রহ্মবাদিন্' নামে পাক্ষিক আকারে প্রকাশিত হইতে আরম্ভ হয়। তিনি শিশ্বাদিগকে সংস্কৃত শান্ত্রগ্রহসমূহ মনোযোগের সহিত অধ্যায়ন করিতে উপদেশ দিয়াছিলেন ও কি ভাবে উক্ত 'ব্রহ্মবাদিন্' কাগজ্বানি চালাইতে হইবে তৎসম্বন্ধে নিউইয়র্ক হইতে ৬ই মে (১৮৯৫) তারিথে একটি পত্রে লিখ্যাছিলেন:—

"বেদান্ত অর্থাৎ বেদান্তের অন্তর্গত বৈত, বিশিষ্টাবৈত ও অবৈত
নামক সোপানত্রর-সমন্তিত সমগ্র বেদান্তশাস্ত্রে জগতের সর্কবিধ
ধর্ম্ম-ভাব নিহিত আছে। ঐ তিনটি দোপান ঠিক পর পর অবস্থিত
ও মানব-মনের ত্রিবিধ অবস্থার উপযোগী। ইহাই ধর্ম্মের স্ক্রম ভত্ত।
প্রথম অবস্থার বৈতবাদ—খৃষ্ট ও মুসলমান ধর্ম ইহাকে আশ্রম
করিয়াছে। তন্মধ্যে ইউরোপী জাতিরা খৃষ্টধর্ম ও সেমিটিক
জাতিরা মুসলমান ধর্ম গ্রহণ করিয়াছে।

ভারপর-বিশিপ্তাহৈত।

#### স্বামী বিবেকানন ।

সর্বশেষ অদৈত।—যোগ-ধারণার সহিত সংযুক্ত হইয়া এই ত্রিবিধ বাদসমষ্টিই হিন্দুধর্ম নামে খ্যাত এবং হিন্দুস্থানের বিবিধ জাতির মধ্যে এই ত্রিবিধ অবস্থার লোকই বিস্তমান। অতএব হিন্দুধর্ম বলিতে কোন কুদ্র সঙ্কীর্ণ সাম্প্রদায়িক ধর্ম বুঝায় না। হিন্দুধর্ম বলিতে বুঝাবে বেদান্ত ধর্ম, আর বেদান্ত ধর্মাই জগতের ধর্ম। কেবল বিভিন্ন জাতির বিভিন্নরূপ অভাব আকাজ্ঞা মনোবৃত্তি ও পারিপার্শ্বিক অবস্থাভেদে ইহা বিভিন্ন আকার ধারণ করিয়াছে। মূলতত্ত্ব সেই এক। শুধ শাক্ত শৈবাদি ভিন্ন ভিন্ন সম্প্রদায়বিশেষে ভিন্ন ভিন্ন মর্ত্তি ধারণ করিয়াছে। তোমরা তোমাদের পত্রিকায় ঐ তিন মতেরই সম্বন্ধে প্রবন্ধের পর প্রবন্ধ লিখিয়া বঝাইতে থাক, যে কাহারও সহিত কাহারও বিবাদ নাই, তিনই একের অঙ্গীভত, তবে পর পর ক্রমিক অবস্থায় প্রযুক্তা, তিনের মধ্যে কোন গোল বা অসামঞ্জস্ত নাই। আর, তফাৎ যা, সে ওধু বহিরাচার অনুষ্ঠানে। মলে লক্ষ্য এক। অর্থাৎ দার্শনিক ও আধ্যাত্মিক তত্ত্বটি প্রচার করিয়া যাও, তার পর যাহার যেরপ ভাব, দে দেইভাবে উহাকে আত্মগত করুক। কাগজখানি যেন তুচ্ছ বিষয় লইয়া থাকে না. ধীর. ন্তির, গম্ভীর স্থারে লেখা হয়। এইরূপে সম্পূর্ণ নিঃস্বার্থভাবে একনিষ্ঠ হইয়া আপন ব্রত সম্পাদন করিয়া যাও।" (ইংরাজীর व्यक्ष्यान )।

এই সময়ে শুধু 'ব্রহ্মবাদিন্' পত্রিকায় নহে, ভারতের জনহিতকর অক্সান্ত অফুষ্ঠানেও তিনি অর্থ সাহায্য করিরাছিলেন। উদাহরণ স্বরূপ বাবু শশিপদ বন্দ্যোপাধ্যার প্রতিষ্ঠিত বরাহনগর হিন্দু-বিধবা বিদ্যালয়ের কথা উল্লেখ করিতে পারি। এই স্কুলটি ব্রাহ্মদিগের স্কুল ও সম্পূর্ণভাবে ব্রাহ্ম-পরিচালিত। কিন্তু ইহার উদ্দেশ্য মহৎ ছিল। সেজন্ত স্থামিজী অকপট আগ্রহের সহিত ইহার সাহায্যে অগ্রসর হইরাছিলেন। ক্রুকলিন নৈতিক সভার (Brooklyn Ethical Association) সমক্ষে তিনি 'হিন্দুরমণীর আদর্শ' (The Ideals of Hindu women) শীর্ষক একটি বক্তৃতা প্রদান করেন। ঐ বক্তৃতা উপলক্ষে যত টাকা উঠিয়াছিল তাহা তিনি সভাপতি মহাশরকে শশিপদ বাবুর বিদ্যালয়ের সাহায্যার্থ প্রেরণ করিছে অনুব্রেষ করিয়াছিলেন। তদ্মুসারে সভাপতি ডাক্তার লুইস্ জেন্স্ (Dr Lewis G. Janes) মহোদয় শশিপদ বাবুকে নিম্নলিথিত পত্রের সহিত উক্ত সমুদয় অর্থ প্রেরণ করিয়াছিলেন।

١

"আপনার অনামধন্ত দেশবাদী স্বামা বিবেকানন্দ একটি বক্তৃতা
দিয়া যে অর্থ উপার্ক্তন করিয়াছেন তাহাই আপনাকে পাঠাইতেছি। তিনি আমাদের জন্ত অনেকবার রহৎ জনমগুলীর
সমক্ষে বক্তৃতা দিয়াছেন এবং বেদাস্তদর্শন ও ভারতের সামাজিক '
ও রাজনৈতিক অবস্থা জানিবার জন্ত এতদেশবাদীর আগ্রহ ও !
কৌতৃহল বৃদ্ধি করিয়াছেন। স্বামিজীর মহন্তের পরিচয়ম্বরপ
একথাও প্রকাশ করা কর্ত্তব্য যে আপনার স্কুলের জন্ত বক্তৃতা
দিয়া অর্থসংগ্রহ করিবার প্রস্তাব তিনিই দর্ব্ধ প্রথম উত্থাপিত
করেন ও পরে আমরা তাঁহাকে ঐ কার্য্যে সাহায্য করি।"

হিন্দু হউক, ব্রাহ্ম হউক, আর্য্যসমাজী হউক, মুসলমান বা খুষ্টান, বে কোন ধর্ম বা সমাজ হউক, বাঁহারা প্রকৃত প্রেমের সহিত স্বন্ধেশ সেবা ও স্বন্ধেশের হিত্সাধন করিতেন বা কোন প্রকার উদার

#### সামী বিবেকাননা।

ভাব পোষণ করিতেন, স্থামিজী কথনও তাঁহাদিগের প্রতি জঞ্জা প্রদর্শন করিতেন না। বরং স্থযোগ পাইলেই তাঁহাদের প্রশংসা ও তাঁহাদের কার্য্যের সহায়তা করিতেন। খৃষ্টান পাজীরা ত তাঁহার এত নিন্দা ও গ্লানি ও তাঁহাকে এত জ্ঞালাতন করিয়া-ছিল, কিন্তু তথাপি প্রকৃত খৃষ্টভক্তকে তিনি কতদুর সমাদ্র করিতেন, নিম্নলিখিত পত্র হইতে তাহা বোধগম্য হইবে:—

ť

"এখানকার খৃষ্টধর্ম ভারতে প্রচারিত খৃষ্টধর্ম হইতে সম্পূর্ণ বিভিন্ন।
তোমরা শুনিয়া আশ্চর্যাবোধ করিবে যে এপিস্কোপাল ও প্রেস্বিটিরিয়ান সম্প্রদারের অনেক খৃষ্টধর্ম্মধাজক আমার বন্ধু। তাঁহারা
তোমাদিগের ভার স্বধর্মাত্মরক্ত ও উদার-প্রাণ। সর্বব্রেই দেখা
যায় প্রকৃত ক্রিন্মিক ব্যক্তির হাদয় প্রশস্ত (The real spiritual man is broad everywhere), প্রেমের প্রেরণায় তিনি
এইরপ উচ্চস্বভাবসম্পন্ন হইয়া থাকেন। যাঁহারা ধর্মের নামে
বাণিজ্য করিতে বসেন, তাঁহারাই ধর্ম্মের মধ্যে প্রতিযোগিতা,
দক্ষ ও স্বার্থপরতা টানিয়া আনিয়া অপ্রের অনিষ্ট সাধন করেন ও
নিজেদের ক্ষুদ্রচিত্তের পরিচয় দেন।" (ইংরাজীর অমুবাদ)।

আবার এদেশের পাজীরা তাঁহার নিন্দা ও তাঁহার কার্য্যকে আক্রমণ করিয়া যে বিষপুরিত সমালোচনা বাহির করিয়াছিলেন, তাঁহার ভারতীয় বন্ধুরা তাহা তাঁহার নিকট পাঠাইলে ভিনি উত্তর দিয়াছিলেন—

শভবিষ্যতে গোকে আমার স্বপক্ষে বা বিপক্ষে বাহাই বলুক্ না কেন, ভাহাতে কর্ণপাত করিবে না। জীবনের খেষ মুহূর্ত্ত পর্যান্ত আমি অবিশ্রান্ত ভাবে কার্য্য করিয়া বাইব—এমন কি, মৃত্যুর

## প্রকৃত কার্য্যারম্ভ।

পরেও জগতের কল্যাণের জন্ত কার্য্য করিব। মিগাা অপেকা সত্যের গুরুত্ব সহস্রগুণে বেশী (Truth is infinitely more weighty than untruth) \* \* \* \* চরিত্র-বল, পবিত্রতা-বল, সত্যের বল, মনুযুদ্ধের বল—এই থাকিলেই হইবে। যতক্ষণ আমার এসব আছে, ততক্ষণ তোমাদের কোন চিন্তা নাই—ততক্ষণ কেহ আমার কেশাগ্রগু স্পর্শ করিতে পারিবে না। যদি কেহ আমার অনিষ্ট চেষ্টা করে, নিশ্চর জ্ঞানিও সে বিফল-প্রয়াস হইবে—ইহা সাক্ষাৎ ভগবদ্বাণী।" (ইংরাজীর অনুবাদ)

সত্যের প্রতি ও নিজের প্রতি তাঁহার এমনই অগাধ ও অসীম বিশ্বাস ছিল !

এ সময়ে তিনি নিন্দাস্ততিকে সম্পূর্ণ উপেক্ষা করিতে আরম্ভ করিয়ছিলেন। বরাবরই ঐ ভাব ছিল, তবে প্রথম প্রথম তিনি ঈর্ব্যাপরায়ণ লোকদিগের উপর চটিয়া যাইতেন। ১৮৯৪ সালে কলিকাতার পাদ্রীরা গবর্ণমেণ্টের চক্ষে তাঁহাকে একজন রাজনৈতিক প্রচারক বলিয়া প্রতিপন্ন করিবার চেষ্টায় ইচ্ছাপূর্ব্বক তাঁহার আমেরিকার কার্য্যকলাপের বিক্ততার্থ করিয়া বজ্ততাদি দিয়াছিলেন। তাহাতে তাঁহার কোন কোন শিশ্র ছংথিত হইয়া পাদ্রীদিগের ছষ্টামির উল্লেখ করিয়া তাঁহাকে পত্র লেখেন। তাহার উত্তরে তিনি ১৮৯৪ সালের ২৭শে সেপ্টেম্বর লিখিয়াছিলেন:—

\* \* কল্কাতা থেকে আমার বস্তৃতা ও কথাবার্তা সম্বন্ধে যে
সব বই ছাপা হয়েছে, তাতে একটা জিনিষ আমি দেখ্তে পাচিচ ।
তাদের মধ্যে কতকগুলি এরপ ভাবে প্রকাশ করা হয়েছে য়ে,
পড়লে বােধ হয় যেন আমি রাজনীতি নিয়ে আলোচনা কচিছ ।

# श्रामौ विदिकानम ।

প্রকৃতপক্ষে কিন্তু আমি রাজনীতিজ্ঞ বা রাজনৈতিক আন্দোলন-কারী নই। আমার লক্ষ্য কেবল আত্মতত্ত্বের দিকে—সেইটে যদি ঠিক হ'রে যার, তবে আর সমস্ত ঠিক হ'রে যাবে-এই আমার মত। \* \* \* অতএব তুমি কলকাতার লোকদের অবশ্র অবশ্র সাবধান করে দেবে, যেন আমার কোন লেখা বা কথার ভিতর রাজ-নৈতিক উদ্দেশ্য মিথ্যা ক'রে আরোপ করা না হয়। কি আহাম্মকি। \* \* \* ভন্লাম, বেভারেও কালীচরণ বাঁড়্যে নাকি খুঞ্জীয় মিশ-নরিদের সমক্ষে এক বক্ততায় বলেছিলেন যে, আমি একজন রাজনৈতিক প্রতিনিধি। যদি সর্বাসাধারণের সমক্ষে এ কণা বলা হ'য়ে থাকে. তবে আমার তরফ থেকে উক্ত বাবুকে প্রকাশ্রে জিজ্ঞাসা করবে, তিনি তাঁর উক্ত কথাটা কলকাতার যে কোন সংবাদপত্তে লিখে হয় প্রমাণ করুন, না হয় ঐ বাজে অর্থহীন কথাটা প্রভ্যাহার করুন। এটা অন্ত ধর্মাবলম্বীকে অপদন্ত করবার জন্ম খুষ্টান মিশনরীদের একটা কৌশলমাত্র। আমি সাধারণ ভাবে সমুদর খৃষ্টীয়ান-পরিচালিত শাসনতন্ত্রকে লক্ষ্য ক'রে সরল ভাবে সমালোচনাচ্ছলে কয়েকটা কড়া কথা ব'লেছি। কিছু তার মানে এ নয় যে, আমার রাজনৈতিক বা তজ্জাতীয় বিষয়চর্চার দিকে কিছু ঝোঁক আছে, অথবা রাজনীতি বা তৎসদৃশ কিছুর সঙ্গে আমার কোনরূপ সংস্রব আছে। বারা ভাবেন, ঐ সব বক্তৃতা থেকে স্থানে স্থানে উদ্ধৃত ক'রে ছাপানো এফটা মন্দ ভ্রুক নয়, আর প্রমাণ ক'র্ছে চান বে, আমি একজন রাজনৈতিক প্রচারক, তাঁদের আমি বলি 'হে ঈশ্বর, এই সব বন্ধুদের হাত থেকে আমার রকা কর।' • • • আমার বছুগণকে ব'লবে,

#### প্রকৃত কার্য্যারম্ভ।

বারা আমার নিন্দাবাদ কচেন, তাঁদের কথায় আমার একমাত্র উত্তর—একদম চুপ থাকা। আমি যদি ঢিল থেয়ে পাটকেল ছুড়ি, তবে তাদের সঙ্গে আর আমার পার্থকা রইল কি! আমার বন্ধুদের ব'লবে—সত্য নিজেই নিজেকে প্রতিষ্ঠা কর্বে, আমার জন্ম তাদের কাহারও সঙ্গে বিরোধ ক'র্ন্তে হ'বে না। \* \* \* \* সাধারণের সাম্নে বেরোনোর দরুল এই ভূয়ো নাম ধশ পেয়ে ও থবরের কাগজে নাম বেরিয়ে বেরিয়ে ক্রমাগত হৈ চৈ স্টি হওয়ায় আমি একেবারে দিক্ হ'য়ে গেছি। এখন কেবল প্রাণ চাচেচ—হিমালয়ের সেই শান্তিময় ক্রোড়ে ফিরে যাই।" (ইংরাজীর অমুবাদ)

1

#### কর্মের প্রসার।

নিউইয়র্কে স্থানিজী যে ক্লাস পুলিয়াছিলেন তাহাতে প্রধানতঃ
রাজযোগ ও জ্ঞানযোগ শিক্ষা দেওয়া হইত। তিনি শিষাদিগকে
প্রথম হইতেই বুঝাইয়া দিলেন যে ধর্ম একটা বিশ্বাসমাত্র নহে,
সাক্ষাৎ অমৃত্তির বিষয়। ইহা লাভ করিতে হইলে শরীর ও
মনের সংযমবিধায়ক কতকগুলি নিয়ম প্রতাহ অভ্যাস করা
আবশ্রক। অষ্টাঙ্গ যোগশাস্ত্রে এই সম্দয় নিয়ম স্থপরিষ্কৃত ভাবে
লিপিবজ হইয়াছে। এই যোগেরই নাম রাজযোগ। স্থামিজী
নিজেও এই সময়ে আহারাদি সর্ব্ধবিষয়ে যোগীজনোচিত সংযম
পালন করিতেন। স্থতরাং তাঁহার শিক্ষাগারটি অনেক পরিমাণে
একটি মঠের স্থায় হইয়া দাঁড়াইল।

রাজবোপের মধ্যে তিনি সর্বাপেক্ষা জোর দিতেন ধ্যানের উপর। ধ্যান অর্থে বিষয় বিশেষে অবিচ্ছিন্ন তৈলধারাথ মনঃসংযম ব্রায়। এ অবস্থায় মনকে বলপূর্বক কোন বিষয়ে লিপ্ত করিতে হয় না, অভ্যাসবশতঃ মন আপনিই ধ্যেয় বিষয়ে তক্ময় হইয়া পড়ে। ধ্যানের পরিপকাবস্থার নামু সমাধি। সে অবস্থায় বাহ্য বস্তুর জ্ঞান সম্পৃর্বভাবে লূপ্ত হয়। স্বামিজী বলিতেন রাজবোগ ও জ্ঞানবোগ কোন না কোন আকারে বরাবরই পৃথিবীর নানা স্থানে বিস্তমান আছে। মধ্যযুগে রোমানক্যাথলিক সম্প্রদায়ের সেন্ট বার্গার্ড অব্ ক্লেয়ারভো, সেন্ট বোনাভেন্চুরা অব্ দি ফ্লান্-সিম্কান অর্ডার, এবং সেন্ট থেরেসা অব্ যীশাস্ প্রভৃতি উচ্চ

শ্রেণীর সাধকগণ (mystics) ইহা অবগত ছিলেন, তবে ভারতে এই পথগুলি যেরূপ ফুলর ও স্থপরিষ্কৃতভাবে গঠিত হইয়াছে জগতের আর কুত্রাপি তাহা হয় নাই। স্বামিজী বলিতেন, এই চক্কহ বিষয়গুলি থাষিদিগের হস্তে প্রকৃত বিজ্ঞানে পরিণ্ত হইয়াছিল, অন্ত দেশের লোকেরা অজানিত ভাবে তাহার কতক কতক অংশের আভাদ পাইয়াছিল মাত্র। তিনি আরও বলিতেন, রাজযোগের সাধনা করিতে হইলে অতিশয় নিয়মপ্রবিক ধ্যান-ধারণা অভ্যাস ও ইন্দ্রিসংযম করিতে হয়। এই প্রসঙ্গে তিনি শিষাদিগকে অতীক্রিয় শক্তি লাভের ইচ্ছা ভাাগ করিতে বলিতেন, কারণ ঐরপ ইচ্চা প্রকৃত আধ্যাত্মিক শক্তিলাভের পথে বিষম অস্তবায়। ঈশ্বর লাভ করিতে হইলে শুধু একনিষ্ঠ হইয়া ঈশ্বর-চিম্বা করিতে হয়। অকাদিকৈ মন দিলে সাধক কথন অভীষ্ট লাভে সমৰ্থ হন না। এইছেত তিনি পরমহংসদেবের পদাক অনুসরণ করিয়া শিষা-দিগকে সর্বাদা বলিতেন "Seek only after one thing and that God"—( ভধু এক বস্তুর অনুসন্ধান কর—ঈশ্বর )।

١

সামিজী কেবল যোগমার্গের তত্ত্ব উপদেশ দিয়াই ক্ষান্ত হইতেন না, কেমন করিয়া সে তত্ত্বের সাধনা করিতে হয় তাহা স্বয়ং কার্য্যে দেখাইতেন। তিনি একাধারে জ্ঞানী ও সাধক ছিলেন, তাই আমরা দেখিতে পাই তিনি নিউইয়র্কের এই নিভ্ত আশ্রমে প্রাতে, সন্ধ্যায়, বা গভীর রজনীতে প্রায়ই ধ্যানমগ্ন থাকিতেন। সময়ে সময়ে এই ধ্যান এরপ গাড় হইত যে তিনি সম্পূর্ণ বাহ্যজ্ঞানশৃত্য হইয়া পড়িতেন।

এইরূপ গুরুই প্রকৃতপক্ষে ধ্যানাভ্যাস শিক্ষা দিবার উপযুক্ত।

#### श्राभौ विद्यकानमः।

ষিনি পরমহংসদেবের চরণ ছায়ায় বসিয়া আধ্যাত্মিক তম্ব শিক্ষা ও মৃত্যু ছঃ সমাধি অবস্থা প্রত্যক্ষ করিয়াছেন, এবং যিনি সেই ঈশার-প্রতিম শ্রীপ্তরুর জ্বলস্ত ত্যাগ বৈরাগ্যের উচ্চাদর্শ সম্মুখে রাখিয়া চিরজীবন ঈশ্বরচিন্তা, কঠোর তপস্তা ও সাধন ভন্ধন করিয়াছেন, তিনি যে যোগ-বিদ্যার সকল গুঢ় রহস্তই অবগত ছিলেন, তাহাতে আর সন্দেহ কি গ তিনি প্রত্যেক শিষ্যের মনের অবস্তা বিশ্লেষণ করিয়া তত্নপ্রোগী উপদেশ দিতেন এবং ধ্যানজ দর্শন সমূহের অভি স্থসঙ্গত ব্যাখ্যা করিতেন। তিনি নিজে যাহা প্রত্যক্ষ ও অমুভব করিয়া-ছিলেন, তাহা ছাড়া অন্ত কোন জিনিষ শিষ্যদিগের নিকট বলিতেন না। স্নায়-বিধান-গঠন-কৌশল, মন্ডিক্ষের সহিত উক্ত বিধানের সম্বন্ধ এবং স্বায়বিক পরিবর্জনের সহিত মানসিক অবস্থার সম্পর্ক সম্বন্ধে তাঁহার উক্তিসমূহ আমেরিকার বহু চিকিৎসক ও শারীরবিদ্যাবিৎ (Physiologists) পণ্ডিতের মনোযোগ আকর্ষণ করিয়াছিল এবং তাঁহাদের অনেকে তাঁহার মতসমূহ অকাট্য বলিয়া স্বীকার করিতেন: বলিতেন, যদিও তাঁহার মতগুলি অতিশয় অন্তত রকমের (bold) তথাপি উহাদিগের মধ্যে প্রকৃত সত্য নিহিত আছে বলিয়া বোধ হয় এবং ঐগুলি বিশেষ যতুসহকারে পরীক্ষা করিয়া দেখা উচিত। খ্যানের দ্বারা মনুষ্য-বৃদ্ধির বিকাশ ও অতীক্সির-শক্তি লাভ হয় ও সেই শক্তিকেই এতাবংকাল সকলে দৈবশক্তি বলিয়া নির্দেশ করিয়া আসিতেছেন তাঁহার এই কথায় আমেরিকার প্রধান প্রধান মনস্তম্ববিৎ পশ্তিত, বিশেষতঃ হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের স্থবিখ্যাত অধ্যাপক উইলিয়াম জেম্ম, জগতের ভিন্ন ভিন্ন দেশের ভক্ত, সাধক ও ঈশ্বরপরায়ণ বাক্তিগণের বিভিন্ন প্রকার মানসিক

অবস্থার পর্যালোচনায় ব্যাপৃত হইয়াছিলেন। কিন্তু তাঁহার নিজ শিষোরা এসকল ধর্মবিষয়ক পাণ্ডিত্যপূর্ণ গবেষণার সহিত কোন সংশ্রব না রাথিয়া বিশেষ ধৈর্যা সহকারে সাধন ভজনে মনোনিবেশ করিয়াছিলেন।

Ì

স্বামিন্টার নিজের ধ্যানাবস্থায় এত বিবিধ প্রকারের অমুভূতি হইত যে তিনি কোনরূপ দর্শন বা প্রবণেট মাশ্চার্যাবোধ করিতেন না। পুনের পুর্বেও এ প্রকার অমুভূতি অনেকবার ইইয়াছিল। বরাহনগরের মঠে ধ্যান করিতে করিতে একদিন তিনি দেহাভাস্তরস্থ স্ট্যা, পিঙ্গলা ও স্বয়ুমা নাড়াত্রয়কে দেখিতে পাইয়াছিলেন। আর একবার (সম্ভবতঃ ১৮৮৮ সালের জামুয়ারী মাসে) পরিব্রাজক অবস্থায় গভার ধ্যানকালে দেখিয়াছিলেন, যেন একজন ঋষিতুল্য বৃদ্ধ ব্যক্তি সিন্ধুনদের তটে দাঁড়াইয়া

"আয়াহি বরদে দেবি ত্রাক্ষরে ব্রহ্মবাদিনি।

গায়ত্রি ছন্দদাং মাতঃ ব্রহ্মযোনি নমোহস্ততে॥"
এই বৈদিক গায়ত্রী-প্রণাম-মন্ত্র অতি **অপূর্ব্য** হ্ররে উচ্চারণ করি-তেছেন, দে হার ঐ মন্ত্রের প্রচলিত হার হইতে সম্পূর্ণ বিভিন্ন। স্বামিজী বলিতেন, সম্ভবতঃ প্রাচীন আর্য্যগণ ঐরপ হারে ঐ সকল মন্ত্র উচ্চারণ করিতেন।

রাজযোগ ও জ্ঞানযোগ সম্বন্ধে তিনি যে সকল গৃঢ় রহস্থ ব্যক্ত করিয়া গিয়াছেন তাহা হইতে স্পষ্ট বুঝা যায়, তিনি যে যে বিষয়ে উপদেশ দিতেন তৎসমুদম স্বয়ং অস্তরে উপলব্ধি করিয়াছিলেন। আর এই কারণেই সভ্যজগতের মহা মহা জ্ঞানী ও বিজ্ঞানবিৎ পণ্ডিত-গণ তাঁহার কথায় অতদুর আহাস্থাপন করিয়াছিলেন। আমরা

#### श्रामौ विदक्कानन ।

তাঁহার পাশ্চাত্য শিষাদিগের উক্তির সমর্থন করিয়া বলিতে পারি—

"He was a man who had seen God and had fathomed the very depths of the Soul"

(প্রকৃতই তিনি ঈশর দাক্ষাৎকার সম্পন্ন, আত্মজ্ঞানী পুরুষ ছিলেন)।

এই সময়েই ইহার বিখ্যাত 'রাজ্বোগ' প্রস্থ ও পতঞ্জলির যোগস্ত্রের ভাষা রচিত হয়। কতকটা প্রথমে শিষাদিগকে ব্ঝাইবার জক্ত বজ্নাকারে প্রদন্ত হইয়াছিল, বাকীটা পরে ক্রকলিনবাদিনী মিদ্ ওয়াল্ডো (Miss Waldo) নামী তাঁহার এক ছাত্রী কর্তৃক তাঁহার সন্মুখে লিখিত হইয়াছিল। স্বামিজী মুখে মুখে বলিয়া যাইতেন, মিদ্ ওয়াল্ডো লিখিয়া লইতেন। মিদ্ ওয়াল্ডো লিখিয়া

"It was inspiring to see the Swami as he dictated to me the contents of the work. In delivering his commentaries on the Sulras, he would leave me waiting, while he entered deep states of meditation or self-contemplation, to emerge therefrom with some luminous interpretation. I had always to keep the pen dipped in the ink. He might be absorbed for long periods of time and then suddenly his silence would be broken by some eager expression or some long deliberate teaching."

ভাবার্থ:—স্ত্রের ব্যাথা কর্তে কর্তে স্বামিজী মাঝে মাঝে ধ্যানস্থ হইতেন। আমি এদিকে কলমটি কালিতে ডুবিয়ে চুপ

#### কর্ম্মের প্রসার।

করে অপেকা কর্ছি। অনেককণ পরে হয়ত তাঁর নিস্তর্কতা ভক্ত হ'ল, তিনি একটি চমৎকার ব্যাখ্যা করলেন, আমি তৎক্ষণাৎ সেটি লিখিয়া লইলাম। তাঁহার তন্ময়তা দেখে অন্ত লোকের প্যাস্ত ভাবোজেক হ'ত।

জুন মাদে 'রাজযোগ' গ্রন্থ সমাপ্ত হটল। ইতোমধ্যে আমের্কার অনেক প্রসিদ্ধ বাক্তি স্বামিজীর অমুরাগী, পৃষ্ঠপোষক ও শিষ্য-শ্রেণীভক্ত হইয়াছিলেন। তাঁহার একান্ত ইচ্ছা হইল কতক-শুলিকে সন্ন্যাসমন্ত্রে দীক্ষিত করিয়া ভবিষাতে তাঁহার কার্যা পরি-চালনার ভার তাহাদিগের উপর দিয়া যান ৷ তুজন প্রকাশ্রে সন্ন্যাস গ্রহণের পুর্বেই সকলের নিকট আপনাদিগকে তাঁহার শিষা বলিয়া পরিচয় দিতে। আরম্ভ করিয়াছিলেন। ইহাদের নাম ম্যাডাম भ्यतीन्हें (Madame Marie Louise) ९ जात निर्ध नाम्नवर्भ (Herr Leon Lansberg)। (मदीन्डे এक अन कदांत्री द्रमणी. বভাদিন হউতে নিউইয়র্কে বাস করিতেছিলেন। পাঁচিশ বৎসর ধরিয়া ইনি জভবাদী, ও সোশালিষ্টদিগের অগ্রণী ও একজন নিভীক, উন্নতিপ্রয়াসা ও বিদ্ধী রমণী বলিয়া সাধারণের নিকট পরিচিত ছিলেন। দিতীয় বাক্তি একজন কৃষজাতীয় ইছদী, ইঁহারও পুর্ববৃত্তান্ত অতি অন্তত। দীক্ষাগ্রহণের পুর্বে ইনি নিউটয়র্কের একথানি প্রধান সংবাদপত্তের লেখক ও পরিচালক শ্রেণীভুক্ত ছিলেন। দীক্ষাগ্রহণের পর ইহারা যথাক্রমে স্বামী অভয়া-नक ও यामी क्रुशानक नाम পরিচিত इत्याहित्वन। অভাত ভতের মধ্যে নিম্নলিথিত ক্ষেকজনের নাম উল্লেখযোগা। বিখ্যাত নর-ওয়েবাসী বেহালাবাদক ও স্থাশনালিষ্টের পত্নী মিদেস্ ওলীবুল ( Ole

Bull), ডাক্তার এলান ডে (Allan Day), মিস এস, ই. ওয়াক্ডো (S. E. Waldo), প্রফেদর ওয়াইম্যান ( Wyman ), প্রফেদর রাইট (Wright), ডা: খ্রীট (Doctor Street) ও আরও বছ বিখাত ধর্ম্মাজক ও সাধারণলোক। এই সময়ে বিখ্যাত ফরাসী অভিনেত্রী দারা বার্ণহার্ড (Sarah Bernhardt ) তাঁহার দহিত সাক্ষাৎ করিয়া তাঁহার দার্শনিক উপদেশ ও জ্ঞানগরিমায় মুগ্ধ হইয়া বিশ্বর প্রকাশ করেন। কিছুদিন পরে স্থপ্রসিদ্ধা গায়িকা মাদাম কাল্ভেও ( Madame Calve ) তাঁহার একজন বিশেষ ভক্তমধ্যে পরিগণিত হন। এতদ্বাতীত নিউইয়র্ক সমাজের সর্বাঞ্চন-স্থপরিচিত ধনী ও ক্ষমতাশালী মিঃ ফ্রান্সিদ লেগেট (Mr. Francis Leggett) ও তাঁহার পত্নী এবং মিস জে. ম্যাকলাউড (Miss I Macleod) তাঁহার অন্তরঙ্গ বন্ধশ্রেণীভুক্ত হন, এবং বহু প্রকারে তাঁহার সাহায্য করেন। 'ডিক্সন সোসাইটি' নামক সভার সম্মুথে তিনি অনেকবার বক্ততা প্রদানার্থ আহত হইয়াছিলেন। তাহার সভ্যেরাও তাঁহার সকল ভাব বিশেষ আদরের সহিত গ্রহণ করিয়াছিলেন। এমন কি. তড়িৎবিজ্ঞাবিশারদ জগদ্বিখ্যাত বৈজ্ঞানিক নিকোলাস তেস্লা (Nicolas Tesla) পর্যান্ত তাঁহার মুখে সাংখ্যদর্শনের ব্যাথ্যা শুনির। সাংখ্যোক্ত প্রাণ, আকাশ, ও কল্পবাদ-পূর্ণ সৃষ্টি-তত্ত্বকে সর্বশ্রেষ্ঠ সৃষ্টিতত্ত্ব বলিয়া স্বীকার করিতে বাধ্য হইয়াছিলেন. এবং বলিয়াছিলেন যে তিনি নিঞ্চে গণিতশাস্ত্রসাহায়ে ঐ তত্ত্ব প্রমাণ করিতে পারেন ও বর্ত্তমান যুগের বিজ্ঞান যদি সৃষ্টিতত্ত্বের সমাধান করিতে চাহেন তবে একবার ঐ সাংখ্যাক্ত তত্ত্বের প্রতি দৃষ্টিপাত করুন।

ı

এইরপে ১৮৯৫ সালের প্রারম্ভ হইতে মধ্যভাগ পর্যান্ত স্থামিজী অমানুষিক পরিশ্রমস্চকারে সমগ্র আমেরিকাথণ্ডে বেদাস্তধর্ম প্রচার করিয়া সহস্র সহস্র ভক্ত ও অমুরাগী শিষালাভ করিলেন। তাঁহার এমন অনেক শিষ্য আছেন যাঁহারা জীবনে কথনও তাঁহাকে দেবিবার স্থযোগ পান নাই, কিন্তু তাঁহার ভাবগুলি গ্রহণ করিয়া তদমুষারী জীবন যাপন করিতেছেন। এমন কি, খুষ্টীয় উপাসনা মন্দির ও ভজনালয়ে পর্যান্ত এবং দাধারণ সভায়ও অনেকে তাঁহার ভাব গ্রহণ করিয়া প্রচার করিতে আরম্ভ করিয়াছিল। আনেকে হয়ত দেগুলি প্রচার করিবার সময় তাঁহার নাম করিত না, তথাপি তাঁহার ভাব যে সর্বত্ত ছড়াইয়া পাড়তেছে ইহা দেখিয়া তিনি অতিশয় আনন্দিত হইতেন। কিন্তু অতিরিক্ত পরিশ্রমে তাঁহার শ্রীর মন শীঘ্র অবসর হইয়। পড়িল। একাকী নৃতন দেশে নৃতন লোকের মধ্যে আজন্মসঞ্চিত কুসংস্কাররাশি দূর করিয়া সম্পূর্ণ নৃতন ভাব প্রতিষ্ঠা করা যে কি জঃসাধ্য কার্য্য তাহা আমরা অনুমান করিতেও পারি না। তবে এটকু বুঝিতে বিলম্ব হয় না যে, স্থমেরুর স্থায় অটল হাঁহার অধ্যবসায় ও বর্ষাবারিক্ষীত গিরিদরীর ভায় মুর্ব্বার যাঁহার কর্মচেষ্টা, তিনি নিতাস্ত সামাভ পরিশ্রমে ক্লান্ত ব। কাতর হয়েন নাই।

j

তিনি বেদান্ত প্রচারের জন্ম প্রাণ পর্যান্ত পাত করিতে কৃষ্টিত ছিলেন না। সেই জন্ম শত সহস্র বাধা বিষ্ণ উপেক্ষা করিয়াও মবিরত পরিশ্রম করিতে লাগিলেন। মাঝে মাঝে কিন্তু তাঁহার অনুরাগী ভক্তেরাও বৃদ্ধির দোষে তাঁহাকে জ্বালাতন করিত। বোষ্টনের একজন স্ত্রীলোক তাঁহাকে বক্তৃতাশিক্ষার ক্লাসে (Elocution class) গিয়া

কেমন করিয়া বক্তৃতা দেওয়া শিথিতে হয় তৎসম্বন্ধে উপদেশ লইবার জন্ম বলিতে লাগিলেন। যাঁচার বাগ্মিতার জগৎ মুগ্ধ, যাঁচাকে আজন্ম-বাগ্মী বলিলেও দোষ হয় না, তাঁছাকে আবার বক্ততা-শিক্ষার ক্লাসে গিয়া বক্তৃতা দেওয়া শিথিতে হইবে! কি অত্যাচার! আর একজন তাঁহাকে দল গড়িবার জন্ম উপদেশ দিতে লাগিলেন। আর একজন বলিতে লাগিলেন "স্বামিজী, আপনার এই এই করা উচিত—ভাল বাডীতে ভাল ভাল গণ্যমান্ত লোকের মধ্যে থাকা উচিত—যদি আপনি সমাজের বড বড লোককে বাগাইতে চান তবে আপনার নানা রকম 'চাল' তরস্ত করা চাই, কারণ এটা ফ্যাশনের দেশ—এখানে বাহাভডং না হ'লে কোন কাজ উদ্ধার হয় না." ইত্যাদি। স্বামিজী এ সকল অনাবশ্রক উপদেশের উত্তরে বিরক্ত হইয়া বলিয়াছিলেন "ও সব তচ্ছ জিনিষে আমার দরকার কি ? আমি সন্ন্যাসী-সন্ন্যাসীর মত থাকিব। ইহার বেশী কোন 'চাল' আমার দরকার নাই। আমি যে কাজ করিতে বা যে কণা শুনাইতে আদিয়াছি ভাহারই সময় পাই না, আমি আবার তোমাদের ভবাতা শিখিতে ঘাইব। আমার দে সময় কৈ ? আমি যেমন জানি সেই মত বলিয়া যাইব। যাহার ভাল লাগিবে. ভনিবে। যাহার ভাল লাগিবে না, সে ভনিবে না। আমি তোমাদের ধারণামত কার্য্য উদ্ধার করিতে চাহি না।"

ı

বাস্তবিক লোকগুলির ধুষ্টতা দেখিলে হাসি পায়!

স্থামিজী কোন বিষয়ে কাহারও প্রত্যাশী বা মুথাপেক্ষী ছিলেন না, কিন্তু যাহাদিগের নিকট হইতে বিল্পুমাত্র সাহায্য পাইতেন তাহাদিগের প্রতি কৃতজ্ঞতা প্রদর্শন করিতে কথনও বিশ্বত হইতেন না। আমেরিকা আগমনের প্রারম্ভে তাঁহার ছিদিনে যাঁহারা তাঁহাকে সাহায্য করিয়াছিলেন, তাঁহাদিগকে তিনি হুযোগ পাইলেই নানাবিধ দ্রব্য উপহার দিতেন। কাহাকেও কাশ্মীরি শাল, কাহাকেও মহার্ঘ গালিচা, মস্লিন বা রেশনী বস্ত্র, কাহাকেও বা পিত্তল-নির্দ্মিত হুলর স্কর্ম মুর্ত্তি ও অভাভ কার্যকার্য্য-থচিত দ্রব্যদানে হৃদয়ের ক্রতজ্ঞতা জানাইতেন। এই সকল দ্রব্যের অধিকাংশই জুনাগড়ের প্রধান মন্ত্রী ও মহীশ্রের মহারাজ তাঁহাকে পাঠাইয়া দিতেন। এতদ্বাতীত তিনি ভারতবর্ষে পত্র লিখিয়া তথা হইতে তাঁহার শিষ্য-গণের জভ কুশাসন ও কুলাক্ষের মালা আনাইয়াছিলেন।

১৮৯৫ সালের স্কুনমাস পর্যাপ্ত গুরুতর পরিশ্রমের সহিত নিজ ছাত্রাদিগকে শিক্ষাদান ও ডা: পল কেরাস (Dr. Paul Carus) এর সহিত ধর্মা বিস্তার মহাসভার (Parliament of Religious Extension) ভক্ত স্ত্রহৎ শ্রোত্মগুলীর সমক্ষে দিন ছুই তিনবার বঞ্জুতা করিবার পর শ্রাস্ত ক্রাম্ব স্থামিজীর ভাগ্যে বিশ্রাম লাভের স্থযোগ ঘটিল। মেন ক্যাম্প (Maine Camp) নামক জন-বিরল স্থানের এক বন্ধু তাঁহাকে কিছুদিনের জক্তু নিজ আবাসে আসিয়া থাকিবার জক্ত অনুরোধ করিয়া পাঠাইলেন। স্থামিজীও আনন্দসহকারে তাঁহার নিমন্ত্রণ প্রহণ করিয়া কিয়ৎকাল ঐ স্থানের নির্জ্জন পাইন-কুজের মধ্যে যাপন করিলেন। 'মেন-ক্যাম্প' এ যাইবার পূর্বের্ব তাঁহার নিউইয়র্কস্থ শিক্ষাগারের ছাত্র সংখ্যা অত্যন্ত বৃদ্ধি প্রাপ্ত হইয়াছিল এবং সকলেই তাঁহাকে শীষ্ম ফিরিয়া আসিয়া পুনরায় কার্যো প্রস্তুত হইবার জক্ত বারংবার বিলায়াছিল কিন্তু তথন গ্রীয় পড়িয়া গিয়াছে বলিয়া তিনি আর

#### श्रामौ विद्यकाननः।

কার্য্যভার প্রহণ করিতে সন্মত হইলেন না। ছাত্রেরাও অনেকে সমুদ্রতীর বা শৈলাবাসে যাইবার জন্ম প্রস্তুত হইল। স্বতরাং কিছু-দিনের জন্ম ক্লাসের কার্য্য বন্ধ রাখাই দ্বির হইল। তথন এই সময়টা কি করা যায় ইহা লইয়া জল্পনা-কল্পনা চলিতে লাগিল। কিছু বেশী জল্পনা-কল্পনার প্রয়োজন হইল না। স্থামিজীর এক শিষ্যা প্রস্তাব করিলেন সেণ্টলরেন্স নদীর মধ্যস্থিত 'সহস্ত্রহীপোদ্যান' (Thousand Island Park) নামক বৃহত্তম দ্বীপে তাঁহার একটি রমণীয় কুঞ্জকুটির আছে, স্থামিজী যদি ইচ্ছা করেন তবে কিছু দিন ঐ স্থানে গিয়া পাকিতে পারেন।

স্থানটি অতি নির্জ্জন ও মনোরম। চতুদ্দিক জলরাশিবেষ্টিত, নদীবক্ষে দূরে দূরে আরও অনেক ক্ষুদ্র দ্বীপ অস্পষ্ট প্রতিভাত এবং কুটীরথানি দ্বীপের মধ্যভাগে অনতিউচ্চ শৈলোপরি অবস্থিত। সেধানে অধিক লোকের স্থান নাই বটে, কিস্কু দশ পনর জন অক্লেশেই থাকিতে পারে। প্রস্তাবটি স্থামিজীর ভাল লাগিল, তিনি মেনক্যাম্প হইতে ফিরিয়া ওখানে থাকিবেন স্থির হইল। কুটীর-স্থামিনী এই উপলক্ষে স্থানটিকে পবিত্র দেব-নিকেতনের স্থায় সক্ষিত করিতে বাদনা করিলেন এবং স্থামিজী ও তাঁহার শিষাদিগের স্থিধার জক্ত পূর্বে কুটীরের স্থায় বৃহৎ আর একটি নৃতন অংশ নির্মাণ করাইলেন। এথানে স্থামিজী সন্ধিয়ে দেড়মানেরও অধিক কাল অতিবাহিত করিয়াছিলেন। প্রথমে শিষ্যসংখ্যা দশ জন ছিল। তারপর আরও ছই জন বহুশত মাইল দূর হইতে আসিয়া তাঁহা-দিগের সহিত যোগ দিয়াছিলেন। ইহার মধ্যে ছইজন পরে স্থামিজীর নিকট হইতে সন্ন্যাসদীকা ও আর পাঁচজন ব্রক্ষচর্যাব্রত

প্রহণ করিয়াছিলেন। বাকী কয়জনও তাঁহার নিকট মন্ত্রগ্রহণ করিয়া তাঁহাকে গুরুজে বরণ করিয়াছিলেন। এ সহস্কে মিস্ওয়াল্ডো ও মিসেস্ ফাল্ডে (Mrs. Funke) যাহা লিথিয়াছেন তাহার সারাংশ পরিশিষ্টে উদ্বৃত হইল। তাহা পাঠ করিয়া পাঠক ব্রিতে পারিবেন তাঁহার শিষোরা তাঁহাকে কতদুর ভক্তি ও শ্রদ্ধা করিতেন। এখানে ১৯শে জুন ব্ধবার হইতে ৬ই আগষ্ট পর্যান্ত প্রত্যহ প্রাতে ও সন্ধায় নিয়মমত শিক্ষা প্রদন্ত হইত। প্রথম দিন বাইবেলের যে।হন লিথিত স্থসমাচার লইয়া আরম্ভ করা হয়, তারপর বেদান্তস্ত্র, গীতা, নারদ-ভক্তি-স্ত্র, যোগদর্শন, ব্রদারণাক ও কঠ উপনিষদ, অবধৃতগীতা প্রভৃতি নানা বিষয়ের অধ্যাপনা ও আলোচনা হইত। এই সময়কার প্রাণম্পশী উপদেশাবলী মিস্ ওয়াল্ডো কর্তৃক "Inspired Talks by Swami Vivekananda" (বাঙ্গলার ইহা 'দেববাণী' নামে অনুদিত হইয়াছে ) নামক গ্রন্থে সলিবেশিত হইয়াছে।

1

এই স্থানে অবস্থানকালে সেণ্টলরেন্স নদীতীরে একদিন স্থামিজী নির্বিকর সমাধিরাজ্যে প্রবেশ করিয়াছিলেন। সে সময়ে তিনি ইহা কাহারও নিকট প্রকাশ করেন নাই বটে, কিন্তু ঐ দিনকার অমু-ভূতিকে তিনি তাঁহার জীবনের একটি সর্বশ্রেষ্ঠ অমুভূতি বলিয়া মনে করিতেন।

এই স্থানেই তিনি স্থবিখ্যাত 'Song of Sannyasin' (সন্ন্যাসীর গীতি) নামক কবিতাটি রচনা করিয়াছিলেন। তিনি ধনীদিগের পরিবর্দ্তে সাধারণ লোকের মধ্যে প্রচার করিতে সম্বন্ধ করিয়াছেন শ্রবণ করিয়া একজন শিষ্য ঐ সম্বন্ধের প্রতি কটাক্ষ করিয়া-

#### স্বামী বিবেকানন ।

তাঁহাকে এক পত্র লেখেন, তাহারই প্রাতবাদস্বরূপ তিনি এই কবিতাটি লিখিয়া পাঠাইয়াছিলেন। এরূপ উচ্চ ও গন্তীরভাবপূর্ণ কবিতা জগতে অতি অন্তই দেখিতে পাওয়া যায়।

1

এইরপে সেই কাননবেষ্টিভ নিভ্ত শৈশনিবাসে স্থামিজীর দিনগুলি পরম শাস্তিতে কাটিতে লাগিল। অধ্যয়ন অধ্যাপনার অবকাশে তিনি কথনও কথনও স্বহস্তে পাক করিয়া শিষাদিগকে ভোজন করাইতেন এবং হিন্দু পুরাণাদি হইতে নানাবিধ গল্প বলিতেন।

#### ইংলণ্ড স্বাতা।

সহস্রবীপোন্তান হইতে নিউইয়র্কে ফিরিয়া আসিয়া স্বামিজী ইংলওগমনের উদ্যোগ করিতে লাগিলেন। মে মাস হইতেই ওথানে ষাইবার সংকল্প মনোমধ্যে উদিত হইম্নাছিল এবং মিস হেনরিয়েটা মূলার (Miss Henrietta Muller) তাঁহাকে নিমন্ত্রণও করিয়া-ছিলেন, কিন্তু কার্যাগতিকে এতদিন যাইবার স্থবিধা হয় নাই। একণে আবার ই, টি, ষ্টার্ডি (E. T. Sturdy) নামক অপর এক ইংরাজ বন্ধুও তাঁহাকে পুন: পুন: লগুনে আসিবার জন্ম লিখিতে লাগিলেন ও 'এখানে কার্য্যের বিস্তৃতক্ষেত্র পডিয়া রহিয়াছে, আপনি আসিলেই আমরা সব ব্যবস্থা করিয়া দিব', এইরূপ আশা দিতে লাগিলেন। স্থতরাং অগত্যা স্বামিজী ইংলগু যাওয়া স্থির করিলেন। যাত্রার আরও এক স্থযোগ উপস্থিত হইল। নিউইয়র্কের একজন धनी वसुत्र अपने प्रभारत भाति इहेगा हैश्लाए गाहेवात कथा हिन। তিনি স্বামিজীকে তাঁহার সহিত একত্রে যাইবার জন্ম আহ্বান করিয়াছিলেন। স্থতরাং আগষ্টের মাঝামাঝি স্বামিজী উক্ত বন্ধুর সহিত একত্রে নিউইয়র্ক ত্যাগ করিলেন ও ঐ মাসের শেষভাবে প্যারিতে পৌছিলেন। প্যারি ইউরোপী সভাতার জন্মভূমি। স্বামিজী প্যারি দেখিয়া অত্যন্ত পুলকিত হইলেন এবং নেপো-লিয়ানের সমাধিস্থান, চিত্রশালা, গির্জা, মিউজিয়ম প্রভৃতি বছবিধ ক্রষ্টবাস্থান ঘুরিয়া ঘুরিয়া পরিদর্শন করিলেন। এখানেও তিনি তাঁহার বন্ধর সাহায্যে অনেক বিশিষ্ট ব্যক্তির সহিত পুরিচিত হইলেন

# স্বামী বিবেকানন্দ।

এবং তাঁহাদিগের নিকট নানা বিষয় জিজ্ঞাসাবাদ করিয়। বহু নৃতন তথ্যসংগ্রহ করিলেন।

কিন্তু এখানে ছদিনের জন্ত বেড়াইতে আসিয়াও নিন্তার নাই, ভারতবর্ধের পত্রে তিনি জানিতে পারিলেন যে মিশনরীরা তাঁহার বিরুদ্ধে উঠিয়া পড়িয়া লাগিয়াছে ও তাঁহার আহার, বিহার, লোক-শিক্ষা ও মতের সমালোচনা করিয়া নানাবিধ প্রবন্ধ, কাগজপত্র ও পুতিকা চতুর্দ্ধিকে বিতরণ করিতেছে। এমন কি তাঁহার অমলধ্বল চরিত্রের উপরও কলক্ষারোপ করিতে সঙ্কৃচিত হয় নাই। তিনি মিশনরীদের চালাকী বড় গ্রাহ্ম করিতেন না। কিন্তু ইহাতে তাঁহার শিষাদিগের মনে কন্তু হইতেছে ও হিল্পু সমাজের অনেক ব্যক্তি ঐ সকল মিথ্যা প্রবন্ধানি পাঠে তাঁহার বিরুদ্ধে উত্তেজিত হইতেছে ক্ষেথিয়া তিনি বিরক্ত না হইয়া থাকিতে পারিলেন না। বাস্তবিক আনেক হিন্দুর ধারণা হইয়াছিল যে অভক্ষা ভক্ষণ করিয়া আমিজীর জাতি গিয়াছে, এবং যিনি অভক্ষা ভক্ষণ করেন তিনি সকল প্রকার ছঙ্কপাই করিতে পারেন। স্তরাং ৯ই সেপ্টেম্বর লগুন যাত্রার পূর্বেষ তিনি তাঁহার শিষ্যাদিগকে লিথিয়া পাঠাইলেন ঃ—

"আমি আশ্চর্য্য হইলাম যে তোমরা মিশনরীদের আবোল তাবোল কথার এতদুর বিচলিত হইরাছে। ভারতের লোক যদি চার যে আমি ঠিক বাঁটি হিন্দুর থাদ্য থাইরা বাঁচিরা থাকিব, ভাহা হইলে একজন পাচক ব্রাহ্মণ ও তাহাকে রাথার উপযুক্ত অর্থাদি পাঠাতে ব'লো। আসল বিষয়ে একটুও সাহায্য না ক'রে আহা-শ্বোকের মত এই সব ভুচ্ছ বিষয় নিম্নে হৈ চৈ করা দেখে আমার হাসি পার। পক্ষান্তরে যদি পার্জীরা তোমাদের ব'লে থাকে যে আমি সন্ন্যাসীর বে ছটি আসল ধর্ম অর্থাৎ কামকাঞ্চন ত্যাগ তা'থেকে এক তিলও এট হ'মেছি তা'হলে ব'লো তারা ঘোরতর মিধ্যাবাদী। \* \* •

আর আমার নিজের সম্বন্ধে ক্ষি জান, আমি কাহারও ত্রুমের চাকর নই। আমি জানি আমার জীবনের কাজ কি, তাই ক'রে যাব। হৈ চৈএর ধার ধারি না। আমি ভারতের যেমন, সমৃদ্য় জগতেরও তেমনি। আমি স্পষ্ট দেখতে পাচিচ আমার পশ্চাতে এক মহাশক্তি দাঁড়িয়ে আমার চালাচ্ছেন। আমি কারও লাহায়্য চাই না। মনে করেছ কি, আমি তোমাদের হাল-ক্যাশনের শিক্ষিত হিন্দুদের মত জাতের গোঁড়া, হালমহীন, কুসংস্থারের চিপি, ঈশরে বিশাসহীন, কপট কাপুরুষ ? কাপুরুষতা আমি অন্তরের সহিত ঘুণা করি। কাপুরুষতা কি রাজনৈতিক বাদ্রামোর সঙ্গে আমার কোন সম্বন্ধ নেই। আমি রাজনীতি মোটেই বিশাস করি না। আমার রাজনীতি—ভগবান ও সত্য। আর সব ছাই আর ভস্ম। (ইংরাজীর অমুবাদ)।

বাস্তবিক মিশনরীরা চতুর্দিক হইতে স্বামিলীর বিশ্বন্ধে যেরপ উৎপাত আরম্ভ করিয়াছিল অন্ত লোক হইলে তাহাতে মহাবিত্তত হইরা পড়িত। কিন্ত স্বামিজী সাধারণ লোকের ন্তার তুর্মলচিন্ত ছিলেন না, তিনি অতিশয় তেজস্বী ও নিভীক ছিলেন-এবং আবশ্রুক ভূইলে বীরের স্থায় দঙায়মান হইয়া আত্মরকা করিতে জানিতেন। প্রাক্ত পক্ষে হইয়াছিলও তাহাই। তাঁহাকে প্রতিপদে জর্মা ও বিদ্যেরের সহিত সংগ্রাম করিয়া দাঁড়াইতে হইয়াছিল। তিনি দেখিলেন নতুবা তাঁহার দেশের লোক, দেশের ধর্ম, লোক শিক্ষা ও

#### স্বামী বিবেকানন্দ।

স্থনাম স্বই নট হট্যা যায়। মিশ্নরীরা যথন তাঁহার চরিত্তের: উপর দোষারোপ করিয়াছিল তখন তিনি অতি স্পষ্ট ভাষায় তাহাদের কথার উত্তর দিয়াছিলেন। সে উত্তরে এতটুকু সঙ্কোচ বা ইতস্ততঃ ভাব ছিল না। তবে কথনও ক্লখনও তাঁহার বালকের ন্যায় সরল প্রাণে অভিমান হইত. তথন তিনি নির্জ্জনে জগজ্জননীর চরণে শরণ গ্রহণ করিয়া ত্র্ব্তিদিগের হস্ত হইতে আত্মরক্ষার জন্ম সাহায্য প্রার্থনা করিতেন। এমন কি. আমেরিকার প্রথম অবস্থায় একদিন তিনি তাঁহার চরিত্রসম্বন্ধে কতকগুলি অমূলক নিন্দাবাদ পাঠ করিয়া সভাই কাঁদিয়া ফেলিয়াছিলেন। নিকটত্থ ব্যক্তিরা কারণ জিজ্ঞাসা করিলে বলিয়াছিলেন-"Oh! How deep is the wickedness of the world and to what lengths men would go, in the name of religion, to cast aspersions upon another worker in God's vineyard!" ( ওঃ জগতের লোকগুলা কি হুষ্ট, এবং ধর্মের নামে তারা আর একজন ঈশ্বর সেরকের কিরূপ নিন্দা করিতে পারে দেখুন !) এই সকল গোড়ামী ও সন্ধীৰ্ণতা দৰ্শনে তাঁহার বন্ধুশ্রেণীভুক্ত অনেক আমেরিকান ধর্মবাজকও এদেশের নীচ পাদ্রীদের উপর ক্রম্ব ও বিরক্ত হইয়াছিলেন। তাঁহারা স্বামিজীকে উত্তমরূপ জানিতেন এবং অনেকে তাঁহাকে "Our Eastern Brother" (আমাদের প্রাচ্যদেশীয় ভ্রাতা ) বশিয়া সম্মানের সম্বোধনে অভিহিত করিতেন। এইরূপ ব্যক্তির বিরুদ্ধে মিথা৷ অক্তায় অপবাদ রটনা করাতে তাঁহারা আন্তরিক হঃথিত হইয়া স্থামিজীর সহিত সহামুভূতি প্রদর্শন করিয়াছিলেন, এবং কেহ কেহ তাঁহার শক্রদিগের

উক্তি মিথা। প্রতিপন্ন করিবার জন্ত লেখনী পর্য্যস্ত ধারণ করিয়াছিলেন।

পণ্ডিতা রমাবাই ওদেশে শিক্ষাকার্য্যের জন্ম টাকা তুলিতে গিয়াছিলেন। কথা উঠিল যে স্বামিজী নাকি ক্রকলিন নৈতিক শভার বক্ততা দিতে দিতে রমাবাইয়ের নিন্দা করিয়াছিলেন। প্রকৃতপক্ষে তিনি রমাবাই সম্বন্ধে স্বতঃপ্রবৃত্ত হইয়া কোন কথাই উত্থাপন করেন নাই। ব্রুকলিন নৈতিক সভায় ত' মোটেই নহে —তবে একবার Long Island Historical Society নামক সভার হলে তাঁহার বক্ততা শেষ হইলে একজন তাঁহাকে রুমাবাই সর্যন্ধে গুটিকতক প্রশ্ন জিজ্ঞাসা করিলে সেই প্রশ্নের উত্তরে তিনি বলিয়াছিলেন যে রমাবাইয়ের শিক্ষাবিস্তার কার্য্যের সহিত তাঁহার খুব সহামুভূতি আছে, কিন্তু তিনি ওদেশে যে উপায়ে অর্থসংগ্রহ করিতেছেন সেই উপায়গুলি অবলম্বন সম্বন্ধে তাঁহার কিঞ্চিত মত-टिन आहि, आतं हिन्दिश्या, उाहारात्र कीवनवार्यन व्यानी ७ তাঁহাদিগের উপর নির্য্যাতন সম্বন্ধে যে-সকল কথা রমাবাই কর্ত্তক ওদেশে প্রচারিত হইয়াছে তিনি ভাহার অমুমোদন করেন না। ডাঃ লুইস্ জেন্স্ এগম্বন্ধে 'ষ্ট্যাণ্ডার্ড ইউনিয়ন' নামক পত্তে স্পষ্ট লিথিয়াছিলেন :--

".....In justice to the Swami Vivekananda it should be remembered that his criticism of Ramabai—never volunteered and seldom uttered in public—were always directed against her unwise methods of exaggeration and wholesale denunciation of her people and never against her legitimate educational work....."

#### স্বামী বিবেকানন

( অর্থাৎ, স্থামিজী প্রকাশ্যে বা স্বেচ্ছার রমাবাইরের সম্বন্ধে কোন-সমালোচনাই করেন নি। আর যা কিছু ত্ই এক কথা বলেছিলেন তাও তাঁর শিক্ষাবিষয়ক কার্য্যসম্বন্ধে নয়, তৎকৃত সালস্কার স্বজাতি-নিন্দার বিক্লমে।')

যাহা হউক অতঃপর স্বামিজী লণ্ডনে আসিয়া পৌছিলেন। লণ্ডনে যাইবার পূর্বে তাঁহার মনে ইংলণ্ডের জনসাধারণ বিজ্ঞিত জাতির একজন প্রচারককে কি ভাবে গ্রহণ করিবে এ সম্বন্ধে একটু সন্দেহ ছিল। কিন্তু ইংলভে পৌছিবামাত্র তাঁহার সে সন্দেহ দুর হটল, এবং শীঘ্রই তাঁহার যশোধ্বনিতে ইংলঞ্চের আকাশ বাতাস ভরিয়া উঠিল। তিনি ওথানে বছ বন্ধু কর্তৃক সমাদৃত হইলেন। তন্মধ্যে পূর্ব্বপরিচিত মিষ্টার ষ্টার্ডি ও মির্স হেন্রিয়েটার নাম পাঠক অবগত আছেন। তিনি এই সকল বন্ধুদিগের বাটীতে কয়েকদিবস ষাপন করিয়া ধীরে ধীরে দামাক্তভাবে কার্য্য আরম্ভ করিলেন। মধাকে লণ্ডৰের দর্শনীয় স্থান সমূহ দেখিয়া বেড়াইতেন, প্রাতে ও সন্ধার সময় ক্লাস করিতেন, বা বাঁহারা দেখা করিতে আসিতেন, তাঁহাদিগের সহিত কথোপকথন করিতেন। শীন্ত্রই তাঁহার নাম প্রচারিত হটয়া পড়িল, দকে দকে দর্শকসংখ্যা উত্তরোভর বৃদ্ধি পাইতে এবং চতুদিক্ হইতে নিমন্ত্রণ আসিতে লাগিল। এইরূপে লওন পৌছিবার তিন সপ্তাহের মধ্যে তিনি গুরুতর পরিশ্রমে ব্যাপ্ত হইলেন এবং বেদান্ত ও আধ্যাত্মিক রাজ্যের চতুর্বিধ মার্গ সম্বন্ধে ৰজুতা দিতে লাগিলেন।

লণ্ডনে যে সকল বন্ধু স্বামিজীর কার্য্য-বিস্তারের সাহায্য করিয়াছিলেন তাঁহালের মধ্যে প্রধানতঃ ই, টি, ষ্টার্ডি সাহেবের নাম উল্লেখযোগ্য। ইনি একজন অবস্থাপন্ন, পণ্ডিত ও বিশেষ ক্ষমতাশালী বাক্তি ছিলেন। বহুদিন হইতে ভারতীয় চিন্তাদমূহের পক্ষপাতী ছিলেন এবং ভারতবর্ষে আসিয়া হিমালয়ের পার্ববতানিবাসে বছ কঠোর তপস্থাও করিয়াছিলেন। ইনি স্থামিজীর সহিত অনেকের আলাপ পরিচয় করাইয়া দিয়াছিলেন, এমন কি প্রথম অবস্থায় লেডী ইসাবেল মার্গেদন ( Lady Isabel Margesson ) ও অভিজাত সম্প্রদায়ের আরও কয়েকজন নিয়মমত স্বামিজীর ক্রাসে যোগ দিতেন। তাহার পর ওয়েষ্টমিনিষ্টার গেকেট, ষ্ট্যাণ্ডার্ড প্রভৃতি বিশ্যাত সংবাদপত্র সমূহের লোকেরা তাঁহার কাছে যাতায়াত করিতে লাগিল ও ব্যক্তিগতভাবেও তাঁহার প্রাদত্ত শিক্ষাসম্বন্ধে মহাস্থথ্যাতি করিয়া প্রবন্ধাদি প্রকাশ করিতে লাগিল। প্রথমে তিনি এই প্রচারকার্য্য বন্ধবান্ধব ও পরিচিত ব্যক্তিবর্গের মধ্যেই আবদ্ধ রাখিবেন ভাবিয়াছিলেন, কিন্তু তাহা হইল না। এই 'হিন্দু যোগী'কে দেখিবার জ্বন্ত চতুদ্দিক হউতে দলে দলে লোক আসিতে আরম্ভ করিল। তথন বাধ্য হইয়া তাঁহার বন্ধুগণ ২২শে অক্টোবর পিকা-ডিলি'স্থ 'প্রিন্সেস্ হল' নামক বাটীতে তাঁহার প্রকাশ্ত বক্তৃতার ব্যবস্থা করিয়া দিলেন। এথানে স্বামিজী বহু শ্রোতার সমক্ষে 'Self-knowledge' (আত্মজ্ঞান) সম্বন্ধে একটি বক্ততা দিলেন। এই বক্ততা-ক্ষেত্রে লগুনের অনেক চিম্তাশীল পণ্ডিত সমুপস্থিত হইয়া-বক্ততাটি শ্রবণ করিয়া সকলেই মুগ্ধ হইলেন। প্রদিন প্রাতে সংবাদ-পত্র সমূহে তাঁহার খুব প্রশংসা বাহির হইল।

幭

'ষ্ট্যাণ্ডার্ড' পত্র লিখিলেন—

١

<sup>&</sup>quot;সেদিন এক ভারতীয় বুবক 'প্রিন্সেস্ হলে' বক্তৃতা দিয়াছিলেন।

## श्रामी विदवकानमा।

রাজা রামমোহন রায়ের পর এক কেশবচন্দ্র দেন বাতীত ভারতবাদীর
মধ্যে এরূপ উৎক্রন্থ বক্তা আর কথনও ইংলভের বক্তৃতামঞ্চে দৃষ্ট
হয় নাই। \* \* \* বক্তৃতা প্রদান কালে, তিনি মহাত্মা বুদ্ধ বা
বীশুর হুই চারিটি কথার তুলনায় রাশি রাশি কলকারখানা, বিবিধ
বৈজ্ঞানিক আবিদ্ধার ও পৃস্তকাদি দ্বারা মানুষের যে কত দামান্ত
উপকার দাধিত হইতেছে তৎসম্বন্ধে তীত্র মস্তব্য প্রকাশ করিয়াছিলেন। বক্তৃতাটি তিনি যে পূর্বে প্রস্তুত করিয়া রাখেন নাই
ইহা স্পিষ্ট বুঝা যায়। তাঁহার কণ্ঠন্বর মধুর এবং বক্তৃতা দিবার
সময়ে মুধে একটি কথাও বাধে না।"

দি লগুন ডেলী ক্রণিক্ল, ওয়েষ্টমিনিষ্টার গেজেট প্রভৃতি আরও বহু পত্রে ঐরপ সমালোচনা বাহির হইল।

ওয়েষ্টমিনিষ্টার গেজেটের একজন সংবাদদাতা স্বামিজীর সহিত্ত
সাক্ষাৎ করিতে গিয়াছিলেন। এই সাক্ষাতের বিবরণ উক্ত কাগজের
২০শে অক্টোবর তারিখে প্রকাশিত হইয়াছিল। সংবাদদাতা লিখিয়াছিলেন "স্বামিজী যখন কথা কহেন, তখন তাঁহার মুখ বালকের
মুখের মত উজ্জ্বল হইয়া উঠে—মুখখানি এতই সরল, অকপট ও
সন্তাবপূর্ণ"; এবং এই বলিয়া প্রবন্ধের উপসংহার করিয়াছিলেন
"আমার সহিত যত ব্যক্তির সাক্ষাৎকার হইয়াছে তাঁহার মধ্যে ইনি
যে একজন প্রধান মৌলিক-ভাবপূর্ণ ব্যক্তি এ কথা আমি নিঃসন্দেহে
বলিতে পারি।"

এইরপে লগুনে আগমনের এক মাসের মধ্যে বামিন্ধী লগুন-বাসীর চিত্তের উপর বিশেষ আধিপত্য স্থাপন করিয়া কেলিলেন। এই সময়েই মিদ্ মার্গারেট নোব্লু (যিনি পরে সিষ্টার নিবেদিতা)

নামে জগৎ প্রদিদ্ধ হইয়াছিলেন ) স্বামিজীর দর্শন লাভ করেন ও তাঁহার ধর্মোপদেশের উদারতা এবং দার্শনিক যক্তির নতনত্ত্ব বিস্মিত হন। তাঁহার সহিত সাক্ষাৎ হইবার পূর্ব হইতেই মিদ্ নোব্ল !শিক্ষাবিষয়ক কার্য্যে বিশেষ অনুবাগ প্রদর্শন করিতেন। তিনি সিসেম ক্লাবের একজন বিশিষ্টা সভ্যা ছিলেন ও নিজে একটি বিষ্যালয় প্রতিষ্ঠা করিয়া তাহার অধাক্ষতা করিতে-ছিলেন। তিনি বিশ্বান ও বিদুষীদিগের সংসর্গে বাস করিতেন ও আধুনিক জগতের সর্বপ্রকার মতামত ও চিস্তাপ্রবাহের সহিত পরিচিত ছিলেন। স্বামিজীর কণাগুলি তাঁহার নিকট নৃতন ও व्यक्क विनिष्ठा द्वांध इंडेन। जिनि विट्यं मत्नार्याण महकारत উহা শ্রবণ করিতে লাগিলেন বটে, কিন্তু সব ধারণা করিতে পারিলেন না। বাস্তবিক স্বামিজী অতি সরল ভাবে বঝাইলেও বেদাস্ত বাক্যের व्यर्थ छेननिक कता रेतानिकत नतक तक महक नरह। विरमयकः দর্শনশাস্ত্রে অধিকার না থাকিলে তন্মধ্যে প্রবেশ লাভ করা আরও ত্রহ। সেই জান্ত মিদ নোবল স্বামিজীর সকল কথার তাৎপর্য্য গ্রহণ করিতে পারিতেন না। কিন্তু তথাপি ঐশুলি মনোমধ্যে বারংবার আন্দোলন ও গভীর ভাবে চিন্তা করিতে লাগিলেন। তৎফলে স্বামিজী ইংলও তাাুগ করিবার পূর্বেই মিদ নোব্ল তাঁহাকে মনে মনে গুরুর আসনে বসাইয়া পুজা করিতে আরম্ভ করিয়াছিলেন। এই প্রথম দর্শন লাভের বৃত্তান্ত নিবেদিত। তাঁহার 'My master as I saw him' ('मनीय आंहार्शातन- त्यमनि তাঁহাকে দেখিয়াছি') নামক গ্রন্থের প্রারম্ভে অতি ফুলর ভাবে বর্ণনা করিয়াছেন।

#### স্বামী বিবেকানন।

ইংগঞ্জের অভিজাতসম্প্রদায়ভূক্ত ব্যক্তিবিশেষের আলয়ে মধ্যে মধ্যে যে সকল কথোপকথন-সভা (Conversazione) হইত সামিজী তাহাতে হিন্দ্ধর্মের, বিশেষতঃ বেদান্তমার্নের, প্রধান প্রধান বিষয়গুলি আলোচনা করিতেন। এইরূপে কথনও কর্মা ও পুনর্জন্মবাদ, কথনও শান্তদান্তাদি পঞ্চভাবের সাধনা, কথনও জ্ঞান, কর্মা, ভক্তি ও যোগ এই চতুর্বিধ মোক্ষলাভের পথ সম্বন্ধে নানাবিধ প্রসঙ্গ উত্থাপিত ও আলোচিত হইত। তাহার ক্লাসেও বহু ব্যক্তির সমাগ্রম হইত। শিষ্যেরা তাহার কথা প্রবণের জন্ম এত ব্যক্তা হইত যে স্থানাভাবে ঘরের মেজে আসনপিড়ি হইয়া বাসতে পর্যান্ত কুর্মাবোধ করিত না। এ সম্বন্ধে একটি দৈনিক পত্রে একজন সংবাদদাতা লিখিয়াছিলেন:—

"বাস্তবিক লণ্ডনের গণ্যমান্ত-পরিবারভুক্ত মহিলাগণকে চেরারের অভাবে ঠিক ভারতীয় শিষ্যদের ন্তায় সম্রদ্ধভাবে গৃহতলে আসন-পিঁড়ি হটয়া বসিয়া বজ্জা শুনিতে দেখা এক বিরল দৃষ্ঠ! আমিন্ত্রী ইংরাজ জাতির হাদয়ে ভারতের প্রতি যে প্রেম ও সহামু-ভুতি সঞ্চার করিতেছেন তাহা ভারতের উন্নতির পক্ষে বিশেষ অমুক্ল হটবে।"

এইরূপে স্বামিজীর ইংলঙ্গর্নে আশাতিরিক্ত ফল ফলিল।
ইংলঙ্গে আসিবার পূর্বে তাঁহার উদ্দেশ্ত ছিল ওদৈশে বেদান্ত
প্রচারের স্থবিধা হইবে কিনা তাহাই অরম্বর পরীক্ষা করিয়া
দেখিবেন, কিন্তু ফলে যাহা দাঁড়াইল, তাহাতে তিনি বিশ্বিত
হইলেন। ইংলঙ্কের সংবাদপত্র সমৃত্ব বাছা-বাছা ক্লাব, সোসাইটি,
সাধারণ নরনারী, অভিজ্ঞাতবর্গ ও শিক্ষিত সম্প্রদায়, এমন কি

ধর্ম্মবাজকের। পর্যান্ত সাদরে তাঁহাকে অভ্যর্থনা ও তাঁহার ভাব গ্রহণ করিতে লাগিল। তিনি ইংলঞ্ডীয় সমাজের সর্বশ্রেষ্ঠ ব্যক্তি-গণের সহিত মিশিলেন এবং সম্ভ্রান্ত সম্প্রদায়ের অনেকে তাঁহার সহিত চিরবক্ষুত্ব-স্ত্রে আবদ্ধ হইলেন।

ইংলভে গিয়া স্বামিজী এইটুকু বৃঝিলেন যে আমেরিকার লোকে খুব আগ্রহের সহিত নৃতন ভাৰ গ্রহণ করে বটে, কিন্তু সে ভাব তাহাদিগের মধ্যে দীর্ঘকালস্থায়ী হয়/কিনা সন্দেহ। পক্ষান্তরে ইংলভের লোক যদিও সহজে নৃতন মত গ্রহণ করিতে বা নৃতন লোককে আমল দিতে চাহে না. তথাপি যদি একবার তাহাদিগের দৃঢ় বিশ্বাস হয় যে কোন ভাব বা মত উত্তম তবে তাহারা চিরদিনের জন্ম সেটিকে গ্রহণ করিবে ও কিছুতেই তাহাকে ত্যাগ করিবে না। ইংরাজ চরিত্রের এইটুকু বিশেষত্ব লক্ষ্য করিয়া তিনি ইংলণ্ডে অধিকতর কার্যাবিস্তারের সঙ্কর করিলেন। কিন্তু এ যাত্রা তাহা হইয়া উঠিল, না। তাঁহার আমেরিকান বন্ধবান্ধব ও শিব্যগণ তাঁহাকে আমেরিকায় ফিরিয়া ঘাইবার জন্ত পত্রের উপর পত্র লিখিতেছিলেন এবং প্রতিপত্তে জানাইতেছিলেন যে আমেরিকার কার্য্য পূর্বাপেকা স্বারও অধিক ব্যাপকভাবে চলিবার সম্ভাবনা इहेशार् \* हेलामि। अमिरक हेश्ताकवसूर्गां कांहारक हेश्तरक আরও কিছুদিন পাকিবার জন্ম বিশেষ অনুরোধ করিতে লাগিলেন এবং বলিলেন যে আরম্ভ কার্যা এরূপ অসম্পূর্ণ অবস্থায় ফেলিয়া গেলে

\* কারণ এই সমরে বোষ্টনের একজন ধনবতী মহিলা আগামী শীতের সমরে।
স্বামিজীর কার্য্যে বিশেষ সহায়তা করিতে অঙ্গীকার করিয়াছিলেন এবং চতুর্দ্দিকে
পূর্কাপেকা আরও অধিক উৎসাহের লকণ নৃষ্ট হইতেছিল।

# স্বামী বিবেকানন ।

সব পরিশ্রম ব্যর্থ ইইয়া যাইবে। কিন্তু স্থামিজী বলিলেন "ইংলণ্ডে যে বীজ বপন করিয়া গেলাম ইহার অন্তুর উৎপত্তি ইইতে কিছু সময় লাগিবে।" এখন এই পর্যান্ত থাকুক্। ইহার পর আবার আসিব।" তবে ইংলণ্ড ত্যাপের পূর্ব্ব তিনি কতকগুলি বিশিষ্ট বন্ধকে আরব্ধ কার্য্য চালাইবার পরামর্শ দিলেন। তদমুসারে ই, টি, ষ্টার্ডি সাহেবের চেষ্টায় একটি ক্ষুদ্র দল গঠিত ইইল। তাহারা নিয়ম মত ভগবদ্গীতা ও অক্যান্ত হিদ্দু ধর্মশাল্পসমূহ পঠন পাঠন ও আলোচনা করিতে লাগিলেন।

স্বামিজীর এই একটি অন্তুত ক্ষমতা ছিল যে তিনি অন্ত সময়ের মধ্যে অতি অন্ত কথায় বড় বড় ভাব ও জটিল দার্শনিক তক্ত্বসমূহ জলের মত সহজ করিয়া বুঝাইতে পারিতেন। তাঁহার সহিত যে একবার দেখা করিতে যাইত সেই সম্পূর্ণ নৃতন ও উচ্চভাব লইয়া ফিরিত। সেই প্রাণে প্রাণে বুঝিত এইরূপ মহাপুরুষ সেজীবনে কখনও প্রত্যক্ষ করে নাই। যিনি যতই বিরোধীভাব লইয়া প্রথমে তাঁহার নিকট আহ্মন না কেন, ফিরিয়া যাইবার সময় তাঁহার অস্থাধারণ জ্ঞানবৈরাগ্য ও ভগবং-প্রেমের সম্মুধে অবনত মন্তকে আন্তরিক শ্রদ্ধার অপ্তান উৎসর্গ না করিয়া থাকিতে পারিতেন না। নিবেদিতার মত অনেকেই প্রথম প্রথম তাঁহার সমগ্র ভাব গ্রহণ করিতে ইতন্ততঃ করিয়াছিলেন। কিন্তু পরিশেষে তাঁহারা সকলেই তাঁহাকে 'শুরু ও আচার্যা' (master) বলিয়া শ্রীকার করিতে বাধ্য হইয়াছিলেন।

# আমেরিকায় বেদান্তের দৃঢ়ভিত্তি স্থাপন।

স্বামিজীর ইংলণ্ডে অবস্থানকালে স্বামী রূপানন্দ, অভয়ানন্দ ও मिन अशास्त्रा व्यामित्रकांश (रामान्त-श्रात कार्या नियुक्त हिलन। তাঁহার৷ নিউইয়র্ক দহরে নিয়ম করিয়া প্রতি সপ্তাহে একটি সভা আহ্বান করিতেছিলেন এবং তথ্যতীত অন্তান্ত সহরেও স্বামিজী-প্রদর্শিত পথে কার্যা করিতেছিলেন। এইরূপে বাফেলো ও ডেট্রুরেট নামক স্থানে হুইটি নুতন কেন্দ্র খোলা হইয়াছিল। প্রত্যেক কেন্দ্রেই বহু সত্যারেষী শ্রোতার সমাগম হইত। স্বামিজী ইংলপ্তে তিন মাস অতিবাহিত করিয়া ৬ই ডিসেম্বর শুক্রবার স্থলর স্বাস্থ্য লইয়া নিউইয়র্কে প্রত্যাগমন করিলেন। ইংল্ডে তাঁহার পরিশ্রম যদিও কম হয়,নাই তথাপি তাঁহার স্বাস্থ্য ভাল ছিল এবং মনেও খুব ফুর্ত্তি বোধ হইয়াছিল। একণে তিনি ও কুপানন্দসামী ৩৯নং খ্রীটে তুটি বৃহৎ ঘর লইয়া বাস করিতে লাগিতেন ও উহাকেই তাঁহাদের প্রধান কার্যাস্থান করিলেন। ঐ ঘরত্নটিতে দেড়শত লোকের স্থান হইতে পারিত। বোষ্টনের যে স্ত্রীলোকটি তাঁহাকে সাহায্যের আশা দিয়াছিলেন, তিনি কোন কারণবশতঃ উপস্থিত সে সাহায্য করিতে সক্ষম হইলেন না। কিন্তু স্থামিজী কোন লোক ষা কাহারও সাহায্যের উপর বড় বেশী নির্ভর করিতেন না। স্থতরাং তিনি নিজেই পুনর্কার প্রবল উভামে কার্য্য আরম্ভ করিয়া দিলেন। এবার তিনি প্রধানতঃ 'কর্মযোগ' সম্বন্ধে বক্তৃতা প্রদান করিতে

লাগিলেন। এই বক্তৃতাগুলি একণে 'কর্মবোগ' নামে গ্রন্থাকারে প্রকাশিত হইনাছে। অনেকে তাঁহার এই গ্রন্থানিকে তৎপ্রণীত রচনাসমূহের মধ্যে সর্বপ্রেষ্ঠ আসন প্রদান করিয়া থাকেন। তুই সপ্তাহ এই প্রকারে অবিরাম প্রচার চলিল। প্রতি সপ্তাহে সতেরটী ক্লাস হইত; তা'ছাড়া বিস্তর চিঠিপত্র লেখা ছিল ও যে সকল লোক দেখা করিতে আসিত তাহাদিগের সহিত কথাবার্তা কহিতে হইত। এই সময়ে যে সব বক্তৃতা দেওয়া হয় তাহার মধ্যে কর্তৃকগুলির নাম নিম্নে উল্লিখিত হইল:—

- (1) The Claims of Religion: Its truth and utility. (ধর্মের আবশুকতা কি ?)
- (2) The Ideal of a Universal Religion: How it must embrace different types of minds and methods. (সাৰ্বভৌম ধর্মের আদর্শ)।
- (3) The Cosmos: The order of Creation and Dissolution. (বিশ্বসং; স্থাই ও ধবংসের ক্রম)
- \* (4) Cosmos (contd.) ( বিশ্বগঞ্জৎ সৃষ্টি ও ধ্বংসের ক্রম )।
  শ্বামিজী স্বয়ং কথনও কোন বক্তৃতা লিপিবদ্ধ করাইনার চেষ্টা
  করেন নাই। তিনি সভাত্তলে দুখারমান হইয়া মুখে মুখে
  (extempore) বক্তব্য বিষয় সন্থলে জনর্গল বলিয়া যাইতেন,
  ভাহার কোন খস্ভা বা নকল থাকিত না। এইরূপে জনেক স্থলর
  স্থলর বক্তৃতা নই হইয়া যায়। তদর্শনে তাহার শিবাদের ইচ্ছা হইল
  একজন রিশোর্টারকে দিয়া ঐশুলি টুকিয়া রাখেন। তদকুসারে
  ১৮৯৫ সালের শেবে তাহায়া একজন রিপোর্টারকে নিযুক্ত করিলেন।

# আমেরিকায় বেদাস্তের দৃঢ়ভিত্তি স্থাপন।

কিন্ত তিনি স্বামিজীর সঙ্গে তাল রাখিয়া চলিতে পারিলেন না। বাস্তবিক তাহা সম্ভবপরও নহে। কারণ, প্রথমতঃ, বিষয়টাই তাঁহার জানা ছিল না। দ্বিতীয়তঃ, স্বামিজী এত ফ্রুত বলিতেন যে বিশেষ অভ্যাস না থাকিলে কাহারও পক্ষে তাঁহার বক্ততা লিথিয়া যাওয়া সহজ ছিল না। স্বতরাং তাঁহাকে বিদায় দিয়া আর একজনকৈ আনা হইল। কিন্তু তিনিও তদ্ধপ হইলেন। অবশেষে ' দৈবক্রমে কে. কে. শুড উইন নামক এক ব্যক্তিকে পাওয়া গেল। ইনি অর্বাদন পর্বে ইংলও হইতে নিউইয়র্কে আসিয়াছিলেন। ইহাকে ঐ কার্য্যে নিযক্ত করা মাত্রই আশ্রুষ্য ফল ফলিল। ইনি সাঙ্কেতিক-লিখনপ্রণালী সাহায়ে স্বামিজীর প্রত্যেক কথাটি ঠিক ঠিক তলিয়া লইয়া অতি বিশুদ্ধভাবে তাহা প্রচলিত ইংরাজী অক্ষরে লিখিতে লাগিলেন। এই ভদ্রলোকের বিষয়বৃদ্ধি বেশ পাকা-রকমের ছিল এবং ইনি জীবনে অনেক জিনিষ দেখিয়া শুনিয়া প্রচর অভিজ্ঞতা সঞ্চয় করিয়াছিলেন। কিন্তু আশ্চর্যোর বিষয় এই যে, স্বামিজীকে প্রথম দেখা অবধি ইনি তাঁহার প্রতি আরুষ্ট চটলেন, এবং স্বামিজী তাঁহার নিকট নিজের অতীত ইতিহাস বর্ণনা করিলে ভাঁহার মনের ভাব এমনি বদুলাইয়া গেল যে দেই দিন হইতে তাঁহার জীবনের গতি সম্পূর্ণ নৃতন পথে প্রবাহিত হইতে লাগিল। তিনি স্বামিজীর একজন অতিশয় অফুরাগী ভক্ত হইয়া দাঁড়াইলেন এবং আজ্ঞাবহ ভূতোর স্থায় সর্বদা তাঁহার সেবা ও পরিচর্যায় রত থাকিতেন। স্বামিজীর বক্তত#গুলির জন্ম তিনি দিবারাত্র পরিশ্রম করিতেন। প্রথমে নাঙ্কেতিক অক্ষরে (Shorthand) লেখা—তারপর সেই দিনই সেগুলি টাইপ করিয়া প্রেসে

পাঠান ও পুনরায় পরদিনের বক্তৃতার জন্ম প্রস্তুত হওয়া—এই ভাবে খাটিতে খাটিতে তিনি এক মৃহুর্ত্ত বিশ্রামের অবকাশ পাইতেন না। স্বামিজী তাঁহাকে অতিশয় স্নেহ করিতেন ও তাঁহার মর্যাদা ব্ৰিতেন। তাঁহার মুখে প্রায়ই শুনা যাইত 'my faithful Goodwin' (ভক্ত গুড়উইন)। বাস্তবিক স্বামিন্ধী যেখানে যাইতেন গুড উইন তাঁহার সঙ্গে থাকিতেন। একদিনের জন্ম তাঁহার কাছ-ছাড়া হইতেন না। এইরূপে ১৮৯৬ সালে ডেট্রয়েট ও বোষ্টনে এবং পরে স্বামিক্সী ইংল্ডে ঘাইলে ইংল্ডে ও সেখান হইতে স্বামিজীর সহিত ভারতবর্ষ পর্যান্ত গমন ক্রিয়াছিলেন। ভারতবর্ষে তাঁহার মৃত্যু হয়। গুড উইনের বিয়োগে স্থামিজী অতিশয় মন্ত্ৰাহত হইয়া বলিয়াছিলেন Now my right handis gone. My loss is incalculable. ( আজ আমার যে ক্ষতি হইল তাহা বলিবার নহে—আমার ডান হাত খসিয়া গেল)। বাস্তবিক গুড়উইনের মৃত্যুতে জগতের যে বিষম ক্ষতি ় হইয়াছে তাহা আর পূর্ণ হইবার নহে। স্বামিজী মুখে মুখে বক্ততা দিতেন বলিয়া লেখালিখির ধার ধারিতেন না। বস্ততঃ রাজ্যোগের কিয়দংশ ও অস্থান্ত তই চারিটি রচনা ব্যতীত তিনি নিজে আর কোন দার্শনিক গ্রন্থ লেখেন নাই। স্থতরাং গুড্উইন সাহেব না থাকিলে আমরা আজ স্বামিজীর বক্ততার সামার্গ্র যাহা কিছু দেখিতে পাইতেছি তাহাও দেখিতে পাইতাম কি না সন্দেহ। ধন্ত প্রভুভক্ত গুড উইন ! তুমিই জগতে স্বামিক্সীর জ্ঞানগরিমার বিমলরশ্মি চির-দিন প্রদীপ্ত রাথিয়াছ, নতুবা ইহা বহুদিন পূর্বেই হয়ত অনন্ত কালগর্ভে বিলীন হইয়া যাইত।

# আমেরিকায় বেদাস্তের দৃঢভিত্তি স্থাপন।

ডিসেম্বর মাসের শেষভাগে স্বামিজী বোষ্টনে গমন করিয়া মিসেস্ ওশীবুলের আতিথা গ্রহণ করিলেন। ওথান হুইতে পুনরায় নিউ-ইয়র্কে ফিরিয়া ( ১৮৯৬ সালের ) ৫ই জানুযারী হইতে প্রতি রবিবার হার্ডমান হল (Hardeman Hall) নামক স্থানে উদ্দীপনা-ম্য়ী বক্তুতা দিতে লাগিলেন। এ সকল বক্তুতার জন্ম তিনি কাহ'রও নিকট হুইতে এক কপদ্ধকও গ্রহণ করিলেন না। ক্রক-লিনের তত্ত্বোধিনী সভা (Metaphysical Society) এক নিউ-ইয়র্কের সাধারণ ধর্মসমাজে (People's Church) তিনি যে সকল বক্তবা দিয়াছিলেন তাহাতেও বহু শ্রোতার সমাগম হইত ও সকলেই মুক্তকণ্ঠে তাঁহার প্রশংসা করিতেন। প্রকাশ্ত জনসভার এই সকল বক্তবার সঙ্গে সঙ্গে তাঁগার নির্বাচিত-ছাত্র-শ্রেণীও সপ্তাহে চুইবার করিয়া একত মিলিত হইতেছিল এবং উহার আয়তন দিন দিন বুদি পাইতেছিল। যাঁহারা প্রকাশ্ত সভায় তাঁহার বক্তৃতা শুনিতে আসিতেন তাঁহাদের অনেকে আবার এখানেও আসিয়া জুটিতে লাগিলেন, এবং হার্ডমান হলে সময়ে সময়ে এত লোকের ভিড হইত যে দাঁড়াইবার পর্যান্ত জায়গা থাকিতনা। লোকে তাঁহার নাম রাখিয়াছিল Lightning orator (বিহাৰং বক্তা), কেই বা বলিত Cyclonic Hindu ( প্রভন্তনসদৃশ হিন্দু ) এবং শীঘ্রই নিউইয়র্ক সহরুময় তাঁহার বাগ্মিতার এরূপ খ্যাতি প্রচারিত হইল যে ফেব্রুগারী মাসে তাঁহার বক্তৃতার দ্বিতীয় পর্য্যায় আরম্ভ হইলে এখানে লোকের জায়গা হটবে না বুঝিয়া 'ম্যাডিসন স্বোয়ার গার্ডেন' (Madison Square Garden) নামে একটি স্থবৃহৎ হল ভাডা লওয়া হইল। ঐ হলে দেড হাজারেরও অধিক লোকের

#### श्राभौ विद्यकानन ।

বসিবার স্থান ছিল। এখানে 'ভক্তিযোগ', 'মানবাআর স্বরূপ' (The real and apparent man)ও 'মদীয় গুরুদেব শ্রীরামক্ষণ পরমহংস' নামক তিনটি বক্তৃতা দেওয়া হয়। এই মাদে তিনি 'হার্টফোর্ড' এর 'ভত্তবোধনীসভা' নামক সভার আহ্বানে উক্ত সোদাইটি-গৃহে 'জীবাআ ও পরমাআ' (Soul and God) সম্বন্ধে আর একটি বক্তৃতা দিয়াছিলেন। এ সম্বন্ধে 'দি হার্টফোর্ড ডেলী টাইমস' লিখিরাছিলেন ঃ—

"এর কথাবার্ত্তা আজকালকার নাম-সর্ব্যর খুটানদের মতন নয়,
বরং অনেকটা খুটেরই মত। তাঁহার উদার ভাব সকল ধর্ম ও সকল
জাতির প্রতি ব্যাপ্ত। আমরা তাঁহার গতরাত্রের কথাবার্ত্তা শুনিয়া
মুগ্ধ হইয়াছি এবং তাঁর লাল আলখালা ও হলদে বং এর পাগড়ীতে
তাঁহার স্থানর মুখখানি ঠিক একথানি ছবির মত দেখাইতেছিল।
আর তার উপর তাঁরে উচ্চ আধ্যাত্মিক ভাবের কথাপুলি মেন কর্ণে
অমৃত বর্ষণ করিতেছিল। তিনি চমংকার ইংরেজী বলেন, আর
উচ্চারণের ধরণ এমনি যে তাতেই যেন কথাপুলি আরও মধুর
বোধ হয়।"

এই ফেব্রুগারীতে তিনি 'ক্রুকলিন নৈতিক সভা'র সমক্ষেও
ক্রেকটি বক্তৃতা দিয়াছিলেন, তাহাতে সর্ব্বিএ বিষম উৎসাহের স্রোত
বহিয়াছিল। দিন দিন তাহার প্রভাব ও ক্রুতকার্য্যতা দর্শনে
১৮৯৬ সালের জামুয়ারীর শেষে নিউইয়র্কের প্রধান সংবাদপত্র
'দি নিউইয়র্ক হেরাল্ড' লিখিয়াছিলেন:—

"আজকাল স্বামী বিবেকানন্দের নাম নিউইয়র্কের অনেক ধনী ও পণ্ডিত মহলে যেন যাত্মন্ত্রের ন্থায় কার্য্য করে। তাঁর কার্য্য যথেষ্ঠ

# আমেরিকায় বেদাস্তের দৃঢ়ভিত্তি স্থাপন।

সফলতা লাভ ক'রেছে। তিনি নিজের অতীত জীবনের বিষয় বড় একটা বলেন না, তবে মাঝে মাঝে তাঁর, গুরুদেবের কথা ব'লে পাকেন। সেই গুরুদেবের ভাবই তিনি এদেশে প্রচার কচ্ছেন।

তাঁর চালচলন যে চিত্তাকর্ষক সে বিষয়ে আর সন্দেহ নাই এবং লোককে চুম্বকের ন্যায় আকর্ষণ কর্বার শক্তিও তাঁহাতে প্রচুর পরিমাণে বিঅমান। এদেশের নরনারী যেরূপ গন্তীরভাবে ও প্রগাঢ় মনোযোগের সহিত তাঁহার কথা ভানে তাহা দেখিলেই বুঝা যায় ভারু শিক্ষণীয় বিষয়ের মনোহারিছই যে তাহাদিগকে এতদ্র মুঝ করিয়াছে তাহা নহে, তা ছাড়া আরও অনেক জিনিষ আছে।"

নিউইয়র্ক ছেরাল্ডের সংবাদদাতা স্বামিজীর এই প্রকার বিবরণ দিয়া লিখিতেছেন :—

"কিছুদিন পূর্বে আমি স্বামিজীর এক ক্লাশে গিয়াছিলাম। দেখিলাম অনেকগুলি লোক তথায় উপস্থিত—সকলেরই স্থানর বেশ ও
প্রতিভাব্যঞ্জক আকৃতি। তাঁহাদের মধ্যে চিকিৎসক, ব্যবহারশাস্ত্রবিৎ,
মন্ত্রান্ত শ্রেণীর গণ্যমাণ্য ব্যক্তি এবং সমাজের শীর্ষস্থানীয়া মহিলাগণ
উপস্থিত ছিলেন। গৈরিকবসনারত স্বামী বিবেকানন্দ সকলের
মধ্যভাগে বিদিয়াছিলেন—লোকসংখ্যা সর্বান্তন্ধ প্রায় একশত হইবে—
তাঁহারা স্বামিজীর উভয়পার্শে শ্রেণীবদ্ধভাবে সমাসীন। বিষয়
ছিল—'কর্মযোগ'। বক্তৃতা সমাপ্ত হইলে স্বামিজী সকলের সহিত্
আলাপ করিতে লাগিলেন। সকলেই তাঁহার সহিত কর্মন্দন বা
তাঁহার বিশেষ পরিচয় লাভের জন্ত যে প্রকার আগ্রহ প্রকাশ
করিতেছিলেন তাহাতেই বুঝা গেল তাঁহাদের উপর স্বামিজীর

#### স্বামী বিৰেকানন।

প্রভাব কতদূর! কিন্তু নিজের সম্বন্ধে স্বামিজী নিতান্ত প্রয়োজনীয় হই একটি কথা ব্যতীত সার কিছু বলিলেন না।" ইত্যাদি।

ব্রুকলিন হইতে হেলেন হাণ্টিংডন স্বামিজী সম্বন্ধে মাল্রাজের 'ব্রুকাবাদিন' নামক ইংরাজী মাসিক পত্তে এইরূপ লিখিয়াছিলেন—

শকিন্ত ঈশ্বরের কুপায় আমরা ভারতবর্ষ হইতে একজন ধর্মো-পদেষ্টা লাভ করিয়াছি। কাঁহার মহান্ গন্তীর তত্ত্বকণা ধারে ধারে অথচ দৃঢ়ভাবে এদেশীয় দশ্মনীতির অস্থ্যমজ্জায় প্রবেশ করিতেছে। এই পূত্চরিক্ত ও অসাধারণ ক্ষমতাশালী মহাপুরুষকে দেখিয়া আমারা আধ্যাত্মিক জীবনের এক অতি উচ্চস্তর, বিশ্বপ্রেমরূপ ধর্মা, আত্মোৎসর্গ ও মানবের কল্পনায় যভদূর নির্মাল ও পবিত্র ভাব ধারণা করা সম্ভব ভাহা উপলব্ধি করিতে সমর্থ হইয়াছি। তৎপ্রচারিত ধর্মা কোন মত বা বিশ্বাসের ক্ষুদ্র সীমার মধ্যে আবদ্ধ নহে। এই ধর্মা মানুষকে উন্নতির পথে লইয়া যায়, মনুষাচরিত্রের মালিনা নাশ করে ও তৃঃপ্রের সময় মশেব সান্ত্রনা দেয়—ইহা দোষ-সম্পর্ক-শৃত্য এবং ভগবৎপ্রেম ও সর্বাঙ্গান পবিত্রভার উপর প্রতিষ্ঠিত।

ভক্তগণ ব্যতীত আরও অনেকের সহিত স্বামী বিবেকানন্দের বন্ধুর হইয়াছে। তিনি স্মাজের উচ্চনীচ সকল লোকের সহিত বন্ধু ও প্রাতৃভাবে ব্যবহার করিয়াছেন। এখানকার সহরগুলির মধ্যে বাহারা বৃদ্ধিতে শ্রেষ্ঠ ও চিস্তাশালতায় অগ্রণী তাঁহারা তাঁহার বক্তৃতা প্রবণ ও বৈঠকে যোগদান করিয়াছেন। তাঁহার প্রভাবে ইতোমধ্যেই এখানে ধর্মজীবনের বিকাশ স্কুম্প্রষ্ট লক্ষিত হইতেছে। নিন্দা বা প্রশংসায় তিনি বিন্দুমাত্র বিচলিত হন না এবং পদ্বোরব তাঁহাকে বনীভূত করিতে পারে নাই। কেহ তাঁহাকে অম্থা

# আমেরিকায় বেদান্তের দৃঢভিত্তি স্থাপন।

বা অসঙ্গতভাবে আপ্যায়িত করিতে চাহিলে তিনি প্রক্কৃত ধর্মনি যাজকের মর্যাদা অক্ষুল রাখিয়া সেরূপ প্রস্তাব প্রত্যাথান করেন ও ভবিষাতে সেই ব্যক্তিকে ঐরূপ করিতে নিষেধ করেন। যাহারা অসৎ চিন্তা বা অসৎকর্মে প্রবৃত্ত, তিনি শুধু তাহাদিগেরই নিন্দা করেন এবং পবিত্রতা ও সংপথ অবলম্বন করিতে উপদেশ দেন। এক কথায় এইরূপ ব্যক্তিকে সম্মান প্রদর্শন করিয়া রাজা মহারাজারাও পরিতৃপ্ত হন।''

এ সমরে আমেরিকান সমাজের উপর স্বামিজীর প্রভাব সম্বন্ধে স্বামী কুপানন্দ ১৮৯৬ সালের ১৯শে ফেব্রুয়ারী 'ব্রহ্মবাদিন্' পত্রিকার যে পত্র লিথিয়াছিলেন তাহা হইতে কিঞ্চিৎ এথানে উদ্ধৃত হইল:—

"আমার পত ৩০শে জামুয়ারী তারিথের পত্রের পর গুরুদেব আরও অনেক কার্যা সম্পাদন করিয়াছেন। তাঁহার বৈঠকে ছাত্র সংখ্যার উত্তরান্তর বৃদ্ধি দেখিয়া ও র'ববারের বক্তৃতায় শ্রোতৃবর্গের জনতা দেখিয়া স্পষ্ট বৃঝা যায় যে তাঁহার শিক্ষা এদেশে কিরুপ সমাদর লাভ করিয়াছে। হিন্দুজাতির আধ্যাঘ্মিকতা এদেশে প্রতিষ্ঠিত করিবার জন্ম তিনি অসীম শারীরিক ও মানসিক শক্তি প্রয়োগ করিতেছেন। তাঁহার অমানুষিক চেষ্টা যে দেখিবে সেই চমৎকৃত হুইয়া তাঁহার প্রতি শ্রদ্ধা প্রকাশ করিবে। তাঁহাকে দিন ছুইবার বক্তৃতা দিতে হয়, বহুলোককে প্রাদি লিখিতে হয়, অনেকের সহিত সাক্ষাৎ করিতে হয়, অনেককে পৃথক্ ভাবে উপদেশ দিতে হয় এবং যাঁহারা তাঁহার মতের অন্বব্রী তাঁহাদিগকে উপযুক্ত পথে পরিচালিত ক্রিবার জন্ম পুস্তকাদি প্রণয়ন করিতে হয়। এই সকল কার্যের জন্ম প্রাতঃকাল হইতে গভীর রাত্রি পর্যান্ত তাঁহাকে

নিরস্তর পরিশ্রম করিতে হয়। বিশ্বপ্রেমপ্রস্ত আদম্য ইচ্ছাশক্তি
না থাকিলে, এরূপ কঠিন পরিশ্রমে তাঁহার ওরূপ বলিষ্ঠ দেহও এতদিনে ভালিয়া পড়িত। ইচ্ছাশক্তির বলেই তিনি প্রফুল্লচিন্তে, এপ্রকার হরুহ কার্য্য সম্পাদন করিতেছেন। একদিকে তিনি যেমন পরম ভক্ত ও জ্ঞানী, অপরদিকে তিনি তেমনি কর্ম্মযোগের অবতার। জ্ঞান, ভক্তি ও কর্ম—এই তিনটির একাধারে সন্মিলন তাঁহার পুজনীয় গুরুদেব আশ্রীরামক্রম্ণ পরমহংসদেবের আদর্শ ছিল। স্বামিজা তাঁহার উপযুক্ত শিষ্য বটে!

সামিজী-প্রান্ত শিক্ষা ও উপদেশ পুস্তকাকারে পাইবার জন্ত বছলোক উদ্প্রীব হওয়ার হাঁছার রবিবাদরীয় বন্ধতাদমূহের কয়েকটি পুস্তিকাকারে মুদ্রিত হইরাছে, এবং অতি সামান্য মুল্যে বিক্রীত হইতেছে। পুস্তিকাগুলি খুব শীঘ্র শীঘ্র বিক্রয় হইতেছে এবং এইরূপে যেথানে বেলাস্তদশনের কথা কেছ কথনও স্বপ্নেও ভাবে নাই দেখানেও তাহার প্রচার হইতেছে। 'কল্মযোগ' সম্বন্ধে স্থামি-জীর আটটি উপদেশ পূর্ণ প্রবন্ধ শীঘ্রই মুদ্রিত হইবে। এই কার্য্যে স্থামিজীর কতিপর গৃহত্ব ভক্ত বথেষ্ট সাহায্য করিয়াছেন।

শেশ তাঁহার বজ্জা ও প্রবন্ধাদিতে চতুর্দিকে ধর্মভাবের প্রবল স্রোত বহিতে আরম্ভ করিয়াছে এবং জনসাধারণের মন হইতে আজন্মপোষিত ত্রান্তি ও কুসংস্কাররাশি দূর হইন্না সত্যাম্পর্কান-প্রবৃত্তি জাগিয়া উঠিতেছে। এইরূপে তাঁহার উপদেশ-সমূহ শনৈ: শনৈ: সমাজের উপর প্রভাব বিস্তার ও তাহার আধ্যাত্মিক কল্যাণবিধান করিতেছে। বেদান্ত-দর্শনের পাঠার্থী-সংখ্যা দিন দিন বাড়িতেছে এবং যাহাদের মুখে কেহ কথনও সংস্কৃত্ত

# আমেরিকায় বেদান্তের দৃঢভিত্তি স্থাপন।

শব্দ বা বাকা শুনিবার প্রত্যাশা করেন নাই সেই আমেরিকা বাসীগণ যথন-তথন ঐ সকল শব্দ ও বাক্য উচ্চারণ করিতেছে। যেথানে যাও দেখিবে—আত্মা, পুরুষ, প্রকৃতি, মোক্ষ প্রভৃতি শব্দের ব্যবহার হইতেছে, এবং হাক্সণী ও স্পেন্সারের ন্যায় রামান্ত্র ও শঙ্করাচার্যার নাম সকলের মুথে মুথে ফিরিতেছে। সাধারণ পাঠাগার ও পুস্তকালয়গুলি ভারতবর্ষ সম্বন্ধে যাহা কিছু পাইতেছে তাহাই ক্রেয় কারতেছে। যোক্ষমূলর, কোলক্রক, ডয়সন, বর্ণুক্ষ প্রভৃতি প্রভিত্পণ হিন্দু দশনশাস্ত্র সম্বন্ধে ইংরাজীতে যে সকল গ্রন্থ প্রভৃতি পরিত্রণ হিন্দু দশনশাস্ত্র সম্বন্ধে ইংরাজীতে যে সকল গ্রন্থ প্রভৃতি পরিত্রণ হিন্দু দশনশাস্ত্র সম্বন্ধে ইংরাজীতে যে সকল গ্রন্থ প্রথম করিরাভেন তৎসমূদ্য বহু পরিমাণে বিক্রয় হইতেছে। এমন কি, জন্মণ দার্শনিক শোপেনহয়ারের পুস্তকগুলি নীর্ম ও জাটিল হইলেও, বেদাস্ত্র দর্শনের উপর প্রতিষ্ঠিত বলিয়া, লোকে আগ্রহের সহিত ভাহা পাঠ করিতেছে।"

এই সনয়ে স্থানিকী তাঁহার ক্লাদে 'ভক্তিযোগ' শিক্ষা দিতেছিলেন
এবং জ্ঞানযোগ, সাংখ্য ও বেদান্থ সম্বন্ধে কতকগুলি ধারাবাহিক
বক্তৃতা করিয়া ছিলেন। ২৪শে কেব্রুয়ারী 'ম্যাডিসন স্থোয়ার গার্ডেন'
এ তাঁহার শেষ বক্তৃতা হয়। ঐ বক্তৃতার বিষয় ছিল 'মদীয়
আচার্যাদেন' (My master)। তাঁহার গুরুদেন সম্বন্ধে এইটী তাঁহার
সর্বপ্রধান বক্তৃতা এবং ইতাতে তাঁহার বাগ্মিতা ও বর্ণনাচাতুর্যার
পরাক্ষ্যি প্রদর্শিত হইয়াছে। ঘটনাক্রমে ঐ তারিথেই ভারতে
শ্রীশ্রীপরমহংসদেবের বাৎস্বিক জ্যোৎস্ব অফুষ্ঠিত হইতেছিল।

ইতিমধ্যে ২ • শে তারিথে (বৃহস্পতিবার) কয়েকজন যুবক ও যুবতী স্বামিজীর নিকট মন্ত্র গ্রহণ করিয়াছিলেন এবং তাহার পূর্ব্ব বৃহস্পতিবার অর্থাৎ ১৬ই তারিথে ডাঃ খ্রীট (Dr. Street) স্বামিজীর

## श्रामी विदिकानमः।

নিকট হইতে সন্ন্যাসদীক্ষা গ্রহণ করিয়া 'যোগানন্দ' আখা প্রাপ্ত হইরাছিলেন। এই দীক্ষাগ্রহণ ব্যাপার স্থামিজীর অন্তান্ত সন্মাসী ও ব্রহ্মচারী শিষাগণের সন্মুখে সম্পন্ন হইয়াছিল। একবংসরের মধ্যে যে তিনজন উচ্চশিক্ষিত ও অবস্থাপর লোক ভোগস্থখমগ্র পাশ্চাতা দেশে সকল ঐহিক বাসনান্ন জলাঞ্জলি দিয়া সর্বব্য ত্যাগ ও ব্রহ্মচর্যা পদ করিয়া স্থামিজার পদ্মান্থসরণ করিলেন ইহাতেই ওনেশে তাঁহার. প্রভাব দিন দিন কিরূপ বন্ধমূল হইতেছিল তাহা অন্থমান করিতে পারা যায়। সংবাদ পত্র সমূহ এই ঘটনাকে "One of the most marvellous evidences of the Swami's powerful influence for good" (তাঁহার সাধুতার অত্যাশ্চার্য প্রভাব) বলিয়া উল্লেখ করিলেন। ইহাতে তাঁহার কার্য্যের ও প্রসার খুব বাড়িল। লোকে দেখিল সত্যই তাঁহার ক্ষমতা অন্তত এবং বাস্থবিকই তিনি একজন সদ্গুরু ও আচার্য্য।

ı

যাহার। পূর্বে তাঁহার অমুরাগী ভক্তমাত্র ছিলেন তাঁহাদের অনেকে এক্ষণে তাঁহার শিষাত্ব গ্রহণ করিয়া ব্রহ্মচর্য্যব্রত অবলম্বন করিবার জন্ম আগ্রহ প্রকাশ করিতে লাগিল। এমন কি আমেরিকার লোকেরা তাঁহাদের 'বিশ্বকোষ' বা Encyclopædiaতে তাঁহাকে একজন আমেরিকান বলিয়া উল্লেখ করিয়া তাঁহার জ্ঞীবনা পর্যান্ত লিখিতে উদ্যত হইলেন। এদম্বন্ধে স্বামী ক্রপানন্দ রহস্ত করিয়া লিখিয়াছিলেন—

\* \* আর এক কথা। ভারতব্র্য এখনই ঘেন স্থামিজীর উপর
 ভাহার স্বত্ব দ্বল সাব্যস্ত করে। কারণ, মার্কিন দেশের জাতীয়

## ু আমেরিকায় বেদাস্তের দৃচ্ভিত্তি স্থাপন।

বিশ্বকোষ (National Encyclopædia) নামক প্রবৃহৎ গ্রন্থে তাঁহার জীবনী লিখিত হইবে, এবং তাহা হইলে তো তিনি আমেরিকার লোক হইয়া যাইবেন। মহামতি হোমারের জন্মস্থান লইয়া যেমন প্রাচীনকালে সাতটি নগরী বিবাদে প্রবৃত্ত হইয়াছিল, আমার মনে হয় ইইয়াকে লইয়াও আবার তজ্ঞপ ঘটিবে। হয়তো ইহার পর সাতটি বিভিন্ন দেশের প্রত্যেকেই এই বলিয়া ছলেপ্রাবৃত্ত হইবে যে 'আমিই এই সুসস্তান গর্ভে ধারণ করিয়াছি।' ফলে, এই উজ্জলরত্বের প্রস্বিনী বলিয়া ভারতমাতা যে সম্মানের অধিকারিণী তাহা হইতে তিনি বঞ্চিত হইবেন।"

'নিউইয়র্ক হেরাল্ড'ও লিথিয়াছিলেন:—

•

"বহু গণামান্ত লোক যে স্বামিজীর মতাবলম্বন করিতেছেন তাহাতে আর সন্দেহ নাই। অনেক ধর্ম্যাজক তাঁহার বক্তা প্রবণ করিয়াছেন। 'ডিক্সন্ সোসাইটি'তে বক্তা দিবার জন্ত ডাক্তার রাইট তাঁহাকে নিমন্ত্রণ করিয়াছিলেন। স্বামিজীর ছাত্রগণের মধ্যে করেকজন এ নগরে স্থপরিচিত। তন্মধ্যে তাঁহার গৃহে এই কর জনের নাম দেখিতে পাওয়া যায়—এলা হুইলার উইলকক্স, মিঃও মিসেস্ ফ্রান্সিস্ লেগেট্, মাাডাম এন্টয়নেট্ ষ্টালিং, ডাঃ এলেন ডে, মিস্ এমা থার্সবি এবং প্রফেসর ওয়াইম্যান। মিসেস ওলীবুলও তাঁহার একজন ছাত্রী। 'হার্ভাড বিশ্ববিদ্যালয়ের উপাধিধারী দিগের দর্শনালোচনা সমিতি'তে (The Harvard Graduate Philosophical Club) বক্তা দিবার জন্ত স্বামিজী এইমাত্র ফিন, পি, ফক্স্ এর নিকট হইতে এক আমন্ত্রণ পত্র পাইলেন। প্রতি রবিবার অপরাহে বক্তা দেওয়া ছাড়া স্বামিজী

#### स्राभौ विदवकानमः।

এথানে সোম, বুধ, শুক্র ও শনিবার দিন তুইবার করিয়া বক্তৃত্যা দেন।"

ť

মিসেদ্ এলা ভ্ইলার উইলককা (Mrs. Ella Wheeler Wilcox) আমেরিকার একজন শ্রেষ্ঠ কবি এবং জগতের প্রতিভাশালিনী রমণীসমাজের একটি উজ্জলতম র্ড্ব। তিনি স্থামিজী সম্বন্ধে ১৯০৭ সালের ২৬শে তারিখে নিউইয়র্ক আমেরিকান' নামক পত্রে যাহা লিখিয়াছিলেন তাহার কিয়দংশ এখানে পাঠকদিগকে উপহার না দিয়া থাকিতে পারিলাম না।

"দাদশ বংসর পূর্বে একনিন সন্ধাকালে শুনিলাম যে বিবেকানন্দ নামে এক ভারতীয় দার্শনিক বক্তৃতা দিবেন। কৌতৃহলবশতঃ আমি ও আমার স্বামী উহা শুনিতে গেলাম। দশ মিনিট শুনিতে না শুনিতে বোধ হইল যেন আমাদের মন এক অভিনব স্ক্র ভাবভূমিতে আরোহণ করিতেছে: বক্তৃতার শেষ পর্যান্ত মন্ত্রমূগ্ধবং স্তব্ধ হইনা বসিয়া রহিলাম।

' দৈনন্দিন জাঁবন সংগ্রামের সন্মুখান হইবার উপযোগী নৃতন সাহস, নৃতন আশা, নৃতন বল ও বিশ্বাস লইরা গৃহে ফিরিলাম। স্থামী বলিলেন 'এতদিন বাহার অন্তেখণে ঘুরিয়া বেড়াইতেছিলাম আজ সেই তত্ত্ব, ঈশ্বরের সেই ভাব, ধর্মের সেই কথা শুনিলাম।' সেইদিন হইতে সনাতন ধর্মের বাাখা। শুনিকার জন্ত, এবং হল্ভ সত্যরত্ব, নব আশা ও শক্তি সধ্য করিবার জন্ত আমার স্বামী আমার সঙ্গে কয়েক মাস ধরিয়া মহাত্মা বিবেকানন্দের নিকট যাতারাত করিলেন। সেবার বড় হ্র্বেৎসর। কতশত ব্যান্ধ দেউলিয়া হইয়া গেল, কত কলকারখানার লাভালাভ হাওয়ায় উড়িয়া গেল,

# আমেরিকায় বেদাস্তের দৃঢ়ভিত্তি স্থাপন।

কত ব্যবসায়ী সর্বস্থ, হারাইয়া পথে বসিল—যেন মহাপ্রলয় সমুপ-স্থিত! মন:কটে ও ত্রভাবনায় রাত্রিতে নিজা না আসিলে কতদিন আমার স্থামী স্থামিজীর উপদেশ গুনিতে গিয়াছেন। সেথান হইতে ফিরিবার সময় দারুণ শীতে, অন্ধকারময় পথে তিনি হাসিয়া বলিতেন 'হাঁ, এইবার ঠিক হয়েছে। কিসের জন্ম তুঃথ করি ?' আমিও আন্মোন্তির সঙ্গে প্রসারিতদৃষ্টি লাভ করিয়া স্বচ্ছন্দ-মনে কাজকর্মে প্রবৃত্ত হইতাম এবং আন্যোদপ্রমোদে যোগ দিতাম।

à

যদি কোনও দর্শনশাস্ত্র, কোনও ধর্ম এরূপ ঘোর তৃদ্ধিনে মান-বের এমন উপকার করিতে পারে—শুধু তাহাই নহে—যদি সেই ধর্ম মানব-হৃদয়ে ঈশ্বরপ্রীতি ও বিশ্বপ্রেম বার্দ্ধত করিয়া পরজীবনের আলোচনায় মাত্রুষকে আনন্দ প্রদান করিতে পারে, তবে সে ধর্ম কত মহৎ ও সতা!

ভারতীয় দর্শনশাস্ত্রের মাহাত্ম আমাদের শিক্ষা করা আবশুক,
এবং প্রকৃত ধর্মজ্ঞান-সহায়ে আমাদের মতগুল উদার ও উন্নত করা
কর্ত্তবা : \* \* • বিবেকানন্দ এক নৃত্ন বার্ত্তা লইয়া আমাদের
নিকট আসিয়াজেন । তিনি বলেন,— আমি ভোমাদিগকে কোন
নৃত্রন প্রম্মে দাক্ষিত করিতে আসি নাই। তোমরা স্বস্থ ধর্মেই
থাক — তবে, যে মেগভিই সম্প্রদায়ভুক্ত ভাহাকে আরও ভাগ মেথভিই হইতে বলি, যে প্রেস্বিটিরিয়ান সম্প্রদায়ভুক্ত ভাহাকে আরও
ভাল প্রেস্বিটিরিয়ান হইতে বলি এবং যে ইউনি্টেরিয়ান তাহাকে
আরও নিষ্ঠাবান্ ইউনিটেরিয়ান হইতে বলি । আমি চাই ভোমরা
সত্য উপলব্ধি কর এবং ভোমাদের হৃদয়-মন্দিরে জ্ঞানদীপ প্রজ্ঞানিত
হউক ।"

. এই রমণীকুল-শিরোমণি কেবল স্থামিজীর দর্শনলাভ করিয়াই তৃপ্ত হন নাই, তিনি স্থামিজী-প্রদর্শিত ধর্মপ্ত ভক্তির সহিত গ্রহণ করিয়াছিলেন। তিনি এই বলিয়া তাঁহার প্রবন্ধ সমাপ্ত করিয়াছিলেন। তিনি এই বলিয়া তাঁহার প্রবন্ধ সমাপ্ত করিয়াছেন—"তাঁহার অভয়বাণী শ্রবণ করিয়া কর্ম্মবন্ধ সংসারী জীবের প্রাণে শক্তি সঞ্চারিত হয়, চঞ্চলা রমণী স্থিরভাবে চিন্তা করিতে শিশে, কলা-বিদ্যাধিতের মনে নৃতন আশা ও উদ্যমের উন্নেষ হয় এবং পিতামাতা, পতিপত্নী সকলেই স্বীয় কর্ত্বাসম্বন্ধে উচ্চতর ধারণা লাভ করিতে সমর্থ হয়।"

বাস্তবিক অনেক বিখাতে বৈজ্ঞানিক ও দর্শনিক এবং নিউ-ইয়র্ক সমাজের শ্রেষ্ঠ মুখপাত্রগণ এসময়ে স্থামিজীর গৃহে তাঁহার সহিত সাক্ষাৎ করিতে বা সাধারণ স্থানে তাঁগার বক্ততা প্রবণ করিতে আসিতেন এবং ফিরিবার সময় নৃতন আধ্যাত্মিক দৃষ্টিশক্তি লইয়া ফিরিতেন। ১৭ই ফেব্রুখারী তারিথে স্থামিজী নিজে তাঁহার ভারতীয় বন্ধাদগকে লিখিত এক পত্রে লিখিয়াছিলেন—"I have ' succeeded in arousing the very heart of American civilisation" (আমি আমেরিকান সভ্যতার মর্ম্মস্থান স্পর্শ করিতে সমর্থ হইয়াছি)। কথাটি একটও অতিরঞ্জিত নহে। তাৎকালীন আমেরিকার সংবাদপত্রাদি হইতে আমরা দেখিতে পাই আমেরিকার সহস্র সহস্র লোকে তাঁহার বাণী শ্রবণ করিয়াছিল এবং শুধু তাঁহার প্রতি সহামুত্তি প্রকাশ করিয়াই ক্ষান্ত হয় নাই, প্রকাশ্তে আপনা-मिश्रां दिनाञ्चवामी अ श्वामिक्षीत्र निषा विनया श्रीतिहत्र मिश्राष्ट्रिन। এইক্লপে স্বামিজী যে উদ্দেশ্য-লইয়া ভারতবর্ষ হইতে যাত্রা করিয়া-ছিলেন তাহা সম্পূর্ণ স্থাসিত্ধ হইল। আমেরিকার সাধারণ নরনারীর

# আমেরিকায় বেদান্তের দৃঢ়ভিত্তি স্থাপন

মধ্যে বেদান্তের ভাব শতধারে উৎসারিত হইয়া পাড়ল। ইতিমধ্যে 'রাজ্ববোগ,' 'কর্ম্মনোগ' ও 'ভক্তিযোগ' সম্বন্ধে তিনি ক্লাসে ছাত্র-দিগের নিকট যে সব বঞ্চা ও উপদেশ দিতেছিলেন তাহা গুড-উইন সাহেবের চেষ্টা ও পরিশ্রমে পুক্তকাকারে প্রকাশিত হইবার উপযোগীভাবে ছাপাথানায় পাঠান হইল। এই প্রকারে নিউইয়র্কের কার্য্য শেষ হইলে স্বামিন্সী ডেট্ররেটের অধিবাসীদিগের আহ্বানে ত্ই সপ্তাহের জন্ম বক্তৃতা ও ক্লাস করিতে ডেট্রয়েটে গেলেন। এথানকার কার্য্য সম্বন্ধে মিসেস্ ফাঙ্কে (Mrs. Funke) লিখিয়াছেন:—

"উক্ত সময়ে তিনি তুই সপ্তাহের জন্ম ডিট্রুরেটে আগমন করেন।
সঙ্গেল তাঁহার সাঙ্কেতিকলেথক (Stenographer) বিশ্বস্ত গুড্উইন। তাঁহারা 'রিশিলু'তে (The Richelieu) কয়েকথানি
ঘর ভাড়া লইয়াছিলেন। রিশিলু একটি ক্ষুদ্র 'ফ্যামিলি-হোটেল'—
উথায় একাধিক লোক সপরিবারে বাস করিত। তত্রত্য বৃহৎ বৈঠকখানাটিকে তিনি ক্লাসের অধিবেশন ও বক্তৃতার জন্ম বাবহার
করিতে পাইতেন। কিন্তু উহা এত বড় ছিল না যে উহাতে সেই '
বিপুল জনসভ্যের সকলের স্থানসকুলান হয়, স্থতরাং অনেককে
বিক্লমনোরথ হইয়া প্রত্যাবর্ত্তন করিতে হইত। বৈঠকখানা, দরদালান, সিঁড়ি এবং পুস্তকাগারে সভ্য সত্যই একতিল স্থান থাকিত
না। সেই কালে তাঁহার হানয়ে প্রেমভক্তি ব্যতীত অন্ত কিছুর
স্থান ছিল না—ভগবৎপ্রেমই তাঁহার ক্ষুধা, ভগবৎপ্রেমই তাঁহার
ত্রহা। তিনি যেন ঈশ্বেরর ভাবে উন্মাদের স্থায় হইয়াছিলেন এবং
প্রাণারাধ্য জ্গজননীর দর্শনাকাজ্যায় তাঁহার হ্বদয় বিদীর্ণ হইবাক্র
মত হইয়াছিল।

## श्राभौ विदिकानम ।

"ডিট্রয়েটের জনসাধারণকে তিনি শেষ দর্শন দেন বেথেল মন্দিরে। স্বামিজীর জনৈক অনুরাগী ভক্ত রব্বাই লুই গ্রদ্ম্যান \* এই মন্দিরের পুজারী ছিলেন। সেদিন রবিবার, সন্ধ্যাকাল, এবং জনতা এত অধিক হইয়াভিল যে, আমাদের ভয় হইতেছিল পাছে লোকে বিহবল হইয়া কি একটা করিয়া বসে। রাস্তার উপরেও অনেক দূর পর্যাস্ত লোকের ঠাস এবং আরও শত শত লোক ফিরিয়া যাইতেছিল। বিবেকানন্দ সেই বৃহৎ শ্রোত্দত্তকে মন্ত্রমুগ্ধ করিয়া রাখিয়াছিলেন: তাঁহার বক্তার বিষয় ছিল—India's message to the West ( পাশ্চাত্য জগতের প্রতি ভারতের বাণী ) এবং "The Ideal of a Universal Religion ( সার্বজনীন ধন্মের আদর্শ)। তাঁহার বক্তৃতা অতিশয় হৃদয়গ্রাহী ও পাণ্ডিত্য-পূর্ণ হই গ্রাছিল। সে রজনীতে গুরুদেবকে থেমনটা দেখিয়াছি তেমনটী আর তাঁহাকে কথমও দেথি নাই। তাঁহার সৌন্দর্যোর মধ্যে এমন কিছু ছিল, যাহা এ পৃথিবীর নতে। মনে হইতেছিল যেন তাঁহার আত্মাপক্ষী দেহ-পিঞ্জর ভাঙ্গিবার উপক্রম করিয়াছে. তথনই স্পষ্ট বুঝিলাম তাঁহার দেহাবসানের আর অধিক বিলম্ব নাই। বহুবর্ষের অতিরিক্ত পরিশ্রমে তিনি অতিশয় শ্রান্ত হইয়াছেন, আর অধিক দিন এ পৃথিবীতে থাকিবেন না।"

<sup>\*</sup> গ্রদ্ম্যান অস্তভাবেও স্বামিজীর প্রতি তাঁহার অকৃত্রিম সধ্য ও অনুরাগের পরিচর দিরাছিলেন। পাদরীরা স্বামিজীকে চতুর্দ্দিক হইতে আক্রমণ করিলে ইনি তাঁহার পক্ষ গ্রহণ করিরা পাজীদের মিথ্যা দোষারোপের সমৃত্তর প্রদান করিরাছিলেন প্রবং মন্দিরে স্বামিজীর পরিচর দিবার সময় হিন্দুজাতি ও হিন্দু-ধর্মের পুর প্রশংসী করিয়াছিলেন।

# আমেরিকায় বেদান্তের দৃঢ়ভিত্তি স্থাপন।

১৪।১৫ দিন এথানে অতিশর ক্নতার্কার্যাতার সহিত প্রচার করিয়া তাঁহার আরক্ষ কার্য্যপরিচালনার ভার ক্নপানন্দ স্বামীর উপর স্তত্ত করিয়া স্বামীজি বোষ্টন যাত্রা করিলেন। ইতিমধ্যে ডেট্রগ্রেটে অনেকগুলি ভক্ত তাঁহার শিয়ত গ্রহণ করিয়াচিল।

ইহার পর আমরা স্বামিজীকে দেখিতে পাই স্থবিখ্যাত হার্ডার্ড বিশ্ববিস্থালয়ের দার্শনিক বিভাগের গ্রাক্ত্রেট ছাত্রবুনের সমক্ষে। এই ছাত্রসমাজ জগতের শীর্ষস্থানীয় পণ্ডিতমণ্ডলীর অক্সতম। ইহারা স্বামিজীর ভাব ও দার্শনিক মতসমহ জানিবার জন্ম অত্যন্ত ব্যগ্রতা প্রকাশ করিলে Mr. Sohn P. Fox স্থামিজীকে নিমন্ত্রণ করিয়া পাঠাইলেন। স্বামিজী তাঁহার নিমন্ত্রণ গ্রহণ করিয়া ২৫শে মার্চ্চ তারিখে হার্ভাডের ছাত্র ও অধ্যাপকমণ্ডলীর সমক্ষে "বেদাস্তদর্শন" সম্বন্ধে এরূপ গ্রন্থীর বক্ততা দিলেন যে সকলেই তাঁহার পাঙিতো `বিশ্বিত ও বিমুগ্ন হইয়া গেলেন। বক্ততার শেষে আরও অনেক প্রদক্ষ আলোচিত হইয়াছিল। সেদিনকার দে সকল কথাবার্ত্তা শ্রোত্বর্গের হাদয়ে চির'দনের জ্বন্ত মুদ্রিত হইয়া থাকিবে। বিশ্ব-বিভালয়ের সভাগণ তাঁহাকে নিজেদের নিকটে রাখিবার জন্ত সমূৎ-স্থক হইয়া ঐ বিশ্ববিত্যালয়ের প্রাচ্যদর্শনের অধ্যাপকের পদ গ্রাহণ করিবার জন্ম তাঁহাকে পুনঃ পুনঃ অন্থরোধ করিতে লাগিলেন. কিন্তু তিনি বলিলেন "আমি সন্ন্যাসী—চাকরী করিব কি করিয়া ?"

হার্ভার্ডের পশুতাগ্রণীগণের সমক্ষে দার্শনিকতত্ব বিশ্লেষণ ও বিচারে প্রবৃত্ত হওয়া কম সাহসের কর্মা নহে। বস্তুতঃ সেটী স্থামিজীর জীবনে একটী বিষম পরীক্ষার দিন বলিলেও হয়। কিছ দেই দিন স্থামিজীর ব্যাধ্যাসমূহ এত পরিষ্কার, হুদয়গ্রাহী ও বৃক্তি

## স্বামী বিবেকানন্দ।

পূর্ণ হইরাছিল যে শ্রোতার। সকলেই একবাক্যে তাঁহার প্রশংসা করিয়াছিলেন। পরে বিশ্ববিত্যালয় হইতে এই বক্তা, স্বামিজীকে বে সকল প্রশ্ন জিজ্ঞাসা করা হইয়াছিল তাহার উত্তর ও স্বামিজী কর্তৃক আলোচিত প্রসক্ষম্হের সহিত একত্রে পুত্তিকাকারে প্রকাশিত হইয়াছিল। ঐ পুত্তকের ভূমিকায় হার্ভার্ড বিশ্ববিত্যালয়ের বিখ্যাত অধ্যাপক The Rev. C. C. Everett D. D. L L. D. মহোদয় যে ভূমিকা লিখিয়াছিলেন তাহা পাঠে পাঠক ব্রিতে পারিবেন স্বামিজী ওদেশের পঞ্জিতমণ্ডলীকে অবৈত্তভাবে কতদ্র অমুপ্রাণিত করিতে সমর্থ হইয়াছিলেন—

"\* \* \* চিকাগো ধর্মহাসভায় স্থামী বিবেকানন্দের হিন্দুধর্মমত জ্ঞাপনের প্রণালী সকলেরই চিত্ত আকর্ষণ ও শ্রদ্ধা উৎপাদন
করিয়াছে। পরেও ঐ সম্বন্ধে তিনি এ দেশের নানাস্থানে বক্তৃতা
দিয়াছেন। বাস্তবিক ধর্মপ্রেচারই তাঁহার ভারতবর্ষ হইতে এদেশে
আগমনের উদ্দেশ্য। সর্ব্রেই অনেকে তাঁহার সহিত গভীর
সধাসতে আবদ্ধ হইয়াছেন এবং তাঁহার হিন্দুদর্শনশাস্ত্রের ব্যাখ্যা
সানন্দে শ্রবণ করিয়াছেন। তাঁহার স্বদেশবাসিগণ ভারতবর্ষ
হইতে যেরূপ উৎস্কুকনেত্রে তাঁহার কার্য্যকলাপ লক্ষ্য করিতেছেন
ও তাঁহার কৃত্কার্য্যভায় যেরূপ হর্ষ প্রকাশ করিয়াছেন তাহা
অতীব প্রীতিকর। একথানি পুত্তিকায় দেখিলাম প্রাচ্যদেশের
ভাবসমূহ পশিচাত্যদেশে প্রবেশ করায় কলিকাতার টাউনহলে এক
বিরাট সভা করিয়া তথাকার গণ্যমান্ত ব্যক্তিগণ সম্ভোব প্রকাশ
করিয়াছেন। এক্লপ সম্ভোধের অবশ্রু যথেষ্ট কারণ আছে। তবে
ভাহাদের মধ্যে কেছ ক্ষেহ যে বলিয়াছেন আমরা হিন্দুধর্মে দীক্ষিত

रहेबा गारेएक खेरा मण्यून ठिक ना रहेतात. a कथा निक्क चौकार्या थ. वित्वकानत्मत्र চत्रिक ও श्रात्रक कार्या लाटकत्र समस्य বেশ আধিপত্য বিস্তার করিয়াছে। বস্তুতঃ পঠনীয় বিষয়সমূহের মধ্যে হিন্দুদিগের দর্শনশাস্ত্র অপেক্ষা অধিকতর মনোরম বোধ হয় আর কিছুই নাই। অনেকের ধারণা আছে বেদান্ত দর্শন একটা অলীক ও অসার করনামাত্র—বাস্তব জগতের সহিত উহার কোন সম্বন্ধ নাই। কিন্তু বাস্তবিক যদি এমন কেছ সশরীরে বর্ত্তমান থাকেন যিনি সত্যসত্যই উক্ত দর্শন-প্রতিপান্ত বিষয়ে বিশ্বাস করেন ও অতিশয় তীক্ষর্ত্তি, তাহা হইলে তাহার মুখ হইতে উহা প্রবণ করিতে যেরূপ আনন্দ বোধ হয় তাদুশ আনন্দ জগতে তুল্লভ। বেদান্ততত্তকে স্বপ্নজালসম উচ্ছুজ্ঞাল কর্মাপ্রস্ত বলিয়া বিবেচনা করা অমুচিত। <sup>'</sup>হেগেল বলেন স্পিনোজার মত হইতে প্রকৃত দর্শন শাল্তের আরম্ভ, কিন্তু আমি বলি ঐ কথা বেদান্তবাদ সম্বন্ধে আরও বেশী খাটে। কারণ, আমরা (পাশ্চাত্য দেশের গোক) 'বহু' লইয়াই ব্যস্ত। কিন্ধু যে 'একদ্বের' উপর 'বহুত্ব' প্রতিষ্ঠিত, সেই 'একত্ব' জ্ঞান না হইলে 'বছত্বে'র উপলব্ধি হইবে কি প্রকারে প ফলত: 'এক ছাড়া হুই নাই'-এ সতা প্রাচ্যদেশই আমাদিগকে শিখাইতে সমর্থ, এবং স্বামী বিবেকানক সামাদিগকে ঐ শিকা প্রদান করায় আমরা তাঁহার নিকট ক্লভক্ততাপ্পণে আবদ্ধ।"

এই সময়ে 'বোষ্টন ট্রান্সজিপ্ট' নামক সংবাদপত্তে স্বামিজীর হার্ভার্ড ও অক্সান্ত স্থানে প্রদন্ত বক্তৃতার নিবরণ ও সারাংশ প্রকাশিত হইরাছিল। ইহাতে দেখিতে পাই স্বামিজী কয়দিবস 'এ্যানেন জিম্ব্যাসিয়াম' (Allen Gymnasium) এ চারিট বক্তৃতা দিয়া-

## यांची विद्यंबानमः।

ছিলেন। ইহার প্রত্যেকটিতে চারি পাঁচশত শ্রোজ্ঞ উপস্থিত ছিলেন। তা'ছাড়া কেন্ত্রিজে ওলীবুলের বাটীতে হুইটি, হার্ডার্ড বিশ্ববিশ্বালয়ের পভিতমওলীর সমক্ষে একটি ও 'বিংশ শতালী স্ভা'র (Twentieth Century Club) একটি বক্তৃতা দিয়া-ছিলেন। উক্ত প্রত্ত বলিতেছেন—

"ষামিজী প্রমাণ করিরাছেন ধর্ম গুরু কথার কথা বা কতক-গুলি চমৎকার ভাবমাত্র নহে। জীবনের প্রতিকার্মেই সেই ভাব শেখাইতে পারিলে তবে ধর্মলাভ হয়। বেদাস্তধর্মে এ জীবনেই মন্থ্যের এই দেবস্থলাভ সম্ভব।"

১৮৯৬ সালের ক্ষেত্রনারী মাসে স্বামিজী বক্তৃতা বন্ধ করিরা স্থারীভাবে বেদান্তপ্রচারের জন্ম 'নিউইরর্ক বেদান্তসভা' (The Vedanta Society of New York) নামে একটি সভা স্থাপন করিলেন। এই সভা কোন বিশেষ ধর্মাত পোষণ না করিরা সকল ধর্মোর মধ্যেই বেদান্তভাব উপলব্ধি করিবার প্রস্থা নির্দেশ করিতে লাগিলেন।

ইতিমধ্যে স্থামিজীর 'রাজ্বোগ', 'কর্ম্মোগ', ও 'ভক্তিযোগ'
নামক পুত্তক কর্মধানি প্রকাশিত হইল। আমেরিকান পত্রসমূহ
পুত্তকগুলির যথেষ্ট প্রশংসা করিয়া নিজ নিজ পত্রে উহাদের সমালোচনা বাছির করিলেন এবং 'রাজ্বীরগ' প্রছ্মানি অনেকগুলি
বিশ্ববিদ্যালয়ের 'নারীরস্থান'-ও-'মনস্তম্ব'-বিৎ পণ্ডিতগণের মধ্যে
মহা আন্দোলনের স্কৃষ্ট করিলি।

এইরণে আমেরিকার বেদাত্তের ভিত্তি স্থদ্দভাবে প্রতিষ্ঠিত ইইল। ক্তি অভিত্তিক পরিপ্রমে স্থামিলীর শরীর কর ইইডে

# আমেরিকায় বেদান্তের দৃচ্ভিত্তি স্থাপন।

আরম্ভ করিরাছিল। তিনি ইতঃপূর্বেই ভারতবর্ষ হইতে ওাঁছার ভরুতালিপের কাহাকেও আনাইরা আমেরিকার কার্যভার তাঁহার হতে সমর্পন করিবেন হির করিরাছিলেন এবং সঙ্গে সঙ্গে ইংরাজ ও আমেরিকান শিষ্যদিগের মধ্যে ছই এক জনকে ভারতে বিজ্ঞান, শিল্প, শ্রমসমবায়, সমাজতত্ব ইত্যাদি প্রচারের জন্ম পাঠাইনার সঙ্গল করিরাছিলেন। ইংলপ্তে থাকিতেই তিনি সারদানন্দ স্থামীকেক্সেলেশে বাইবার জন্ম লিখিয়াছিলেন, কিন্তু এভাবং প্রয়ন্ত তিনি বা আর কেহ স্থামিজীর অভিলাধান্যায়ী কার্য্য করিয়া উটিতে পারেন নাই।

১৮৯৬ সালের বসন্তকালে ইংলঙীর শিষাগণ স্থামিজীকে ইংলঙে বাইবার জ্বন্ত পুন: পুন: লিখিতে লাগিলেন। স্থামিজীরও মনে হইল এ সময়ে আর একবার ইংলঙে পিয়া সেখানকার কার্মাটি পাকা করার চেষ্টা করা উচিত। তিনি দেখিলেন লঙান ও নিউইয়র্ক এই ছইটি নগর পাশ্চাত্য জগতের ছইটি প্রধান কেক্সছল। নিউইয়র্ক এই ছইটি নগর পাশ্চাত্য জগতের ছইটি প্রধান কেক্সছল। নিউইয়র্ক ওাঁহার কার্মা প্রপ্রতিষ্ঠিত হইয়াছে, এখন লগনে ইছা প্রপ্রতিষ্ঠিত করিতে পারিলেই তিনি অবকাশ প্রাহণ করিতে পারেন। ভালমুসারে তিনি ১৫ই এপ্রিল লগুন যালা করিলেন এবং ঘাইবার পুর্বে সারদানন্দ স্থামীকে পুনরায় ম্পষ্ট করিয়া লিখিলেন যে তিনি যেন শীল্ল লগুনে উপস্থিত ছুইয়া ই, টি, ইার্ডি সাহেবের গৃহে তাঁহার জ্ব্যু অপেক্ষা করেন। ইংলঙ্খাত্রার পূর্বে তিনি আরও একটি কার্য্য করিলেন। মিন্ এন, ই, ওয়াক্তো (ইনি এখন সিষ্টার হির্মানী নাম প্রহণ করিয়াছিলেন) ও জ্ব্যাক্ত কতিপর শিষ্যকে তাঁহার অবর্তমানে যাহাতে তাঁহারা স্থচাক্রপ্রে কার্য্য নির্মাহ

## স্বামী বিবেকানন্দ।

করিতে পারেন তদ্রপ শিক্ষা দিতে লাগিলেন। ইহাদের মধ্যে তিনি মিস ওয়াল্ডোকে রাজযোগের সর্ব্বোৎকৃষ্ট শিক্ষক বলিয়া নির্দেশ করিতেন এবং তাঁহাকে রাজযোগ শিক্ষা দিবার অধিকার ও উপযুক্ত ক্ষমতা প্রদান করিয়াছিলেন। আর স্বামী কুপানন্দ. অভয়ানন ও যোগানন এবং আর কয়েকজন ব্রন্ধচারীকে বেদান্ত শাস্ত্রের ত্রিবিধ মতবাদ উত্তমরূপে শিক্ষা দিয়াছিলেন ও তিনের মধ্যে যে কোন বিবাদ বিসংবাদ নাই, তিনটিই আধ্যান্মিক জীবন গঠনের পর পর সোপান, ইহা বিশেষ ভাবে ব্র্যাইয়াছিলেন। মি: ফ্রান্সিস এইচ. লেগেটকে তিনি বেদান্তসভার সভাপতিরূপে নির্বাচন করিলেন এবং অক্যান্স শিষাদিগের উপর অন্যান্স কার্যোর ভারার্পণ করিলেন। বাঁহারা এসময়ে স্বামিজীর কার্যাবিস্তারের জন্ম প্রাণপণ চেষ্টা করিয়াছিলেন তাঁহাদের মধ্যে উপরোক্ত শিষাগণ বাতীত নিম্নলিখিত কম্বজনের নাম প্রধানত: উল্লেখযোগ্য। মিস মেরী ফিলিপ্স (Miss Mary Phillips)—ইনি রাজধানীর সর্ববিধ মহিলা-চালিত শিক্ষা ও পরহিতকর অমুগ্রানের প্রাণস্বরূপিনী ছিলেন। মিসেস আর্থার স্মিথ (Mrs. Arthur Smith ) মি: ও ' মিদেস ওয়াণ্টার গুড়ইয়ার (Mr. & Mrs. Walter Goodyear) এবং স্থাসিদ্ধ গায়িকা মিদ্ এমা থাসবি (Miss Emma Thursby ).

## এই সময়কার অন্যান্য চিত্র।

স্বামিজী যদিও অহোরাত্র কঠিন কার্য্যে নিযুক্ত থাকিতেন তথাপি তাঁহার স্বাভাবিক রক্ষপ্রিয়তা কখনও পরিত্যাগ করেন নাই। বিশ্রাম ও অবকাশকালে তিনি একেবারে বালকের স্থায় অবাধ ক্ৰপ্তি ও আনন্দ্ৰোতে গা ঢালিয়া দিতেন। তথন তিনি যে একজন বিশ্ববিখ্যাত লোকশিক্ষক এরূপ ভাবের লেশ মাত্র মনে থাকিত না। যথন অতিবিক্ত মানসিক পবিশ্রমে শরীর মন অতান্ত ক্লান্ত ও অবসন্ন হইয়া পড়িত তথন তিনি ঐরপ চিত্রিনোদন দারাই সর্বাপেকা সহজে পুনরায় কাজ করিবার শক্তি ফিরাইয়া আনিতেন। হয়ত 'পঞ্চ' (Punch) বা ঐরপ একটা হাস্তরসান্মক পত্রিকা লইয়া পড়িতে বসিলেন ও আগাগোড়া পড়িয়া ফেলিলেন। পড়িতে পড়িতে হাসির চোটে যতক্ষণ না চোথ দিয়া জল গড়াইয়া পড়িত ততক্ষণ থামিতেন না। তিনি জানিতেন যে তাঁহার মন মভাবতঃ গম্ভার বিষয়ে আসক্ত, কিন্তু অতিরিক্ত গুরুতর চিম্ভা অনিষ্ট জনক বুঝিয়া মধ্যে মধ্যে পরিবর্ত্তন খুঁজিতেন ও কোন একটা লঘু বিষয়ে মনটাকে লাগাইয়া রাখিতেন। যাঁহারা আঁহাকে ভাল-বাসিতেন তাঁহারাও তাঁহাকে বালকের স্থায় ক্রীডারত দেখিলে আন্তরিক আনন্দিত হইতেন। তিনি রঙ্গকৌতুকের গল্প শুনিডে বড ভালবাসিতেন। ঐরপ গল্প একবার গুনিলে কিছুতেই ভূলিতেন না ও অ্যোগমত অক্সন্থানে উহার প্রয়োগ করিতেন। তাঁহার পাশ্চাত্য শিষ্যের। এইরপ কতকগুলি গল্পের বিষয় বলিয়া

## श्रामी विदैवकानन ।

থাকেন। ১৮৯৪ সালের আগষ্ট মাসে স্থামিজী যথন 'এমিস কোরাম' এ মিসেদ্ ব্যাগলীর বাটীতে অবস্থান করিভেছিলেন তথন সেথানে মিসেদ্ ব্যাগ্লীর একজন মহিলা-বন্ধুও তাঁহার অতিথি কপে বাস করিতেছিলেন। সেই স্ব্রে স্থামিজীর সহিত উক্ত রমণীর বিশেষ জানাশুনা হয় এবং তাঁহার স্থামী স্থামিজীর একজন বন্ধু হইয়া উঠেন ও স্থামিজীকে প্রথম শ্লেজ গাড়ীতে চড়াইরা ভ্রমণ করান। এই স্ত্রীলোকটি সিষ্ঠার নিবেদিতাকে লিথিয়াছিলেন:—

"স্বামিজীর সহিত আমার শীঘ্রই বন্ধুত্ব হইল। জিনি 'এমিস্ কোরাম' এ একবার মাত্র বক্তৃতা দিয়াছিলেন। সে সমরটা গ্রীয়া-বকাশ। তিনি আমার প্রার বলিতেন 'একটা গল্প বল দেখি'। আমার মনে আছে একবার আমি এক চীনেম্যানের গল্প বলছি-লাম, তাতে তিনি বড় আমোদ পেয়েছিলেন। গল্লটি হচ্ছে এই— এক চীনেম্যান শৃকরমাংস চুরি করার জন্ত পুলিশ কর্তৃক গ্রেপ্তার হইয়াছিল। জল্প তাহাকে বলিলেন 'আমি জানিতাম চীনারা শৃকর ধার না'! তাহাতে চীনেম্যান বলিল 'Oh me Melican man now. Me, Sir, me steal, me eat pork, me everything." ( ওঃ আমি এখন মেলিকান লোক—অর্থাৎ আমেরিকান, আমি চুরি করি, শোর খাই—সব করি )। এই গল্প শুনার পর স্বামিজীকে কতবার অমুচ্চন্থরে বলিতে শুনিয়াছি 'Me Melican man.' অন্তের নিকট এ সব জিনিষ ভুচ্ছ বোধ হইতে পারে কিন্তু আপনার ক্রায় বাঁহারা স্বামিজীকে জানেন তাঁহাদের নিকট তাঁহার সম্বন্ধীয় কোন কথাই ভুচ্ছ নহে।

আমি কানাডার আদিম অধিবাসীদের (Red Indians) মধ্যে

তিনবৎসর ছিলাম। এই সকল আদিমবাসীদের গল্প গুনিতে স্বামিজী কথনও ক্লান্তিবোধ করিতেন না। আমার মনে আছে একটি গল্প তাঁহার বড়সভাল লাগিত। একজন রেড ইণ্ডিয়নের পত্নী-বিয়োগ হওয়াতে নে শ্বাধারের জন্ম কতকগুলি পেরেক চাহিতে আমাদের গৃহে ( অর্থাৎ পুরোহিত বাটী ) উপস্থিত হয়! পেরেকের জন্য দাঁড়াইয়া থাকিতে থাকিতেই সে আমার রাঁধুনীকে জিজ্ঞাসা করিয়াছে যে, সে (রাধুনী) তাহাকে বিবাহ করিতে রাজী আছে কি না। বাঁধুনী ত রাগিয়াই খুন! আর বাস্তবিক ারাগিবারই কথা। কিন্তু তাহার অসম্বতিপূর্ণ প্রত্যাখ্যানের উত্তরে ইণ্ডিয়ানটি শুধু ৰলিল 'Wait, you see' ( আছ্ছা রোদো )। পর রবিরার দিন দেখি সে ব্যক্তি আমাদের ফটকে বসিয়া আছে। টুপিতে খুব বড় বড় পালক স্মাঁটিয়াছে এবং এত তেল মাথিয়াছে ৰে তাহা তাহার গণ্ড বাহিয়া গড়াইতেছে। ঘটনাক্রমে সেই সময়ে স্বামিজীর একথানি 'অয়েলপেন্টিং' ( তৈলচিত্র ) তোলা হইতেছিল। আমরা ছবিধানি কতদুর হইয়াছে দেখিবার জক্ত ষ্ট্ডিওতে গিয়া দেখি অন্ধিত মুর্ত্তিটির গালের কাছে একটুথানি তেল ব্যরিয়া পডিয়াছে: দেখিবামাত্ৰ স্বামিষ্কী বলিয়া উঠিলেন "Getting ready to marry the cook!" (রাধুনীকে বিয়ে ক'র্ত্তে চ'লেছে আর কি!) স্বামিজী কিরকম লোক ছিলেন আপনি ত তাহা জানেন. স্থতরাং ব্রিতেই পারিতেছেন তাঁহার কি স্থন্দর রহস্তজান ছিল।

ì

কিন্ত হটি গল্প তাঁর সর্বাপেক্ষা প্রিয় ছিল। সে ছটি তিনি যখনই শুনিতেন হাসিয়া অন্থির হইতেন। একটি হইতেছে এক নূতন খুটান মিশনরীর গল্প। এক খুটান পাল্রী প্রথম এক দ্বীপে

## স্বামী বিবেকানন্দ।

গিয়াছেন, সেখানে নর্থাদকদের বাস। তিনি সে স্থানের প্রধান ব্যক্তির সহিত দেখা করিয়া জিজ্ঞাসা করিলেন "Well how did you like my predecessor ?" ( আইছা আমার আগে যিনি এখানে ছিলেন তাঁকে তোমাদের কেমন লাগিত ? ) সে ব্যক্তি উত্তর করিল "He was simply de-li-cious" ( অতি উ-পা-দের)। আর একটি ইইতেছে আফ্রিকার এক কালা পাদ্রীর গ্রা। কালা পাদ্রী স্ষ্টেতত্ব বুঝাইতে গিয়া চীৎকার করিয়া বলিতেছে—"You see God was making Adam and he was a-making im out o' mud. And when he had a-got im made. he stucks im up again a fence to dry. And then-(দেথ, ঈপর-কি বলে-এডামকে-মাটা থেকে তৈরী কল্লেন। তারপর—তাকে—কি বলে—একটা বেডার গায়ে—শুকুতে দিলেন। তারপর-- ) এমন সময়ে শ্রোতাদিগের মধা হইতে একজন জলদ-গন্তার স্বরে বলিয়া উঠিল—"Hold on, there, preacher, what abouts dat ere fence? Whos a-made dat fence ?" ( থামো গো কথক ঠাকুর থামো—ও বেডাটার ব্যাপার কি প ওটাকে কে তৈরী কল্লে প ) প্রচারক বিরক্ত হইয়া বলিলেন "Now youse listen ere. Sam Jones. Don't youse be agwining to ask such ere question. youse'll ere smash up all theology.,, (দেখ বাপু সামজোন্স একটু মন দিয়ে শোন — ওরকম — কি বলে — বিত্রী প্রশ্ন কটকরে জিল্ঞাসা করোনা – তা হ'লে বলে দিচ্ছি—সব ধর্মতত্ত – কিবলে— একদম मांजी करत वादव-वदन निष्ठिक का। )

ŕ

## এই সময়কার অন্যান্ত চিত্র।

স্বামিজীর অন্তরক বন্ধদিগের মধ্যে অনেকে তাঁহার বিশ্রাম ও চিত্তরঞ্জনের আবশ্রকতা অমুভব করিয়া স্ব স্ব গৃহে তাঁহাকে নিমন্ত্রণ করিয়া পাঠাইতেন। সেথানে তাঁহাকে যথেচ্ছভাবে আরাম উপভোগ করিবার স্রযোগ দেওয়া হইত। তিনি যদি গল করিতে ইচ্ছা করিতেন, তাঁহারা একাস্ত ব্যগ্রভাবে তাঁহার কথা শুনিতেন। যদি তিনি গান গাহিতে ইচ্ছা করিতেন, অনায়াদে এ দেশীয় গান গাহিতে পারিতেন। যদি তাঁহারা দেখিতেন স্বামিজী চপ করিয়া বসিয়া আছেন, তাহা হইলে তাঁহাকে বুপা না বকাইয়া ধীরে ধীরে গ্রহের বাহিরে চলিয়া যাইতেন। তিনি তাঁহাদের অনেককে আদরের নামে ডাকিতেন। মিঃ ও মিদেদ হেলকে বলিতেন:-'ফাদার পোপ' ও 'মাদার চার্চ', কাহাকেও বলিতেন 'যুম্' (Yum) কাহাকেও 'জোজো' ( Tojo ) এইরূপ। যদি তাঁহারা কোন নূতন থাছ দ্রব্য প্রস্তুত করিয়া স্বামিজীকে আহার করিতে বলিতেন, অনেক সমর তিনি কাঁটা-চামচের পরিবর্তে শুধু হাতে থাইবার ইচ্ছায় তাঁহাদের মুথের দিকে চাহিতেন ও তাঁহারা ঐরপ চাহনির অর্থ জিজ্ঞাসা করিলে বলিতেন হাতে করিয়া খাইবার ইচ্ছা হইয়াছে —ও রকম ক'রে থেলে বেশী তৃপ্তি হয়। প্রথম প্রথম ওদেশের লোকেরা তাঁহাকে ভধু হাতে থাইতে দেখিলে যেন স্তম্ভিত হইয়া যাইত-কারণ ওদেশে কাঁটা-চামচে বাবহার না করা ঘোর অসভাতার চিত্র! —কিন্তু তাহারা তাঁহাকে এত ভালবাসিত ও তাঁহার কার্য্যের প্রতি ভাহাদের এতদুর সহামুভূতি ছিল যে শেষে তাঁহার ইচ্ছামত কার্য্য করিতে দিতে বিন্দুমাত্র বিধা বোধ করিত না, বরং উহাতে তিনি স্বচ্চন্দতা বোধ করিবেন ভাবিয়া আরও আনন্দিত হইত। একান্তে

#### স্বামী বিবেকানন্দ।

অবস্থান কালে তিনি কলার, বৃট খুলিয়া ফেলিয়া চাট পায়ে দিয়া বিসিয়া থাকিতেন। ও জিনিষগুলা তাঁহার অত্যস্ত বিরক্তি উৎপাদন করিত। বিশেষ, হাতের কাফ্গুলা তাঁহার ত্র'চক্ষের বালাই ছিল। সন্মাসীর অত নিয়মকান্থন ও সভ্যতার কায়দা ভাল লাগিবে কেন ?—তারপর টাকাকড়ি। টাকাকড়ির প্রতি তাঁহার বিল্পুমাত্র থেয়াল ছিল না। বন্ধুবান্ধবেরা তাঁহার খরচ-পত্রের জ্বন্ত কিছু দিলে তিনি উহা লইয়া কি করিবেন স্থির করিতে পারিতেন না, আর ঝঞ্চের ভয়ে ব্যতিবাস্ত হইয়া উঠিতেন। সে জ্বন্ত হয় সেগুলি তৎক্ষণাৎ পরীবহুঃখী ও অভাবগ্রস্ত লোকদের বিলাইয়া দিতেন, না হয় শিয়্ম ও বন্ধুমগুলার জন্ত উপটোকনাদি কিনিতে থরচ করিয়া ফেলিতেন। সহস্রদ্বীপোত্যানে কার্য্য শেষ হইলে শিয়্মদের প্রাক্তি একটা মোটা টাকা তিনি এইরূপে থরচ করিয়াছিলেন।

সামিজী অপরের ইচ্ছানুসারে চলিতে মোটেই পারিতেন না। সর্ববিষয়ে নিজের স্বাধীন ইচ্ছানুষায়ী কার্য্য করিতেন। সেই জন্ত একজন ধনবতী মহিলা তাঁহার কাজকর্ম্মের বন্দোবস্তাদির জন্ত নিজের অভিপ্রায় চালনা করিবার উল্লোগ করিলে তিনি কথনও তাঁহার অভিপ্রায় সিদ্ধ হইতে দিতেন না। এবিষয়ে তাঁর কোন দোষ ছিল না। সে স্ত্রীলোকটির মধ্যে বেশ একটু 'হামবড়া' ভাব ছিল। তিনি সকলেরই উপর কর্তৃত্ব করিতে ভালবাসিতেন, কিন্তু স্বামিজীকে আঁটিয়া উঠিতে পারিতেন না। শেষ মুহূর্ত্তে স্বামিজী যথন তাঁহার সব মতলব ফাঁসাইয়া দিতেন তথন স্ত্রীলোকটি প্রথমতঃ থুব চটিয়া যাইতেন বটে, কিন্তু পরে মেজাজ ঠাণ্ডা হইলে ভাসিয়া বলিতেন—"At the last moment he upsets all

## এই সময়কার অস্থান্য চিত্র।

my plans for him. He must have his cwn way. He is just like a mad bull in a china-shop." ( শেষ মুহুর্জে উনি আমার সব মতলব উপ্টে ফেলে দিয়ে নিজের খুসীমত কাজ করেন। ঠিক যেন চীনে বাসনের দোকানে পাগ্লা বাঁড়ছেড়ে দেওয়া!)

অন্ত লোকের উপকারার্থ সামিজী সব করিতে রাজী ছিলেন ও বতদ্র সম্ভব অপরের মতামুসারে চলিতে পারিতেন। কিন্তু কতক-গুলি বিষয়ে তিনি কাহারও বাধ্য হইতেন না। কাহারও কাহারও সহিত ব্যবহারে তিনি নিজের আশুরিক বিরক্তি সপ্তেও অত্যন্ত সহিষ্ণুতা অবলম্বন করিতেন। কারণ, ব্রিতেন যে তাঁহার কার্য্য সাধনের জন্ত ঐ ঐ লোক ঈশ্বর কর্তৃক নিয়োজিত হইয়াছেন। অপর কতকগুলি লোককে তিনি কিছুতেই আমল দিতেন না।

ডেট্ররেট সহরের একজন শিশ্য তাঁহার বালকবং সরলতার বিষয়ে নিম্নলিখিত গল্পটি করিয়াছিলেন। একবার স্বামিজী তাঁহার কোন ভক্তের বাটীতে গিয়া তাঁহার প্রকৃতিস্থলভ অকপটতাসহকারে একটা ভারতীয় ভোজ্যবস্থ পাক করিবার ইচ্ছা প্রকাশ করিলেন। গৃহস্বামী তৎক্ষণাৎ উহাতে সম্মতি দিলে তিনি পকেট হইতে কভকগুলি মশলার মোড়ক বাহির করিলেন। ঐ গুলি ভারতবর্ধ হইতে তাঁহাকে পাঠান হইয়াছিল। তিনি ষেখানে যাইতেন মোড়ক লইয়া যাইতেন। একসময়ে তাঁহার জিনিষপত্রের মধ্যে সর্ব্বাপেক্ষা মূল্যবান্ জিনিষ ছিল মাক্রাজ হইতে কোন ভক্তলোক প্রেরিত এক বোতল চাট্নি। তাঁহার পাশ্চাত্য শিয়েরা তাঁহাকে নিজেদের রন্ধনশালায় রাঁধিতে দিতে পাইলে ভারী খুসী

## श्वामौ विदवकानमः।

হইত। তাহারা নিজেরাও তাঁহাকে সাহায্য করিত এবং নানা নুতন প্রকার রন্ধনের পরীক্ষা করিতে করিতে সময়টা থুব ক্ষুর্ত্তিতে কাটিয়া যাইত। তিনি ভরকারিতে এত ঝাল দিতেন যে আর কেই সহজে থাইতে পারিত না। তিনি নিজে ঝাল ভালবাসিতেন বলিয়া যে দিতেন, শুধু তাই নহে, অনেক সময়ে দেখিতেন ওদেশের জিহুবায় কতটা ঝালমশলা সহু হইতে পারে। তিনি বলিতেন যে ঐ সব ঝালমশলা তাঁহার লিভারের পক্ষে ভাল। বস্তুতঃ কিন্তু ঠিক তাহার বিপরীত। তবে তাঁহার মুথে ভাল লাগিত বলিয়া তিনি ঝাল দিবার লোভ সংবরণ করিতে পারিতেন না। সময়ে সময়ে রাখিতে খুব দেরী ইইয়া যাইত, তথন শিয়াদের হয়ত ক্ষুধায় নাড়ী জ্বলিয়া যাইবার উপক্রম হইয়াছে। তিনি অনেক সময়ে কোতুক দেখিবার জন্মও ঐরপ করিতেন, কারণ অতান্ত ক্ষুধার সময়ে তাহারা কট ত্তিক কিছুই গ্রাহ্থ করিত নাঃ

শীতের সময় অগ্নিকুণ্ডের পার্ষে বিদয়া অতীত জীবনের চিত্রগুলি স্মরণ করিতে বা কোন সামগ্রিক পত্র পড়িতে তিনি যেরপ আহলাদিত হইতেন, আর কিছুতে দেরপ নহে। হাশ্ররসাত্মক পত্রিকা পাইলে মলাট শুদ্ধ পড়িয়া ফেলিতেন, কিছু দৈনিক পত্রের মধ্যে সাধারণতঃ হেডিং গুলারই উপর চোথ বুলাইয়া যাইতেন। উহাইছিল তাঁহার বিশ্রাম। কিছু ঐ সময়েও যদি কেহ কোন ধর্মসম্বন্ধীয় বা আধ্যাত্মিক বিষয়ে প্রশ্ন উত্থাপন করিত অমনি তাঁহার হাশ্রপ্রোত বন্ধ হইয়া যাইত, মুহুর্ত্তের মধ্যে তিনি আত্মসংবরণ করিয়া গস্তীর হইয়া বলিতেন ও অতিশয় ধীরভাবে জিজ্ঞান্য বিষয়ের মীমাংসায় প্রবৃত্ত হইতেন। অনেকে সেই জক্ত মনে করিত যেন

## এই সময়কার অস্থান্য চিত্র ৷

তুইটা পৃথক লোক রহিয়াছে। বাস্তবিক তাঁহাকে দেখিলে বোধ হইত যেন শত ক্রীড়াচাপল্যের মধ্যেও তাঁহার হৃদত্তের গভীরতম প্রাদেশে আর একটি উচ্চতর ভাবের ধারা সর্বাদা প্রবলবেগে প্রবাহিত হইতেছে।

আমেরিকার কার্যদেষ হইলে তিনি সম্পূর্ণ অবসন্ন হইন্ন। পড়ি-লেন। কারণ যদিও তাঁহার মস্তিষ্ক বরাবর পরিষ্কার ছিল, তথাপি অতিরিক্ত পরিশ্রমে তাঁহার সায়ুমগুলী বিধ্বস্ত হইন্না গিন্নছিল। একদিন ট্রেণে যাত্নাত করিলে সাত দিন পর্যাস্ত যেন তাঁহার মাথান ট্রেণের ঘর্ষর শব্দ বাজিতে থাকিত। বন্ধুবর্গ সকলেই আশঙ্কা করিলেন তাঁহার স্বাস্থ্য জীবনের মত ভাঙিতে বসিয়াচে।

তাঁহার নিজের অন্ত্র প্রকৃতি ও উপদেশ অপরের উপর কিরূপ প্রভাব বিস্তার করিত তৎসম্বন্ধে অনেকে অনেক কথা লিখিয়াছেন । তাহা লিখিয়া আর গ্রন্থের কলেবর বৃদ্ধি করিতে ইচ্ছা করি না। তথু এক জনের উক্তি হইতে এইটুকু উদ্ধৃত করিয়া ভনাইলেই যথেষ্ট হইবে, যে, "তাঁহার চিন্তা ও যুক্তিতর্ক সমূহ এরূপ গভীর ছিল ও মনোমধ্যে এরূপ প্রবল আন্দোলন উত্থাপিত করিত যে শ্রোতাদিগের অনেকে ভনিতে ভনিতে ক্লান্ত হইয়া পড়িতেন, বুঝিতে পারিতেন তাঁহাদিগের ক্ষুদ্র মন্তিক্ষের পক্ষে উহাই যথেষ্ট হইয়াছে।" এই ব্যক্তি আরও বলেন 'আমি এক জনকে জানি যিনি স্থামিজীর সহিত তর্কে প্রবৃত্ত হওয়ায় স্লায়ুতে এরূপ আবাত প্রাপ্ত হইয়াছিলেন যে তাহার ফলে তিন দিন শ্যাত্যাগ করিয়া উসিতে পারেন নাই।'

আমেরিকার কার্য্যকালে স্বামিজীর মনে অনেক রকম সঙ্কর ছিল।

#### श्वामी विरवकानना।

প্রথম হইতেই তাঁহার এই ইচ্ছা ছিল যে একবার ওদেশে নিজেকে প্রতিষ্ঠিত করিতে পারিলেই 'বিশ্ব-মন্দির' (Temple Universal) নামে একটি উপাদনালয় স্থাপন করিবেন যেখানে দকল শ্রেণী ও দক্ষালায়ের লোক দকল দ্বন্দ, কলহ, ঈর্যা ও মতদ্বৈধ ত্যাগ করিয়া এক ওম্বারের অর্থাৎ পূর্ণ পরব্রহ্মের উপাদনা করিবে। কিন্তু বেদাস্তপ্রচার কার্য্যে লিপ্ত হইয়া তিনি আর এ সম্বন্ধ কার্য্যে পরিণত করিবার অ্যোগ প্রাপ্ত হন নাই। তাঁহার আর একটি সম্বন্ধ ছিল কার্ট্স্কিল পাহাড়ের উপর একশত আট একার জমী থরিদ করিয়া তাঁহার দিয়াদের সাধনার জন্ম কতকগুলি কুটীর নির্মাণ করিবেন। ইহার দমুদ্র ব্যয়ভার তিনি নিজেই বহন করিবেন স্থির করিয়াছিলেন, কারণ ক্ষমতাসত্ত্বে অপরের নিকট সাহায্য গ্রহণ তাঁহার মত্বিক্ষ ছিল। অনেক সমরে অনেক ধনীব্যক্তি তাঁহাকে অর্থ সাহা্য করিতে চাহিতেন, কিন্তু তিনি ধন্মবাদের সহিত তাহা প্রত্যাথ্যান করিয়া বলিতেন "যাহাদের অভাব ও প্রয়োজন অপেক্ষাক্ত অধিক তাহাদিগকে যেন ঐদব অর্থ দেওয়া হয়"।

নীচশ্রেণীর খৃষ্টান পাদ্রীদের ঈর্ব্যাবিদ্বেষপ্রণাদিত তীব্র আক্রমণের কথা পুনঃ পুনঃ অবতারণা করা যদিও অত্যস্ত অপ্রীতি-কর তথাপি এখানে আর একবার তাহাদিগের প্রচারিত একটি কদর্য্য কুৎসার বিষয় উল্লেখ করিতে বাধ্য হইতেছি। কারণ, তাহা না হইলে জীবনী-লেখকের শুরুতর দায়িত্ব হইতে অব্যাহতি পাওয়া তুকর। স্বামিজীর প্রচারের ফলে ওদেশে ভারতবর্ষীয় মিশনরী ফণ্ডের চাঁদা এক বৎসরে দেড়কোটি টাকা কমিয়া গিয়াছিল, তাহাতে মিশনরীরা কিণ্ড হইয়া তাঁহাকে জক্ব ও সকলের নিকট হেয় প্রতিপন্ন করিবার মানসে একটা মিথ্যা জনরব প্রচার করে যে "বিবেকানন্দের অসংযত আচরপের জন্ত মিচিগানের ভূতপূর্ব্ব শাসন কর্ত্তার পত্নী মিসেদ্ ব্যাগলী একটি দাসীকে কর্মাচ্যুত করিতে বাধ্য হইয়াছিলেন।" সৌভাগ্য ক্রমে উক্ত সম্ভ্রান্ত পরিবারের লিখিত তিন তিন খানি পত্র এখনও বিশ্বমান আছে যাহা হইতে আমরা নিঃসন্দেহ রূপে জানিতে পারি •যে ঐ জনরব সর্বৈব মিথ্যা।

১৮৯৪ সালের ২২শে জুন মিসেদ ব্যাগ্লী এমিসকোয়াম, ম্যাসাচুসেট্দ্ হইতে তাঁহার এক মহিলা বন্ধকে লিখিতেছেন:—

"তুমি আমার প্রিয়বন্ধু বিবেকানন্দের কথা লিথিয়াছ। তাঁহার চরিত্রের প্রতি শ্রদ্ধা প্রকাশ কবিবার স্থানাগ পাইলে আমি বড় খুদী হই, কারণ তাঁহার প্রতি সন্দেহ প্রকাশ করিয়া কেহ যে কোন কথা বলিবে তাহা আমার অসহা। আমেরিকায় তিনি জীবনের যে সকল উচ্চাদর্শ আমাদিগকে প্রদান করিয়াছেন তাহা আমরা পূর্বের কথনও পাই নাই। এই প্রাচীন ডিট্ররেট সহরে বিস্তর গোঁড়া লোকের বাস। এখানকার প্রত্যেক সভা সমিতিতে তাঁহার মত সম্মান কেহ কথনও পায় নাই। স্কতরাং আমি বেশ ব্রিতে পারি যে তাঁহার বিরুদ্ধে যাহারা একটি কথা বলে তাহারা ভর্মু তাঁহার মহন্ত ও লিব্য আধ্যাত্মিক অনুভূতির প্রতি ইন্যাবশতঃই জ্রন্স করিয়া থাকে। কিন্তু তাহারা কেন জ্রন্সণ করে ?—তাঁহার প্রতি এরূপ করিয়া থাকে। কিন্তু তাহারা কেন জ্রন্সণ করে ?—তাঁহার প্রতি এরূপ করিয়া থাকে। কিন্তু তাহারা কেন জ্রন্সণ করে লামাদের প্রতি এরূপ করিবার ত' কোন সঙ্গত কারণ নাই। তিনি আমাদের (খুষ্টানদের) নিকট সাক্ষাৎ ইম্বর-প্রেরিত মহাপুরুষ। \* \* \* উাহার সহারতায় আমাদের পূর্বাপেক্যা অধিকতর মহৎ ও পরিত্র

#### স্বামী বিবেকানন।

জীবন ষাপন করা সম্ভব হইয়াছে। তাঁহার সমকক ধর্মোপদেষ্টা ও আদর্শ-চরিত্র ব্যক্তি আর কেহ আছেন কিনা জানি না, স্থতরাং তাঁহাকে অসংযত বলা কতদুর অক্সায় ও মিথা। যাঁহারা প্রতিদিন তাঁহার সংস্পর্শে আদিয়াছেন তাঁহারা সকলেই সাগ্রহে তাঁহার অতুলনীয় চরিত্রের প্রতি শ্রদ্ধা ও সম্মান প্রদর্শন করিয়া থাকেন ও একবাকো ভাঁহার প্রশংসা করেন-বিশেষতঃ ডিট্রয়েট সহরের লোকেরা—যাহারা অপরের সম্বন্ধে কঠোর সমালোচনা করে ও কাহাকেও ছাড়িয়া কথা কহে না। \* \* \* তিনি প্রায় মাদাবধি আমাদের আতিথা গ্রহণ করিয়াছিলেন ৷ আমার পুত্র ও জামাতাগণ এবং আমার পরিবারস্থ সকলেই বিশেষ রূপে অবগত আছেন, স্বামী বিবেকানন্দ কিরূপ ভদ্র ও শিষ্টাচারসম্পন্ন, তাঁহার ব্যবহার কত স্থন্দর ও তাঁহার দঙ্গ কত মধুর। তিনি আমাদের গ্রহের চিরবাঞ্ছিত অতিথি। তাঁহার দর্শন লাভের জন্ম আমি তাঁহাকে আমাদের আমিদকোয়ামের গ্রীম্মাবাদে নিমন্ত্রণ করিয়া-ছিলাম। এই গৃহে তিনি চিরদিন আদর ও সন্মান প্রাপ্ত হইবেন। তাঁহার বিরুদ্ধে কেহ কোন কথা বলিলে আমার রাগ অপেক্ষা তঃখই অধিক হয়, কারণ লোকে না জ্ঞানিয়া শুনিয়া যাহা-তাহা বলে। তিনি চিকাগো সহরে যতদিন ছিলেন তাহার অধিকাংশ সময়ই মিষ্টার ও মিসেস হেলের বাটীতে যাপন করিয়াছেন—সেটা খেন তাঁহার নিজেরই বাটী। তাঁহারা প্রথমে অতিথির মত তাঁহাকে নিমন্ত্রণ করিয়াছিলেন. কিন্তু শেষে আর তাঁহাকে ছাড়িতে চাহেন না। তাঁহারা প্রেসবিটিরিয়ান মতের লোক, আর খুব শিক্ষিত ও প্রকৃচিদম্পর বলিয়া পরিচিত—তাঁহারাও বিবেকাননকে যথেষ্ট শ্রমাভক্তি করেন ও ভাল বাসেন। বাস্তবিক বিবেকানন একজন মহৎ ও শক্তিশালী পুরুষ, সর্বনাই ভগবচ্চিস্তায় বিভোর, এবং শিশুর ন্তার সরল ও নির্ভরশীল। আমি ডিট্রয়েটে একদিন সন্ধ্যার সময়ে তাঁহাকে অভার্থনা করিয়া আনি, সেই সঙ্গে অনেক পুরুষ ও মহিলাও নিমন্ত্রিত হইয়াছিলেন। তাহার এক পক্ষ পরে তিনি আমাদের বৈঠকথানা ঘরে প্রাচীন হিন্দু দার্শনিকগণ ও তাঁহাদের প্রদন্ত শিক্ষা' সম্বন্ধে তুই ঘণ্ট। ধরিয়া এক বক্ততা করেন। সেই সভায় ব্যবহারাজীব, বিচারক, ধর্ম্মবাজক, সামরিক কর্মচারী, চিকিৎসক, ও অনেক ব্যবসায়ী ভদ্রলোক ও তাঁহাদের পত্নী ও কন্তাগণ উপস্থিত ছিলেন। তাঁহারা সকলেই শেষ পর্যান্ত অতীব আগ্রহসহকারে ঐ বক্ততা প্রবণ করেন। বিবেকানন্দ যেখানেই কিছু বলিতেন. সেখানেই সকলে **তাঁ**হার কথা শুনিয়া সানন্দে বলিয়াছেন যে 'আমরা আজ পর্যান্ত কোন লোকের মুখে এমন কথা শুনি নাই।' তিনি কাহারও বিরুদ্ধে কোন কথা বলেন না. অথচ সকলকেই উন্নত করিবার চেষ্টা করেন—লোকে দেখে মানুষের-তৈরী ধর্ম ও সাম্প্র-দায়িক মতামত অপেকা আরও একটি বড় জিনিষ আছে, এবং তাঁহার মত ও নিজেদের ধর্মবিশ্বাদের মধ্যে সম্পূর্ণ ঐক্য অনুভব করে। তাঁহার সঙ্গে একত্তে একস্থানে বাস করিলে ও তাঁহার যথায়থ পরিচয় পাইলে উন্নত না হইয়া থাকা যায় না। আমি চাই আমেরিকার প্রত্যেক লোক তাঁহাকে জাতুক, এবং ভারতে যদি এরপ লোক আরও থাকেন, তবে তাঁহারা এদেশে আসন।"

- ১৮৯৫ সালের ২০শে মার্চ তিনি আবার লিথিয়াছেন :—

## श्रामी विद्वकाननः।

"আমার সর্বপ্রথম কথা এই যে স্বামী বিবেকানন সম্বন্ধে रि मक्न कथा ब्रिडि इटेबाइ जाहा आत्माभाग ९ मरेक्व विशा। ইহা অপেক্ষা মিথা। আর কিছু হইতে পারে না। তিনি যে দেড় মাস আমাদিণের নিকট ছিলেন তাহার প্রত্যেক দিনটি মহানলে কাটিয়াছে। ডিট্রয়েটে তিনি ভিন্ন ভিন্ন ভদ্র সভাসমিতি কর্ত্তক নিমন্ত্রিত হইয়াছিলেন এবং অনেক সম্ভ্রান্ত পরিবারে তাঁহার সন্মানের জক্ত ভোজ দেওয়া হইয়াছিল—উদ্দেশ্য, যে আরও অধিক লোকে তাঁহাকে দেখুক, তাঁহার সহিত আলাপ করুক ও তাঁহার কথা শুমুক। তিনি সর্বাদা সর্বাত্ত তাঁহার যোগ্য সন্মান ও শ্রদ্ধা প্রাপ্ত হইয়াছিলেন। যাঁহারা তাঁহাকে জানেন তাঁহারা কেহই তাঁহার সাধতা, নির্মাণ চরিত্র ও ধর্মভাবের প্রশংসা না করিয়া থাকিতে পারেন না। আমি বিগত গ্রীমকালে পুনরায় আমাদের আমিদ-কোয়ামের বাটীতে আসিবার জন্ম তাঁহাকে লিখি। তিনি তখন বোষ্টনে ছিলেন, সেধান হইতে আমাদের আহ্বান সাদরে গ্রহণ করিয়া আমাদের নিকট আসিয়া তিন সপ্তাহ যাপন করেন। তাহাতে কেবল আমিই যে কুতার্থ হইয়াছিলাম তাহা নহে, আমার প্রতিবেশীগণ্ও অতাস্ত আনন্দ লাভ করিয়াছিলেন। আমার গৃহের ভূত্যেরা সকলেই পুরাতন এবং এখনও আমার অধীনে কর্ম্ম করে। তাহাদের মধ্যে কয়েকজন এমিসকোয়ামে গিয়াছিল, অবশিষ্ঠ সকলে বাটিতেই ছিল। অতএব দেখিতেই পাইতেছ যে এ সব গল সম্পূর্ণ ভিত্তিহীন। তুমি ডিট্ররেট নগরে যে স্ত্রীলোকটীর কথা বলিতেছ সেটা যে কে তাহা বুঝিতে পারিলাম না। তবে এইটুকু বলিতে পারি যে তাহার একটা কথাও সত্য নহে, সবই মিখ্যা।

# এই সময়কার অস্থান্থ চিত্র।

\* \* \* আমরা সকলেই বিবেকানন্দকে জানি। কিন্তু যাহারা এত মিথ্যার স্ষষ্টি করিতেছে তাহারা কে ?"

উহার কল্যা হেলেন ব্যাগ্লী এসম্বন্ধে এক পত্রে লিখিরাছেন:—
"শুনিয়া সুখী হইলাম যে র—কর্তৃক এই গল্প প্রচারিত হয়
নাই। যদি সম্ভব হয় একবার শ্রীমতী স—র সহিত্ত দেখা করিয়া
জিজ্ঞাসা করিব কিসের উপর নির্ভর করিয়া এই সকল কথা রটান
হইতেছে। ইহা লইয়া অবশ্য হৈ চৈ করিব না, ত্বে একবার
খুঁজিয়া বাহির করিতে হইবে যে বিবেকানল সম্বন্ধে এসব আজপুবী
কথা কোথা হইতে বাহির হইতেছে। এ সকল জিনিষ শীল্প ছড়াইয়া
পড়ে, আর যদি একটার উচ্ছেদ করা যায় তাহা হইলে হয়ত ঐ
স্ত্রীলোকপুলা এত তাড়াতাড়ি ঐরপ গল্প চাউর করার আগে
খানিকক্ষণ ও সম্বন্ধে ভাবিয়া দেখিবে। তাহারা যদি শুধু একবার
একটু খোঁজ করে তাহা হইলেই তাহাদিগের কথার অসারত্ব ব্ঝিতে
পারিবে।"

স্বামিজী স্বয়ং এসম্বন্ধে ১৮৯৫ সালের ২১শে মার্চ মিদেস্ ওলী বুলকে যে পত্র লিখিয়াছিলেন তাহা অভাপি তাঁহার শিয়াদিগের নিকট আছে। তাহাতে তিনি লিখিতেছেন—

"I am astonished to hear the scandals the R—circle are indulging in about me. Among others, one item is that Mrs. Bagley of Detroit had to dismiss a servant-girl on account of my bad character!!! Don't you see Mrs. Bull, that however a man may conduct himself, there will always be persons who will invent the blackest

## श्रामौ विद्वकानम् ।

lies about him. At Chicago I had such things spread every day against me. And these women are invariably the very Christian of Christians!"

ভাবার্থ:—'র—র' দলের লোকেরা আমার নামে যে সব কলঙ্ক রটনা কছে তাতে আমি আশ্চর্যা হ'লুম। তার মধ্যে একটা এই যে আমার মন্দ স্বভাবের জন্ম নাকি ডেট্রেরেটের ব্যাগ্লী-গৃহিণী তাঁর একটি দাসীকে জ্ববাব দিতে বাধ্য হয়েছেন!!! দেখ্চ মিসেস্ বুল, লোকে যেমন করেই চলুক্ না কেন, কতকগুলো লোক আছে, যারা তার বিরুদ্ধে রাশধানেক জ্বন্থ মিথোর চূড়ান্ত মাধ্য ঘামিয়ে বার কর্বেই কর্বে। চিকাগোয় আমার বিরুদ্ধে রোজ এই রকম কর্তো। এই সব স্ত্রীলোকেরাই আবার প্রষ্টানি ফলান।'

এই সময়ে স্বামিজী আরও যে সকল পত্র লিখিয়াছিলেন তাহাতে এই সকল নিন্দনীয় কুৎসাকারীদিগের বিরুদ্ধে তিনি যথেষ্ট ক্রোধ প্রকাশ করিয়াছেন। তাহারা নাকি এমন পর্যান্ত বলিয়াছিল "আমরা বরং চিরজীবন নরকে পচিতে রাজী আছি তথাপি এই তুর্ত্ত (damned) হিঁতটাকে আমাদের কার্য্যে হস্তক্ষেপ করিতে দিবনা।" স্বামিজী প্রথম প্রথম বুঝিতে পারেন নাই তাহারা কেন তাঁহার বিরুদ্ধে লাগিয়াছে, স্নতরাং অত্যন্ত বিমর্ষ হইয়াছিলেন। কিন্ত তারপর শুনিলেন ওদেশে ঐ সব বর্ণজ্ঞানহীন, নীচাশয় লোকদের কেহ চেনেও না এবং সমাজে উহাদের কোন প্রতিষ্ঠা বা মর্য্যাদা নাই। উহাদিগকে উচ্চপ্রেণীর উদারচেতা খৃষ্টানেরা Blue-nosed (নীলনাসিক), hard-shelled (কঠিন আবরণবিশিষ্ট), soft-shelled (কেমলাবরণবিশিষ্ট) প্রভৃতি

## এই সময়কার অন্যান্য চিত্র।

রণাত্তক সম্ভাষণে অভিহিত করিয়া থাকেন। বাস্তবিক তিনি ভাল করিয়া লক্ষ্য করিয়াছিলেন 'অক্স্ কোর্ড মিশন' প্রভৃতি স্থাশিক্ষত, ভদ্র ও দশের প্রতিষ্ঠাভাজন পাদ্রীসম্প্রদায় এক দিনের জন্ম তাঁহার বিরুদ্ধাচরণ ত করেনই নাই, বরং অনেকে তাঁহার পক্ষ সমর্থন করিয়াছিলেন। আবার ইংলণ্ডের বরেণ্য ধর্ম্যাজকরণ ও খ্রথম্মজেগতের শীর্ষস্থানীয় পণ্ডিতমণ্ডলী তাঁহার সহিত যতদূর সহাদর ও সহাত্মভৃতিপূর্ণ ব্যবহার করিতে হয় তাহা করিয়াছিলেন।

অবশ্র তাঁহার নিজের মনে দুঢ়বিশ্বাদ ছিল যে তাঁহার চরিত্রকে আক্রমণ করিয়া কেচ তাঁচার কার্যোর ক্ষতিসাধন বা অন্ত কোনক্রপ স্থাবিধা করিয়া লইতে পারিবে না, কারণ সত্য প্রকাশ হইয়া পড়িবেই, মিথাা কথনও চির্নিন তাহাকে ভত্মাবৃত রাথিতে পারিবে না। যিনি জীবনে স্বপ্নেও কথন সন্ন্যাসীর ধর্ম হইতে একতিল শ্বলিত হন নাই তাঁহার আবার ভয় কিসের ৭ আর বাস্তবিক তাঁহার অমামুষী পবিত্রতা ও আধ্যাত্মিক নিষ্ঠার অদ্ভূত প্রভাব সম্বন্ধে প্রমাণ ও সাক্ষ্যস্তরূপ আমেরিকার চতুদ্দিক হইতে শত শত পত্র তাঁহার হস্তগত হইত। স্নতরাং তিনি শক্রদিগের চাত্রীতে বিন্দুমাত্র বিচলিত হন নাই। একবার কিন্তু তিনি সতাই বিষম জুদ্ধ হইয়া-ছিলেন। কতক গুলা লোক প্রসহংস দেবের একখানি ফটোগ্রাফ সংগ্রহ করিয়া তাহা মধ্য-পশ্চিম সহরের একথানা বড় সংবাদপত্তে প্রকাশিত করিয়াছিল ও সেই দক্ষে তাঁহার আরুতিকে লক্ষ্য করিয়া অতি নীচ রকমের কতকগুলা মন্তব্য প্রকাশ করিয়াছিল এবং সাধারণভাবে হিন্দুধর্ম ও হিন্দু যোগিগণকে আক্রমণ করিয়া কতক-্গুলা ছাই ভন্ম লিখিয়াছিল। সেদিন তিনি চীৎকার করিয়া বলিয়া

#### স্বামী বিবেকানন।

উঠিয়াছিলেন "Oh this is blasphemy" (ওঃ এ যে ঈশ্বর নিন্দা—দারুণ মহাপাতক!)

একদিকে যেমন এই সকল অপ্রীতিকর ঘটনা ঘটতেছিল, অপর দিকে তেমনি হথের বিষয়ও যথেষ্ট ছিল। আমেরিকার প্রক্রত জ্ঞানী ও মনস্বী ব্যক্তিরা স্বামিজীকে বরাবরই সমাদর করিয়া আসিতেছিলেন। এমন কি, ১৮৯৬ সালে প্রকাশ্রভাবে হার্ভার্তের পপ্তিতমণ্ডলীর সমক্ষে উপস্থিত হইবার ত্বই বৎসর পূর্ব্বে তিনি উক্ত বিশ্ববিদ্যালয়ের কতিপয় সদস্য ও দর্শনশাস্ত্রে লক্ষপ্রবেশ গ্রাজ্যেট কর্ত্বক নিমন্ত্রিত হইয়াছিলেন। তাহার অল্প দিন পরেই তাঁহাকে কলম্বিয়া বিশ্ববিদ্যালয় হইতে সংস্কৃত-অধ্যাপকের পদ গ্রহণ করিবার জন্ম অন্থ্রোধ করা হয়, কিন্তু তিনি সন্ন্যাসী বলিয়া উহা গ্রহণ করিতে অসম্মত হন।

এই সময়ে মিসেদ্ ওলীবুলের গৃহে একদিন আহারের নিমন্ত্রণ উপলক্ষে হার্ভার্ডের বিশ্ববিধ্যাত দর্শনাধ্যাপক প্রফেসর উইলিয়ম জেন্সের সহিত তাঁহার পরিচয় হয়। ভোজনাস্তে একটি নিভৃত কক্ষে অনেকক্ষণ ধরিয়া ত্ইজনের আলাপ হইয়াছিল। নিশীথ রক্ষনীতে তাঁহারা কথাবার্ত্তা শেষ করিয়া উঠিলেন। জেন্দ্ সাহেব চলিয়া গেলে ওলীবুল এই তুই মনস্বী বাক্তির আলাপের ফল কি হইল জানিবার জন্ম স্বামিজীকে জিজ্ঞাসা করিলেন "স্বামিজী অধ্যাপক জেন্দ্কে আপনার কেমন বোদ হইল ?" তিনি কিঞ্চিৎ অন্মনস্বভাবে বলিলেন A very nice man, a very nice man (বেশ লোক, খাসা লোক)। বলিবার সময় nice কথাটার উপর একটু জ্বোর দিলেন। তিনি কি অর্থে ঐ কথাটির ব্যবহার

# এই সময়কার অস্থান্য চিত্র।

করিয়াছিলেন কে জানে! যাহাইউক পর্যাদন তিনি মিসেস্ अनौतुरनत श्रुष এकथानि পত मित्रा विनातन "You may be interested in this (এটা পড়ে দেখ)। মিসেস বল আশ্চর্য্য হইয়া দেখিলেন প্রফেদর জেম্ম ছুই চারিদিন পরে স্বামিজীকে তাঁহার গৃহে আহারের নিমন্ত্রণ করিয়া পাঠাইয়াছেন ও তাঁহাকে Master (আচার্যা) বলিয়া সম্বোধন করিয়াছেন। স্বামিজীর প্রতি অধ্যাপকের শ্রন্ধা তাঁহার আরও অনেক লেথায় প্রকাশ পাইয়াছে। তিনি কতবার তাঁহাকে অতি সম্মানের সহিত "That paragon of Vedantists" ( বৈদান্তিক শিরোমণি ) বলিয়া উল্লেখ করিয়াছেন। তিনি তাঁহার 'The Variety of Religious Experience' নামক অত্যৎক্ষ্ট গ্ৰন্থে অবৈততত্ত্ব আলোচনাপ্ৰদঙ্গে স্বামিজীর কথা লিখিয়া-ছেন এবং তংপ্ৰণীত "The Energies of man" নামক স্থাবিখ্যাত প্রবন্ধে একজন বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকের বিষয় বলিয়াছেন যিনি মায়বিক পীড়া আরোগোর জন্ম সামিজী-উপদিষ্ট রাজযোগ অভ্যাস করিয়া শুধু দৈহিক ও মানসিক উন্নতি নছে পরস্ক আধ্যাত্মিক আলোক প্রাপ্ত হইয়াছিলেন। অনেকে বিশ্বাস করেন প্রবন্ধোক্ত এই অধ্যাপক আর কেহ নহেন-স্বয়ং মিঃ জেমদ।

স্থামিজী এসময়ে নিজে ইচ্ছামাত্র পীড়া আরাম করিতে পারিতেন, তবে সচরাচর ঐ ক্ষমতা প্রনর্শন করিতেন না। অক্যান্ত ঘটনার মধ্যে একটি স্ত্রীলোকের বিষয় জানা গিয়াছে যাঁহার উপর দয়াপরবর্শ হইয়া তিনি 'হে ফিবার' নামক এক প্রকার কঠিন জাতীয় জররোগ আরোগ্য করিয়াছিলেন। অনেকদিন পরে ঐ স্ত্রীলোকটি স্থামিজীর একজন শিষ্যকে এ সম্বন্ধে একথানি পত্তে লিথিয়াছিলেনঃ—

#### স্বামী বিবেকানন ।

"বন্ধুটির বাটীতে বাসকালে আমি জরে (Hay Fever)
পজিলাম। সে বড় বিষম জর। আমার যন্ত্রণার ছট্ফট্ করিতে
দেখিরা স্থামিজী জিজ্ঞাসা করিলেন "তোমার অন্থুথ সারাইরা দিব ?"
—আমি বলিলাম "তা যদি পারেন তবে বড় স্থাথের বিষয় হয়।" এই
কথা শুনিরা তিনি আমার সন্মুখে আসিয়া বসিলেন ও আমার হাত
ছথানি তাঁহার হাতের তালুর উপর রাখিতে বলিলেন। আমি ঐরপ
করিলে তিনি চক্ষু মুদ্রিত করিয়া নিশ্চলভাবে বসিয়া রহিলেন। ক্রমে
তাঁহার হাত ছটি শীতল হইয়া আসিল এবং বোধ হইল তিনি যেন
কর্ষঠের মত শক্ত হইয়া গিয়াছেন। কতক্ষণ পরে (আল্ল কি অধিক
বলিতে পারি না) তিনি চক্ষু চাহিয়া দেখিলেন ও উঠিয়া ক্রতগতি
গ্রের বাহিরে চলিয়া গ্রেলেন। সঙ্গে সঙ্গে দেখিরা আশ্চর্ষ্য হইলাম
যে আমার জর একেবারে ছাডিয়া গিয়াছে।"

এইরপ আরোগ্য-বিধানের **স্কাত্ত্বটি স্বা**মিজী ১৮৯৫ দালের ২০শে মে তারিথে তাঁহার এক গুরুভাইকে একথানি পত্তে জানাইয়াছিলেন—

"এবার একটি আশ্চর্গা বিষয় বলি শোন। যথন তোমাদের কাহারও কোন পীড়া হইবে তথন সে নিজে বা আর কেহ তাহার মূর্ত্তিটিকে বেশ করিয়া মনে মনে ধ্যান করিবে ও সঙ্গে সঙ্গে ভাবিবে সে নীরোগ, তার কোন অস্থ নাই। দেখিবে সে নিশ্চয় সারিয়া উঠিবে। যাহার পীড়া হইয়াছে তাহাকে না জানাইয়াও বা সেশত শত কোশ দ্রে থাকিলেও এই উপায়ে তাহাকে আরোগ্য করা যায়। কথাটা মনে রেখো।"

স্বামিজী যে কেবল ধর্মতন্ত্ব-পিপাম লোকদিগের সহিত মিশিতেন

## এই সময়কার অন্যান্য চিত্র :

তাহা নহে. অন্তান্ত বিভাগের অনেক বড় বড় লোকের সহিতও তাঁহার আলাপ ছিল। তাঁহারা সকলেই তাঁহার সাহিত্য, বিজ্ঞানাদি বিষয়ক গভীর জ্ঞান দর্শনে চমৎক্বত হইতেন। ১৮৯৩ সালের সেপ্টেম্বর মাদে তাঁহার চিকাগো মহাসভায় আবিভাবের অব্যবহিত প্রেট তিনি বিখ্যাত তডিৎযন্ত্রোদ্ভাবক প্রফেসর এলাইশা গ্রের (Elisha Grev) 'হাইলাভি পার্ক' নামক স্তরমা ভবনে একটি নিরামিষ ভোজসভায় নিমন্ত্রিত হইয়াছিলেন। সভাট প্রধানতঃ স্বামিজীর সম্বর্জনার জন্মই অক্ষ্রিত হইয়াছিল। এই সভায় জগদরেণা বিজ্ঞানাচার্যাসমূহ সমবেত হইয়াছিলেন, কারণ এই সময়ে তুপায় 'ইলেক্টি ক্যাল কংগ্রেস' এর অধিবেশন উপলক্ষে জগতের চতদ্দিক হুইতে বৈজ্ঞানিক ব্ধমগুলীর সমাগ্ম হয়। স্বামিজী এই দিন যে সকল মহৎ বাক্তির সহিত পরিচিত হন তাহার মধ্যে ছিলেন সাার উইলিয়ম উম্মন (যিনি পরে লর্ড কেলবিন নামে বিখ্যাত হন). প্রফেদর হেল্ম্হোল্জ্ (Helmholtz) ও আারিটন হপিট্যালিয়া (Ariton Hopitallia)। বৈজ্ঞানিকগণ তাঁহার তডিৎ সম্বন্ধীয় জ্ঞান দেখিয়া বিশ্বয়ে অভিভূত হইয়াছিলেন এবং বিজ্ঞানবিষয়ক আলোচনায় তাঁহার চমৎকার উত্তর প্রতাত্তর প্রবণ করিয়া সবিশেষ আনন্দ লাভ করিয়াছিলেন।

স্বামিজীর যে সকল বক্তা পুস্তকাকারে প্রকাশিত হইয়াছে তদ্বাতীত তিনি আমেরিকায় আরও বিস্তর বক্তৃতা দিয়াছিলেন, সেগুলি এক্ষণে আর পাওয়া যায় না। ১৮৯৩ সালে তিনি চিকাগো সহরে ও তাহার আশেপাশে অস্তাম্ম স্থানে অনেকগুলি বক্তৃতা দেন এবং পর বংসর সমস্ত দেশময় বক্তৃতা দিয়া বেড়ান। ঐ সালে

### স্বামী বিবেকানন।

(১৮৯৪) তিনি কিরৎকাল গার্ণসীপরিবারের মধ্যে বাদ করিয়া-ছিলেন। ইঁহারা তাঁহাকে গুরুবৎ মাক্ত করিতেন এবং তাঁহার জন্ম অনেকগুলি ক্লাশ ও কথোপকথন-সভার বন্দোবস্ত করিয়া দিগ্লাছিলেন। এই সময়ে ইনি Dr. Lyman Abbot (ডাঃ লাইমান আবট ) এর সহিত পরিচিত হন ও Outlook পত্রের সম্পাদকদিগের সহিত আহারার্থ নিমন্ত্রিত হন। ১৮৯৫ সালে মিসেস বারবার নামক বোষ্টনের একজন সমাজ-নেত্রীর পৃষ্ঠ-পোষকতায় তিনি Barber Lectures নামে কতকগুলি ধারা-বাহিক বক্ততা দিয়াছিলেন। এমিসকোয়াম (Amisquam)এ তিনি তুইবার মিদেস ব্যাগ্লীর আতিথ্য গ্রহণ করিয়া ১৮৯৪ ও ১৮৯৫ সালে মধ্যে মধ্যে অবসর গ্রহণ, একটি সাধারণ বক্ততা ও কতকগুলি কথোপকথন-ক্রাস করিয়াছিলেন। ১৮৯৫ সালের জামুয়ারী চইতে এপ্রিল পর্যান্ত তিনি তাঁহার স্বকীয় নিউইয়র্কন্ত বাসভবনে অনেকগুলি বক্তৃতা দিয়াছিলেন এবং ভাহার পরের মানে Mott's Memorial Building নামক স্থানে 'The Science of Religion and the Rationale of Yoga' (ধর্মবিজ্ঞান ও যোগের সারতত্ত্ব) নামক তুইটা বক্তুতা দিয়া তাঁহার প্রকাশ্য বক্ততার উপসংহার করেন।

তাঁহার বক্তাসমূহ সাধারণতঃ থুব সরস, হাদয়গ্রাহী, প্রেমব্যঞ্জক ও কবিত্বপূর্ণ হইত, কিন্তু সময়ে সময়ে তিনি ওদেশের সমাজের দোষ ও ক্রটি দেখাইয়া তীব্র কশাঘাত করিতেন। তথন আর তাঁহার কোন থেয়াল থাকিত না। ঐ সকল কথা সত্য হইলেও লোকের প্রিতিকর হইবে কিনা ভাবিয়া দেখিতেন না। কারণ কাহারও মুখ

## এই সময়কার অক্যান্য চিত্র।

চাহিয়া কথা বলা কোনও কালে তাঁহার অভ্যাস ছিল না। একবার তিনি বোষ্টনের এক বৃহৎ সভায় 'আমার শুরুদেব' সম্বন্ধে বঙ্কুতা দিতে উঠিয়া দেখিলেন শ্রোতমগুলীর অধিকাংশই বিষয়ী নরনারী— তাহাদিগের মুথে প্রতারণা, নির্ম্মতা, সৎ বিষয়ের প্রতি সহানুভূতির অভাব এবং কপটতার চিহু পূর্ণমাত্রায় বিরাজিত। হঠাৎ তাঁহার মনে হইল এরূপ হানবৃদ্ধি শ্রোতৃবর্গের নিকট ত্যাগী-সমাট প্রীরাম-ক্ষণেবের মহনীয় চরিত্র কীর্ত্তন করা নিতান্ত প্রানিজনক, কারণ, তাহাদিগের পক্ষে তাঁহার মহত্ব অনুভব করা অসম্ভব। অমনি তিনি বক্তব্য বিষয় ছাড়িয়া পাশ্চাত্য সভ্যতার বাহ্ন-বিষয়-ভ্ৰম্বা ও হেয় ইন্দ্রিয় লালসার কঠোর সমালোচন। আরম্ভ করিলেন। সে মর্মান্তদ আক্রমণ সহা করিতে না পারিয়া শত শত শ্রোতা রোষভরে সহসা সভা ত্যাগ করিয়া যাইতে লাগিল। কিন্তু তিনি তাহাতে ক্রক্ষেপ না করিয়া যাহার৷ তাঁহার দেশের শিক্ষা ও সভ্যতাকে অন্ধকারা-চ্ছন্ন ও অসভা বলিয়া বরাবর গালি দিয়া আসিয়াছে, তাহাদের প্রত্যেক তর্বলতা ও হীনতাকে থও খণ্ড করিয়া চিরিয়া দেখাইতে লাগিলেন। প্রদিন প্রভাতে সংবাদপত্রসমূহে এই বক্ততা লইয়া নানারূপ মন্তব্য প্রকাশিত হটল। একদল তাঁহার নিভীকতা ও অকপটতার খুব স্থাাতি করিল, আর একদল তাঁহার উপর থজাহস্ত হইয়া উঠিল। শত্রুপক্ষের কেছ কেহ রটাইল তিনি আমেরিকার রমণী সমাজের উপর আক্রমণ করিয়া অনেক কথা বলিয়াছেন। কিন্তু প্রকৃতপক্ষে স্বামিজীর কোন লেখায় বা বক্তভায় আমেরিকান ব্যাণীগণের বিরুদ্ধে একটা কথাও দেখিতে পাওয়া যায় না. বরং প্রশংসার কথা অনেক আছে।

(

#### श्वामौ विद्वकानमः।

১৮৯৪ সালের শেষভাগে বোষ্টনে ওলীবুলের গৃহে অবস্থানকালে তিনি তদমুরোধে কেম্ব্রিজবাসিনী রমণীগণের সমক্ষে 'হিলুরমণীর আদর্শ' (Ideals of Indian Women) নামে একটি উদ্দীপনাময়ী বক্তৃতা দেন। বক্তৃতাটি স্বদেশামুরাগব্যঞ্জক ও গভীরভাবপূর্ণ। ইহাতে তিনি ভারতীয় নারীজাতির স্নচারিত্রাও মাতৃত্বের মহিমময় আদর্শের প্রভূত দৃষ্টাস্ত উদ্ধৃত করিয়া প্রতিপন্ন করেন যে ওদেশে ভারতীয় নারীদিগের হীনাবস্থা সম্বন্ধে যে সকল গল্প প্রচারিত হইয়াছে তাহা সম্পূর্ণ কল্পিত ও ভিত্তিহীন। স্বামিজীর বক্তৃতা প্রবণে সভার বিহুষী শ্রোতৃরন্দ এতদ্র মোহিত হইয়াছিলেন যে পরবর্তী খৃষ্টমাসের সময় তাঁহার অজ্ঞাতসারে মেয়ী-অক্ক-স্থণোভিত বালক-খৃষ্টের একটি স্থন্ধর চিত্রের সহিত নিম্নলিখিত পত্রধানি ভাঁহার জননীর নিকট প্রেরণ করিয়াছিলেন—

"স্বামী বিবেকানন্দের পূজনীয়। জননীর প্রতি— ঠাকুরাণি।

আজি মেরীপুত্র ভগবান যীশুর জন্মদিন। সেই মহাপুরুষ জগতে যে অমূল্য রত্ন বিভরণ করিয়াছিলেন তাহা স্মরণ করিয়া আজি চতুর্দ্দিকে আনন্দের রোল উঠিতেছে। এই শুভক্ষণে আমরা আপনাকে অভিবাদন করিতেছি, কারণ আপনার পুত্র এক্ষণে আমাদিগের মধ্যে অবস্থান করিতেছেন।

কয়েকদিন পূর্বে তিনি এখানে 'ভারতে মাতৃত্বের আদর্শ'
সম্বন্ধে যে বক্তৃতা দিয়াছিলেন তাহাতে বলেন যে এখানকার আবাল
বৃদ্ধবনিতার কল্যাণার্থ তিনি যাহা কিছু করিতে সমর্থ হইয়াছেন
ভাহা কেবল আপনার খ্রীচরণাশীর্বাদে। সেদিন যাহারা ভাঁহার

# এই সময়কার অন্যান্স চিত্র।

কথা শুনিয়াছিলেন, তাঁহারা মনে করেন, তাঁহার জননীকে অর্চেনা করিলে দিব্যশক্তি ও আত্মোন্নতি লাভ হয়।

হে পুণাচরিত্রে, আপনার জীবনের কার্যাসমূহ আপনার সন্তানের চরিত্রে প্রতিফলিত। সেই মহৎকার্গোর মাহাত্মা সমাক উপলব্ধি করিয়া আমরা আপনার প্রতি আমাদের হৃদয়ের ক্বতক্ততা নিবেদন করিতেছি, অন্তগ্রহ পূর্ব্বক উহা গ্রহণ করুন। আশা করি এই কুদ্রে শ্রন্ধা-উপহার সকলকে স্মরণ করাইয়া দিবে যে জগতে ভ্রাতৃভাব, এক প্রাণতা ও ধর্মরাজ্যের প্রতিষ্ঠা অচিরে অবশ্রস্তাবী।"

এই বক্তৃতা সম্বন্ধে মিসেস্ ওলীবুল লিখিয়াছেন "\* \* \* তিনি বেদ, সংস্কৃতসাহিত্য ও নাটকাদি হইতে এই সকল আদর্শের উদাহরণ উদ্ধৃত করিলেন এবং বর্ত্তমান কালের যে সকল রীতি পদ্ধতি ভারতীয় মারীজাতির উন্নতির অনুকূল ও সহায়ক তাহা প্রদর্শন করিয়া সর্বাশেষে অতীব শ্রদ্ধাসহকারে স্বীয় জননীর উদ্দেশে হান্থের ভক্তি মর্য্য নিবেদন করিলেন। বলিলেন যে, জননীর নিংস্বার্থ প্রেম ও পৃত্চরিত্র উত্তরাধিকারক্ত্তে প্রাপ্ত হওয়াতেই তিনি সন্ন্যাসজীবনের অধিকারী ইইয়াছেন এবং তিনি জীবনে যে কিছু সংকার্য্য করিয়াছেন সমস্তই সেই জননীর ক্রপাপ্রভাবে।"

সামিজীর এই একটা বিশেষত্ব ছিল যে তিনি যেখানেই যাইতেন, আবশ্রুক হইলে, মুক্তকণ্ঠে সীয় গর্ভধারিণীর মাহাত্ম্য কীর্ত্তন করিতেন। তাঁহার একজন মহিলা-বন্ধু কয়েক সপ্তাহ তাঁহাদের উভয়েরই পরিচিত এক বন্ধুগৃহে তাঁহার সহিত একত্র যাপন করিয়া-ছিলেন। তিনি বলেন "স্বামিজী প্রায় তাঁর মাতার কণা বলিতেন। আমার মনে আছে তিনি তাঁহার জননীর অন্তুত্ত আত্মসংখ্যের ক্থা

#### श्रामी विदिकानना।

বর্ণনাপ্রসঙ্গে বলিয়াছিলেন যে আর কোন রমণীকে তিনি কথনও তাঁহার মাতার ভান্ন দীর্ঘকাল উপবাস করিতে দেখেন নাই। তিনি নাকি একবার উপ্যুগরি চৌদ্দিন উপবাস করিয়াছিলেন।"

স্থামিজীর ভক্তেরা তাঁহার মুখে কতবার ভনিয়াছেন—'It was my mother who inspired me to this. Her character was a constant inspiration to my life and work.'

## দ্বিতীয়বার ইংলগুলুম্ব।

১৮৯৬ সালের ১লা এপ্রেল তারিখে শ্রীমৎ সারদানদ স্বামী ইংলণ্ডে পৌছিয়া মি: ই, টি, ষ্টার্ডির বাটীতে আতিগাগ্রহণ করিলেন এবং তদবিধি সেই স্থানেই অবস্থিতি করিতে লাগিলেন। স্বামিজী ইংলণ্ডে তাঁহাকে দেখিয়া বড় আনন্দিত হইলেন, কারণ গত কয় বৎসরের মধ্যে তিনি গুরুত্রাতাগণের কাহাকেও দেখেন নাই। এক্ষণে সারদানদ্দ স্বামীর নিকট আলামবাজারের মঠের কথা, অক্সান্ত গুরুত্রাতাদিগের কথা ও ভারতবর্ষের আরও অনেক সংবাদ প্রাপ্ত হইলেন। এই স্থানে অবস্থানকালে অনেক প্রথিতনামা ও সত্যাহসন্ধিৎস্থ ব্যক্তি এবং বিবিধ-ধর্মণাস্ত্রাধ্যায়নদীল পণ্ডিত প্রত্যাহ স্থামিজীকে দেখিতে আসিতেন এবং তিনি তাঁহাদিগের সহিত্য ভারতীয় দর্শন, বর্ত্তমান জগতের সহিত্য উহার সম্বন্ধ এবং নানাবিধ যোগপ্রক্রিয়া সম্বন্ধ কথোপকথন করিতেন। ক্রমে এথানে , অনেক লোক আসিতে লাগিল এবং এই নব-আলোক সাহাযো মস্বন্ধ জীবনের সমস্তাপুরণ সম্বন্ধ নুতনতর চিস্তায় প্রত্ত হইল।

মে মাদের প্রথমে স্থামিজী রীতিমত 'ক্লাস' খুলিয়া 'জ্ঞানযোগ' সম্বধ্বে বক্তৃতা দিতে লাগিলেন। সে আত্মভাবে অ্যুপ্রাণিত উদ্দীপনাময়ী বক্তৃতা শুনিয়া লোকে মুগ্ধ হইয়া যাইতে লাগিল। সকলেই তাঁহার দার্শনিক জ্ঞানের অসাধারণ গভীরতা স্থীকার করিল, কিন্তু সর্বাপেক্ষা তাঁহার দেবজুলভি চরিত্র তাহাদিগের হৃদয়ে এক অন্তুভূত্ব্বি ধর্মভাবের উন্মেষ করিয়া দিল।

#### স্বামী বিবেকানন ।

মে মাদের শেষে তিনি "পিকাডিলি" নামক স্থানে Royal Institute of Painters in Water-Colours এর একটা গ্যালারীতে রবিবাসরীয় উপদেশের ব্যবস্থা করিলেন এবং The necessity of Religion (ধর্মের প্রয়োজনমীতা). A Universal Religion (সাৰ্বজনীন ধর্ম) এবং The Real and the Apparent man (মহুয়োর প্রকৃত ও আভাসিক স্বরূপ বা বাহিরের মান্ত্র ও ভিতরের মান্ত্র। এই ৩টা বক্ততা দিলেন। এই বক্ততায় বড স্থান্ত ফলিল। স্বভরাং মনেক লোকের অনুরোধে তাঁহাকে জুন মাদের শেষ হইতে জুলাই এর মাঝামাঝি পর্যান্ত প্রতি রবিবার অপরাত্ত্বে Princess Hall নামক স্থানে বক্ততা দিতে হইয়াছিল। ভক্তিযোগ, Renunciation (ত্যাগ) এবং Realization (অমুভতি) নামক ৩টা বক্ততা এইখানে প্রদত্ত হয়। এতদ্বাতীত প্রতি সপ্তাহে ৫টা ক্লাস ও প্রতি শুক্রবারে একটা প্রশ্নোত্তর-ক্লাস থুলিয়া উপদেশ দেওয়া হইতে লাগিল। জ্ঞানযোগ বাতীত স্বামিজী রাজযোগ ও পরে ভক্তিযোগ সম্বন্ধেও অনেক উপদেশ দেন। এই বক্ততা ওলি শুডউইন সাহেব কর্ত্তক লিপিবদ্ধ হইয়াছে। ইহা বাতীত বহু সংখ্যক লোক তাঁহার আবাসম্ভানে শিক্ষাগ্রহণ করিতে আসিতেন এবং সংবাদপত্তের প্রতিনিধিরা তাঁহার সহিত সাক্ষাৎ করিয়া নানা বিষয়ে তাঁহার মতামত জিজ্ঞাসা করিতেন ও তৎসমূহ নিজ নিজ পত্রে প্রকাশ করিতেন। ফলত: তাঁহার অপুর্ব্ধ ধর্মব্যাখ্যা প্রবণ করিয়া ইংলুণ্ডের আবালবৃদ্ধবনিতা চমৎকৃত इडेल।

কিন্তু এইথানেই তাঁহার কার্য্য শেষ হইল না। উপরোক্ত ৫৮৬

কার্যা ব্যতীত তাঁহার আরও অনেক কার্যা ছিল। অনেক সময়ে লোকের বাটীতে ও অনেক স্থপ্রসিদ্ধ সভাসমিতিতে তাঁহাকে বক্ততা দিতে চইত। এই সময়ে স্থামিজী শ্রীমতী আনি বেশান্তের আহ্বানে তাঁহার এভেনিউ রোডস্থ ভবনে ভিক্তি সম্বন্ধে একটা বক্ততা দেন ( এই সভায় কর্ণেল অলকট্ও উপস্থিত ছিলেন) এবং >৭নং হাইড্ পার্ক গেটে মিদেদ মার্টিনের আবাদে 'আত্মা সম্বন্ধে হিন্দুদিগের ধারণা' ( The Hindu Idea of Soul ) নামক একটী বক্ততা দেন। এই সভায় অনেক এমেরিকান ও প্রচ্ছন্ন-ভাবে রাজ-পরিবারের কেহ কেহ উপস্থিত ছিলেন। অতঃপর স্বামিজী মিসের হণ্টের নটিংহিল গেটস্থ ভবনে এবং উইম্বিল্ডন নামক স্থানে একটী বৃহৎ সভাগ এবং এরূপ আরও অনেকগুলি বড় বড় সভায় বক্ততা দেন। সিসেম ক্লাব নামক মহিলাদিগের একটী ক্লাবে তিনি 'Education' নামক একটী বক্তৃতায় ভারতীয় প্রাচীন শিক্ষাপ্রণাশীর আলোচনা করিয়া বলেন যে, শিক্ষার উদেশ্য কতকগুলি পুস্তক কণ্ঠস্থ করা নহে, মানব-চরিত্র গঠন করাই উহার প্রকৃত ও একমাত্র উদ্দেশা। Canon Haweist নামক Anglican চার্চের একজন নেতা এই সময় তাঁহার সহিত দেখা করিতে আসেন এবং তাঁহার সহিত আলাপে বড প্রীত হন। ইনিও শীকাগো পালিমেন্টে একজন প্রতিনিধি হুইয়া গিয়াছিলেন এবং স্বামিজীকে দেখিয়া অবধি তাঁহার প্রতি আরুষ্ট হইয়াছিলেন। এাখনে তিনি সামিজীর বক্ততা শুনিয়া এত মুগ্ধ হন যে স্বয়ং St. James Chapel এ তৎসম্বন্ধে ছুইটা বক্ততা দেন। ক্যানন উইলবারফোর্সও তাঁহাকে মহাসমাদরে নিজ আলয়ে

#### স্বামী বিবেকানন্দ।

নিমন্ত্রণ করেন এবং তাঁহার সন্মানার্থ অনেক বিশিষ্ট ভদ্রলোক ও ভদ্রমহিলাকে নিমন্ত্রণ করিয়া একটা সভা করেন।

মিঃ এরিক হামও লিথিয়াছেন—

"Clubs, societies, drawing rooms opened their doors to him. Sets of students grouped themselves together in this quarter and that and heard him at appointed intervals. His hearers, hearing him longed to hear further."

এইরূপ একটী সভায় তাঁহাব বক্তভান্তে জনৈক প্রাচীন পলিত-কেশ দার্শনিক পণ্ডিত তাঁহাকে বলেন 'আপনি বড় স্থানর বলিয়াছেন এবং তজ্জ্য আমি আপনাকে আন্তরিক ধন্তবাদ দিতেছি। কিন্তু আপনি নৃতন ত কিছু বলেন নাই।' স্বামিজী মধুর কঠে উত্তর দিলেন 'বন্ধু, আমি যাহা বলিয়াছি তাহা আর কিছুই নতে-সত্য-এই সত্য হিমাদ্রির ভার প্রাচীন, মনুযুজাতির ভার প্রাচীন, স্টির ভার প্রাচীন, ও স্বরং পরমেশবের ভার এপ্রাচীন। যদি আমি উহা আপনাকে এমন কথায় বলিয়া থাকি যাহাতে আপনার মনে চিন্তার উদয় হয় এবং আপনি সেই চিন্তানুযায়ী জীবন যাপন করিতে পারেন তাহা ইইলে কি আমি উহা বলিয়া ভাল করি নাই ?' অমনি চতুদ্দিক হইতে উচ্চকণ্ঠে প্রশংসাধানি ও করতালি নিনাদ শ্রুত হইল। ইহা হইতেই বুঝা যায় শ্রোত্বর্গ তাঁহার কথায় কতদুর আস্থা স্থাপন করিতেন। একজন মহিলা সেই সময়ে ও পরে আরও অনেকবার বলিয়াছিলেন:- 'আমি সারা জীবন शिक्कांत्र প्रार्थनामि अञ्चलात योग मित्रा आमित्राहि, किन्दु रम ममन्त्र এত বৈচিত্র্যহীন ও প্রাণশুক্ত যে আমার নিকট আদৌ তুপ্তিকর বা

## দিতীয়বার ইংলগুভ্রমণ।

ফলপ্রদ বলিয়া বোধ হয় না। আমি সেগুলি গুনিতে ধাইতাম গুধু আর সকলে ধাইত বলিয়া। কিন্তু স্বামিজীর উপদেশ শ্রবণাবধি আমার ধর্মজীবনে নৃতন আলোক-স্রোত বহিতে আরম্ভ করিয়াছে। এখন ইহা সতা ও জীবস্ত হইয়া উঠিয়াছে এবং ইহার একটী নৃতন আনন্দজনক অর্থ উপলব্ধি হইতেছে। বলিতে কি, আমার প্রাক্তীবন ধেন একেবারে পরিবর্তিত হইয়া গিয়াছে।

অনতিকালমধ্যে প্রেট রটেন ও আয়ল ওস্থিত ভারতীয় ছাত্রবন্দ স্থামিজীকে আপনাদিগের নেতা থলিয়া মনে করিতে লাগিলেন
এবং ১৮ই জুলাই একটা Social Conference ( সামাজিক
মিলনসভা ) করিয়া তাঁহাকে সভাপতির পদে বরণ করিলে তিনি
এখানে "The Hindus and their needs" (হিন্দুদিগের
প্রয়োজন কি ?) নামক একটা বক্তা দেন।

এই সময়ে স্বামিজী অসামূষিক পরিশ্রম করিতে লাগিলেন। এমন কি এত কার্য্যের মধ্যেও তিনি ষ্টার্ডি সাহেবের নির্বন্ধাতিশয়ে তৎ-কৃত 'নারদ ভক্তি স্ত্রে'র ইংরাজী অনুবাদে বিশেষ সাহায়া করিয়া-ছিলেন। এই পুস্তুক স্বামিক্সত বিশদ ব্যাখ্যাসহ এই সময়ে প্রকাশিত ও সাধারণ কর্তৃক সমাদৃত হয়।

লগুনে অবস্থান কালে সর্বাপেক্ষা উল্লেখযোগ্য ঘটনা পণ্ডিত-প্রবর মোক্ষমূলরের সহিত স্বামিজীর সাক্ষাৎ। ১৮৯৬ সালের ২৮শে মে তারিথে মোক্ষমূলরের বিশেষ আমস্ত্রণে স্বামিজী তাঁহার আলয়ে উপস্থিত হন। ৺কেশবচন্দ্র সেনের জীবনের শেষভাগে ধর্ম্মতের এত পরিবর্ত্তনের কারণ কি অনুসন্ধান করিতে গিরা মোক্ষমূলর প্রথম পরমহংসদেবের কথা জানিতে পারেন এবং

### স্বামী বিবেকানন্দ।

তদব্ধি তিনি তাঁহার প্রতি শ্রদ্ধাবান ও তাঁহার জীবনী ও উপদেশাবলীর পক্ষপাতী হয়েন। এক্ষণে স্বামিজী তাঁহাকে বলিলেন 'অধ্যাপক মহাশয়, আজ কাল সহস্ৰ সহস্ৰ লোক রামক্ষণদেবের পুজা করিতেছে।' অধ্যাপক উত্তর দিলেন 'ইঁহার মত লোককে যদি পূজা না করিবে, ত কাহাকে আর করিবে' ? ভট্ট মোক্ষমূলর মহা বেদান্তী ছিলেন এবং ভারতবর্ষের প্রতি তাঁহার বিশেষ অফুরাগ ছিল। স্থামিজীকে তিনি অতান্ত সম্মান করিয়াছিলেন এবং স্বয়ং ঠাঁহাকে সঙ্গে লইয়া অক্সফোর্ডের অনেক কলেজ ও বডলীয়ান লাইবেরী দেখাইয়াছিলেন এবং বিদায়কালে রেলওয়ে ষ্টেমন পর্যান্ত তাঁহার সহিত গমন করিয়াছিলেন। ইহার কারণ তিনি বলিয়াছিলেন 'রামক্ষ্ণদেবের শিয়োর সহিত ত আর প্রতাহ সাক্ষাৎ হয় না।' পাঠকগণ স্বামিজীর লিখিত ব্রহ্মবাদিন কাগজে প্রকাশিত ৬ই জুন তারিথের (১৮৯৬) পত্র পাঠ করিলে এই সাক্ষাতের বিস্তৃত বিবরণ ও মোক্ষমূলর সম্বন্ধে স্বামিজীর মত জানিতে পারিবেন। উক্ত পত্ৰ থানি 'উনবিংশতি শতাব্দী' ( Nineteenth Century ) নামক সাময়িক পত্তে মোক্ষমূলর লিখিত 'A Real Mahatma' (একজন প্রকৃত মহাত্মা) শীর্ষক পরমহংদদেববিষয়ক একটী প্রবন্ধ প্রকাশিত হওয়ার পরে লিখিত হয়। মোক্ষমূলর সামিজীকে জিজ্ঞাসা করেন "আপনারা তাঁহাকে (পরমহংসদেবকে) জগতের নিকট পরিচিত করিবার কি চেষ্টা করিতেছেন ?" এবং পর্মহংস-দেব সম্বন্ধে আরও অধিক জানিবার ইচ্ছা প্রকাশ করিয়া বলেন যে বিস্তৃত বিবরণ পাইলে তিনি তাঁহার একখানি বড জীবনী লিখিতে পারেন। স্বামিজী ইহা প্রবণ করিয়া সারদানন স্বামীকে পরমহংসদেবের উপদেশ ও জীবনসম্বন্ধে যতদুরসম্ভব ঘটনা সংগ্রহ করিবার ভার প্রদান করেন। এইগুলি অবিলয়ে সংগৃহীত হইয়া মোক্ষমূলরকে দেওয়া হয় এবং তিনি তদবলম্বন্ধে 'শ্রীরামক্ষের জীবন ও উপদেশাবলী' (The Life & Sayings of Sri Rama Krishna) নামক একটা স্থান্ধর পুস্তুক রচনা করেন।

এই সময়ে স্থামিজীর মন নিরস্তর আধ্যাত্মিকভাবে বিভার থাকিত। তিনি ৬ই জুনের পত্রে আমেরিকায় লেগেট সাহেবকে লিখিয়াছিলেন—" You will be pleased to know that I am also learning my lessons every day in patience and, above all, in sympathy. I think I am beginning to see the Divine, even inside the haughty Anglo Indians. I think I am slowly approaching to that state when I would be able to love the very "Devil" himself. if there were any.

At twenty I was the most unsympathetic, uncompromising fanatic! I would not walk on the footpath, on the theatre-side of the streets in Calcutta. At thirty-three I can live in the same house with prostitutes and never would think of saying a word of reproach to them. Is it degenerate? Or is it that I am broadening out into that Universal Love which is the Lord Himself?"

["তুমি জেনে স্থা হবে যে, আমিও দিন দিন সহিষ্ণুতা ও সর্ব্বোপরি, সহাত্ত্তির শিক্ষা আয়ত্ত কর্ছি। মনে হয়, উদ্ধতম্বভাব এংলো ইভিয়ানদের মধ্যেও যে ভগবানু রয়েছেন, আমি তা উপলব্ধি

#### স্বামী বিবেকানন।

কর্তে আরম্ভ করেছি। যেন ধীরে ধীরে সেই অবস্থার দিকে অগ্রসর হচিচ, যেখানে, শয়তান বলে যদি কেউ থাকে, তাকে পর্য্যস্ত ভালবাস্তে পার্ত্তা।

বিশ বছর বয়দের সময় আমি এমন গোঁড়া বা একছেয়ে ছিলুঁম,
যে, কারও সঙ্গে সহামুভৃতি কর্ত্তে পারতুম্ না—আমার ভাবের
বিরুদ্ধ হ'লে কারও সঙ্গে বনিয়ে চল্তে পারতুম্ না—কল্কাতায়
যে ফুটপাথে থিয়েটার, সেই ফুটপাথের উপর দিয়ে পর্যান্ত চল্তুম্ না।
এখন তেত্রিশ বছর বয়স—এখন বেশ্রাদের সঙ্গে অনায়াসে এক
বাড়ীতে বাস কর্তে পারি—তাদের তিরস্কার কর্বার কথা একবার
মনেও হবে না। এটা কি অবনতি ?—না হাদয় ক্রমশঃ উদার ও
প্রশন্ত হয়ে অনস্ত প্রেমরূপী শ্রীভগবানের দিকে আমায় নিয়ে
চলেছে ?"

ইংলণ্ডের সংবাদপত্রসমূহ ও জনসাধারণ পুরাতন পদ্ধার বড় ভক্ত। কোন নৃতন মত সহজে গ্রহণ করিতে চাহেন না। কিন্তু ইহারাও মুক্তকণ্ঠে স্বামিজীর ধর্ম-ব্যাখ্যার প্রশংসা করিয়াছিলেন।

'দি লণ্ডন ডেলী ক্রণিক্ল্' নামিক পত্র ১৮৯৬ সালের ১০ই জুন লিথিয়াছিল—

"সামিজী একজন বিখ্যাত বেদান্তবাদী। তাঁহার আচরণ, অনক্সসাধারণ আরুতি, গভীর দার্শনিক তল্পের সরল ব্যাখ্যা প্রণালী, ও ইংরাজীভাষায় বৃৎপত্তি দেখিলে বৃঝা ষায়, কেন আমেরিকা-বাসিগণ তাঁহাকে এত সমাদরে অভার্থনা করিয়াছিলেন। তিনি নাম যশঃ ও পার্থিব স্থভোগের বাসনা বিসর্জ্জন দিয়াছেন। তাঁহাকে কোন ধর্মসম্প্রাদায়ভূক্ত বলা যায় না, কারণ তিনি

স্বাধীন চিন্তা দারা সকল ধর্ম হইতেই কিছু না কিছু গ্রহণ করিয়াছেন।"

কান্ট্রিহাউস ম্যাগাজিনও লিখিয়াছিলেন:—

"লণ্ডন নগরে কত প্রকারের লোক দেখিতে পাওয়া যায়।
কিন্তু বোধ হয়, যে দার্শনিক ধুবক চিকাগো ধর্মমহাসভায় হিন্দ্ধর্মের প্রতিনিধিরূপে গমন করিয়াছিলেন, তাঁহা অপেক্ষা অধিকতর
দর্শনযোগ্য আর কোন ব্যক্তি বর্তুমানে এস্থানে উপস্থিত নাই।
বেদান্তদর্শনবিষয়ক বর্তুতাসম্বলিত তাঁহার ছই তিন খানি পুস্তক
সম্প্রতি আমার হস্তগত হইয়াছে। তাহাতে যে গুঢ়তত্ত্ব আলোচিত
হইয়াছে, এক আধবার মাত্র পড়িয়া তৎসম্বন্ধে মতামত প্রকাশে
প্রবৃত্ত হওয়া নিতান্ত অর্কাচীনের কার্য্য। প্রবন্ধগুলির ভাষা প্রাপ্তল
ভ সংযত এবং ভাব হালয়গ্রাহা। যুবক 'স্বামী বিবেকানন্দ' নামে
আপনার পরিচয় দেন। তাঁহার বিশ্বাস যে তিনি জগৎকে নৃতন
কথা শুনাইবার জন্ত আদিয়াছেন এবং তাঁহার বক্তব্য বিষয়ের
ম্বুলমর্ম্ম 'সার্ব্রেজনীন ধর্ম্ম'।"

আর একজন সংবাদপত্ত-সম্পাদক লিখিতেছেন—

"এখানকার মনীষী ও চিস্তাশীল প্রভিত্যণ তাঁহার সহিত সাক্ষাৎ করিয়া বেদাস্তদর্শনের সিদ্ধান্তগুলি অন্তুত যুক্তিপূর্ণ বলিয়া অভিমত প্রকাশ করিয়াছিলেন। এমন কি তন্মধ্যে কেহ কেহ বহুক্ষণ দুগুরুমান থাকিয়া তাঁহার বক্তৃতা শ্রবণ করিয়াছিলেন।"

এই সময়ে স্বামিজা ইংলতে যে অত্যন্ত প্রভাব বিস্তার করিয়া-ছিলেন তাহার সম্যক বিবরণ প্রদান এই ক্ষুদ্র পুস্তকে অসম্ভব, তবে তিনি সমুদ্য ইংরাজজাতির মধ্যে যে একটী আন্দোলন উপস্থিত

## স্বামী বিবেকানন্দ।

করিয়াছিলেন তাহাতে সন্দেহ নাই। অনেক খৃষ্টধর্ম্মপ্রচারক, অনেকানেক বিখ্যাত ধর্ম্মধাজক তাঁহার ধর্ম্মসিদ্ধান্তের নৃতনত্বে ও সার্ধভৌমিকত্বে অবাক হইরা গিয়াছিলেন। ইংলণ্ডীয় সমাজের উচ্চচিস্তাশীল নরনারীর হৃদয়ে তৎপ্রচারিত ধর্মভাব দৃঢ্ভাবে অন্ধিত হইয়া
গিয়াছিল। সকলেই বুঝিয়াছিল যে, চিস্তাজগতে এক নব অভ্যাদয়
হইতেছে এবং অনেকে মনে করিয়াছিল বুঝি তাঁহার নামে একটী
নবসম্প্রদার স্পষ্ট হইবে। কিন্তু তিনি বলিতেন 'মামি দল গভিতে
আদি নাই, আমি শুধু প্রচারক ও সয়্যাসী মাত্র।' এই ভাবেই
এখনও ইংলণ্ডে অবৈত-প্রচার কার্ম্য চলিতেছে। কে জানে হয়ত
এমন দিন আসিবে যেদিন ইংলণ্ডের সমুদয় ধর্ম্মচিস্তা ভারত-নির্দ্দিষ্ট
পথেই প্রবাহিত হইতে থাকিবে এবং তাঁহার ভবিষ্যদ্বাণী বর্ণে বর্ণে

এই সময়ে মিস্ এচ্ মূলার, মিস্ মার্গারেট নোবল, মি: ই,
টী, ষ্টার্ডি এবং মি: ও মিসেস সেভিয়র স্বামিজীর নিকট দীক্ষা প্রহণ
করেন এবং তাঁহার জন্ম সর্বস্ব ত্যাগ করিতে প্রস্তুত হন। ইহার
মধ্যে প্রথম তিন জনের সহিত তাঁহার প্রথমবার ইংলও ভ্রমণকালে
পরিচয় হয় ও সেই পরিচয় বক্তুতে পরিণত হয়। কেবল সেভিয়য়
দম্পতী এইবারে তাঁহার উপদেশ শুনিয়া শিষাত প্রহণ করেন।
তাঁহারা তৃজনেই স্বামিজীর বক্তৃতা শুনিয়া একই সময়ে মনে করিয়াছিলেন 'ইনিই সেই ব্যক্তি এবং এই সেই ধর্ম বাহা আমরা
যাবজ্জীবন খুঁজিয়া বেড়াইতেছি'। বাস্তবিক তাঁহারা স্বামিজীর
চরিত্র-সৌকর্ষ্যে ও তাঁহার প্রচারিত অবৈত-তত্ত্বের মহিমায় জ্বপৎ
সংসার বিশ্বত হইয়াচিলেন। স্বামিজী প্রথম দর্শন ইইতেই মিঃ

### দ্বিতীয়বার ইংলগুভ্রমণ।

সেভিয়ারকে 'পিতাজী' ও মিসেস সেভিয়ারকে 'mother' 'মা' বলিয়া ডাকিতেন। অত্যাবধি মঠের সকলে মিসেস সেভিয়ারকে সেই মধুর সম্ভাষণে সম্বোধন করিয়া থাকেন।

### ইউরোপ ভ্রমণ।

এইরপে জুলাই মাস পর্যান্ত স্থামিজী ইংলণ্ডে বক্ততাদি দিতে লাগিলেন। কিন্তু এই সময়ে গ্রীন্মের অবকাশ (Holidays) আরম্ভ इटेन थरः हात ও जलकिराव माधा खानाक वाक्षांनी जात করিয়া সমুক্ততীর বা শৈলাবাদে গমন করিতে লাগিলেন। স্বামিজীও অতিরিক্ত পরিশ্রমে কাতর হইয়া পড়িয়াছিলেন, স্কুতরাং সেভিয়ার-দম্পতী ও শ্রীমতী মুলারের আগ্রহাতিশয়ে ইউরোপভ্রমণের প্রস্তাবে সম্মত হইলেন এবং নিজেই সুইজরলও দর্শনের অভিলাষ জ্ঞাপন করিলেন। তুষারারত গিরিবত্মে ভ্রমণ করিবার বাসনা তাঁহার হৃদরে বড়ই বলবতী হইয়াছিল। আবার সেই প্রব্রজার দিনগুলি স্থৃতিপথে উদিত হইতে লাগিল। সর্ব্বপ্রথমে জেনিভা যাতা নির্দ্ধারিত হইল। জেনিভা প্রকৃতির লীলাভূমি ও প্রোটে-ষ্ট্যাণ্ট রিফরমেশনের একটা প্রধান কেন্দ্র এবং সেই সময়ে সেখানে স্বইজরলও দ্রবাজাতের একটা প্রদর্শনী হইতেছিল। অদুরে বিখ্যাত চিলন তুর্গ এবং চতুম্পার্শ ব্রদগিরিম্বশোভিত। স্থামিজী বলিলেন 'আমি মব্লং শিখর ও সৌন্দর্যোর চিরনিকেতন চামনীজ প্রাম দেখিব। আর সর্বাত্যে একটা হিমনদী (Glacier) অতিক্রম করিব।'

এইরূপ স্থির হইলে জুলাই মাসের শেষাশেষি একদিন স্থামিজী শিষাত্ত্বর সমভিব্যাহারে লণ্ডননগরী ত্যাগ করিলেন। ক্যালে হইয়া তাঁহারা পারি নগরীতে পৌছিলেন এবং তথায় একরাত্তি যাপন করিয়া পরদিন জেনিভাতে উপস্থিত হইলেন। এথানে একটী মনোহর ছুদোপরিস্থ হোটেলে তাঁহারা আশ্রয় গ্রহণ করিলেন। স্বামিজী এস্থানের স্থনীল জলরাশি, শীতলবায়ু, উন্মুক্ত আকাশ ও চিত্রান্ধিতবৎ গৃহাদি ও ক্ষেত্রশোভা সন্দর্শন করিয়া অতিশয় পুলকিত হইলেন। কিঞ্চিৎ বিশ্রাম করিয়াই তিনি প্রদর্শনী দেখিতে গেলেন এবং দিবসের অধিকাংশ ভাগ তথায় যাপন করিলেন। প্রদর্শনীতে স্থানীয় শিল্পকলা, বিশেষতঃ কাঠের কাক্ষকার্যা দর্শনে তিনি অতাস্ত সস্তোষ লাভ করিয়াছিলেন। এখানে তিনি সেভিয়ারদম্পতীকে সঙ্গে লইয়া ব্যোম্যানে আরোহণ করেন। উদ্ধে অনস্ত আকাশন্মার্গে বিচরণ করিতে করিতে স্থ্যান্ত ও সান্ধাশোভা দর্শন করিয়া তিনি বড়ই প্রীতি অকুভব করিলেন। নিম্নে জেনিভা নগরী একখানি মানচিত্রবৎ প্রতীয়মান হইতে লাগিল। স্থামিজীর আরও উদ্ধে যাইবার ইচ্ছা ছিল, কিন্তু নানা কারণে তাহা হইয়া উঠিল না।

জেনিভাতে তাঁহারা তিন দিন ছিলেন। এথানকার স্নানশালায় স্নানাদি সমাপন করিয়া ও চিলনছর্গ দেখিয়া তাঁহারা চাম্নীজের নিভ্ত সৌন্দর্যা দর্শন করিতে গমন করিলেন। চাম্নীজ জেনিভা হইতে ৪০ মাইল। এই স্থানের নিকটে আসিতে আসিতে স্ববিধ্যাত আরস্ পর্বতের সর্বোচ্চ শৃঙ্গ মন্ত্রংএর অভুলনীয় শোভা দৃষ্টিপথে পতিত হইল। ইহা দেখিয়া স্থামিজী বলিয়াছিলেন 'এমন কি হিমালয়েও এমন সৌন্দর্যা নাই।' অভ্তেদী হিমালয়ের ভূলনায় আরস্ একটী ক্ষুদ্র গিরিখণ্ড বলিল্লেও চলে। কিন্তু হিমালয়ের নীহারমণ্ডল বহুদ্রে অবস্থিত। অহরহ ক্রমাগত চলিলেও তাহার নিকটে পৌছান

#### श्रामी विद्वकानमः।

যায় না। কিন্তু এস্থানটা চতুর্দ্দিকেই হিমানীবেষ্টিত। মনে হয় যেন হিমপুঞ্জের মধ্যে বসিয়া আছি। মব্রং শিখরের উপর আরোহণ করিতে তিনি বড় উদগ্রীব হইয়াছিলেন কিন্তু হোটেলে আসিয়া গাইড অর্থাৎ পথপ্রদর্শকদিগের নিকট শুনিলেন যে নিপুণ পর্বতবাসী ব্যতীত কেহই ওথানে উঠিতে পারে না। স্বামিজী ইহাতে বড় নিরাশ হইলেন। কিন্তু দুরবীক্ষণ যন্ত্রসাহাযো ঐ স্থানের ছুরারোহ শৈলসংস্থান দেখিয়া তিনি স্বীকার করিলেন যে ঐ স্থানে গ্র্মন বিপদসকল ও ত্ব:সাধ্য বটে। যাহা হউক তিনি একণে যেরূপেই হউক, একটী হিম-নদী অতিক্রম করিতে কৃতসংক্ষম হইলেন, কারণ তাঁহার মনে হইল ইহা না হইলে তাঁহার স্বইজরলও ভ্রমণ অসম্পূর্ণ থাকিয়া যাইবে। সৌভাগাক্রমে বিখ্যাত 'মানে মেন' (Mar de Glace) নামক হিমনদী নিকটেই ছিল। স্থতরাং স্বামিজী কয়েক দিন পরে স্বদলে সেখানে যাত্রা করিলেন। তবে যাত্রাটী প্রথমে তিনি যেরূপ স্থপ্সাধ্য কল্পনা করিয়াছিলেন সেরপ হইল না। মধ্যে মধ্যে পদভালন হইতে লাগিল। কিন্তু তথাপি গভীর পার্ববতাপরিখা ও পর্ববতগাতের শ্রামলশ্রী তাঁহার প্রাণে প্রচর আনন্দ ঢালিয়া দিল। হিমনদীট অভিক্রম করিয়াই একটা প্রকাও চড়াই আছে। তাহাতে আরোহণ করিলে তবে উপরিস্থ গ্রামে পৌছান যায়। এই চড়াইয়ে উঠিতে উঠিতে স্বামিজীর মাথা বুরিতে লাগিল। ইতিপূর্বে তিনি কখনও এরপ তুর্বলতা অমুভব করেন নাই। এই অবস্থায় কয়েকবার জাঁহার পদস্থলন হইল, কিন্তু অবশেষে কোনওরূপে শুলোপরি আরোহণ করিয়া তিনি বড়ই আনন্দিত হইলেন ও একপাত উষ্ণ কাফি পান করিয়া কথঞ্চিৎ স্কুস্থবোধ করিলেন।

তারপর হিমালয়ের কথা এবং পুরাতন দিনের স্মৃতি সকল ধারে ধারে তাঁহার মনে হইতে লাগিল এবং তিনি সহচরগণের নিকট সেই সম্বন্ধে নানাবিধ গল্প করিতে লাগিলেন। এইখানেই তিনি প্রথম চিরপ্রিয় হিমালয়-ক্রোড়ে একটী অবৈত-আশ্রম স্থাপ-নের কল্পনা পরিব্যক্ত করেন। স্বপ্রের মত এই কল্পনা সেভিয়র সাহেবের মনে স্থান পাইল। তিনি সোৎসাহে কহিলেন 'যদি ইহা কার্য্যে পরিণত করা যায়, তবে কি স্থন্দর হয়! আপনি ঠিক বলিয়াছেন এইল্পপ একটা আশ্রম চাইই চাই।" পাঠক দেখিবেন এই শুভচিন্তা কালে কি ফল প্রসব করিয়াছিল।

চামুনীজ হইতে যাত্রীরা সেণ্টবার্ণার্ড নামক গ্রামে গমন করিলেন। উর্দ্ধে স্থবিখ্যাত সেণ্টবার্ণার্ড পাশ নামক গিরিশঙ্কট, যাহার শিথরোপরি প্রাসিদ্ধ আগষ্টিনীয় সন্ন্যাদীদিগের পান্থশালা। ইউরোপের মানব-অধ্যুষিত স্থলের মধ্যে এই স্থানটী সর্বাপেকা উচ্চ।

মতঃপর শ্রীমতী মুলারের অনুরোধে যাজ্রাগণ কয়েক মাইল দুরবন্তী একটা নির্জ্জন প্রদেশে গমন করিলেন। এস্থানের চারি পার্মেই তুষারমণ্ডিত পর্ব্যতশৃঙ্গ এবং এখানে মৃত্তিমতী লাস্তি ও নিস্তব্ধতা বিরাজিত। এখানে উহারা ছই সপ্তাহ অতিবাহিত করিলেন এবং স্বামিজীর সহচরের। তাঁহার মৌন ধ্যানভাব লক্ষ্য করিয়া চমৎকৃত হইলেন। এইখানেই একদিন স্বামিজী পর্ব্বতপথে ভ্রমণ করিতে করিতে আসর মৃত্যুমুথ হইতে রক্ষা পান। তিনি উপনিষৎ মন্ত্র আর্ব্তি করিতে করিতে পীরে ধীরে অগ্রসর হইতেছিলেন কিন্তু ক্রেমে সঙ্গীদিগের কিঞ্জিৎ পশ্চাৎবন্তী হইয়া পড়িলেন। অকস্মাৎ পর্বত্বের এক অত্যুরত প্রাদেশে তাঁহার যৃষ্টি প্রোথিত হইয়া যাওয়ার

### यामी विद्वकानमः।

তিনি সমূথে ঝুঁকিয়া পড়েন এবং দৈববলে রক্ষা না পাইলে পার্মন্থ গভীর থাতে পতিত হইয়া প্রাণ হারাইতেন। বন্ধুরা এই ঘটনা শ্রবণাবধি আর কথনও তাঁহাকে একাকী ফেলিয়া যাইতেন না।

এইখানে এক মন্দিরে একদিন তিনি সেভিয়ার-গৃহিণীকে কুমারী মেরীর পদে তাঁহার হইয়া পুষ্পাঞ্জলি প্রদান করিতে বলেন, কারণ তিনি বলিলেন "ইনিও ত মা!" তিনি স্বধংই পুষ্পাঞ্জলি দিবার জন্ত প্রস্তুত হইয়াছিলেন, কিন্তু পাছে বিধ্যমী বলিয়া মন্দির স্বামী আপত্তি করেন এই ভাবিয়া নিরস্ত হয়েন।

এই সময়ে তিনি সংবাদ প্রাপ্ত হইলেন যে কিয়েল বিশ্ববিদ্যালয়ের দর্শনাধ্যাপক লোকবিশ্রুত জর্মন পণ্ডিত পল ডয়দন (Paul Deussen) একথানি বিশেষ অন্ধুরোধ-লিপি দ্বারা তাঁহাকে আপন কিয়েলস্থ বাসভবনে নিমন্ত্রণ করিয়াছেন। সেই পত্রথানি লগুনের ঠিকানায় প্রেরিত হইয়াছিল, পরে সেথান হইতে এই লোকলোচনের অন্তরালবন্ত্রী ক্ষুদ্র প্রামে প্রতিপ্রেরিত হইয়া আদিয়াছে। স্বামিজী ও তাঁহার শিষাগণের আরও অনেক স্থানে ভ্রমণের সক্ষর ছিল, কিন্তু এই পত্রপ্রাপ্তে সে সকল আপাততঃ স্থাতি রাথিতে হইল। পল ডয়দন কিছুদিন পূর্ব হইতে স্বামিজীর বক্তৃতাদি পাঠ করিয়া তাঁহাকে একজন মৌলিক-চিন্তাশীলাও প্রথমশ্রেণীর আধ্যাত্মিক-প্রতিভাসম্পন্ন ব্যক্তি বলিয়া ধারণা করিয়া রাথিয়াছিলেন। বিশেষতঃ, তিনি নিজে বেদান্তের পণ্ডিত এবং সম্প্রতি ভারতবর্ষ হইতে প্রত্যাগত হইয়া স্বামিজীর স্থায় একজন উপযুক্ত উপদেষ্টার সহিত সাক্ষাৎ করিয়া দর্শনাদিশাস্ত্র আলোচনার বড়ই অভিলাষী হইয়াছিলেন। স্বামিজীও অধ্যাপকের পত্র প্রাপ্তে

## ইউরোপ ভ্রমণ।

কিয়েল গমন মনস্থ করিলেন কিন্তু শিষ্যদিগের উপরোধে তাঁহাকে স্থাইজরলও-ভ্রমণ শেষ করিয়া যাইতে হইল। অতঃপর তাঁহারা লুসারণ গেলেন। এই স্থানে শ্রীমতী মূলার কার্য্যামুরোধে তাঁহাদিগকে ত্যাগ করিয়া যাইতে বাধা হইলেন।

লুসারণে তাঁহারা দর্শনীয় সমুদয় বস্তু দেখিলেন এবং সেভিয়র সাহেব বাতীত সকলে রেলগাড়ী করিয়া রিগিপর্বতের উপর আরোহণ করিলেন। এস্থান হটতে জগতের মধ্যে একটা অতুলনীয় তুষার-বীথিকার দৃশ্য দেখিতে পাওয়া যায়। অন্তান্ত দ্রব্যের মধ্যে এখানে তাঁহারা সুইস গার্ডদিগের সমাধিস্থান ও ততুপরিস্থ পর্বতগাত্তে খোদিত এক অপরূপ নিদ্রিত সিংহমুর্ভি দর্শন করেন। এখান হইতে তাঁহারা রিউসনদীর উপরিস্থ চুইটা বিচিত্র পট-শোভিত দেতু অতিক্রম করেন। ইহারই একটি পটে 'শমনের তাণ্ডব নৃত্য' (The Dance of Death) অন্ধিত আছে। পরে তাঁহারা লুমারণের মিউজিয়ন ও যে ইতিহাসঞ্জিদির ধর্মনিদরে স্থবিখ্যাত Vox Humana (মানব কণ্ঠ) নামক অৰ্গান যন্ত্ৰ আছে তাহা দর্শন করেন। এই যন্ত্রমধা হইতে অবিকল মনুষ্য কণ্ঠোচ্চা-রিত শব্দ শ্রবণে স্বামিজী আমোদ বোধ করিলেন। তিনি মনে করিয়াছিলেন বঝি প্রকৃতই মনুষ্যের কণ্ঠ। অতঃপর তিনি ষ্টীমারে চডিয়া অপরূপ সৌন্দর্য্যবেষ্টিত লুসারণ হ্রদের উপর ভ্রমণ করিলেন। এইখানে উইলহেল্ম টেলের নামে উৎসর্গীকৃত একটী ক্ষুদ্র মন্দির দেখিয়া সেই স্থাদেশপ্রেমিকের জীবনকাহিনী তাঁহার স্মৃতিপটে উদিত হইল। লুসারণ হুদের ধারে তিনি এক দিন খুব ঝাল লয়। দেখিতে পাইলেন। পাশ্চাত্যদেশে গিয়া অবধি এরূপ লক্ষা দেখেন

### স্বামী বিবেকানন ।

নাই। তাঁহাকে কতকগুলি কাঁচালন্ধা চিবাইতে দেখিয়া বিক্রেতা — অবাক্ হইয়া রহিল, কিন্তু তিনি মহা পরিতৃপ্তির সহিত জিজ্ঞাসা করিলেন 'তোমার এর চেয়ে আর ঝাল লন্ধা আছে প'

লুসারণে শ্রীমতী মুলারকে বিদায় দিয়া স্বামিজী ও দেভিয়র দম্পতী জেনাট (Zematt) নামক স্থানে উপনীত হইলেন। এটা স্থইজরলও দেশের মধ্যে একটা অতি রমা স্থান। এই স্থানে তাঁহার কর্ণারগ্রাট শৃঙ্গে আরোহণ করিয়া মাটারহর্ণের দৃশ্য দেখিবার ইচ্ছা ছিল কিন্তু দেখানকার বায়ুমওলের স্ক্ষান্থ নিবন্ধন এই ইচ্ছা ফলবতী হয় নাই। অতঃপর সকলে সফহজেন নামক স্থানে রাইন-নদের জলপ্রপাত দেখিবার জন্ম গমন করিলেন। এখানেও শিষোরা তাঁহার মৌনভাব ও ধ্যানন্তিমিত মূর্ত্তি লক্ষ্য করেন। বোধ হয় নির্জ্জন পর্বাত-সহবাসে তাঁহার হাদয়ে লোকাতীত শান্তি উপস্থিত হইয়াছিল।

ত্রথান হইতে তাঁহার জন্মণীর Heidelberg (হাইডেলবার্গ) সহরে গমন করেন। এখানে একটি প্রকাণ্ড বিশ্ববিদ্যালয়
আছে। স্থামিজী তাহা দর্শন করিয়া জন্মনজাতির বিপুল বিদ্যা,
শিক্ষাপ্রণালী ও বিস্থার্থীগণের বিস্থার্জনের স্থযোগ দেখিয়া বিস্ময়াপ্লুত
হইলেন। এখানে ছিনিন থাকিয়া কবলেন্জ্ এ একরাত্রি যাপন
করিলেন ও তৎপরদিবস স্থামার যোগে রাইন নদবক্ষে বিচরণ করিতে
করিতে ২।০ দিন পরে কলোন নগর পর্যান্ত গমন করিলেন।
কলোন্নে তিনি কয়েক দিবস অতিবাহিত করিয়া এখানকার
স্থরহৎ ভজনালয়, তন্মধাস্থ ধনাগার, ও সয়্লাসিনীগণের হস্তনিশ্বিত
অতুলনীয় রত্ত্মভিত ক্রশ ও আরও বছবিধ দর্শনীয় বস্তু দেখিলেন।

তদনস্তর তাঁহার ইচ্ছাক্রমে বার্লিনযাত্রা করা হইল। যতই তাঁহারা জর্মনার ভিতর প্রবেশ করিতে লাগিলেন ততই তিনি জর্মণজাতি সম্বন্ধে আলোচনা করিতে লাগিলেন। তিনি জর্মনজাতির সমৃদ্ধি, ও বর্ত্তমান রাত্যমুখায়া গঠিত শত শত নগর দেখিয়া বিশ্বিত হইলেন। অবশেষে বালিনে পৌছিয়া সেই মহানগরীর স্থবিস্তৃত রাজপথ, মনোহর উদ্যানান্চর ও রমণীয় প্রাসাদাবলী দর্শনে স্বতঃই পারি নগরীর সহিত তাহার তুলনা করিতে প্রবৃত্ত হইলেন এবং বুঝিলেন কেন জর্মন জাতি এত উন্নতিশীল। জর্মন সৈশ্ব দেখিয়া তিনি বলিয়াছিলেন 'কি স্কন্ধর বারত্বাঞ্জক মৃষ্টি।'

দেভিয়র সাহেব এখান হইতে তাঁহাকে জেসদেন সহর দেখাইতে লইয়া যাইবেন মনস্থ করিয়াছিলেন, কিন্তু স্থামিজী বলিলেন আর বিলম্ব করা উচিত নহে, কারণ অধ্যাপক জয়নন হয়ত তাঁহার প্রতীক্ষা করিতেছেন। স্থতরাং এখান হইতে তাঁহারা একেবারে বাল্টিকতীরস্থ কিয়েল সহরে গিয়া উপস্থিত হইলেন। অধ্যাপক তাঁহাদের আগমনবান্তা প্রাপ্ত হইয়া একথানি পত্রে তাঁহাদিগকে পরদিন প্রাত:কালে নিমন্ত্রণ করিয়া পাঠাইলেন। পরদিন ১০টার সময়ে তাঁহারা অধ্যাপকের সহিত সাক্ষাৎ করিতে গেলেন। অধ্যাপক ও তাঁহার সহধার্মিনী মহাসমাদরে তাঁহাদিগের অভ্যর্থনা করিলেন। অধ্যাপক তাঁহার প্রকাগারে অপেক্ষা করিতেছিলেন। সামাজিক সদালাপের পর ক্রমশঃ কথাপ্রসক্ষে প্রত্কের কথা উঠিল। অমনি বিজ্ঞোৎসাহী অধ্যাপকবর উপনিষ্থ হইতে ২০টী মধুবর্ষী শ্লোক পাঠ করিলেন। বলিলেন যে, বেদচচ্চিজনিত আনক একটী পরম লোভনীয় বস্ত্ব, এবং সেই উচ্চভূমিতে

#### স্বামী বিবৈকানন।

আরোহণ করিলে আধ্যাত্মিকদৃষ্টি আশ্চর্য্যরূপ প্রশস্ত হয় ও প্রপ্রাণ অনির্বাচনীয় স্থাথের সঞ্চার হয়। তিনি আরপ্ত বলিলেন বে বেদাস্তশান্ত অর্থাৎ উপনিষদ্ ও শঙ্করাচার্য্যের ভাষ্যসমেত বেদাস্তস্থ্য সত্যান্ত্রেষ্ণপ্রস্থাসী মানব প্রতিভার বিরাট ও বহুমূল্য ফল। অধ্যাপক পুনরায় কথাপ্রসঙ্গে বলিলেন আধ্যাত্মিকতার উৎসাভিমুথে একটা বিশ্বব্যাপী আন্দোলন আরম্ভ হট্যাছে, ইহার ফলে সম্ভবতঃ ভারতবর্ষই সমস্ভ জগতের ধর্মগুরুক হইয়া দাঁডাইবে।

অনন্তর স্বামিজী অধ্যাপকের কতকগুলি অনুবাদ দেখিলেন. এবং তুরুহ অংশের প্রকৃত ব্যাখ্যা নির্ণয়প্রসঙ্গে বলিলেন যে সর্বাত্তে পারিভাষিক সংজ্ঞাসমূহের অর্থটী যথাসম্ভব পরিক্ষট করা উচিত-ভাষার লালিতা তাহার পরে। অধ্যাপকও শেষে স্বামিজীর যুক্তিতর্কের অনুমোদন করিলেন। তাহার পর ভারত-বর্ষ ও প্রাচীন প্রাচ্যসভাতা সম্বন্ধে কথোপকথন হইল। অধ্যাপক ও তাঁহার পত্নী ভারতবর্ষের প্রতি বড় সহামুভূতি ও অনুরাগ अमर्भन कतिरामन अबेर विमारामन य अम्प्रीन-स्थानकाती मिराव अछि ভারতব্যারের। বড়ই সদয় ও শিষ্ট ব্যবহার করিয়া থাকেন। এইরপে নানা কথার অধ্যাপক ও তাঁহার পদ্মী অতিথিগণের সম্মেষ সম্পাদন করিলেন। সেদিন তাঁহাদের ক্তা এরিকার চতুর্থ क्यामिक्त उपनत्क शहर এकती कुछ उपनत्त्र आहाकन इन्हेश-ছিল। স্থতরাং দেদিনটী বেশ আ**নন্দেই** কাটিল। চা পানের পর অধ্যাপক তাঁহার অতিধিগণকে প্রদর্শনী দেখাইতে লইয়া গেলেন। সেখানে বছবিধ শিল্পকলা দেখিয়া ও কিঞ্চিৎ জলযোগ কবিয়া श्वाभिको हारिएन कितिरान । अतिका अधानक मनिर्धा श्वाभि-

#### ইউরোপ ভ্রমণ।

 औरक वहेग्रा महरतत वित्यं वित्यं खंडेवा श्वानश्वित (प्रथाहेत्वन) তন্মধ্যে সর্বাপেক্ষা উল্লেখযোগ্য বিষয় স্থপ্রসিদ্ধ কিয়েল বন্দর দর্শন। জন্মণ-সম্রাট কৈশর উইলিয়ম কয়েক দিবদ পূর্বের স্বয়ং এই বন্দরটী খুলিয়াছিলেন। স্বামিজী অধ্যাপকের মধুর ব্যবহারে বিশেষ প্রীত হইলেন। অধ্যাপক মনে করিয়াছিলেন স্বামিজী আরও কিছু দিন থাকিয়া যাইবেন এবং তিনি মনের সাধে নির্জনে নিজ বৃহৎ পুস্তকালয়ে বসিয়া দর্শন শাস্ত্র আলোচনা করিবেন। কিন্তু স্বামিজী বলিলেন যে ইংলভের কর্ম অসম্পূর্ণ রহিয়াছে। প্রায় দেড্মাস হইল তাহা বন্ধ হইয়াছে, আর অধিক বিলম্বে কার্যাহানি इटेर । अभुका अक्षां भक इः विक्रिष्ठ काहारक विनाम निर्मन. কিন্ধ বলিলেন তিনি শীঘ্রই হামবার্গে স্বামিজীর সহিত মিলিত হইবেন এবং তথা হইতে হলভের মধ্য দিয়া একত্র লণ্ডন যাইবেন। তাহাই হইল। স্বামিজী সশিষ্য হামবার্গে গিয়া তিন দিন রহিলেন। তিন দিন পরে ডয়দন তাঁহাদের সঙ্গ গ্রহণ করিলেন। পরে সকলে একত্রে হলণ্ডের ইতিহাদ-প্রদিদ্ধ রাজধানী আমষ্টারভাম দহরে গেলেন। তথায় তিন দিন থাকিয়া চিত্রশালা মিউজিয়ম প্রভৃতি দেখিয়া লণ্ডনাভিমুখে যাত্রা করিলেন।

### লগুনে শেষ কয়দিন।

ইতোমধ্যে স্থামিজা নিজ আদর্শে গঠিত স্থামী সারদানন্দকে নিউইয়র্কে পাঠাইয়াছিলেন। কারণ দেখানে বেদাস্কপ্রচার কার্য্য তাঁহার অভাবে কিঞ্চিৎ নন্দীভূত হইয়া গিয়াছিল। নিউইয়র্কে পৌছিয়া স্থামী সারদানন্দ প্রথমে Greenacre Conference of Comparative Religion নামক সভার আহ্বানে সেথানকার একজন শিক্ষকরূপে বেদাস্ত সম্বন্ধে এবং স্থয়ং ক্লাস খুলিয়া যোগসাধন সম্বন্ধে উপদেশ দিতে লাগিলেন। Conferenceএর কার্য্য শেষ হইলে তিনি বেষ্টিন, ক্রকলিন ও নিউইয়র্ক সহরে বক্তৃতা দিবার জন্ম আহ্বত হইলেন। স্থামিজী ইউরোপত্রমণ-কালে প্রাদিতে তাঁহার শুক্রভাতার এবম্বিধ কার্যাকুশলতা প্রবণ করিয়া আন্তরিক্ প্রীত হইয়াছিলেন।

লগুনে ফিরিয়া আসিয়া সেভিয়ার সাহেবের Hampsteadস্থ ভবনে করেক দিবস বিশ্রাম গ্রহণের পর স্বামিজী পুনরায় কার্য্য আরম্ভ করিলেন। প্রথমে শ্রীমতী মূলারের বৈঠকখানায় তুইটি বক্তৃতা দেন, বিষয় ছিল—'Vedanta as a factor in Civilisation.' Schwam সাহেব সভাপতি হইয়াছিলেন এবং মহিলা শ্রোতাই অধিক ছিলেন। শীঅই ক্লাস খোলা হইল এবং শ্রোত্বর্গের অন্থরোধে স্বামিজী 'রাজবোগ' ও 'ধাানবোগ' সম্বন্ধে উপদেশ দিতে লাগিলেন।

কিন্তু তাঁহার ইংলভে বক্তৃতার প্রধান বিষয় ছিল 'জ্ঞানযোগ'।

তিনি যেন এই সময়ে জ্ঞানের মূর্তিমান বিগ্রহরূপে আবিষ্ঠৃত হইয়া এই কঠিন বিষয়টী সকলকে বুঝাইতেছিলেন। লোকের স্থবিধার জন্ম ষ্টার্ডি সাহেব ৩৯ নং ভিক্টোরিয়া ষ্ট্রীটে একটি হলঘর ঠিক করিলেন। এই থানেই বক্তৃতাদি হইতে লাগিল। ইতোমধাে স্থামিজীর শুরুত্রাতা শ্রীমৎ অভেদানন্দ স্থামী ভারতবর্ষ হইতে ওথানে গিয়াছিলেন এবং তাঁহার সহিত একত্রে সেভিয়র-পরিবার মধ্যে বাস করিতেছিলেন। কারণ স্থামিজী এই বৎসরের শেষভাগে ভারতে প্রত্যাগমন করিবার সঙ্কল্ল করিয়াছিলেন এবং তাঁহার স্থানে এমন একজন প্রতিনিধি রাধিয়া যাওয়া আবশ্রুক মনে করিয়াছিলেন থিনি তাঁহার অবর্তমানে স্থান্দররূপে কার্যা চালাইতে সমর্থ হইবেন। তদমুদারে একণে তিনি অভেদানন্দ স্থামীকে উপদেশাদি ঘারা গঠিত করিতে লাগিলেন।

কিন্তু এত কার্য্যের মধ্যেও তিনি ভারতে প্রাদি লিথিয়া বিলাতে
তাঁহার প্রচার-বিবরণ জানাইতেছিলেন। তাঁহার মনে এত দৃঢ়
বিশ্বাস ছিল যে তিনি বলিতেন 'কুড়িটী কর্ত্তব্যপরায়ণ কার্যাক্ষন
প্রচারক পাইলে ২০ বৎসরের মধ্যে আমি সমুদয় পাশ্চাত্য ভূখওকে
বেদান্তের পদানত করিতে পারি।' আর এ কার্য্যের অত্যাবশ্রুক্তাও
তিনি বিশেষভাবে হৃদয়ঙ্গম করিয়াছিলেন। তিনি জানিতেন যে
মহাশক্তিশালী পাশ্চাত্য জাতিদিগের একজনও বেদান্তের জন্ত
দণ্ডায়মান হইলে যে কার্য্য হইবে আমাদের দেশের ক্র্ৎপিপাসাপীড়িত
মৃত জাতির শত সঙ্গ্র বাক্তি একজ হইলেও সে কার্য্য হইবে না,
তাই লিথিয়াছিলেন—"One blow struck outside of
India is equal to a thousand struck within."

#### স্বামী বিবেকানন্দ।

অধ্যাপক ভয়সন প্রায় তাঁহার সহিত দেখা করিতে আসিতেন এবং তাঁহার বক্তৃতাদি শুনিয়া বেদান্তশাস্ত্রের গূঢ়ার্থ সম্বন্ধে আরও উজ্জ্বল ধারণা প্রাপ্ত হইয়েছিলেন। তিনি স্বামিজীর সহিত যতই স্থানিষ্ঠভাবে পরিচিত হইতে লাগিলেন ততই অকুভব করিলেন যে পাশ্চাত্যের দৃষ্টিশক্তি লইয়া ভারতীয় দর্শন সম্পূর্ণ বুঝা যায় না। ইহা বুঝিতে গেলে একেবারে পাশ্চাত্য সভ্যতার গঞ্জীর বাহিরে আসিয়া দাঁড়াইতে হইবে, পাশ্চাত্য রীতিনীতি শিক্ষা দীক্ষার পর্দ্ধা কাটিয়া বাহির হইতে হইবে। এই সময়ে তিনি ছই সপ্তাহ দিবারাত্র স্বামিজীর সন্নিধানে অবস্থান করিয়াছিলেন। ওদিকে অধ্যাপক মোক্ষমূলরও পত্রাদি দ্বারা স্বামিজীর সহিত ভাবের আদানপ্রদান চালাইতেছিলেন। এইরূপে তিন্টী মহামনস্বী পুরুষ পরস্পর পরস্পরের প্রতি আরুই হইয়াছিলেন—একমাত্র বেদান্তই এই অপরূপ মিলনের প্রধান বন্ধন-স্ত্র।

স্বামিজীর পূর্বতন ছাত্রেরা তাঁহার আগমনবার্তা প্রবণ করিয়া পুনরায় দলে দলে আসিতে লাগিল ও তাঁহাদের অন্ধুরোধে ৮ই অক্টোবর তারিথে একটা ক্লাশ খোলা হইল। এই অক্টোবর ও নভেম্বর মাসে তিনি কেবল বেদান্তের ঔপপত্তিক (Theoretical) ও বাঁবহারিক (Practical) ভাবটি বিশ্ করিয়া বুঝাইলেন এবং যত পারিলেন মায়াবাদের ব্যাখ্যা করিলেন, কারণ এই বিষয়টী বড় কঠিন এবং ওদেশের বড় বড় সংস্কৃতক্ষ্ণ পভিতেরাও এটা পরিকার করিয়া বুঝাইতে পারেন নাই। এই জন্ম আমরা দেখিতে পাই এই সমরে তিনি লওনে যে সকল বজ্বতা দিয়াছিলেন তাহাদের সকলেরই উদ্দেশ্য এক মায়াবাদ-ব্যাখ্যা। বাঁহারা তাঁহার Maya

and Illusion (মায়া ও ভ্ৰান্তি) Maya and the Evolution of the conception of God ( মাধা ও ঈশ্ববাদ ). Mava and Freedom ( মায়া ও পুরুষকার). The Absolute and Manifestation (নিশুণ ও সঞ্চণ ঈশ্বর) মনোযোগ সহকারে পাঠ করিয়াছেন তাঁহারাই দেখিবেন তিনি কতটা সফলকাম হইয়া-ছিলেন। এতদাতীত God in everything (ঈশবের সর্ববাপক্ষ) Realisation (তথামুভূতি) Unity in Diversity (বহুষের মধ্যে একত্ব) The Freedom of the Soul (আত্মার স্বাধীনতা ) এবং The Practical Vedanta (কার্যাক্ষেত্রে বেদাম্বের উপযোগিতা ) শীর্ষক চারিটি বক্ততায় তিনি অদৈত তম্বুটি অতি সরলভাবে বুঝাইয়া দেন। তাঁহার ধারণা হইয়াছিল যে অবৈত্বাদ গ্রহণ করিলেই ইউরোপ মুক্তির পথে অগ্রসর হইবে। আত্মতত্ত্ব, ত্যাগ বৈরাগা, প্রেম ও মনুষ্যের দেবত্ব সম্বন্ধে তিনি ইউরোপবাসীর চিম্ভাপ্রবাহ সম্পূর্ণ নতন পথে পরিচালিত করিতে সমর্থ হটয়াছিলেন। মারাবাদ সম্বন্ধে বক্ততা দিতে দিতে একদিন এমনি হইয়াছিল যে তাঁহার শ্রোতাদিগের সকলেরই দেহবোধ চলিয়া গিয়াছিল এবং করেক মৃহুর্ত্তের জন্ম তাঁহারা বেন আত্মভাবে অবস্থান করিতেছেন মনে করিয়াছিলেন। সকলেই স্বীকার করিয়া-ছিলেন যে এইরূপ শিক্ষকই শিষ্যকে প্রকৃত অমুভূতির পথে লইয়া যাইতে দক্ষম। বলা বাহুলা স্বামীজির দক্ষ বক্ত হার ভাষ এই বক্ততাগুলিও পূর্বে কিছুমাত্র প্রস্তুত না করিয়াই প্রদত্ত হইয়াছিল। এইরূপে সমুদর অক্টোবর ও নভেম্বর মাস লগুন ও অক্সফোডের विভिन्न सात वकुठा मिर्छ मिर्छ अविवाहिक इहेन। अतिकातिक

### श्रामी विदिकानना।

প্রধাতনামা ব্যক্তির মধ্যে নিম্নলিখিত কয়েকজনের নাম বিশেষ উল্লেখযোগ্য, কারণ ইহারা সকলেই স্থামিজীর সংস্পর্শে আদিয়া-ছিলেন। বিব্যাত মনস্তত্ত্ববিৎ প্রস্থকার মিঃ ফ্রেড্রিক এচ্ মায়ার্স, Non-Conformist Minister রেভারেও জন পেজ হপস্, পজিটিবিষ্ট ও শান্তিপক্ষাবলম্বী মিঃ এম ডি কনওয়ে, ডাঃ ষ্টান্টন কয়েট, থিষ্টিক দলের নেতা রেঃ চার্লাস ভয়সী এবং Towards Democracy নামক প্রস্থ প্রণেতা মিঃ এড্ ওয়ার্ড কার্পেন্টার। এই সময়ে ইংলভের রাজকীয় ধয়্মযাজকগণের মধ্যেও অনেকে স্থামিজীর ভাব প্রহণ করিয়া নিজ নিজ উপদেশাদিতে তাহা প্রচার করিতে আরম্ভ করিয়াছিলেন।

এই সময়ে স্থামিজী তিবিধ বেদান্তবাদ সমর্থনোপযোগী শ্লোকসমূহ ভিন্ন ভিন্ন বেদগ্রন্থ হইতে আহরণ করিতেছিলেন। তাঁহার
উদ্দেশ্ত ছিল যে নিজ দার্শনিক মত সম্বন্ধে একথানি স্থবিস্তৃত
পুস্তক রচনা করিয়া যাইবেন, কিন্তু নিরন্তর কার্যো বাস্ত থাকাতে
তাঁহার এই ইচ্ছা পূর্ণ হয় নাই। দিনরাত কতলোক দেখা করিতে
আসিত। তাহাদের সহিত কথা বলা, ক্লাসে শিক্ষা দেওয়া, সাধারণা
বক্তা দেওয়া, ব্যক্তিবিশেষের আহ্বানে তাঁহাদের বাটীতে বা
ক্লাবে গমন করিয়া উপদেশ দেওয়া, চিঠিপত্র লেঝা, ভারতীয় ও
আনেরিকার কার্যোর বাবস্থা করা ও শুক্তভাতাদিগকে উপদেশ
দেওয়া ইত্যাদি নানাবিধ কার্যো তাঁহাকে অহোরাত্র ব্যাপৃত থাকিতে
হইত।

২৭শে অক্টোবর তারিথে স্বামিন্ধী অভেদানন্দকে ব্লুম্দ্বেরী স্কোরারে তাঁহার স্থানে বক্তুতা দিতে বলিলেন। বিলাতে অভেদানন্দ ষামীর এই প্রথম বক্তৃতা। কিন্তু তাহা শ্রবণ করিয়া স্থামিজী অত্যন্ত সন্তুষ্ট হইলেন। ব্রিলেন, যে এই নবীন উপদেশকের দ্বারা তাঁহার কার্যা অক্স্প্রভাবে চলিবে। এই সময়ে আমেরিকা হইতে স্থামী সারদানন্দেরও প্রচার কার্যাের সংবাদ পাইলেন। ব্রিলেন কর্ম্মের প্রায় ক্রমে বাড়িতেছে। তাঁহার অভাবে আমেরিকার কার্যা যে অচল হইবে না, বরং উত্তরােত্তর অগ্রসরই হইবে, ইহা দেখিয়া তিনি শাস্তি অমুভব করিলেন, কারণ তাঁহার স্বাস্থাভন্স আরম্ভ হইয়াছিল চকোন কার্যাই তাঁহার আর প্রবৃত্তি ছিল না। লুসার্গ হইতে তিনি লিখিয়াছিলেন "আমার কাজ শেষ হইয়াছে। আমি যাহা আরম্ভ করিয়াছি, আরু সকলে তাহাকে চালাইতে থাকুক। আমি লোহার শিকলি কাটিয়া আসিয়াছি—( মর্থাৎ সংসার বন্ধন) আর সোনার শিকলে বাঁধা পড়িতে চাহি না। স্থামি স্থামিন এবং চিরদিন স্থাধীনই থাকিব, আর আমি চাহি সকলেই স্বাধীন হউক।

অক্টোবর মাসের শেষে তাঁহার মন ক্রমশঃ ভারতের প্রতি ধাবিত হইল। নভেম্বর মাসের মাঝামাঝি একদিন ক্রাসের কার্যা শেষ করিয়া তিনি সেভিয়র-গৃহিনীকে নেপ্লদের টিকিট কিনিতে বলিলেন এবং ভারত্যাত্রার অভিপ্রায় ব্যক্ত করিলেন। তাঁহার যাইবার কথা সকলেই জানিত, কিন্তু হঠাৎ একথা শুনিয়া সেভিয়র গৃহিনী চমকিত হইলেন। তিনি ও তাঁহার পতি যে স্বামিজীর সহিত ভারতে যাইবেন ও তথায় বানপ্রস্থ অবলম্বন করিয়া অবশিষ্ট জীবন যাপন করিবেন! স্থির হইল যাইবার পথে তাঁহারা কয়েকটী প্রধান প্রধান সহর দেখিয়া যাইবেন।

শ্বামিজী মাত্রাজের ভক্তগণের নিকট সংবাদ পাঠাইলেন, আর

#### স্বামী বিবেকানন্দ।

লিখিলেন যে তিনি ভারতবর্ষে গিয়া কলিকাতা ও মাদ্রাজে ছইটী কেন্দ্র স্থাপন করিবেন এবং সেভিয়র-দম্পতী হিমালয়ে একটা কেন্দ্র স্থাপন করিবেন। এই সময়ে ভারতবর্ষে যেরপভাবে কার্য্য করিবেন তৎসম্বন্ধীয় চিস্তায় তাঁহার মন্তিষ্ক পরিপূর্ণ হইয়াছিল। তিনি লিখিয়া-ছিলেন "প্রথমে এই তিনটা কেন্দ্রে কার্য্য আরম্ভ হইবে, তারপর বোম্বাই এবং এলাহাবাদেও ছটী কেন্দ্র হইবে, তারপর ভগবানের ইচ্ছা হইলে সমুদয় ভারতে এমন কি জগতের সর্ব্যে ধর্ম্মপ্রচারক প্রেরণ করিব।"

সেভিয়র-দম্পতী যাত্রার জন্ম প্রস্তুত হইলেন। সাংসারিক সমৃদর বিষয়ের ব্যবস্থা করিলেন এবং অক্লদিনের মধ্যেই অলঙ্কার, পুস্তক, চিত্র প্রভৃতি সমৃদর গৃহ-দ্রব্যাদি বিক্রয় করিয়া বিক্রয়লন্ধ সমস্ত অর্থ উপযুক্ত শিষ্যের ন্থায় গুরুহন্তে সমর্পণ করিলেন। তাঁহারা এক্ষণে বাসভ্রন ছাড়িয়া অন্যত্র ঘর লইয়া রহিলেন, উদ্দেশ্য—স্বামিজী যেদিন বলিবেন তাঁহার সঙ্গে রওন। হইবেন। ব্রক্ষচর্যাব্রভধারী Goodwin সাহেবও এই সঙ্গে ঘাইবেন স্থির হইল এবং কিছুদিন পরে স্বামিজীর শিষাদিগের মধ্যে মিস্ মূলার ও মার্গারেট নোবল্ ভারতবর্ষে স্ত্রীশিক্ষা বিস্তারের সহায়তা করিবার জন্ম তাঁহার অন্ধুগমন করিলেন।

ক্রমে স্বামিজীর ছাত্রেরা সক্লেই শুনিল যে ত্রিনি ডিসেম্বরের মধ্যভাগে তাহাদিগকে পরিত্যাগ করিয়া যাইবেন। সকলেই এ সংবাদে বিষণ্ণ হইল। অবশেষে সর্বসম্বতিক্রমে তাঁহাকে যথোচিত শ্রনা ও সম্মান সহকারে বিদায়দান করিবার প্রস্তাব গৃহীত হইল। ষ্টাডি সাহেব স্বয়ং ইহার প্রধান উদ্যোগী হইলেন এবং স্থামিজীর সমস্ত বন্ধুবান্ধর, ভক্ত ও ছাত্রকে আহ্বান করিয়া পাঠাইলেন।

অবশেষে ১৩ই ডিনেম্বর অর্থাৎ স্বামিজীর ইংলগুত্যাগের পূর্ব রবিবার পিকাডিলিস্থ Royal Society of Painters in Water Colours নামক সমিতি-ভবনে এক বিরাট সভার অধিবেশন হইল। লগুন সহরের সর্বত্ত এমন কি দূর নগরোপকণ্ঠ হইতেও শত শত লোক এই বিদায়-উৎসবে যোগ দিতে আসিল। শেষে এমন হইল যে দাঁড়াইবার জায়গা পর্যাস্ত রহিল না ৷ সকলেই তাঁহাকে ভালবাসিয়াছিল, স্বতরাং সকলেরই এই বিদায় উপলক্ষে আন্তরিক কষ্ট হইতেছিল। তিনি যে তাহাদের অনেকের জীবনের গতি ফিরাইয়া দিয়াছিলেন। চিত্রশালাস্থ সমুদ্য চিত্রাবলীতে গৃহ-ভিত্তি স্থশোভিত হইয়াছিল, যে মঞ্চের উপর হইতে স্থামিজী ইংরাজ জাতির নিকট আঁহার শেষবাণী উচ্চারণ করিবেন তাহার চতুদ্দিক পত্রপুষ্পলতায় বেষ্টিত হইয়াছিল। পার্ষে সঙ্গাতলহরী গৃহদ্বার মুথরিত করিয়া সেই বিশাল জনসজ্মের হানয়ে মুতু মুতু আঘাত করিতেছিল। সকলেরই প্রাণে হর্ধশোকবিজাড়ত এক অপূর্ব ভাব উঠিতেছিল। সকলেই তাঁহাকে দেখিবার নিমিত্ত, তাঁহার কথা শুনিবার জন্ম, এমন কি স্থবিধা হইলে, আর একবার তাঁহার পরিধের বস্তুটী পর্যান্ত স্পর্শ করিতে সমুৎস্থক হইরাছিল।

গভার নিস্তব্ধতার মধ্যে পরিপূর্ণ হাদরে স্থামিজী সভা প্রবেশ করিলেন। তথন জনকয়েক ভক্ত নরনারী আপনাপন হাদরের প্রগাঢ় শ্রদ্ধা ও অনুরাগ ব্যক্ত করিয়া বক্তৃতা করিলেন। অনেকেই শ্রনোবেদ-নায় মৌনভাবে বসিয়া রহিলেন। অনেকের চক্ষে আশ্রুদেখা দিল। স্বর্ধার ভাষে ভাষরস্থান্ত স্থামিজী তাঁহাদিগের মধ্য দিয়া বাইবার সময় বলিলেন 'দেখো, আবার ভোমাদের সঙ্গে দেখা হবে'।

#### স্বামী বিবেকানন ।

তারপর সভার পক্ষ হইতে অভিনন্দন পাঠ করা হইল এবং স্বামিজী অতি স্নেহপূর্ণকণ্ঠে তাহার প্রভ্যুত্তর প্রদান করিলেন।

১৬ই ডিসেম্বর স্থামিজা সেভিয়ার-দম্পতীকে সঙ্গে লইয়া লগুন ত্যাগ করিলেন। বিলাতে তিনি প্রচার কার্য্যে কিরূপ সফলতা লাভ করিয়াছিলেন তাহার পরিচয় প্রদান করিতে গেলে এই কুদ্র পুস্তকের কলেবর বৃদ্ধি ইইয়া পড়ে। স্থতরাং বাহুল্যভয়ে সমস্ত ত্যাগ করিয়া কেবল ১৮৯৮ সালের ১৫ই কেব্রুয়ারী তারিথে Indian Mirror পত্রে লিখিত শ্রীযুক্ত বাবু বিপিনচক্র পাল মহোদয়ের মস্তব্য উদ্ধৃত হইল। বিপিনবাবু বলিতেছেন—

"কেছ কেছ মনে করেন স্থামী বিবেকানন্দ ইংলণ্ডে যে সকল বজুতা দিয়াছিলেন তাহাতে তাদৃশ ফল হয় নাই, তাঁহার বন্ধু ও ভক্তবৃন্দ তাহা অতিরঞ্জিত করিয়া বর্ণনা করিতেছেন মাত্র। কিন্তু আমি এস্থানে আসিয়া সর্ব্বেই তাঁহার অতিশন্ধ প্রভাব অবলোকন করিতেছি। ইংলণ্ডের অনেক স্থানে এমন অনেক লোকের সহিত আমার দাক্ষাৎ হইয়াছে যাহারা বিবেকানন্দের প্রতি গভীর ভক্তিও শ্রদ্ধা প্রদর্শন করিয়া থাকেন। সত্য বটে, আমি তাঁহার সম্প্রান্ধত্তক নহি এবং তাঁহার সহিত কোন কোন বিষয়ে আমার মতভেদ আছে, কিন্তু আমি এ কথা স্বীকার করিতে বাধ্য, যে তিনি এখানকার বহুবাক্তির চক্ষুক্রমালন ও হৃদয়ের সম্প্রসারণ করিয়াছেন এবং তাঁহার শিক্ষাপ্রভাবেই এখানকার অনেক লোক একণে হিন্দুধর্মশান্ত্রনিহিত অভ্যুত অধ্যাত্মতন্ত্রসমূহে বিশ্বাসী হইয়াছেন। তিনি যে শুধু এই ভাব আনম্বন করিয়াছেন তাহা নহে, সঙ্গে সঙ্গে ভারতবর্ষ ও ইংল্ডের মধ্যে এক অমূল্য প্রীতির

# লগুনে শেষ কয়দিন।

সম্বন্ধ স্থাপিত করিয়া গিয়াছেন। মিঃ হইদ (Mr. Haweis)
প্রণীত The Dead Pulpit ('খুইদর্ম প্রচারের অবদান') নামক
পুত্তক ছইতে 'Vivekanandism' বা 'বিবেকানন্দের মত' শীর্ষক
প্রবন্ধ হইতে আমি যাহা উদ্ধৃত করিয়াছি তদ্পুটে তুমি স্প্রপষ্ট
ব্বিতে পারিবে যে বিবেকানন্দের ধর্মমতের বিস্তৃতি বশতঃ শত
শত ব্যক্তি এখানে খুইধর্মের সহিত সম্বন্ধ বিচ্ছিল করিয়াছে।
নাস্তবিক, তাঁহার কার্যা এদেশে কিরূপ গভার ভাবে ব্যাপ্ত হইয়াছে
তাহা নিয়লিখিত ঘটনা হইতে স্কল্বভাবে প্রমাণিত হয়।

গতকলা সন্ধার সময় আমি লগুনের দক্ষিণ ভাগে এক বন্ধুর
সহিত সাক্ষাৎ করিতে বাইতেছিলাম, কিন্তু পথ গোলমাল হওয়ায়
এক মোড়ে দাঁড়াইয়া কোন্ দিকে যাইব ভাবিতেছি এমন সময়ে
একজন ভদ্রমহিলা একটি বালক সঙ্গে আমাকে পথ দেখাইয়া
দিবার মানসে সেই স্থানে উপস্থিত হইলেন, ও বলিলেন 'মহাশয়্ম
বোধহয় পথ খুঁজিতেছেন ? আমি কি আপনার সাহায়্ম করিব ?'

\* \* \* এই বলিয়া তিনি আমায় পথ দেখাইয়া দিলেন ও শেষে
বলিলেন 'আপনাকে দেখিয়াই আমি আমার ছেলেকে বলিতেছিলাম—ঐ দেখ, স্বামী বিবেকানন্দ।' তাড়াতাড়ি ট্রেণ ধরিতে
হইবে বলিয়া আমি আর তাঁহাকে বলিবার সময় পাইলাম না যে
আমি স্বামী বিবেকানন্দ নহি, কিন্তু আমি, স্বামী বিবেকানন্দকে না
দেখিয়াই, তাঁহার প্রতি সেই স্ত্রীলোকটির গভীর ভক্তিও শ্রদ্ধা
দেখিয়া প্রকৃতই বিস্মিত হইলাম। ঘটনাটি আমার বড় মধুর
লাগিল এবং আমার মন্তকস্থ গেক্ষয়া পাগড়ীই এই সম্মানের কারণ
ভাবিয়া তাঁহার প্রতি কৃতজ্ঞ হইলাম। উল্লিখিত ঘটনা বাতীত

#### সামী বিবেকানন্দ।

আমি এধানে অনেক শিক্ষিত ভদ্রলোক দেখিরাছি থাঁহারা ভারত-বর্ষকে অত্যন্ত শ্রদ্ধা ও সন্মান করিতে আরম্ভ করিয়াছেন এবং ভারতবর্ষসম্বনীয় কোন ধর্মা বা আধ্যাত্মিক তত্ত্বের কথা পাইলেই সাগ্রহে ও গাচ মনোযোগের সহিত শ্রবণ করিয়া থাকেন।"

বাস্তবিক স্বামিজী ও তাঁহার গুরুদ্রাতাগণের প্রচার-কার্য্য প্রাচ্য ও প্রতীচ্যবাসিগণের মনপ্রাণের একতাসাধন সম্বন্ধে যতটা সহায়তা করিয়াছে বোধহয় আজ পর্যান্ত অন্ত কোন কার্য্য দ্বারা তাহা নাই।

#### প্রত্যাবর্তনের পথে।

লগুন পরিত্যাগের সঙ্গে সঙ্গে স্বামিজীর অন্তঃকরণ উদ্বেগশৃত্য হইল। অভেদানন্দ্রামী দ্বারা ঠাঁহার আরম্ধ কার্য্য স্থচারুরপে চলিবে ভাবিয়া তিনি অনেকটা নিশ্চিন্ত ও আশৃত্য হইলেন। কিন্তু সর্ব্বোপরি তাঁহার বিশ্বাদ ছিল ভগবংশক্তির উপর। এই সময়ে তাঁহার একজন ইংরেজবল্প জিজ্ঞাদা করিয়াছিলেন, "স্বামিজী এখন আপনার ভারতবর্ষ কেমন লাগিবে ?" স্বদেশপ্রেমিক বার উত্তর দিলেন 'এখানে আসিবার আগে ত আমি ভারতবর্ষকে ভালবাদি-ভাম। কিন্তু এখন ভারতের বায়ু, এমন কি দেখানকার প্রতি ধ্লিকণা, আমার নিকট পবিত্র। ভারতভূমি পবিত্রভূমি। হিন্দুস্থান আমার ভীর্ষভান।'

জোভার, ক্যাবে, এবং মণ্টদেনিস অতিক্রম করিয়া স্থামিঞ্জী দিশিয়ে প্রথমে মিলান নগরে উপস্থিত হইলেন। এই সময়ে তাঁহার অন্তঃকরণ অহারাত্র ভারতচিন্তায় ময়। মিলানে তুবার-দৃশ্র দেখিয়া তিনি পুলকিত হইলেন। এই তাঁহার প্রথম ইটালীর নগর সম্বন্ধীয় অভিজ্ঞতা। এখান হইতে তাঁহারা পাইসা সহরের স্থবিখ্যাত Leaning Tower (বক্রস্তম্ভ) দেখিতে ধাইলেন। এই সম্ভাটি ১৮০ ফুট উচ্চ। ইহা সাধারণ গৃহাদির স্থায় তলদেশ হইতে সরলভাবে নির্মিত না হইয়া পার্মের দিকে হেলান এবং ইহাতে আরোহণ এত সহজ যে এমন কি অশ্বাদি পশু অক্রেশে উপরে উঠিতে পারে। এখান হইতে দূর আপেনাইন শৈলমালার একটি

## স্বামী বিবেকানন্দ।

স্থলর দৃশ্র দেখিতে পাওয়া যায়। পাইসা ও মিলান উভয় স্থানেই
স্থামিজী খেতক্ষণমন্ত্র প্রস্তরের বিচিত্রকাক্ষকার্য্য-শোভিত অট্রালিকাসমূহ দেখিয়া প্রশংসা করিয়াছিলেন। পাইসা হইতে ফ্লরেন্স।
চিত্রশিল্লামুরাগী ব্যক্তিগণের নিকট এস্থান বড়ই প্রিয়। তাহার উপর
ইহা আবার নানা ঐতিহাসিক ঘটনার রক্ষভূমি। স্থতরাং সহজেই
স্থামিজীর চিন্তাকর্ষণ করিল। এথানে তিনি হঠাৎ একদিন
পূর্বপরিচিত আমেরিকান বন্ধু মি: ও মিসেদ্ হেল্কে দেখিতে
পাইয়া পরমানল প্রাপ্ত হইলেন।

তার পর রোম। ছাত্রজীবন হইতেই তাঁহার এই মহানগরী দেথিবার বাসনা মনে মনে ছিল। তিনি কল্পনাচক্ষে রোমের প্রধান প্রধান বারলীলাস্থল দেথিতেন আর মনে করিতেন প্রাচ্যাভ্রুথণ্ডে দিল্লী যেমন একটা মহাকেন্দ্র, প্রতীচ্য জগতে রোমণ্ড সেইরূপ। রোমে তিনি এক সপ্তাহ ছিলেন। প্রতিদিন নৃতন নৃতন স্থান দেখিতে লাগিলেন এবং তাঁহার মন প্রাচীন রোমকজাতির কীর্ত্তিকলাপ, রোমসন্সাটাদগের ইতিহাস, রোমের ধ্বংস প্রভৃতি নানা বিষয়ে পূর্ণ হইয়া উঠিল। তিনি সঙ্গীদিগের নিকট সেই সম্বন্ধে গল্প করিতে লাগিলেন। তাঁহারা তাঁহার অভূত স্মৃতিশক্তি ও ঐতিহাসিক জ্ঞান দর্শনে অবাক্ হইয়া বলিয়াছিলেন- 'আশ্রুয়্য আমিলী! আপনি দেখিতেছি রোমের প্রত্যেক পাথরটীর কথা জানেন!' কয়েক দিবসের মধ্যে Roman Forum, Appian Way, Colosseum, সীজার (Cæsers) দিগের প্রাসাদ, St. Peter's Cathedral, পোপের প্রাসাদ Vatican, ট্রান্ধান স্তন্ত, Titus এর বিজয় তোরণ ও আরও নানাস্থান দেখা হইল। ক্যাথলিকদিগের

সভ্যগঠনের ক্ষমতা ও প্রচার-কার্যো আগ্রহ দেখিয়া তাঁহার মনে নানা চিন্তার উদয় হইল এবং তাঁহাদিগের উপাসনা পদ্ধতির সহিত তিনি ভারতব্যীয়দিগের পূজাপদ্ধতির সাদৃশ্র লক্ষ্য করিলেন। তিনি যথন দেণ্টপিটার্স কাথিড়ালের অভ্যন্তরভাগের স্থাপত্যকার্য্য নিরাক্ষণ করিতেছিলেন তথন একজন রোম-রমণী তাঁহাকে জিজ্ঞাসা করিলেন 'স্বামিঞ্জা ইহারা যে সাজ্ঞসজ্জাতে এত অর্থবায় করিয়াছে. এসম্বন্ধে আপনি কি বলেন ? কোটা কোটা লোক অনাহারে মরিতেছে আর বাহাাডখরে এত টাকা ব্যয়।' স্বামিজী বলিলেন 'কিরকম। ভগবানকে যতই ঐশ্বৰ্য্য নিবেদন করা যাক, সে কি কথনও বেশী হ'তে পারে ৷ এত জাকজমকের মধ্য দিয়া খষ্টচরিত্তের মাহাত্মাই ত লোককে বুঝাইবার চেষ্টা হইতেছে। দেখান হইতেছে যে যিনি নিজে কপৰ্দকশৃত্ত ছিলেন তাঁহার চরিত্র-গৌরবই আজ সমস্ত মানবজাতির শিল্পে এত সৌন্দর্যা-অভিবাক্তির কারণ হ'য়ে দাঁডিয়েছে। তবে মনে রাখতে হবে—ধে বাহিরের দিকটার দাম ততক্ষণ, যতক্ষণ তাতে অন্তর শুদ্ধি হবে। যে দিন বহিরাচারে প্রাণের ক্ষুরণ নেই দেখবে সেদিন নির্ম্মভাবে তাকে চুরমার ক'রে ফেলবে।'

কিন্তু খ্রীষ্টমানের দিন দেণ্টপিটার্সে 'হাই মাস'এর বিরাট অনুষ্ঠান দেখিয়া তিনি অস্থিরভাবে সেভিয়ার-দম্পতীর কানে কানে বলিলেন 'এত প্রকাণ্ড কাণ্ড কিসের জন্তু ? যারা এত বেশভূষা চাক্চিকা নিয়ে রয়েছে তারা কি বাক্তবিক সয়্যাসী ঈশা—যার নিজের মাথা গুঁজিবার জায়গা ছিলনা—তাঁর ভক্ত হ'তে পারে ?'

ক্যাথলিকদিগের এই বাহাড়ম্বরপ্রিয়তা হইতে বেদাস্তবাদীর

#### স্বামী বিবেকাননা।

সন্ন্যাস যে কত ম**হন্ত**র তাহ। তিনি এসময়ে প্রাণে প্রাণে অ**নু**ভব করিলেন।

শীতের সময়ে বিশেষতঃ খ্রীষ্টমাসের সময় রোম বড় চমৎকার স্থান। তাহার উপর আবার তথন সেথানকার বাদাস খ্রীষ্টভাবে পরিপূর্ণ। স্থামিজী বালক খ্রীষ্টের কথা বলিতে লাগিলেন। বলিতে বলিতে মাঝে মাঝে শ্রীক্লঞের বালাকাহিনীর সহিত তাহার তুলনা করিতে লাগিলেন।

রোম হইতে তিনি নেপ্ল্সে গমন করিলেন। এখান হইতে জাহাজে উঠিবার কথা। কিন্তু জাহাজ ছাড়িতে দেরী আছে বলিয়া তিনি নগর ভ্রমণে প্রবৃত্ত হুইলেন। একদিন বিষুবিষ্ণস্পর্বত দেখিতে গেলেন। এইখানে বেড়াইতে বেড়াইতে হঠাৎ গিরিমধ্য হইতে রাশি রাশি প্রস্তর্থপ্ত উর্দ্ধে উৎক্ষিপ্ত হইতে দেখিলেন। তারপর আর একদিন ভূপ্রোথিত পম্পে নগরী দেখিতে গেলেন। সেখানে খনিত গৃহছার, উৎস ও ভাক্ষ্যাদি দেখিয়া তিনি বড় প্রীত হুইলেন এবং তত্রতা আনেক ধর্ম-প্রতীকের সহিত্ত প্রারীর মন্দির-গাত্তে থোদিত মৃত্তিসমূহের সাদ্ভা দেখিলেন।

অবশেষে ৩•শে ডিসেম্বর তারিথে নেপ্ল্স্ ইতে জাহাজ ছাড়িল। ১৮৯৭ সালের ১৫ই জামুয়ারী এই জাহাজের কলম্বো পৌছিবার কথা ছিল।

ভূমধ্য সাগরে নেপ্লৃস্ ও পোর্টসায়দের মধ্যবন্তী স্থানে সামিজী একটী অপরূপ স্বপ্প দেখিয়াছিলেন। একদিন রাত্রে শয়নের পর তিনি দেখিলেন যেন একজন ঋষিতৃলা প্রক্ষাঞ্ছ বৃদ্ধ তাঁহার সন্মুথে দুখায়্মান হইয়া বলিভেছেন তিমি এক্ষণে ক্রীট দ্বাপের সন্মিকটে আসিয়াছ। এই স্থান হউতেই প্রথম খ্রীষ্টধর্ম্মের উৎপত্তি হয়।' স্বামিজী আরও শুনিলেন 'এথানে থেরাপুটি বলিয়া যে একটী সম্প্রদায় বাস করিত আমি তাহাদেরই একজন—'তিনি আরও একটী কি কথা বলিয়াছিলেন তাহা পরে স্বামিজীর বিশেষ স্মরণ ছিল না। তবে বোধ হয় কথাটা 'এসেনী'। শুনা যায় নাকি যীভগ্রীষ্ট এট সম্প্রদায়ভুক্ত ছিলেন। এই সম্প্রদায়ের লোকেরা অনেকটা সন্ত্রাসীর মত ছিলেন এবং উদার ধর্মমত পরিপোষণ করিতেন এবং তাঁহাদিগের দর্শন সর্ব্বোচ্চ অবৈতভাবের অফুযায়ী ছিল। 'বেরা-পুত্ত' শব্দের অর্থ নিঃসন্দেহ 'থেরার শিষ্য বা অপত্য'। থেরা বলিতে বৌদ্ধ শ্রমণদিগকে বুঝাইত আর পুত্ত সংস্কৃত 'পুত্র' শ্বেরই অপভ্রংশ। দেই ঋষিত্লা বুদ্ধ ব্যক্তি শেষে বলিলেন 'আমাদিগেরই প্রচারিত সত্যজ্ঞান ও ধর্মাদর্শ খুষ্টানেরা যীশু-উপদেশ বলিয়া প্রচার করিয়াছে। কিন্তু জানিও প্রকৃতপক্ষে যীশু বলিয়া কোন ব্যক্তি অস্তাপি জন্মগ্রহণ করেন নাই।' বৃদ্ধ ভূমির দিকে অঙ্গুলি নির্দেশ করিয়া আরও বলিলেন 'এই স্থানের ভূপর্ভ খনন করিলে আমার কথার যথার্থতা সম্বন্ধে অনেক প্রমাণ প্রাপ্ত হইবে। স্বামিজীর নিজা ভঙ্গ হইল ও তিনি তাডাতাড়ি ডেকে ছটিয়। গেলেন। জাহাজের একজন কর্মচারীর সহিত দেখা হওয়াতে তাহাকে জিজ্ঞাসা করিলেন 'রাত্রি কত ?' 'বারটা'। 'আমরা কোনস্থানে আসিয়াছি १' 'ক্রীট দ্বীপ ২ইতে

স্বামিজী স্বপ্নদৃষ্ট মৃর্ষ্টির উক্তির সহিত এই অত্যাশ্চার্য্য সামঞ্চন্ত দেখিয়া স্তম্ভিত হইলেন। বীশুগ্রীষ্টের অন্তিম সম্বন্ধে তাঁহার ইতিপুর্বে

পঞ্চাশ মাইলের মধো।'

#### স্বামী বিবেকানন্দ।

কথনও সন্দেহ হয় নাই। কিন্তু এখন জাঁহার মনে ইইল যে খ্রীষ্ট অপেক্ষা খুষ্টশিষা পলেরই ঐতিহাসিক সভাতা অকাটা। স্থাসমাচার (Gospels) অপেক্ষা 'প্রেরিতদিগের ক্রিয়ার বিবরণ' ( Acts of the Apostles ) আরও প্রাচীন গ্রন্থ এ কথার অর্থ কি তাহাও তিনি একণে বুঝিলেন এবং তাঁহার মনে হইল যে থেরাপিউটা ও নাজরৎ সম্প্রদায়ের ধর্মমতের মিশ্রণ হইতেই খুষ্টধম্মের দার্শনিকভাগ ও 'খুষ্ট' বলিয়া ব্যক্তিটি উন্তত হইয়াছে। কিন্তু এ বিষয়ে কোন দৃঢ় প্রমাণ না পাওয়াতে তিনি এ সকল গবেষণা সাধারণের নিকট প্রকাশ করা উচিত বিবেচনা করিলেন না। তবে প্রাচীনকালে আলেকজন্ত্রিয়া যে ভারতীয় ও মিশরীয় ভাবের মিলনক্ষেত্রে পরিণত হইয়াছিল এবং তাহার প্রভাব যে বছল পরিমাণে খুষ্টগন্মের মধ্যে প্রবেশ করিয়াছে এ বিষয়ে তাঁহার বিন্দুমাত্র সন্দেহ ছিল না। স্বামিজী বিলাতে তাঁহার এক প্রত্নতত্ত্ব-বিদ ইংরাজবন্ধর নিকট এই স্বপ্নবুত্তান্ত লিখিয়া পাঠাইয়াছিলেন এবং ইহাতে কোন সত্য নিহিত আছে কি না তৎসম্বন্ধে অনুসন্ধান করিতে বলিয়াছিলেন। স্বামিজীর দেহত্যাগের কিছু পরে কলিকা হায় ষ্ট্রেশমান পত্রিকায় একটা টেলিগ্রাম প্রকাশিত হইয়াছিল তাহাতে উক্ত হইয়াছিল যে ক্রীটদ্বীপে খনন করিতে করিতে কয়েক জন ইংরাজ খুপ্টানধর্ম্মের অতীত ইতিহাস সম্বন্ধে কতকগুলি মূল্যবান প্রমাণ প্রাপ্ত হইয়াছেন। ইতিহাসজ্ঞ পাঠক বোধ হয় জানেন যে ক্রীট দ্বীপের প্রাচীন সভাতা আসীরীয় ও বাবিলনীয় সভ্যতার সমকালবর্ত্তী বলিয়া বর্ত্তমান ঐতিহাসিকগণ কর্ত্তক প্রমাণিত হইয়াছে (See Harmsworth History of the World Vol. 111.)

# প্রত্যাবর্তনের পথে।

ভারত প্রত্যাবর্জনের পথে আর কোন বিশেষ উল্লেখযোগ্য ্বটনাঘটে নাই। স্বামিজী বেশ প্রফল্ল ছিলেন এবং মধ্যে মধ্যে সতরঞ্চ খেলায় দিন কাটাইতেন। এই খেলায় তিনি বাল্যাবিধি সিদ্ধ ছিলেন, স্বতরাং এই অবসরে তাহা বেশ চলিল। এডেন হইতে কলম্বোর মধ্যে কেবল একটা অপ্রীতিকর ঘটনা ঘটে। ছজন বিদেশী যুবক তাঁহার সহিত কথাপ্রসঙ্গে হিন্দুধর্মের সহিত এটি-ধর্ম্মের প্রভেদ সম্বন্ধে কথা উত্থাপন করে। তিনি এইরূপ কথোপ-কথনে বিশেষ ইচ্ছক ছিলেন না. কিন্তু তাহারা নিজেরাই তাঁহাকে জোর করিয়া ইহাতে প্রবন্ধ করায়। তিনি জানিতেন না যে তাহার। তুজন খুষ্টার মিশনরী। ক্রমে তাহাদের গোঁড়ামী ও গায়ের জােরে তর্কের দৌড় দেখিয়া তিনি প্রতাত্তরচ্চলে তাহাদিগকে কতকগুলি সামাত্র সামাত্র প্রশ্ন জিজ্ঞাস। করিলেন। কিন্তু তাহারা সতত্ত্বর দানে অসমর্থ হইয়া এবং প্রতিপদে পরাজিত হইয়া আপনাদিগের হাস্তাম্পদ অবস্থা বৃঝিতে পারিল এবং ক্রমশঃ উত্তেক্তিত ও ক্রন্ধ হইয়া যাহা খুদী বলিতে আরম্ভ করিল এবং হিন্দুজাতি ও হিন্দু-ধর্মকে ধৎপরোনাজি গালি প্রদান করিল। অবশেষে স্থামিজী আর সহ্য করিতে পারিলেন না। তিনি সহসা উঠিয়া তাদের একজনের কাছে গেলেন এবং সিংহবিক্রমে তাহার কঠদেশ ধরিয়া অর্দ্ধরহস্ত ও অর্দ্ধভীতিজনকস্বরে বলিলেন 'যদি পুনরার আমার ধর্মের নিন্দা বা মানি কর তবে জাহাজ হইতে জলে ফেলিয়া দিব।' স্বামিজীর সেই স্থির অচঞ্চল মুর্দ্তি ও বজ্রবৎ দৃঢ়মৃষ্টি দেখিয়া পাদীপঙ্গৰ নিতান্ত ত্ৰন্ত হুইয়া মেষ্টাল্ডবং কাঁপিতে কাঁপিতে বলিল "মহাশয় এবার ছাডিয়া দিন, আর কখনও ওরূপ করিব না।"

#### श्रामी विदवकानमः।

ইহার পর হটতে সেব্যক্তি স্বামিজীর সহিত অতিশন্ত সন্ত্রমের সহিত বাক্যালাপ করিত এবং নানা প্রকাবে তাঁহার মনস্তৃষ্টির চেষ্টা করিত।

স্বামিজী স্বদেশ, স্বজাতি বা স্বধর্মের অযথা নিলা সন্থ করিতে পারিতেন না। কলিকাতায় তিনি একবার প্রিয়নাথ সিংহ মহাশয়কে বলিয়াছিলেন 'আচ্ছা সিংহ, যদি কেউ তোমার মাকে অপমান করে তা হ'লে তুমি কি কর ?' সিংহ মহাশয় বলিলেন 'তার ঘাড়ে লান্ধিয়ে পড়ে তাকে উত্তম মধ্যম শিক্ষা দিই'। স্বামিজী বলিলেন 'আচ্ছা বেশ কথা। যদি তোমার ধর্মের প্রতি ঠিক দেই রকম অচলা ভক্তি থাকে তা'হলে তুমি কথনও একটী হিন্দুর ছেলেকে খুষ্টান হ'তে দেখ্তে পার্তে না। কিন্তু দেশ রোজ এই ঘটনা ঘট্ছে। অথচ তোমরা নীরব রয়েছ। বাপু তোমাদের বিশ্বাস কই ? দেশের প্রতি মমতা কই ? মুথের উপর প্রতাহ পাদরীরা তোমাদের ধর্মকে অসংখ্য গাল দিচ্ছে। কিন্তু কয়জন লোকের রক্ত যথার্থ অন্থাবের প্রতিকারকল্লে গ্রম হচ্ছে ?'

এডেনে আর একটী ঘটনা ঘটে যাহাতে আমরা স্থামিজীর বালস্থলভ সরলতা ও নিরহঙ্কারিতার পরিচয় পাই। স্থানে ও স্থাপ্তিক তিনি প্রাণের সহিত ভালবাসিতেন, কিন্তু তাহা বলিয়া পৃথিবীর অপর সকলকে স্থার চক্ষে দেখিতেন না.। সকলকেই তিনি আপনার মনে করিতেন, তবে অভায় দেখিলে চুপ করিয়া থাকিতে পারিতেন না—সে যেই হউক না কেন। বিদেশীয়ের নিকট তিনি ভারতের গুণ ব্যাখ্যা করিতেন কারণ তিনি দেখিতেন যে তাহারা কেবল দোষেরই অভ্নসন্ধান করে, গুণ দেখিতে পায় না। তাহাদিগের চক্ষের সম্পুথে ভারতের প্রকৃত মহত্ত যেখানে সেই

## প্রত্যাবর্তনের পথে।

স্থানটী তিনি স্পষ্ট ও উজ্জ্বল করিয়া দেখাইতেন। স্বজাতির নিকট তিনি তাহাদিগের দোষ দেখাইতেন, কারণ তাহারা আপনাদের গুণ-কীর্ত্তনে সহস্রমুথ অথচ দোষ কোনখানে খুঁজিয়া পার না। ইহা জাতীয় উন্নতির পথে বিষম অস্তরায়। সেই জ্ঞাতিনি ভারতবাসীর চক্ষে অঙ্গুলি দিয়া বারংবার ভাহাদিগের ভ্রম দেখাইয়া গিয়াছেন। এই কথাটী বেশ করিয়া বুঝা আবশুক, নতুবা স্বামিজীর অন্তত চরিত্র ্সকলের বোধগ্যা ১ইবে না। পাদ্রীদিগের বিশ্বেষ তিনি সহ্য করেন নাই, কিন্তু সামান্ত পান ওয়ালার সহিত একতা বসিতে তাঁহার কোন দ্বিধাবোধ হয় নাই। কারণ তাঁহার মনে অভিমান ছিল না। এডেনের এই ঘটনাই তাহার সাক্ষা। ওঁডেনে নামিয়া তিনি এদিক ওদিক দেখিতে দেখিতে সমুদ্রকুল হুইতে তিন মাইল দুরবন্তী কতক গুলি বৃহৎ সরোবর বা জলাশয় দেখিতে গেলেন। সেখানে একজন ভারতবাসীকে দেখিতে পাইয়া তিনি ইংমাজদিগকে পশ্চাতে রাখিয়া ক্রতপদে তাহার নিকট গমন করিলেন আছে মহানন্দে গল জুড়িয়া দিলেন। লোকটা একটা হিন্দুস্থানী পানওয়ালা। ইতোমধ্যে তাঁহার ° ইংরাজ বন্ধুরা আসিয়া উপস্থিত হইলেন এবং তাঁহাকে একটা সামান্ত লোকের সঙ্গে বসিয়া কথাবার্কা বলিতে দেখিয়া মনে করিলেন এ লোকটা কে ? কিন্তু যথন দেখিলেন স্বামিজী সেই অপ্রিচিত ব্যক্তির নিকট ঠিক বালকের মত 'ভেইয়া তোমারা ছিলমঠো দো' বলিয়া কলিকা লইয়া টানিতে টানিতে মহা ফুর্তিভরে ধুম ত্যাগ করিতে লাগিলেন, তথন বুঝিলেন এ আর কিছু নঙে তাঁহার হৃদয়ের প্রশস্ততার একটা নিদর্শন মাত্র। সেভিয়ার সাহেব ঠাটা করিয়া বলিলেন 'ও: বুঝেছি এই জন্তই বুঝি আপনি আমাদের কাছ থেকে

#### স্বামী বিবেকানন ।

পালিয়ে এসেছিলেন !' পান ওয়ালা এক্ষণে নিজ্ব অতিথির পরিচয় পাইয়া তাঁহার পদপ্রান্থে নিপতিত হইল ও চরণধূলি গ্রহণ করিল।

পপে আর বিশেষ কিছু ঘটে নাই। কেবল একটী জাহাজের খাদ্য ও জল নিঃশেষিত হইয়া যাওয়াতে তাহার অধ্যক্ষ সাহায্য প্রার্থনা উদ্দেশে বিপদ-নিশান উড্ডীন করিয়াছিল। একটী নৌকা-থাগে সেখানে আবশ্রকীয় দ্রব্যাদি প্রেরিত হইল।

১৫ই জামুয়ারী 'তমালতালীবনরাজীনীলা' সিংহলের তীরভূমি
দ্র হইতে নেত্রপথে পতিত হইল। চতুর্দিক নবোদিত সুর্যোর
রক্তকিরণে অমুরঞ্জিত হইয়াছে এমন সময়ে জাহাজ ধীরে ধীরে
কলমো বন্দরে প্রবেশ করিল। স্বামিজী হর্ষে উৎফুল্ল হইয়া উঠিলেন। 'এই আমার ভারতবৃষ্ধ! এই সেই জননীর মেহকোড়
যাহা ছাড়িয়া এতদিন দেশে দেশে ঘ্রিতেছি' এইরপ ভাবিতে
ভাবিতে তাঁহার নয়নয়্গল দুল ছল করিয়া উঠিল। তথনও জানিতেন না সমগ্র ভারতের লোক তাঁহাকে দেখিবার জন্ত ও প্রাণ
ভরিয়া তাঁহাকে আলিঙ্গন করিবার জন্ত কিরপ বান্ত হইয়া উঠিয়াছিল। একজন গুরুভাই সিংহলে ক্রিয়া তাঁহার জন্ত অপেক্ষা
করিতেছিলেন। আরও অনেকেই পর্যে সিতেছিলেন এবং মাদ্রাজ
ও কলিকাতায় স্ব্রাপেক্ষা বিষম আন্দোলন উথিত হইয়াছিল।



# बरियाणी माधावन भूसकावय

# विकातिण मित्वत भविषय भव

বর্গ সংখ্যা	পরিগ্রহণ	সংখ্যা

এই পুস্তকখানি নিয়ে নিদ্ধানিত দিনে অথবা তাহার পূর্বে গ্রন্থাগারে অবশ্য ফেরত দিতে হইবে। নতুবা মাসিক ১ টাকা হিসাবে জ্ববিয়ানা দিতে হইবে।

জারিমানা দিভে গ্রহার							
নিৰ্দ্ধারিত দিন	নিৰ্দ্ধানিত দিন	নিৰ্দ্ধারিত দিন	নিদ্ধারিত দিন				
3/1/40	· ·						
3/2/4H							
•							
	;						
	į		!				